**Abstract:** Rabindranath Tagore (1861-1941), a multi-faceted genius, projected the Bengali language and literature to the people of the world through his life and literary pursuits. It is surprising to us that he has reached the world of life-conscious realization through composing poems, stories, novels, plays, and lyrics. To him human life and nature abound in joy. His conviction of the Upanishad-based Indian philosophy of life is pervasively present in the various branches of literature and in his personal thought, in which he has adopted the positive hope and joy of life as the key to survival. So, 'It is a sin to lose faith in man.' In his article "Crisis of Civilization," he expresses this optimism about mankind. Human life and the world around it do not constitute just a fountain of joy. There are various kinds of sorrows of life, like decay, oppression-inequality, self-crisis, deprivation and the pressure of miserable aspects of the inner life. Nature around the world also makes people helpless and suffer from its horrible destructive image. As a result, various kinds of helplessness come down to human life. Then people realize that- 'life is miserable'. Nietzsche, Arthur Schopenhauer, Kierkegaard, and Ja-Paul Sartre have philosophically identified the misery of human life with philosophy, calling it pessimism. Schopenhauer originally used the word pessimism extensively. This deep feeling of human life has been successfully reflected in Kafka, Baudelaire, Stephane Mallarme, Paul Verlaine, Arthur Rimband, Edgar Allan Poe and T. S. Elliot and many others. Although Rabindranath did not accept the sorrow of man and woman as something essential to life, in his creative work he has expressed the pain, anguish and depression of life in terms of the ongoing life-reality. There is no doubt that he felt this helplessness of human life. This realization of his sorrow, on the one hand, results from unsatisfied love, and on the other hand, it is also the sadness caused by the lack of basic elements for survival. Rabindranath's youth-time composition is *Manoshi Kavya* (1890), in which work he saw life with various problems. As a result, the perceived form of grief has been caught as an exceptional accompaniment in *Manoshi*. This article intends to explain and analyse the elements of pessimism presented in *Manoshi Kavya*.

বহুমাত্রিক প্রতিভাময় রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১) বাংলা ভাষা ও সাহিত্যকে পৃথিবীবাসির কাছে তুলে ধরেছেন জীবনচর্চা ও সাহিত্যসাধনার মাধ্যমে। কবিতা, গল্প, উপন্যাস, নাটক, সঙ্গীত প্রভৃতি রচনার মধ্য দিয়ে তিনি যে জীবনঘনিষ্ঠ উপলব্ধির জগতে পৌঁছেছেন তা আমাদের কাছ বিস্ময়কর। তাঁর কাছে মানবজীবন ও প্রকৃতি আনন্দময়। উপনিষদনির্ভর ভারতীয় জীবনদর্শন দ্বারা তাঁর যে প্রত্যয় সাধিত হয়েছে সাহিত্যের বিভিন্ন শাখায় এবং তাঁর ব্যক্তিচিন্তায়, সেখানে জীবনের ইতিবাচক প্রত্যাশা ও আনন্দকেই তিনি বেঁচে থাকার মূলমন্ত্র হিসেবে গ্রহণ করেছেন। তাই, 'মানুষের উপর বিশ্বাস হারানো পাপ।' "সভ্যতার সংকট" প্রবন্ধে তিনি মানবজাতি সম্পর্কে এই আশাবাদ ব্যক্ত করেন জোরালোভাবেই। মানবজীবন এবং তার আশেপাশের জগৎ যে শুধু আনন্দ-বর্নায় পরিকীর্ণ তা নয়; সেখানে রয়েছে জীবনের নানাবিধ দুঃখ, জরা, পীড়ন-বৈষম্য, আত্মসংকট, অভাব-অনটন, দুর্দশাগ্রস্ত জীবনের ক্লেশাঙ্ক অন্তর্চাপ। বিশ্বচরাচর এবং প্রকৃতিও মানুষকে অসহায় ও পীড়িত করে তোলে তার ভয়ংকর সংহারক মূর্তিতে। ফলশ্রুতিতে মানবজীবনে নেমে আসে নানাবিধ অসহায়ত্ব। তখন মানুষ জীবনকে উপলব্ধি করে- 'জীবন দুঃখময়'। নীৎসে, সোপেন হাওয়ার, কিয়ের্কেগার্ড,

\* Associate Professor, Department of Bangla, University of Rajshahi, Bangladesh.

জ্যা-পল সার্ভে দর্শনচর্চার মাধ্যমে মানবজীবনের দুঃখ-বেদনাকে দার্শনিক অভিধায় চিহ্নিত করে একে "Pessimism" (দুঃখবাদ) হিসেবে অভিহিত করেছেন। মূলত "Pessimism" শব্দটিকে ব্যাপকার্থে ব্যবহার করেন সোপেন হাওয়ার। মানবজীবনের এই গভীর অনুভূতি সফলতার সঙ্গে প্রতিভাত হয়েছে কাফকা, বোদলেয়ার, মালার্মে, ভালেরি, আঁতুর র্যাবো, এ্যাডগার এ্যালেন পো, টি.এস. এলিয়ট প্রমুখের সাহিত্যে। রবীন্দ্রনাথ মানব-মানবীর দুঃখকে জীবনের অপরিহার্যরূপে গ্রহণ না করলেও জীবনের যন্ত্রণা, বেদনা ও বিষণ্ণতাকে চলমান জীবন-বাস্তবতার নিরিখেই উচ্চারণ করে গেছেন তার সৃজনকর্মে। লক্ষণীয় মানবজীবনের এই অসহায়ত্বকে রবীন্দ্রনাথ প্রগাঢ়ভাবেই অনুভব করেছেন তাতে সন্দেহ নেই। তাঁর এই দুঃখ-উপলব্ধি একদিকে যেমন অতৃপ্ত প্রেমে পরিকীর্ত্ত তেমনি অপরদিকে বেঁচে থাকার মৌলিক উপাদানসমূহের অভাব-সংকটজনিত দুঃখবোধও বটে। রবীন্দ্রনাথের যৌবন-সময়ের রচনা *মানসী* (১৮৯০) কাব্য- এখানে তিনি দেখেছেন জীবন ও প্রকৃতি নানা সমস্যায় জর্জরিত। ফলে দুঃখবোধের উপলব্ধিজাত রূপটি তাঁর যৌবন-সময়ের কাব্য *মানসী*তে ব্যতিক্রমী একটি অনুষ্টি হিসেবে ধরা পড়েছে। আমরা *মানসী* কাব্যে উপস্থাপিত দুঃখবোধের বিষয়টিকে ব্যাখ্যা-বিশ্লেষণের প্রয়াস পাব আলোচ্য প্রবন্ধে।

সমাজ-মানুষের চারদিকের চলমান বাস্তবতার সঙ্গে ব্যক্তিত্বের টানা পোড়ের পরিষ্টিতির মধ্যে প্রকৃতপক্ষে কোনো সঙ্গতি পরিলক্ষিত হয় না। অথচ পারিপার্শ্বিক জগতকে দূরে সরিয়ে রাখাও সমাজের সঙ্গে ব্যক্তির ব্যবচ্ছেদ। ব্যক্তি ও সমাজের সঙ্গতি-সাধন আনয়নে ব্যক্তিকে দিতে হয় চরমমূল্য। এই মূল্য পরিশোধ করতে গিয়ে ব্যক্তিসত্তায় সৃষ্টি হয় নানা ঘাত-প্রতিঘাত। একজন সংবেদনশীল সৃষ্টির মানুশকে সাধারণ মানুশের চেয়ে সাধারণত মূল্যটা শোধ করতে হয় বেশি মাত্রায়। ব্যক্তিত্বের ক্ষত-বিক্ষত প্রতিবেশ একজন সৃজনশীল মানুশের সাহিত্যকর্মে পালন করে মৌল-ভূমিকা। রবীন্দ্রনাথ জীবনের সৌন্দর্য বলতে 'আনন্দ'কে বোঝালেও তাঁর কবিতায়, সৃষ্টিতে অসহায় বিপর্যস্ত মানুশের দুঃখময়তার রূপটি সমভাবে ধরা পড়েছে। বস্তুত, রবীন্দ্রনাথের কাব্যবিশ্বের গুরুত্বপূর্ণ এবং মৌলিক সৃজনকর্ম হিসেবে *মানসী* পাঠক-সমালোচকগণের মনোযোগ আকর্ষণ করে। সে জন্যে কবি-সমালোচক বুদ্ধদেব বসু *মানসী* কাব্যকে কবির কাব্যসমূহের মধ্যে 'অনুবিধ্ব' আখ্যা দেন। *মানসী*র কবিতাগুলোতে কবির যৌবনসময়ের ম্যচিউরিটির মাত্রাও সমভাবে তাৎপর্যময়। এখানে কবি প্রকৃতিভাবনা, নারীভাবনা, নিসর্গমগ্নতা, স্বদেশচিন্তা এবং আন্তর্জাতিকতাবোধকে রূপায়ণ করেন সার্থকভাবে ফলে *মানসী* কাব্য হয়ে উঠে বাঁকফেরানো সৃজনভূমি। কবির যৌবনের রোমান্টিক জগৎ মূলত বিরহ-ব্যথা, বিষাদের রূপে *মানসী*তে পরিকীর্ত্ত। কবিত্বশক্তির তাৎপর্যে কাব্যটির আবেদন যেমন রবীন্দ্রশক্তির পরিচায়ক একথা যেমন সত্য তেমনি অন্তরে-বাইরে মিলনের পশ্চাতে যে বহু বেদনাত্মক অনুভূতি সঞ্চারিত তাকেও কবি কাব্যদর্শনে অন্তর্ভুক্ত করেন নিজ প্রতিভায়। প্রসঙ্গত সমালোচক ক্ষুদিরাম দাস বলেন:

অন্তরে বাহিরের যখন মিলন হ'ল এবং কবি তাকে রূপ দিতে পারলেন তখন 'বিরহী' সংজ্ঞার তাৎপর্য কোথায়? এখানে একটু চিন্তা করলেই বোঝা যায় যে আসলে কবি ঐ ভাবনার জন্মদাতা তাঁর চিন্তালোককেই বিরহী বলছেন। অর্থাৎ বহির্জগতের শব্দ-স্পর্শাদিময় অনুভূতি থেকে যে বিরহ-ব্যাকুলতার উদয় হচ্ছে তা কবিচিন্তার বিরহী-স্বভাববশতই ঘটেছে।<sup>১</sup>

কবি মনোরাজ্যে প্রকৃতি-মানুষ দিয়ে নিরন্তর বয়ে চলা অভিজ্ঞতাকে ধারণ করে যে মানসিক ক্যানভাস তৈরি করেন সেখানে চিন্তালোকেই তাঁকে সবচেয়ে নির্দেশনা দেয় জগৎ-জীবন সম্পর্কে। ফলে জগতের জরা, দুঃখ আহত করে কবির চিন্তালোককে অথবা কবি কোনোভাবেই সেই দুঃখানুভূতি থেকে আলাদা করতে পারেন না নিজে। এভাবেই তাঁর সৃষ্টিতে বিশ্বজগতের অনতিক্রমণ দুঃখ-যন্ত্রণা ব্যাপকতা লাভ করে। যার প্রবল উপস্থিতি আমরা *মানসী* কাব্যে পাই। আলোচ্য কাব্যের ৬৪টি কবিতায় কবি সমাজ, দেশ, প্রকৃতি এবং প্রেমকে যৌবনের তারুণ্যদীপ্তিতে যেভাবে উপস্থাপিত করেছেন সেখানে দুঃখবোধের নিবিড় অনুভবমালা গ্রথিত আছে। বোধ হয়, Percy Bysshe Shelley সে কারণে বলেন, 'Our sweetest songs are those that tell of saddest thought.'

বিশ্লেষণের সুবিধার্থে আমরা *মানসী* কাব্যের কবিতায় প্রতিভাত দুঃখবোধকে তিন ভাবে আলোচনা করা হয়েছে।

ক. নারী সৌন্দর্যের প্রতি আকাঙ্ক্ষার অপূর্ণতা

খ. প্রকৃতির নির্মমতা ও অমোঘনিয়তি

গ. স্বদেশচিন্তায় বিপন্নতাবোধ

রবীন্দ্র-কাব্যের অন্যতম আকর্ষণ নারীভাবনা তথা নারীসৌন্দর্যের প্রতি কবির গভীর অনুরাগ। মানবজীবন প্রকৃতিগতভাবে নারী-পুরুষ একজন আরেকজনের ওপর নির্ভরশীল, আস্থাশীল একথা যেমন সত্য তেমনি ব্যক্তি-মানুষের কাম, ক্রোধ, বিদ্বেষ, হিংসা, লোভ-লালসা প্রভৃত রিপুসমূহের দ্বন্দ্বগত উৎসারিত সংকট মানুষকে ক্রমাগত করে তোলে যন্ত্রণাবিদ্ধ। নারী পুরুষের প্রতি, পুরুষ নারীর প্রতি প্রেমে-কামে মুগ্ধ হবে এটাই প্রাকৃতিক। কিন্তু নারী-পুরুষ শরীরী কামনা থেকে একজন অন্যজনের প্রতি প্রেম-প্রণয়ের মতো গভীরতম অনুভূতি জাগালেও শেষপর্যন্ত তা নির্মল শরীরাতীত আবেদনে স্থিরকৃত হয়। রবীন্দ্রকাব্য-ভাবনায় নারী-পুরুষের এই নির্মল, অসীমধারা প্রেমকে গুরুত্বের সঙ্গে দেখা হয়েছে। তাঁর কবিতায় নারী-পুরুষের যে 'বিরহ ব্যাকুলতা প্রতিধ্বনিত হয়েছে তা-ই ধীরে ধীরে একটি অনির্দেশ্য সৌন্দর্যময়তার রূপ পরিগ্রহ করেছে। অর্থাৎ এই অস্ফুট এবং অনেকাংশে বহির্নিরপেক্ষ বিরহমিলনের আক্ষেপগুলি কবি অজ্ঞাত অশরীরী নারীসৌন্দর্যের আকাঙ্ক্ষাই।'<sup>১৬</sup> রবীন্দ্রনারী-ভাবনা মৌল দিক হিসেবে এটি প্রকাশ পেলেও কবি কিন্তু এই ভাবনাতেও জীবনের দুঃখবোধকে অতিক্রম করে সৌন্দর্যের নির্মল 'আনন্দ'কে উপভোগ করতে পারেন নি। পারেন নি বলেই তিনি বলে উঠেছেন, 'কাঁদালে তুমি মোরে ভালবাসারই ঘায়ে' অথবা 'সখী ভালোবাসা কারে কয়/সে কি কেবলই যাতনাময়।' *মানসী* কাব্যে কবির এই অতৃপ্ত প্রেম, হাহাকার, অসহায়ত্ববোধ কবিতাসমূহের পরতে পরতে ছড়িয়ে রয়েছে। কবি আশা-ভরসা দিয়ে যে 'মানসী প্রতিমা' গড়তে চান-সেখানে কি তিনি তা সার্থকভাবে গড়তে পেরেছেন? না, তা তিনি পারেন নি। পারেন নি বলেই কবির মনের গভীর থেকে উঠে আসা দীর্ঘশ্বাস অসীমের পানে ছুটে চলে। সেই অসীম কবির মনোভূমির এক স্বপ্নজগৎ তথা দার্শনিক অনুভবের জায়গাও বটে। এ-বিষয়ে নীহাররঞ্জন রায়ের মূল্যায়ন তাৎপর্যবহ:

প্রেমাম্পদেরহৃদয় যে শুধু দেহের মধ্যে ধরা যায় না, এই ভাবানুভূতি যে-সব কবিতায় প্রকাশ পাইতেছে, তাহার মধ্যে কোথায় যেন একটু বেদনাবোধ আছে; স্বদেশ, সমাজ ও জাতীয় জীবনে যে সমস্ত ক্রটি ও দৈন্যকে তিনি বিদ্রূপ করিয়াছেন, তাহার মধ্যেও একটু বেদনাবোধ প্রচ্ছন্ন আছে বই কি। ...একটি বৃহত্তর জীবনের মধ্যে দুঃখবরণের জন্য দুর্দম উন্মুক্ত জীবনের জন্য ব্যাকুলতা...।<sup>১৭</sup>

যৌবনে রবীন্দ্রনাথ নারী-সৌন্দর্যের প্রতি, প্রেমের প্রতি গভীর অনুভব প্রকাশ করেন তাতে সন্দেহ নেই কিন্তু এই অনুরাগে কখনো বিরাগ-বিষাদ তাঁকে মর্মসীড়নে যন্ত্রণাকাতর করেছে। 'ব্যথা দিয়ে কবে কথা কয়ে ছিলে/পড়ে না মনে./দূরে থেকে কবে ফিরে গিয়েছিলে/ নাই স্মরণে।'<sup>১৮</sup> কবি এখানে স্মৃতি-কাতর; এই স্মৃতি-স্মরণ মধুরতার নয়, এই স্মৃতি-স্মরণ বিষাদমগ্নতার। *মানসী* কাব্যের বহু কবিতায় স্মৃতিত্যাগিত বিষাদ-বেদনা বিশিষ্ট হয়ে ওঠে। আধুনিক মানুষ নিঃসঙ্গ একাকী মানুষ। নগরজীবন, পুঁজিবাদী উৎপাদন-ব্যবস্থা মানবজীবনে নিয়ে আসে বিচ্ছিন্নতার ব্যবচ্ছেদ। হতাশা-উৎকর্ষা *মানসী* কাব্যে ভিন্নমাত্রা দিয়েছে; সেরকম একটি কবিতা : 'বসন্ত নাহি এ ধারায় আর/আগের মতো./জ্যোৎস্নাযামিনী যৌবনহারা/জীবনহত।'<sup>১৯</sup> প্রকৃতির শুষ্ক-পাপুর রূপ তথা বিরূপ-পরিবেশ কবিকে আহত করে। তিনি ঋতুরাজ বসন্তের রূপে সন্ধিহান কেননা প্রকৃতির বৈরীরূপ যেমন তার স্বাভাবিকতা নষ্ট করে কবিও তেমনি মনে নিদারুণ ব্যথা অনুভব করেন। বিচ্ছিন্নতাকৃত দুঃখবোধের স্বরূপ কবি রূপায়ণ করেন "মেঘদূত" কবিতায়। কালিদাসের বিখ্যাত কাব্য মেঘদূতম-এ যক্ষ এবং যক্ষপ্রিয়ার দূরবর্তী অবস্থানগত কারণে তাদের উভয়ের মধ্যে মিলনের আকুতিজনিত যে বেদনা-নির্বেদ তা এ কবিতায় প্রতিভাত। কবি লিখেন:

কবিবর, কবে কোন্ বিস্মৃত বরণে  
কোন পুণ্য আষাঢ়ের প্রথম দিবসে  
লিখেছিলে মেঘদূত! মেঘমন্দ্র শ্লোক  
বিশ্বের বিরহী যত সকলের শোক  
রাখিয়াছ আপন আঁধার স্তরে স্তরে  
সঘনসংগীতমাঝে পুঞ্জীভূত করে।<sup>২০</sup>

একাকী মানুষের নিঃসঙ্গবেদনা ধরা পড়ে “গোধূলি” কবিতায়:

কিছু আর নাহি যায় দেখা,  
কেহ নাই, আমি শুধু একা-  
মিশে যাক জীবনের রেখা।  
বিস্মৃতির পশ্চিমসীমায়।  
নিষ্ফল দিবস অবসান-  
কোথায় আশা, কোথায় গীতগান!  
শুয়ে আয়ে সঙ্গীহীন প্রাণ

জীবনের তটবালুকায়।<sup>১</sup>

রবীন্দ্র-কাব্যভুবনের সার্থক মাইলফলক কাব্য হিসেবে *মানসী* বহুলভাবে আলোচিত। রবীন্দ্র-সমালোচকগণ সকলে একথা স্বীকার করে নিয়েছেন। কবির যৌবনের পারিপার্শ্বিক ভাবনা, জগৎ-জীবনকে দেখার আকাজক্ষা এবং ছন্দ-বৈচিত্র্যের কারণে *মানসী*র আবেদন অনস্বীকার্য। কবির ব্যর্থতা-শূন্যতা, প্রতীক্ষা, প্রাণ্তিহীন অবেশা আর নীড়সন্ধিৎসার আকুল রোদনধ্বনি<sup>২</sup>র একটা প্রগাঢ় মর্মবেদনা তাঁর রোমান্টিক কবিসত্তায় চির বহমান। যার প্রথম সার্থক স্ফূরণ *মানসী*। যাপিত জীবনের দুঃখ, হতাশা, সভ্যতার অমানবিকতা কবির অস্তিত্ববেদনায় পরিকীর্ণ। আর লৌকিক দুঃখবেদনা থেকে মুক্তিলাভের আশায় স্রষ্টার নিকট বলে উঠেন, ‘বিষয়-বাসনা বিসর্জন’ দিতেও তিনি প্রস্তুত।

পৃথিবীতে মানুষের অগ্রগমনে যে বাঁধাবিপত্তি প্রতিনিয়ত তা সমাজ-রাষ্ট্রে মানবতার জয়গান গাওয়া সর্বদাই সংগ্রামনির্ভর। কবির চেয়ে এই সত্য উপলব্ধি কে করতে পারেন? তাই তো, জীবনের শেষ প্রান্তে এসে কবি *শেষলেখা* কাব্যের কবিতায় দার্শনিকসুলভ চেতনায় প্রকাশ করেন নিজের দুঃখবোধের চূড়ান্ত স্তর। এই অনুভবমালা কবির শুধু জীবনসায়হের নয়; তা যৌবনের পূর্বাপর স্তরেরও বৈকি।

রূপ-নারানের কুলে  
জেগে উঠিলাম,  
জানিলাম এ জগৎ  
স্বপ্ন নয়।  
রঞ্জের অক্ষরে দেখিলাম  
আপনার রূপ  
চিনিলাম আপনারে  
আঘাতে আঘাতে  
বেদনায় বেদনায়

... ..  
আমৃত্যুর দুঃখের তপস্যা এ জীবন,  
সত্যের দারুণ মূল্য লাভ করিবারে,

মৃত্যুতে সকল দেনা শোধ করে দিতে।<sup>৩</sup>

কবির জগৎ জীবন সম্পর্কে অধীত অভিজ্ঞতার নির্ঘাস এখানে পরিস্ফুটিত; তবে তা যতটা না দার্শনিকতানিষ্ঠ তার চেয়ে অনেক বেশি জীবনোপলব্ধিগত। সোপেন হাওয়ার মনে করেন যে মানবজীবন দুঃখময় ও যন্ত্রণাগ্রস্ত এবং এই যন্ত্রণা থেকে পরিত্রাণ হতে পারে একমাত্র মৃত্যুতে। কবিও তো বলেন মৃত্যুর মধ্য দিয়ে জীবনের সকল ঋণ পরিশোধের কথা। *শেষলেখা* কাব্যে তাঁর দুঃখবোধের পরিসমাপ্তি ঘটলেও *মানসী*তে তার আরাম একথা বলাই যায়।

---

### তথ্যনির্দেশ

১. ক্ষুদিরাম দাস, রবীন্দ্র-প্রতিভার পরিচয়, মল্লিক ব্রাদার্স, কলকাতা, ১৯৯৬, পৃ. ২৯
২. তদেব
৩. নীহাররঞ্জন রায়, রবীন্দ্র-সাহিত্যের ভূমিকা, নিউ এজ পাবলিশার্স প্রাইভেট লিঃ, কলকাতা, পঞ্চম সং., ১৩৬৯, পৃ. ৫৬-৫৭
৪. রবীন্দ্রনাথ ঠাকুর, রবীন্দ্রসমগ্র, খণ্ড-১, পাঠক সমাবেশ, ঢাকা, ২০১১, পৃ. ২৩১ [মানসী, “ভুলে”, পরবর্তীতে কাব্য ও কবিতার নাম উল্লেখিত হবে।]
৫. মানসী, “ভুল-ভাঙা”
৬. মানসী, “মেঘদূত”
৭. মানসী, “গোধূলি”
৮. বগম আকতার কামাল, রবীন্দ্রনাথের ব্রহ্মভাবনা, কথাপ্রকাশ, ঢাকা, ২০১৭, পৃ. ১১২
৯. শেষলেখা, “রূপ-নারানের কূলে”

## বৈষ্ণব পদাবলী: রূপ ও রূপান্তর (Vaishnab Padabali: Form and Transformation)

Goutom Goswami\*

**Abstract:** Vaishnab Padabali is one of the most celebrated genres in Bengali literature. In the light of concomitants and opinions of literary critics, it is assumed that Vaishnab Padabali was expanded in the early Middle Ages. Over time, gradually, it has spread to different parts of India and Bangladesh. After the emergence of Sri Chaitanya Deb in the 14<sup>th</sup> century AD, a new chapter in Vaishnavism began. Fascinated by the love and devotion of Mahaprabhu, people began to follow his theological beliefs. In Padabali literature, besides 'Radha-Krishna Bandana', 'Chaitanyavandana' and 'Gauravandana' began. Chaitanyadev showed Vaishnavism a new path based on the philosophy of 'Raganug Bhakti'. He liberated this way of worship from the path of traditional scriptural reasoning and 'Baidhi Vakti' and spread it among the masses. During his time, the Padabali became one of the mediums of propagating Vaishnavism. The history of 'Gourio Vaishnavism' shows that the followers of Chaitanya created a new stream in composing verses. In spite of the similarity of the subject matter, this stream did not follow the path of Vidyapati and Chandidas. In the place of Brajabuli, Bangla predominated in composing verses. The 'Leela Mahatya of Radha-Krishna' got a new dimension in touch of the followers of Chaitanya. The preachers of Vaishnavism created a new genre in the Padabali section. Because of this novelty, the contemporary and post-Chaitanya period Padabali not only phrased hymns but also literature received a new excellence. Based on these themes, a detailed review will be presented on the conceptual and morphological differences between the pre-Chaitanya period, the Chaitanya contemporary and the latter period.

### ১.১

মধ্যযুগের সাহিত্য ঐ সময়ের মানবসত্যকেই আমাদের কাছে উপস্থাপন করে। সেখানে দেবতা যতোটা প্রাসঙ্গিক, মানুষ ঠিক ততোটাই। মধ্যযুগের কবিরা কখনো কখনো সুকৌশলে দেবতা ও মানুষকে একে অপরের মুখোমুখি বা প্রতিদ্বন্দ্বী হিসেবে দাঁড় করিয়েছেন। মনসামঙ্গল কাব্যে চাঁদ সওদাগর ও দেবী মনসা এর প্রকৃষ্ট উদাহরণ। মানুষ ও দেবতার এই দ্বন্দ্ব মধ্যযুগে ছিল অবধারিত। তবে কোনো কোনো ক্ষেত্রে মানুষের আত্মিক অনুভূতি দৃশ্যমান করেছে দেবসত্তাকে; তখন মানুষ আর দেবতা দেখা দিয়েছে অভিন্নসত্তা হয়ে। মধ্যযুগের ক্রমধারার সাহিত্যে বৈষ্ণববাদ ও বৈষ্ণবসাহিত্যে এই অদ্ভুতচর্চার দেখা মেলে; যেখানে বৈষ্ণব কবিরা মানবসত্তা আর ঈশ্বরসত্তাকে অভেদে কল্পনা করেছেন। খ্রিষ্টীয় চতুর্দশ শতাব্দীর পূর্বভাগে বৈষ্ণববাদ সম্প্রসারিত হতে শুরু করে। পঞ্চদশ শতাব্দীতে শ্রীচৈতন্যের আগমনে বঙ্গদেশ তথা ভারতবর্ষে বৈষ্ণব আন্দোলন নতুনমাত্রা পায়।

বাংলায় বৈষ্ণব আন্দোলন চলেছিল মোটামুটি নব্বই থেকে একশ বছর। শ্রী চৈতন্যের অগ্রজ মাধবেন্দ্র পুরী এ আন্দোলনের সূত্রপাত করেন। চৈতন্যদেব এ আন্দোলনকে একটি সর্বতো রূপ দেন। তাঁর জীবনকালেই বৈষ্ণব আন্দোলনের মাধ্যমে বৈষ্ণবদর্শন পরিপূর্ণ কাঠামো পায়। শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীমদ্ভাগবত-এর মতো অসাধারণ গ্রন্থগুলো এই দর্শনের ওপর ভিত্তি করেই রচিত হয়েছে। বৈষ্ণব আন্দোলনের সময়কাল নিয়ে ভিন্নমত রয়েছে। এ প্রসঙ্গে উল্লেখ করা যায় :

বাংলায় বৈষ্ণব আন্দোলনের স্থিতিকাল তিন পুরুষ অর্থাৎ প্রায় একশত বৎসর ধরা যেতে পারে। ... শ্রীচৈতন্যের নেতৃত্বে এই আন্দোলন সর্বোচ্চ শিখরে আরোহণ করে এবং শ্রীজীব গোস্বামীর সময়ে এ আন্দোলন পূর্ণতা প্রাপ্ত হয়।

\* Assistant professor, Department of Bangla, University of Rajshahi, Bangladesh.

বৈশিষ্ট্যগত কারণে বাংলার বৈষ্ণব আন্দোলনকে তিনভাগে বিভক্ত করা যেতে পারে: ক. প্রাক-চৈতন্য যুগ; খ. চৈতন্য যুগ; গ. চৈতন্যোত্তর যুগ। এই প্রত্যেকটি বিভাগের স্থান, কাল, পাত্র ও সংগঠনগত বৈশিষ্ট্য রয়েছে।

প্রাক-চৈতন্যযুগের বৈষ্ণবধর্মের সঙ্গে মহাভারতের একটি ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। এই মহাকাব্যের মূলপাঠ ও প্রক্ষিপ্তপাঠ অংশে আমরা যে ঈশ্বরতত্ত্ব সম্পর্কিত আলোচনা দেখি সেখানে বাসুদেব কৃষ্ণ ও বিষ্ণুই মূল ঈশ্বর বা ভগবান হিসেবে আবির্ভূত। এখানে উল্লেখ্য :


নারায়ণের প্রতি ভার্গবদের পক্ষপাতের কাহিনী বিভিন্ন পুরাণেও বর্ণিত হয়েছে এবং অনেকগুলো পুরাণে উল্লিখিত একটি উপাখ্যান অনুসারে শ্রীদেবী ভৃগুমুণির কন্যারূপেই জন্মগ্রহণ করেছিলেন ও তাঁকে নারায়ণের হাতে সম্প্রদান করেন ভৃগুই। ভাগবত পুরাণে বর্ণিত হয়েছে যে, ঋষিরা ভৃগুর ওপর ভার দিয়েছিলেন দেবতাদের মধ্যে শ্রেষ্ঠতম কে তা খুঁজে বের করার। তিনি ব্রহ্মা, শিব ও বিষ্ণু এই তিনজনের প্রত্যেকের সঙ্গে সাক্ষাৎ করেন এবং নারায়ণ-বিষ্ণুকেই সর্বশ্রেষ্ঠ বলে ঘোষণা করেন।

পৌরাণিক যুগ ও তৎপরবর্তী নারায়ণ উপাসকরা দুভাগে বিভক্ত ছিলেন। যারা মহাভারতের প্রদত্ত সমাজব্যবস্থা অনুযায়ী জীবনযাপন করতেন না অর্থাৎ বর্ণব্যবস্থার নিয়মকানুন মানতেন না এবং কোনো-না-কোনো আকারে প্রাচীন আচার-অনুষ্ঠানকেই অনুসরণ করতেন তাদের বলা হতো 'পঞ্চরাত্র'। কিন্তু যারা ব্রাহ্মণ্য নিয়মকানুন ও বেদের প্রামাণ্য মেনে নিয়ে জীবনযাপন করতেন তাদের বলা হতো 'ভাগবত'। পঞ্চরাত্র পদ্ধতি নিম্নশ্রেণির মানুষের মধ্যেও প্রচলিত ছিল। যেহেতু ভাগবত ধর্মমত প্রাতিষ্ঠানিকভাবে চর্চা হতে শুরু করে, তাই তার অনুসারীর সংখ্যাও বৃদ্ধি পেতে থাকে। অপরদিকে পঞ্চরাত্র পদ্ধতি ক্রমেই উচ্চতর অংশের দৃষ্টির বাইরে অবস্থান নিতে থাকে। প্রসঙ্গত উল্লেখ্য যে : "ভাগবত ধর্মের অগ্রগতি ও জনপ্রিয়তার সঙ্গে সঙ্গে পঞ্চরাত্র খুবই নিম্নস্তর হয়ে পড়ে এবং যেহেতু এই সম্প্রদায়ের ব্রাহ্মণ্যধর্মে রূপান্তরীকরণও গুণ্যুগেই শুরু হয়েছিল তাই মনে হয় যে, শেষপর্যন্ত এটাও বৈষ্ণবধর্মের মধ্যেই বিলীন হয়ে গিয়েছিল।"

এই তথ্যের ভিত্তিতে আমরা বলতে পারি প্রাক-চৈতন্যযুগে ব্রাহ্মণ্যধর্ম বৈষ্ণবধর্মের সঙ্গে একটা সম্পূর্ণরূপে অবস্থানে আসে এবং তারা একে অপরের পরিপূরকরূপে আত্মপ্রকাশ করে। বৈষ্ণবধর্মের উপাসনা-পদ্ধতি নতুন অবয়বে আমাদের সামনে আসে। নতুন এই পদ্ধতি স্বীকৃত হয়েছিল 'বৈধীভক্তি' পথ নামে। বৈধী অর্থ বিধিবদ্ধ শাস্ত্রাচার বা পুঁথি-আচার; ধর্মগ্রন্থে লিখিত ঈশ্বরভজনা পদ্ধতির সার্বিক অনুকরণ। তাতে হৃদয়াবেগের চেয়ে নিয়মের পালন অনেক বেশি গুরুত্বপূর্ণ। প্রাক-চৈতন্যযুগে এই ধারার উপাসনা ভজনসঙ্গীতেও প্রভাব ফেলেছিল।

## ২.১

বৈষ্ণবসাহিত্যে চৈতন্যযুগ ধরা হয় চৈতন্য দেবের আবির্ভাবের সময় থেকে। চৈতন্যদেব (১৪৮৬খ্রি.- ১৫৩৩খ্রি.) ষোড়শ শতাব্দীর দ্বিতীয় দশক জুড়ে সমগ্র বঙ্গদেশে তথা ভারতবর্ষে মানবতার বাণী শুনিয়েছিলেন। বৈষ্ণবদর্শনের সমগ্র উদারতাকে কঠোর ধারণ করে মানুষের কাছে তিনি পৌঁছে দেন অভেদের বাণী। বৈধীভক্তি এখানে এসে 'রাগানুগা' ভক্তিমাগে রূপান্তরিত হয়। রাগানুগা ভক্তি হলো বাঁধন ছেঁড়া ভক্তি। এই ভক্তিপথে ইষ্ট দেবতা ও ভক্ত পরস্পরের সঙ্গে আত্মার সূত্রে আবদ্ধ হয়। রাগানুগা ভক্তি মহাভাবে পৌঁছলে 'রাগাত্মিকা' ভাবের উদয় হয়। অন্যভাবে বলতে গেলে আত্মগত গভীর সহজাত যে ভক্তি সেটাই রাগাত্মিকা ভক্তি। রাগাত্মিকা ভক্তির প্রধান লক্ষণ রাগানুগা ভক্তির মধ্যেই ফুটে ওঠে। রাগাত্মিকা ভক্তি ক্রমে লেহ, মনে প্রণয়রাগ, অনুরাগ ও ভাব অতিক্রম করে মহাভাবে পরিণত হয়। বিষয়টিকে একটি পিরামিড চিত্রের মাধ্যমে উপস্থাপন করা যায় :



## ২.২

চৈতন্যপূর্ব যুগে বৈষ্ণবদর্শন যেহেতু বৈধী ভক্তিমাৰ্গে নিমজ্জিত ছিল, তাই এসময়ে রচিত পদাবলীর মধ্যে ঐ দর্শনের স্পষ্ট প্রভাব বিদ্যমান। তবে রাধাতত্ত্বে রাগানুগা ভক্তিমাৰ্গের সঙ্গে বৈধীমাৰ্গের কিছু সাদৃশ্যমূলক বিষয় পরিলক্ষিত হয় :

রাধা হলেন প্রেমমন কৃষ্ণের প্রেমপরিণাম। শক্তিতত্ত্বের দিক দিয়ে বিবেচনা করে বলতে হয় হ্লাদিনীশক্তি। মূলে এই হ্লাদিনীশক্তিসহ কৃষ্ণ একবপু: হলেও তাঁরই ইচ্ছায় ঐ হ্লাদিনীশক্তি মূর্তি পরিগ্রহ করে রাধারূপে পৃথক হয়ে পড়েছিল। এটি ঘটেছিল কৃষ্ণের বৃন্দাবনে প্রকট হওয়ার সময়ে। এখন কলিতে আবার সেই দুই একত্র হয়ে কৃষ্ণচৈতন্যমূর্তিতে প্রকট হয়েছে। অহো! নিগূঢ় এবং আশ্চর্যজনক এ কৃষ্ণলীলা। যেহেতু এখন তিনি বহিরঙ্গে, অর্থাৎ ভাবে ও কাঙ্ক্ষিতে রাধা, কিন্তু অন্তরঙ্গে সেই দ্বিভূজ মুরলিধর শ্যামই।

বৈষ্ণব ভজন দুটি অংশে সমাহিত— জীবাাত্রা ও পরমাত্রা। ভক্তিমাৰ্গে ভক্ত আরাধনা করে ভগবানের অর্থাৎ পরমাত্রার। সুতরাং ভক্তমাত্রই রাধা। বৈষ্ণব সাধনতত্ত্বে সাধকগণ রাধারূপেরই আরাধনা করেন। রাধাই এখানে পরমগুরু। প্রাসঙ্গিকভাবে উল্লেখ্য :

ভক্তরূপে যদি আমরা বিচার করি তাহা হইলেও বলা যায় যে, এই প্রেম নির্যাসরূপে মহাভাবের পরাকাষ্ঠা ও একমাত্র রাধিকা ব্যতীত আর কাহাতেও সম্ভবে না; এই জন্যই শ্রীরাধিকা হইল প্রেমপরাকাষ্ঠারূপিণী। শ্রীকৃষ্ণের পটমহিষীগণের মহাভাবের উন্মুখ অনুরাগ পর্যন্তই হইল প্রেমের শেষ সীমা, তাহার পরে আর মহিষীগণের কোন অধিকার নাই, তাহার পরেই হইল গোপীগণের প্রেমের বৃন্দাবন— এই প্রেমের বৃন্দাবনের বৃন্দাবনেশ্বরী হইল রাধিকী [রাধিকা]। ব্রজের গোপীগণের মহাভাবে অধিকার আছে, কিন্তু এই মহাভাবেরও যে পরাকাষ্ঠারূপ 'অধিকৃষ্ণ-মহাভাব' তাহা একমাত্র রাধিকা ব্যতীত অন্য কাহাতেও সম্ভবে [সম্ভবে] না।

চৈতন্যপূর্ব যুগের পদাবলী খানিকটা প্রথাগত বিশ্বাস বা ধারণার ওপর নির্মিত হয়েছিল। রাধারূপ বর্ণনায় ঐ সময়ের কবিরা প্রাধান্য দিয়েছেন দেহসৌষ্ঠব, মুখশ্রী ও পোশাককে। এখানে অভেদ কল্পনার স্থানটি হেঁচট খায় রাধার সামগ্রিক শরীরী উপস্থাপনে। তাছাড়া প্রেম ও বিরহের পর্যায়কে মানুষের হৃদয়ের অতি স্নিকটে আনায় তা আধ্যাত্মিক স্তরে না পৌঁছে জাগতিক হয়ে দেখা দেয়। চৈতন্য সমসাময়িক ও পরবর্তী পদকারগণ এ ভাবকে গ্রহণ করেছেন অবলীলায়; কিন্তু তাঁদের অতীষ্ট ছিল সম্পূর্ণ বিপরীত। চৈতন্য-সমসাময়িক বা চৈতন্যোত্তর পদাবলী কোনো ব্যক্তিত্বের বিষয় ছিল না। এটি ছিল সম্পূর্ণ গোষ্ঠীকেন্দ্রিক জীবনসাধন পদ্ধতির এক বিশেষ আধ্যাত্মিক সাধন-ভজনের ব্যাঞ্জনাময় বহিঃপ্রকাশ। শ্রীচৈতন্যের আবির্ভাবে বৈষ্ণব পদাবলীতে এ পরিবর্তন সূচিত হয়েছিল বলে মনে করেন গবেষকরা। এ প্রসঙ্গে বলা যায় :

ষোড়শ শতাব্দীতে চৈতন্যের আবির্ভাবের ফলে পদাবলি সাহিত্যের ব্যাপক উৎকর্ষ ঘটে, তাকে ঐতিহাসিক যুগান্তকারী ঘটনা বলে বর্ণনা করা যায়। রাধাকৃষ্ণের লীলা নিয়ে যেসব পদ তার পূর্বে রচিত ও গীত হয়েছিল তাতে শৃঙ্গার রস প্রাধান্য ছিল। কবিদের ব্যক্তিগত ভক্তিভাবুকতা কিছু পরিমাণে যুক্ত থাকলেও তাতে সর্বোচ্চ আধ্যাত্মিকতা যুক্ত ছিল না। কিন্তু চৈতন্য বা গৌরাঙ্গের আবির্ভাবের ফলে এবং তার স্বয়ং পদাবলি আশ্বাদনের কারণে এই প্রেমলীলার স্বরূপ সম্পূর্ণরূপে পালটে গেল। তিনি কৃষ্ণকথার কীর্তিগান ও কবিতাকে ভক্তিভাবুকতায় পর্যবসিত করলেন।



## ৩.১

চৈতন্যপূর্ব সময়ের উল্লেখযোগ্য পদকর্তারা হলেন : জয়দেব, বিদ্যাপতি, দ্বিজ চণ্ডীদাস, বড়ু চণ্ডীদাস প্রমুখ। জয়দেব মূলত সংস্কৃত ভাষায় কাব্য রচনা করেছেন। তাঁর রচিত সংস্কৃত প্রাকৃত ভাষার আদলে গঠিত। শ্রীরাধার খেদবিষয়ক একটি পদে জয়দেব বয়ান করছেন :

অলসনিমীলিতলোচনয়া পুলকাবলিলিতকপোলম্।

শ্রমজলসকলকলেবরয়া বরমদনমদাদতিলোলম্॥

অর্থ : রতিরসালসে আমার লোচন মোদিত হইয়া আসিলে যাঁহার কপোল পুলকাবলীতে ললিত হইয়া উঠে, আমার সর্বাঙ্গ শ্রমজলে পরিপূর্ণ হইলে যিনি অধিকতর মদনমদে চঞ্চল হইয়া উঠেন॥

শ্রীরাধার খেদ এখানে অনন্য মানবীয় আবেগে পরিপূর্ণ। প্রেমাস্পদের আকাঙ্ক্ষায় রাখাচিত্ত এখানে চঞ্চল হয়ে উঠছে এবং বায়বীয় কল্পনায় মদনমদে আপ্ত হয়ে প্রেমিককে শরীরী সুখের মাধ্যম হিসেবে কল্পনা করেছে। এই রাখা আমাদের চারপাশের মানবসত্তা দ্বারা নির্মিত; তাই তার বাসনাও মানবীয়। অপর একটি পদে অভিসারিকা রাখার মনোভাব প্রকাশের ক্ষেত্রে জয়দেব বলেন :

রতিসুখসারে গতমভিসারে মদনমনোহরবেশম্।

ন কুরু নিতম্বিনি গমনবিলখনমনুসর তং হৃদয়েশম্॥

ধীরসমীরে যমুনাতীরে বসতি বনে বনমালী।

পীনপয়োধরপরিসরমর্দনচঞ্চলকরযুগশালী॥

অর্থ: হে সখি! তোমার হৃদয়েশ্বর মদনমনোহর-বেশে রতিসুখসারভূত অভিসারে গমন করিয়াছেন। নিতম্বিনি! গমনে বিলম্ব করিও না; তাঁহার অনুসরণ কর। তোমার পীনপয়োধর-পরিসর-মর্দনের জন্য যাঁহার করযুগল সর্বদা চঞ্চল, সেই বনমালী ধীরসমীর-সেবিত যমুনাতীরবর্তী বনে অবস্থিতি করিতেছেন॥

এই পদটিতেও রাখাক্ষকে প্রেমিকযুগলরূপে দেখিয়ে অসাধারণ বর্ণনা দেয়া হয়েছে। সখিরা রাখাকে এখানে অভিসার সম্পর্কে সম্যক বর্ণনার পাশাপাশি কৃষ্ণের অপেক্ষা করার বিষয়টিকেও স্পষ্ট করেছেন। এই অপেক্ষা যতোটা না মানসিক, তারচেয়ে অনেক বেশি দৈহিক। সুতরাং রতিরস বা কামাভাবে পূর্ণ এ পদেও ঠিক ভক্তিরসের দেখা মেলে না; যদিও তা বর্ণনাগুণে অনন্য।

মৈথিলী কবি বিদ্যাপতি চৈতন্যপূর্ব যুগের বৈষ্ণবসাহিত্য শ্রষ্টাদের অন্যতম। তাঁর সৃষ্ট রাখা কোনো আধ্যাত্মিক সত্তা নয়। “কামকলায় অনভিজ্ঞা কৃষ্ণের আত্মহাতিশয্যে শৃঙ্গার রসের পূর্ণাঙ্গ নায়িকা হয়ে উঠেছে। আবার প্রগাঢ় প্রেমানুভূতি ধীরে ধীরে দেহমনকে আচ্ছন্ন করে নায়িকার অপূর্ব ভাবান্তর এনে দিয়েছে।” রাখারূপ বর্ণনায় বিদ্যাপতির একটি পদ লক্ষ্য করি :

মাধব কি কহব সুন্দরি রূপে।/ কতেক জতন বিহি আনি সমারল দেখলি নয়ন স্বরূপে॥/

পল্লবরাজ চরনজুগ সোভিত গতি গজরাজক ভানে।/ কনয় কদলি পর সিংহ সমারল তাপর মেরু সমানে॥/

মেরু উপর দুই কমল ফুলায়ল নালা বিনা রুচি পাঙ্গ।/ মনিময় হার ধার বহ সুরসুরি তৈঁ নহি কমল সুখাঙ্গ।/

অধর বিম্ব সম দসন দাড়িমবিজু রবি সসি উগথিক পাসে।/ রাছ দূরি বসু নিয়রো না আবথি॥

তৈঁ নহি করথি গরাসে॥/ সার। নয়ন বচন পুন সার। সার। তসু সন্ধানে।/

সারঙ্গ উপর উগল সারঙ্গ দল কেলি করথি মধুপানে॥/ ভনই বিদ্যাপতি শুন বরজৌবতি এ হেন জগৎ নহি জানে।/

অর্থ : মাধব সুন্দরীর রূপ কি কহিব! বিধাতা কত যত্নে (নানা বস্তু) আনিয়া (তাহাকে) সাজাইয়াছেন, (নিজের) চক্ষে দেখিলাম। পদে চরণযুগল শোভিত (রাহিয়াছে)। গতি গজরাজের তুল্য। (বিধাতা) স্বর্ণকদলির (উরু-যুগলের) উপর সিংহ (ক্ষীণ কটি) সমাহৃত করিয়াছেন। তাহার উপর মেরু (উন্নত বক্ষ) সমানীত হইয়াছে। মেরুর (উন্নত বক্ষের উপর) দুইটি কমল (কুচযুগল) ফুটাইয়াছেন, (উহা) বিনা মৃগালে শোভা পাইতেছে। (বক্ষের উপর) মণিময় হার (যেন) সুরভরঙ্গিনীর ধারা বহিতেছে; তাই কমল শুকাইতেছে না।...”

এখানে রাখারূপের বর্ণনার মধ্যে একটি ষোড়শী তবীর বর্ণনাই পাই আমরা, যিনি কবির চোখে অনন্য এক সুন্দরী। তাঁর শরীরী সৌন্দর্যের নিপুণ বর্ণনা কল্পনাপ্রসূত বলে বিশ্বাস করতে কষ্ট হয়। এখানেও আধ্যাত্মিক ভক্তিরসের কোনো দেখা মেলে না।

## ৩.২

বড়ু চণ্ডীদাসের *শ্রীকৃষ্ণকীর্তন কাব্য* সেসময় সাধারণ মানুষের মধ্যে খুব একটা প্রচার হয়নি। বংশীখণ্ড ও রাধাবিরহ খণ্ডের কিছু অংশ পদাবলীতে পাওয়া গেলেও তা ছিল অপ্রচারিত। মূল কাব্যটি সেভাবে লোকসম্মুখে আসেনি বলেই মত সমালোচকদের। নানুরের বাশুলী সেবক ছিলেন দ্বিজ চণ্ডীদাস এবং তার পদই সম্ভবত শ্রবণ করেছিলেন শ্রীচৈতন্য দেব। প্রাসঙ্গিকভাবে একটি পদ লক্ষ্য করি :

সই কেবা গুনাইলে শ্যাম নাম।  
কানের ভিতর দিয়া মরমে পশিল গো  
আকুল করিল মোর প্রাণ॥  
না জানি কতক মধু শ্যাম নামে আছে গো  
বদন ছাড়িতে নাহি পারে।  
জপিতে জপিত নাম অবশ করিল গো  
কেমনে বা পাসরিব তারে॥  
নামপরতাপে যার ঐছন করিল গো  
অঙ্গের পরশে কিবা হয়।  
যেখানে বসতি তার নয়নে দেখিয়া গো  
যুবতী ধরম কৈছে রয়া॥<sup>১৩</sup>

জয়দেব বা বিদ্যাপতির পদের মতো এ পদে রতিরস বা শৃঙ্গার রসের আতিশয্য নেই। বরং শুরুতে বিশুদ্ধ প্রেমেরই ইঙ্গিত দিয়েছিলেন দ্বিজ চণ্ডীদাস। কিন্তু শেষের দিকে রাধিকার মুখে উচ্চারিত হলো কৃষ্ণের শরীরী অবয়বের কথা। আর এখানেই পদাবলী আত্মিক ভক্তিভাব থেকে জাগতিক প্রেমভাবে রূপান্তরিত হলো। শ্রীকৃষ্ণ রূপ বর্ণনাতেও আমরা জাগতিক ভাবেই মুখ্য হতে দেখেছি। প্রাসঙ্গিকভাবে গুণরাজ খানের একটি পদ উল্লেখ করছি :

পীতবস্ত্র পরিধান দেব বনমালী।  
নূতন মেঘেতে যেন খেলিছে বিজুরী।  
নীলমণি জিনি তার মুখ অনুপাম।  
তার মাঝে শোভা করে বিন্দু বিন্দু ঘাম॥  
চিত্র গতি চলে যেন নাটুয়া খঞ্জন।  
দেখিয়া যুবতিগণ ছিরি নহে মন॥<sup>১৪</sup>

প্রথম চার লাইনের বর্ণনায় মানবীয় বৈশিষ্ট্যের আভাস থাকলেও তা নিতান্তই রূপবন্দনা। ভক্তিরসে নিমজ্জন এখানে অনুপস্থিত। শেষ দুই লাইন ব্যাঞ্জনাময় হলেও গৃঢ় কোনো ভাব নেই। নিতান্ত সাধারণ কাব্যভাবে নরনারীর হৃদয়াবেগকে প্রকাশ করা হয়েছে।

## ৪.১

শ্রীচৈতন্য সনাতন (হিন্দু) ধর্মের প্রথাকে ভেঙে বৈষ্ণবধর্মে সাম্যব্যবস্থা সৃষ্টি করেন। এই ব্যবস্থায় বৈষ্ণবমতে সাধারণের প্রবেশাধিকার সহজ হয়। চৈতন্যযুগের বৈষ্ণব পদাবলীর সবচেয়ে বড় পরিবর্তন গৌর-বিষয়ক পদ সমূহে। এরপূর্বে পদাবলী সাহিত্যে গৌর-বিষয়ক পদ ছিল না। শ্রীচৈতন্যের লীলা মাহাত্ম্যে আবিষ্টি হয়ে তাঁর সমসাময়িক পদকর্তাগণ ‘গৌর বন্দনা’ শিরোনামে বহুপদ লিখেছেন। তবে এক্ষেত্রে কিছু গতানুগতিক চং চোখে পড়ে :

গৌড়িয় বৈষ্ণব ধর্মাশ্রিত রাধাকৃষ্ণ ও গৌরাজ-বিষয়ক পদাবলী গান রচনা করতে গিয়ে ভক্ত কবিরা ভক্তির তির্যক দৃষ্টিতে তাদের নিজস্ব জগৎ তৈরি করেছেন। রাধাকৃষ্ণের রূপ বর্ণনায়, পূর্বরাগ, মান, অভিসার, মাথুর প্রভৃতি প্রেমলীলার বিভিন্ন পালা-চিত্রাঙ্কনে, - শ্রী চৈতন্যের অবতারলীলা বর্ণনায়, অধিকাংশ বৈষ্ণব কবি একধরনের অলঙ্কার ও ছন্দরীতি প্রয়োগ করেছেন। ভাষা, ছন্দ, অলঙ্কার, নায়ক-নায়িকার রূপ-বর্ণনা, রসপর্যায় ভাগ ইত্যাদি পদাবলী গানের সামগ্রিক উপকরণ-সজ্জাতেই ভক্তকবিদের এই অত্যধিক সাদৃশ্য বহুলাংশে একঘেয়েমি সৃষ্টি করেছে।<sup>১৫</sup>

চৈতন্য-পরবর্তী কবিদের মধ্যে অন্যতম হলেন জ্ঞানদাস ও গোবিন্দ দাস। ড. রাধাগোবিন্দ নাথ মনে করেন ১৬০১-১৬০২ খ্রিষ্টাব্দের কোনো একসময় খেতুরী মহোৎসবে জ্ঞানদাস আবির্ভূত হন এবং তাঁর প্রতিভা প্রদর্শন করেন। ড. বিমানবিহারী মজুমদারের মতে জ্ঞানদাস রচিত পদসংখ্যা প্রায় ৫০৪টি। গৌর-বিষয়ক একটি পদে তিনি বলছেন :

শচীগর্ভসিন্ধু মাঝে গোরাক্ষরতন রাজে  
 প্রকট হইলা অবনীতে ।  
 হেরি সে রতন আভা জগত হইল লোভা  
 পাপ তম লুকাল তুরিতে॥  
 আয় দেখি গিয়া গোরচাঁদে ।<sup>১৬</sup>

পদটি পড়লে সহজেই উপলব্ধি করা যায় যে, এটি শ্রীচৈতন্যের আবির্ভাব সম্পর্কিত। এটি পূর্বতন কবিদের ভাব ও প্রকাশের থেকে যে ভিন্নতর সে বিষয়ে কোনো সন্দেহ নেই। শ্রীরাধার স্বপ্নে কৃষ্ণদর্শন সম্পর্কিত একটি পদে কবি বলছেন :

মনের মরম কথা তোমারে কহিয়ে হেথা  
 শুন শুন পরাণের সহি ।  
 স্বপনে দেখিলুঁ যে শ্যামল বরণ দে  
 তাহা বিনু আর কারো নহি॥  
 রজনী শাওন ঘন ঘন দেয়া গরজন  
 রিমিঝিমি শবদে বরিষে ।  
 পালঙ্কে শয়ন রঙ্গে বিগলিত চীর অঙ্গে  
 নিন্দ যাই মনের হরিষে॥<sup>১৭</sup>

এখানে রাধা চপলভাব-বিশিষ্ট এক কিশোরী; তবে তার আত্মনিবেদনে রূপজ বা কামজ মোহ নেই। গভীর বর্ষার রাতে শ্রীকৃষ্ণকে আত্মায় উপলব্ধি করে গভীর সুখ অনুভব করেছেন রাধা। স্বপ্নে কৃষ্ণদর্শন তাকে প্রিয় মিলনের পাশাপাশি ভক্তিরসের আবেশেও মুগ্ধ করে।

শ্রীখণ্ডের দামোদর-কুলের গোবিন্দ দাস চৈতন্য-পরবর্তী বৈষ্ণব কবিদের মধ্যমণি। ষোড়শ শতাব্দীর মধ্যভাগে তিনি জন্মগ্রহণ করেছিলেন। ইতিহাস পাঠে জানা যায় তিনি প্রথমে শক্তি উপাসক ছিলেন; পরে শ্রী নিবাসের কাছে দীক্ষা নিয়ে বৈষ্ণব হন এবং দীর্ঘ ৩৬ বৎসরকাল ধর্মসাধনা ও কাব্য রচনায় ব্যাপৃত ছিলেন। গোবিন্দ দাসের অভিসার সম্পর্কিত বিখ্যাত একটি পদ লক্ষ্য করি :

কণ্টকগাড়ি কমল সম পদতল  
 মঞ্জির চীরহি ঝাঁপি ।  
 গাগরি বারি চারি করু পীছল  
 চলতহি অঙ্গুলি চাপি॥  
 হরি অভিসারক লাগি ।  
 দূতর পঙ্কগমন ধনি সাধয়ে  
 মন্দিরে যামিনি জাগি॥  
 করয়গে নয়ন মুন্দি চলু ভাবিনি  
 তিমির পয়ানক আশে ।  
 কর কঙ্কণ পণ ফণি মুখ বন্ধন  
 শিখই ভুজগগুরু পাশে॥  
 গুরুজন বচন বধির সম মানই  
 আন শুনই কহ আন ।  
 পরিজন বচনে মুগধী সম হাসই  
 গোবিন্দদাস পরমাণে॥<sup>১৮</sup>

শ্রীরাধা অভিসার করবেন সংসারে থেকে। কাঁটায়ুক্ত পিচ্ছিল পথে শব্দহীনভাবে চলতে তিনি নিজেকে প্রস্তুত করছেন। শ্রীকৃষ্ণের সাক্ষাৎহেতু তিনি সারারাত জেগে তার জন্য অপেক্ষা করছেন। হাতের কঙ্কণ বন্ধক দিয়ে তিনি বিমুক্ত সাপকে বশ করার মন্ত্র শিখেছেন এবং এ সংক্রান্ত কোনো ভীষণবাক্য গুরুজনের মুখ থেকে উদ্ধৃত হলেও তিনি শুনতে পাচ্ছেন না। পদটি ব্রজবুলিতে লেখা এবং আক্ষরিকভাবে বিদ্যাপতির 'বারিস জামিনি কোমল কামিনি' পদটির মতো। তবে সে পদে রাধা ও কৃষ্ণকে তুলনা করা হয়েছে মধুলোভী মৌমাছির সঙ্গে। অর্থাৎ অভিসারে কামজভাবকে প্রাধান্য দেয়া হয়েছে। কিন্তু গোবিন্দদাসের এ পদে কৃষ্ণকে সম্বোধন করা হয়েছে 'হরি' বলে। হরি বৈষ্ণবদের মহানামব্রতের মুখ্য শব্দ; যাকে আশ্রয় করে শ্রীকৃষ্ণকে আহ্বান করা হয়।

হরির প্রতিশব্দ হিশেবে মাধব বা গোবিন্দ ব্যবহার করা হয় এবং এ দুটি শব্দই ভক্তিমাৰ্গে ব্যবহার করা হয়। কাজেই পদটি অভিসারের হলেও এর সঙ্গে সূক্ষ্মভাবে ভক্তিমাৰ্গের সম্বন্ধ স্থাপন করা হয়েছে।

## ৪.২

বলরাম দাস চৈতন্য-পরবর্তী ধারার আরেকজন বিখ্যাত পদকার। তিনি জ্ঞানদাস বা গোবিন্দ দাসের সমপর্যায়ের কবি নন। তবে তাঁর বাৎসল্য রসের পদ এবং গৌরাঙ্গের সন্ন্যাস-বিষয়ক পদগুলো চিত্তাকর্ষক ও মনোহারী। গৌরাঙ্গের সন্ন্যাস-বিষয়ক একটি পদে পদকার বলেন :

নিতাই করিয়া আগে যাই শচী অনুরাগে  
সতে মেলি গেলা শান্তিপুরে।  
মুড়াইয়া মাথার কেশ ধর্যাছে সন্ন্যাসীর বেশ  
দেখিয়া সভার মরণরুরে॥  
নদীয়ার ভোগ ছাড়ি মায়েরে অনাথা করি  
কার বোলে করিলা সন্ন্যাস।

... ..

... ..

কহে বলরাম দাস গৌরাঙ্গের সন্ন্যাস  
জগতরি রহল ঘোষণা॥

অপরপক্ষে বাৎসল্য রসের একটি পদে বিবৃত হয়েছে :

নন্দদুলাল বাছা যশোদা দুলাল।  
এতক্ষণ মাঠে থাকে কাহার ছাওয়াল॥  
রতন প্রদীপ লৈয়া আইলা নন্দরাণী।  
এক দিঠে দেখে রাঙ্গা চরণ দুখানি॥  
নেতের আঁচলে রাণী মোছে হাত পা।  
তোমার নিছনি লৈয়া মরি যাউক মা॥  
কহে বলরাম নন্দরাণী কুতূহলে।  
কত লক্ষ চুম্ব দেই বদনকমলে॥

গৌরচন্দ্রের সন্ন্যাস-বিষয়ক পদ সাধারণভাবেই মহাপ্রভুর সন্ন্যাসগতিকে পর্যবেক্ষণ করে রচিত। প্রাক-চৈতন্যযুগে এই পদগুলো লেখার সুযোগ ছিল না। নিঃসন্দেহে এই পদ রাগানুগা ভক্তিভাব থেকে লেখা। তাছাড়া শ্রীকৃষ্ণের বাৎসল্য রসের পদগুলো চৈতন্য-পরবর্তী সময়ে সমৃদ্ধ হয়েছে। বৃন্দাবনে শ্রীকৃষ্ণের বেড়ে ওঠা এবং যশোদার সঙ্গে তাঁর বিভিন্ন সময়ের লীলগুলোই বাৎসল্য রসের পদগুলোতে উঠে এসেছে। এগুলো বৈষ্ণব সাহিত্যের অমূল্য সম্পদ।

## ৫.১

আমরা চৈতন্যপূর্ব যুগ ও চৈতন্য-পরবর্তী সময়ের পদগুলোর ভাবগত পার্থক্য সম্যকভাবে উপলব্ধি করলাম কবিদের বাচনভঙ্গি, উপস্থাপনা ও নান্দনিক সৌন্দর্যবোধের আধারে। চৈতন্যপূর্ব সময়ের পদগুলো বাংলা সাহিত্যের অন্যতম সম্পদ। তার ব্যঞ্জনা-মাধুর্য ও মানবিক আবেদন রসবোধের স্তরকে উন্নীত করার পাশাপাশি শ্রোতাকে বিহ্বল করে। কিন্তু রাধাকৃষ্ণ চরিত্র এখানে শুধুই কাব্যপোকরণ। তা বৈষ্ণবধর্ম বা দর্শনসম্ভ্রাত আধ্যাত্মিক নিবেদন স্তর নয়। এ কারণে ঐ সময় রচিত পদ ভক্তিরস থেকে বঞ্চিত হয়ে শৃঙ্খার রসকে প্রধান করে নিয়েছে। যদিও বৈষ্ণবীয় ভাবধারায় শৃঙ্খারকে মধুর রস বলা হয়, তবুও এ ক্ষেত্রে একেবারেই তা নরনারীর জৈবিক উন্মাদনাকে প্রকাশ করেছে। বিদ্যাপতি ও জয়দেব সংস্কৃত সাহিত্যের আদিরসাত্মক ভাবকেই বৈষ্ণব পদাবলীতে প্রকাশ করতে চেয়েছিলেন। তাই ধর্ম ও সঙ্গীতকে আলাদামার্গে রেখে তারা স্বীয় প্রতিভাকে বিকশিত করেছেন। কিন্তু চৈতন্যপূর্বে এসে পদাবলী হয়ে উঠল বৈষ্ণবধর্ম প্রচারের প্রধানতম মাধ্যম। তাই শ্রুতিগ্রাহ্যতার পাশাপাশি গৌড়ীয় বৈষ্ণব দর্শনের তত্ত্বগুলোও সংযোজিত হতে থাকে পদাবলীতে। পদাবলী হয়ে ওঠে রাগানুগা ভক্তিসম্ভ্রাত দর্শন-ধর্মসঙ্গীত। চৈতন্যপূর্বেও পদাবলীতে আদিরস দেখা গেছে; তবে সেগুলো বিচ্ছিন্নভাবেই এসেছে এবং প্রতিনিধিত্বশীল নয়। অপরদিকে চৈতন্যপূর্বযুগেও

ভক্তিরসের পদাবলীর দেখা মেলে। বর্তমান সময়ে পদাবলী সাহিত্য মূল্যায়ন করে আমরা চৈতন্য-পরবর্তী ধারাটিকেই ক্রিয়াশীল দেখি।

### তথ্যনির্দেশ

১. সুনীতিভূষণ কানুনগো, *বাংলায় বৈষ্ণব আন্দোলন*, সিগনেট লাইব্রেরী, চট্টগ্রাম, ১৯৮৭, ভূমিকা-অংশ 'গ'
২. সুবীরা জায়সবাল, *বৈষ্ণব ধর্মের উৎপত্তি ও ক্রমবিকাশ*, কে পি বাগচী অ্যান্ড কোম্পানী, কলকাতা, ১৯৯৩, পৃ. ১১
৩. তদেব, পৃ. ১৮২
৪. ড. ক্ষুদিরাম দাস, *বৈষ্ণব-রস-প্রকাশ*, দে'জ পাবলিশিং, কলকাতা, ২০১৫, পৃ. ১৪৩
৫. শশিভূষণ দাশগুপ্ত, *শ্রীরাধার ক্রমবিকাশ দর্শনে ও সাহিত্যে*, এ মুখার্জী এ্যান্ড কোং প্রাইভেট লিমিটেড, কলকাতা, ১৩৯৬, পৃ. ২১৯
৬. শামসুল আলম সান্দ্রি, *পদাবলী সাহিত্যের উদ্ভব ও বিকাশ*, অ্যাডর্ন পাবলিকেশন, ঢাকা, ২০১২, পৃ. ৬৪
৭. সাহিত্যরত্ন শ্রীহরেকৃষ্ণ মুখোপাধ্যায় (সম্পাদিত), *বৈষ্ণব পদাবলী*, সাহিত্য সংসদ, কলিকাতা, ১৪২৭, পৃ. ৭
৮. তদেব, পৃ. ১১-১২
৯. নীলরতন সেন, *বৈষ্ণব পদাবলী পরিচয় নবপর্যায়*, জয় প্রকাশ, ঢাকা, ২০২০, পৃ. ৭১
১০. সাহিত্যরত্ন শ্রীহরেকৃষ্ণ মুখোপাধ্যায় (সম্পাদিত), *পূর্বোক্ত*, পৃ. ৭৭
১১. তদেব, পৃ. ৫০
১২. তদেব, পৃ. ১৪২
১৩. নীলরতন সেন, *পূর্বোক্ত*, পৃ. ১১৩
১৪. সাহিত্যরত্ন শ্রীহরেকৃষ্ণ মুখোপাধ্যায় (সম্পাদিত), *পূর্বোক্ত*, পৃ. ৩৮৩
১৫. তদেব, পৃ. ৩৯১
১৬. তদেব, পৃ. ৬২৩
১৭. তদেব, পৃ. ৭৩৬
১৮. তদেব, পৃ. ৭৪৪-৭৪৫

## শহীদুল জহিরের ছোটগল্প: বিষয়-প্রেক্ষিত ও অনুষ্ণ (Shahidul Zahir's Story: Topics and Perspectives)

Md. Jakariya Hossen\*

**Abstract:** Shahidul Zahir (1953-2008) is the successor of the genre of Bengali fiction that was nourished by the writing hands of Syed Waliullah(1922-1971), Akhteruzzaman Elias (1943-1997) and Syed Shamsul Haque (1935-2016). The writer also played an important role in taking Bengali literature to follow the latest modernity by using Myths, Magic realism, Hearsay and Cubic form. Shahidul Zahir, the creator of outstanding novels like *Jibon O Rajnoitik Bastobota* (1988) and *Serate Purnima Chhilo* (1995) also wrote a few excellent stories. Short stories like 'Parapar' (1985), 'Dumur Kheko Manush O Onnanno Golpo' (1999) and 'Dolu Nodir Hawa O Onnanno Golpo' (2004) are widely acclaimed by readers and critics. The subject matter of his story is varied. Especially, the combination of history, heritage and Bengali existence are successfully portrayed there. His stories have become prominent in the genuine expression of the struggle for survival, love, lust, hatred, violence and resistance of the common people of Bangladesh. Also changes of individual, social and state life have become focused. His stories are the real history of the life of the middle class and marginalised people along with the war of independence of Bangladesh. And obviously this deep observation by a modern talented writer, Shahidul Zahir, has special importance in our national life. So, I think Subtle observation of his vision towards the life of Bangladeshi people in his stories demands research. In this paper, we will try to find those different topics and perspectives with references to Shahidul Zahir's Stories.

বাংলাদেশের কথাসাহিত্যে বিষয়ের প্রতি নিবিষ্ট, গদ্যভঙ্গিতে ভিন্নধর্মী এবং নিরীক্ষায় বৈচিত্র্যময় লেখক বেশ অপ্রতুল। এক্ষেত্রে স্বাধীনতা-পরবর্তী বাংলাদেশের কথাসাহিত্যিকদের মধ্যে শহীদুল জহির (১৯৫৩-২০০৮) প্রাতিম্বিক। সমকালীন বিশ্বসাহিত্যের মগ্ন পাঠক এবং কথাসাহিত্যের আধুনিক ফর্মের প্রতি অনুপ্রাণিত একজন লেখক হিসেবে বাংলা সাহিত্যে তিনি বিশেষভাবে সমাদৃত। চমকপ্রদ উপস্থাপন কৌশল, বিষয়ের গভীরতা, রাজনৈতিক দর্শন, প্রকরণচেতনা কিংবা প্রগাঢ় জীবনবোধের মেলবন্ধন কথাসাহিত্যিক হিসেবে তাঁর রুচিশীল শিল্পবোধের পরিচয় বহন করে। তাঁর নির্মোহ লেখনীতে প্রতিভাত হয় বাংলাদেশের সবচেয়ে তাৎপর্যপূর্ণ ঘটনা এবং এর পরবর্তী পরিবেশ ও প্রভাব। পাশাপাশি তাঁর কথাসাহিত্যে সমস্বরে ধ্বনিত হয় মানুষের জীবন ও তার পারিপার্শ্ব এবং প্রান্তিক জনগোষ্ঠীর ভেতরের আওয়াজ। 'কথাসাহিত্যিক হিসেবে মৌলিকতা এবং ভাষা নিয়ে নিরীক্ষার স্বাতন্ত্র্য তাঁকে বিশিষ্টতা দিয়েছিল।' বাংলাদেশের 'গাব্রিয়া গার্সিয়া মার্কেজ' (১৯২৭-২০১৪) হিসেবে শহীদুল জহিরের নাম অনেকেই উচ্চারণ করলেও তিনি নিজেই বাংলাদেশের কথাসাহিত্যিকদের মধ্যে সৈয়দ ওয়ালীউল্লাহ (১৯২২-১৯৭১), সৈয়দ শামসুল হক (১৯৩৫-২০১৬) ও আখতারুজ্জামান ইলিয়াস (১৯৪৩-১৯৯৭) কর্তৃক প্রভাবিত বলে মনে করেন। ওয়ালীউল্লাহর লেখনীতে তিনি যে সরাসরি প্রভাবিত তা আরও স্পষ্ট হয় তিনি যখন ওয়ালীউল্লাহর 'History of our cottage Industry' গল্প 'মুক্তি' শিরোনামে অনুবাদ করেন। এছাড়া বাংলা গল্পের সচেতন পাঠক ও বোদ্ধাগণের কেউ কেউ কমলকুমার মজুমদারের (১৯১৪-১৯৭৯) প্রভাবও যে শহীদুল জহিরে বিদ্যমান তা তুলনায় আনেন। তবে শহীদুল জহির প্রসঙ্গে এ কথা বলা যায় যে; মার্কেজ, ওয়ালীউল্লাহ, সৈয়দ হক, ইলিয়াস কিংবা কমলকুমারের লেখায় প্রভাবিত হয়েও তিনি তাঁর নিজস্ব গদ্যভঙ্গির দ্বারা বাংলা সাহিত্যে

\* Assistant Professor, Faculty of Bangla Department, Noakhali Science and Technology University, Bangladesh.

নিজের শক্তি অবস্থান তৈরি করতে সক্ষম হয়েছেন। আর এর ফলেই বাংলা সাহিত্যে ‘শহীদুল জহিরীয়’ রীতি বলে নতুন এক ধারার সৃষ্টি হয়েছে।

‘বাংলাদেশের কথাসাহিত্যের প্রকৃত বিকাশ ও বিস্তৃতি লাভ করে মূলত স্বাধীন বাংলাদেশের বাস্তবতার উপর ভিত্তি করে।’ সেই ভিত্তিকে সামনে রেখে উপন্যাস এবং গল্পে শহীদুল জহিরের বিচিত্র অবগাহন বাংলা কথাসাহিত্যে এক নবমাত্রা যোগ করেছে, সন্দেহ নেই। বিশেষত তাঁর রচিত তিটি গল্পগ্রন্থের দিকে লক্ষ করলে বোঝা যায় যে, তিনি শিল্পী হিসেবে ক্রমশ পরিণতির দিকে ধাবিত হয়েছেন। ‘পারাপার’-এ তিনি সমষ্টির চেয়ে ব্যক্তির গল্প বলায় বেশি আগ্রহী। এখানে তিনি লিখেছেন প্রচলিত ফর্মে, তবে তাঁর গল্পের কাঠামোগত পরিবর্তন ধীরে ধীরে স্পষ্ট হতে শুরু করেছে। ‘ডুমুরখেকো মানুষ ও অন্যান্য গল্প’ গ্রন্থে তিনি তাঁর চরিত্র ও ঘটনাকে জাদুবাস্তবতার মিশেলে নতুন এক আবহ তৈরি করেছেন। সৃষ্টি হয়েছে তাঁর স্বতন্ত্র স্টাইল। ‘ডলু নদীর হাওয়া ও অন্যান্য গল্প’ ব্যক্তির নয় সমাজ ও সমগ্রের প্রতিনিধিত্ব করে। এখানে তাঁর ভাষা কুশলতায়, নিরীক্ষায় ও বিষয়ের গভীরতায় তিনি অনেক বেশি পরিণত। এক্ষেত্রে আলোচ্য প্রবন্ধে কেবল শহীদুল জহিরের গুরুত্বপূর্ণ কিছু গল্পের বিষয়, তাঁর দৃষ্টিভঙ্গি ও নানা অনুষ্ণ সম্পর্কে আলোচনা করার চেষ্টা করা হয়েছে।

শহীদুল জহিরের গল্পের সূচনা নির্মিত হয় তুচ্ছ ও সাধারণ ঘটনাকে কেন্দ্র করে। তবে এর নির্মাণকালীন ধোঁয়াটে বর্ণনায় মনস্তাত্ত্বিক উত্থান-পতনের মধ্য দিয়ে অবশেষে জীবনের, সমাজের তথা জাতির বৃহত্তর কোন ব্যঞ্জনা তৈরি করে। আবার কখনো তিনি তাঁর গল্পের কাহিনীতে সময় ও ইতিহাসকে সচেতনভাবে ফেনিয়ে তুলে স্মৃতিকাতরতার রাজ্যে অবগাহন করেন। তাঁর গল্পে ‘বর্তমান অতীতের ভেতর প্রবিষ্ট হয়ে যায় অথবা অতীত বর্তমানের সাথে যুক্ত হয়।’ বিষয়ের ক্ষেত্রে তিনি বেছে নেন বাংলাদেশের রাজনৈতিক বাস্তবতাসমূহ, সময়ের অস্থিরতা, ব্যক্তি-গোষ্ঠী-জাতীয় জীবনের দুঃসময়, নিঃসঙ্গতা, নিস্পৃহতা ও বিভক্তি। তাঁর গল্পে বিষয়ের সাথে সময় পারস্পারিক সম্পর্কযুক্ত। তাঁর বেশির ভাগ গল্পগুলোর সময় মূলত স্বাধীনতা-পরবর্তী দুই দশক। গল্পের বিষয় মুক্তিযুদ্ধ এবং মুক্তিযুদ্ধোত্তর প্রেক্ষাপট। শহীদুল জহিরের মুক্তিযুদ্ধের গল্প আলোচনায় ‘কাঁটা’, ‘ইন্দুর-বিলাই খেলা’, ‘মহল্লায় বান্দর, আবদুল হালিমের মা ও আমরা’, ‘প্রথম বয়ান’ উল্লেখযোগ্য। তাঁর মুক্তিযুদ্ধভিত্তিক গল্পগুলোর মধ্যে অন্যতম গল্প ‘কাঁটা’। এখানে মুক্তিযুদ্ধ এবং সাম্রাজ্যিক দাঙ্গার প্রেক্ষাপটে সংখ্যালঘুদের পরিস্থিতি বর্ণনা করা হয়েছে। তবে তাঁর মুক্তিযুদ্ধভিত্তিক গল্পগুলোতে অধিকাংশ ক্ষেত্রে যুদ্ধকালীন পরিস্থিতির পাশাপাশি যুদ্ধ-পরবর্তী বাংলাদেশের সামাজিক ও রাষ্ট্রীয় প্রেক্ষাপট বিশেষ গুরুত্ব পেয়েছে। এক্ষেত্রে লক্ষণীয় যে, ‘ইন্দুর-বিলাই খেলা’, ‘মহল্লায় বান্দর, আবদুল হালিমের মা ও আমরা’, ‘প্রথম বয়ান’ গল্পগুলোর চরিত্র, কাহিনি কিংবা পরিবেশ ভিন্ন হলেও মুক্তিযুদ্ধের প্রসঙ্গে মনে হয় কোথাও যেন পরস্পর সম্পর্কযুক্ত ও অভিন্ন। পুরান ঢাকার মহল্লায় যুদ্ধের পরিস্থিতি, সাধারণ মানুষ ও সুবিধাবাদীদের প্রতিক্রিয়া গল্পগুলোতে অনেকটা সাযুজ্যপূর্ণ।

‘কাঁটা’ গল্পে মুক্তিযুদ্ধ প্রসঙ্গ এসেছে পুরান ঢাকার প্রেক্ষাপটে। এই গল্পে একদিকে যুদ্ধের প্রারম্ভে সংখ্যালঘুদের টার্গেট করে হত্যা, ধর্ম চিহ্নিত করতে লাইনে দাঁড় করিয়ে কালেমা পরীক্ষা, লিঙ্গ-পরীক্ষা, রাজাকারদের দৌরাভা, পাকবাহিনীর নৃশংসতা, জীবন বাঁচাতে মানুষের একস্থান থেকে আরেক স্থানে পলায়ন, গণহত্যা আবার অপরদিকে মহল্লার যুবক ছেলেদের মুক্তিযুদ্ধে যাওয়া, রাজাকারদের প্রতি মহল্লাবাসীদের মনোভাব প্রভৃতি সমান্তরালে তুলে ধরা হয়েছে। পরিস্থিতি স্পষ্ট হয়েছে মহল্লাবাসীদের সমবেত উচ্চারণে, ‘একাত্তর সনে বাঁচার কোনো উপায় ছিল না।’ ‘মহল্লায় বান্দর, আবদুল হালিমের মা ও আমরা’ গল্পটি মুক্তিযুদ্ধের আবহে দেশের প্রতি ভালোবাসা, নর-নারীর প্রেম ও বিভিন্ন অসঙ্গতিকে সামনে রেখে এগিয়েছে। মার্চের সেই নৈরাজ্যিকর বিভীষিকাময় সময় হালিমের পাক-সেনাদের বিরুদ্ধে অবস্থান ও সশস্ত্র সংগ্রামে যাওয়া, হালিমের মায়ের সন্তান হারানোর আত্ননাদ, একটি প্রেমের করুণ পরিণতি, বানর দম্পতির কর্মকাণ্ডের বিপরীতে মহল্লাবাসীর মুক্তিযুদ্ধের পক্ষের অবস্থান গল্পটিতে উঠে এসেছে। ‘রাষ্ট্রীয় সামাজিক ইতিহাস, মুক্তিযুদ্ধের পরবর্তী বিভিন্ন সময়ের সন্ত্রাস-নিপীড়ন-বৈষম্যই এই গল্পের মূল সুর।’

মুক্তিযুদ্ধভিত্তিক গল্প ‘ইন্দুর-বিলাই খেলা’ সামাজিক বৈষম্যের এক রূপচিত্র। এই গল্পে দেখানো হয়েছে, সমাজের বিড়ালরা কখনো রাজাকার কিংবা কখনো মুক্তিযোদ্ধা হিসেবে শোষণরূপে খাতিজাদের মতো ইঁদুরদের যে যুগ যুগ ধরে শিকার করছে তা মুক্তিসংগ্রামের মধ্য দিয়ে অর্জিত স্বাধীন বাংলাদেশেও একেবারে নিঃশেষ হয়ে যায়নি। বুর্জোয়াদের কর্মকাণ্ডের দরুন স্বাধীনতার মহান অর্জনের পরেও এর মহৎ উদ্দেশ্য পুরোপুরি সফলতার মুখ দেখেনি। ‘ইন্দুর-বিলাই খেলা’ গল্পের শেষ উক্তি:

‘এই খেলার শেষ নাই, খেলোয়াড়ের শেষ আছে; খেলোয়াড় খেলা ছেড়ে যায়, কিন্তু খেইল জারি থাকে। উল্লেখ্য যে, বালকদের খেলা ছাড়া অন্যান্য খেলার ক্ষেত্রে, বিভিন্ন কারণে, যেমন: বৃষ্টি হলে বা মরে গেলে অথবা খেলতে খেলতে ক্লান্ত বা বিরক্ত হয়ে গেলে কিংবা জীবনে হঠাৎ দরবেশি ভাব দেখা দিলে, কেবল বিলাইরা ইচ্ছে করলে খেলা ছেড়ে যেতে পারে, ইন্দুররা পারে না; বিলাই খেলতে চাইলে ইন্দুরকে খেলতে হবে।’

‘প্রথম বয়ান’ গল্পটি মুক্তিযুদ্ধের প্রকৃত চেতনার আরেক হাহাকার। মুক্তিযুদ্ধ এবং এর ফলে প্রাপ্তি-অপ্রাপ্তিই এ গল্পের মূল প্রেক্ষাপট। খুন, হত্যা, সন্ত্রাস, অরাজকতার সমান্তরালে আবদুর রহমানের চল্লিশ বছর আগের কেরোসিন বাতির খাম্বার খোঁজ না পাওয়ার প্রতীকে মুক্তিযুদ্ধের চেতনার অনুসন্ধানই এ গল্পের অন্তর্নিহিত কথন। লোহার খাম্বারূপী দিকনির্দেশনার খোঁজ এবং আবদুর রহমান কিংবা ঝাণার কথোপকথনে মুক্তিযুদ্ধেরই স্মৃতি রোমন্থন হয়েছে এ গল্পে। মুক্তিযুদ্ধে অসীম ত্যাগের বিপরীতে এর প্রকৃত উদ্দেশ্য কতটা ব্যাহত হয়েছে তা ‘প্রথম বয়ান’ গল্পে উঠে এসেছে।

শহীদুল জহিরের মুক্তিযুদ্ধভিত্তিক গল্পগুলো গতানুগতিক নয়। এমনকি তাঁর গল্প সরল পুটে কাহিনি বলার চংয়েও এগোয়নি। নিরীক্ষায়, অনিশ্চয়তাক সংলাপে কিংবা প্রতীকে মোড়ানো গল্পগুলো গভীর ব্যঙ্গনা তৈরিতে সক্ষম হয়েছে। তাঁর গল্পে মুক্তিযুদ্ধ পুরান ঢাকাকেন্দ্রিক। নির্দিষ্ট করে বললে ভূতের গলি, জিঞ্জিরার মুক্তিযুদ্ধকালীন ঘটনা। কারণ তিনি মুক্তিযুদ্ধের সময় এসব ঘটনা সরাসরি প্রত্যক্ষ করেছেন। সেই অভিজ্ঞতা তিনি সারাজীবন ভুলতে পারেননি। ‘মুক্তিযুদ্ধকালীন ও যুদ্ধপরবর্তী বিভিন্ন অনুষ্ণকে ব্যবহার করে কায়েস আহমেদ, মঞ্জু সরকার ও শহীদুল জহিরের ছোটগল্প হয়ে উঠেছে জীবনজিজ্ঞাসার নান্দনিক অভিজ্ঞান।’ জহিরের মুক্তিযুদ্ধকেন্দ্রিক লেখায় বারবার এসব অভিজ্ঞতার স্মৃতিই ফিরে এসেছে। সরাসরি মুক্তিযুদ্ধের বর্ণনা যেমন: যুদ্ধকালীন মুক্তিযোদ্ধাদের কষ্ট ও ত্যাগ, ট্রেনিং, খাবার ও অস্ত্রের সংকট, সম্মুখ যুদ্ধের বীরত্ব কিংবা সংগ্রামের হৃদয়স্পর্শী গল্প তিনি বলেননি। কারণ তিনি এসবের মধ্যে ছিলেন না। তিনি ছিলেন অপরূদ্ধ মানুষের মহল্লায়। তাই তাঁর গল্পে থাকে অপরূদ্ধ নগরীর অসহায় হতবিস্তল মানুষ, ভূতের গলি, জিঞ্জিরার আতঙ্কগ্রস্ত জীবন বাঁচাতে পলায়নরত এক জনশ্রোত। মহল্লার হিন্দু-হত্যা, রাজাকারদের কর্মকাণ্ড, পাকিস্তানি মিলিটারির নৃশংসতা এবং তরুণ ছেলেদের মুক্তিযুদ্ধে অংশগ্রহণের প্রসঙ্গ।

মুক্তিযুদ্ধ-পরবর্তী দুই দশকের বাংলাদেশকে সফলভাবে প্রতিফলন করতে পেরেছেন শহীদুল জহির। চাকরিপ্রত্যাশী তরুণদের হাহাকার, মুক্তিযুদ্ধোত্তর বাংলাদেশে সুবিধাভোগী একশ্রেণির উদ্ভব, মধ্যবিত্ত জীবনের সংকট, অপরাধনীতি, সামরিক শাসন প্রভৃতি বিষয় তাঁর গল্পে শাখা-প্রশাখা বিস্তার করে অস্থির সময়কে ধরতে পেরেছে। ‘পারাপার’ গল্পে জীবনযুদ্ধে পোড় খাওয়া যুবকের অস্ফূট আর্তনাদ মুক্তিযুদ্ধোত্তর বাংলাদেশের অসংখ্য তরুণের করুণ পরিণতিকে প্রতিনিধিত্ব করে। ‘চতুর্থমাত্রা’ কিংবা ‘আগারগাঁও কলোনিতে নয়নতারা ফুল কেন নেই’ গল্পে জীবনের কষাঘাতে জর্জরিত মধ্যবিত্ত শ্রেণির অসহায়ত্ব এবং এর পেছনে রাষ্ট্রীয় কাঠামোর ব্যর্থতা বিশেষত সামরিক শাসনের কুফলকে ইঙ্গিত করতে লেখক দ্বিধা করেননি। ‘এই সময়’ ও ‘ইন্দুর-বিলাই খেলা’ গল্পে সমাজে অস্থিরতা, হানাহানি, সন্ত্রাস ও রাজনৈতিক দুর্বৃত্তায়নের ঘটনাগুলো শহীদুল জহির পাঠকের সামনে উন্মোচন করেছেন। স্বাধীনতা-উত্তর সময়ে মুক্তিযুদ্ধবিরোধী শক্তি ক্ষমতায়িত হয়ে যে নানান অপকর্মে দেশকে অস্থিতিশীল করে তুলেছিল সেই প্রসঙ্গটিও তিনি তাঁর গল্পে তুলে ধরেছেন।

শহীদুল জহিরের গল্পে শ্রেণিদ্বন্দ্ব ও মার্কসীয় প্রভাব অনস্বীকার্য। কারণ তিনি ছাত্রজীবনে বাম রাজনীতির সাথে যুক্ত ছিলেন। প্রথম জীবনে লেখা গল্পগুলোতে এর ছাপ স্পষ্ট। বিশেষত যখন তিনি ‘পারাপার’ লিখছেন তখন তিনি স্বাভাবিকভাবেই মার্কসীয় চিন্তায় আচ্ছন্ন। ছাত্র ইউনিয়নের সদস্য হিসেবে মাও-সে-তুং (১৮৯৩-১৯৭৬) এর কবিতা অনুবাদ কিংবা শ্রেণিবৈষম্যের বিরুদ্ধে সোচ্চার যুবক। তাই তাঁর গল্পে দেখা যায় দুটি ভাগ: শাসক



আর শোষিত। ফলে অধিকাংশ গল্পে তিনি যেন প্রলেতারিয়েতের বঞ্চনার আখ্যানই বুনে যান। ‘পারপার’ গল্পে মুক্তিযুদ্ধোত্তর বাংলাদেশের শ্রেণিবৈষম্যের চিত্র ফুটে উঠেছে ওলি চরিত্রের মাধ্যমে। স্বাধীন দেশে তারই এক স্বজাতি বুর্জোয়া দ্বারা শারিরিকভাবে লাঞ্চিত হওয়ার ঘটনা শ্রেণিবৈষম্যের প্রকটতা স্পষ্ট করে। কিংবা ‘এই সময়’ গল্পের সেলিম পাড়ার পেটোয়া মাস্তানদের হাতে নিহত হয় এই একই শ্রেণি মানুষদের ইন্ধনে। এই গল্পগ্রন্থে নব্য বাঙালি এলিট কর্তৃক নিষ্পেষিত নিম্ন-আয়ের কর্মজীবীদের উৎপীড়ন চোখে পড়ে। ‘খুলোর দিনে ফেরা’ গল্পটিতে রয়েছে প্রেম ও অবনমনের যুগপৎ আলোচ্য। তবে আবদুল ওয়াহিদের চরিত্রটি বাম রাজনীতির সাথে যুক্ত থাকায় নকশাল আন্দোলনের প্রেক্ষাপট, চরম বামপন্থীদের মতভেদ, সন্ত্রাসী কর্মকাণ্ড, হত্যা প্রভৃতি প্রসঙ্গ উঠে এসেছে।

‘ভালোবাসা’, ‘আমাদের বকুল’, ‘কোথায় পাব তারে’ গল্পে শহীদুল জহির সাধারণ মানুষের জীবন, নারী-পুরুষের সম্পর্ক, সামাজিক বিশৃঙ্খলা, নারী নিপীড়ন প্রভৃতি বাঙালি জীবন বাস্তবতার বহমান প্রতিচ্ছবি তুলে ধরেছেন। এছাড়া মনস্তত্ত্ব, বিচ্ছিন্নতা ও একাকীত্ব, অতিলৌকিকতা কিংবা পরাবাস্তবতার ব্যবহার শহীদুল জহিরের গল্পকে সমৃদ্ধ করেছে। ‘কাঁটা’ গল্পে মহল্লাবাসীদের হিন্দু দম্পতিকে বারবার বাঁচাতে ব্যর্থ হওয়ার অপরাধবোধ, ‘ডলু নদীর হাওয়া’য় তৈমুর আলীর ও সমর্ত বানুর মনস্তাত্ত্বিক টানা পোড়েন কিংবা ‘আগারগাঁও কলোনিতে নয়নতারা ফুল কেন নেই’ গল্পে আবদুস সাত্তারের জটিল মনস্তাত্ত্বিক সংকট তুলে ধরা হয়েছে। আবার ‘ডুমুরখেকো মানুষ’ গল্পে অস্বাভাবিকতা ও অবাস্তবতার আলোছায়ায় জাদুবাস্তবতা যেমন থাকে তেমনি ‘আমাদের বকুলের’ কলাগাছ হয়ে উঠে পরাবাস্তব বৃক্ষ। ‘ডলু নদীর হাওয়া’, ‘কাঁটা’ ও ‘আগারগাঁও কলোনিতে নয়নতারা ফুল কেন নেই’ গল্পে দেখা যায় রূপকথাভিত্তিক অতিলৌকিকতা। ‘চতুর্থমাত্রা’য় আবদুল করিমের নিঃসঙ্গতা এবং ‘খুলোর দিনে ফেরা’ গল্পে যে মনোটোনাস একাকীত্বের বর্ণনা উঠে আসে তা যেন শহীদুল জহিরের দীর্ঘ একাকী জীবনবাসের অভিজ্ঞতারই প্রতিফলন।

শহীদুল জহিরের গল্পে ব্যক্তির দ্বন্দ্ব ও সংকট সমষ্টির সংকটে পরিণত হয় এবং অবশেষে সমগ্র জাতির সংকটকে প্রতিনিধিত্ব করে। তাই মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধোত্তর বাংলাদেশ, শ্রেণিদ্বন্দ্ব, সামরিক শাসনকালকে ধারণ করতে তিনি আশ্রয় নেন বিভিন্ন অনুষ্ণের। ভাষা বা রীতির ব্যবহারে, যুথবদ্ধ জীবন চেতনায়, চরিত্র ও স্থানের পৌনঃপুনিকতায়, পশু-পাখি-ফুলের সংকেতে ও প্রতীকে, লোকায়ত বাংলার রূপায়ণে, একজন চিন্তাশীল লেখকের সূক্ষ্ম পর্যবেক্ষণশীল অভীষ্টের ছাপ ফুটে উঠে। শহীদুল জহিরের গল্প সাধারণ মানুষের জীবনের কথা বলে। ফলে মনে হয়, একই মানুষ যেন এক গল্প থেকে আরেক গল্পে বিচরণ করছে। বলে যাচ্ছে সমাজের প্রান্তজনের জীবন যাপনের সংকট, জিজ্ঞাসা ও সম্মিলনের কথা। বস্তুত সমগ্র বাংলাদেশের বৃহৎ অনগ্রসর জনগোষ্ঠীর সম্মিলনে বাংলাদেশের এক উদ্বোধনীয় ট্রানজিশনকে তুলে আনেন জহির। ‘তাঁর গল্প শুধু গল্প নয়; নুয়ে পড়া মানুষের সমন্বিত পতনের শব্দে আমাদের সম্মোহিত-বিমোহিত করে।’<sup>১৬</sup> এখানে মহল্লা, গ্রাম বা শ্রমজীবী মানুষেরা তাঁর গল্পের স্বর হিসেবে কাজ করে। তারা যেন শুধু নিজেদের নয়; সমগ্র জনগোষ্ঠীর যারা অনগ্রসর তাদের এই বৃহৎ অংশের প্রতিনিধি। শহীদুল জহির ‘কাঁটা’ গল্পে হিন্দু সম্প্রদায়ের সংখ্যালঘু হিসেবে যে সংকট তা নতুন আঙ্গিকে দরদী লেখনীতে প্রকাশ করেছেন। তবে এখানেও তিনি মহল্লার বাসিন্দাদের মাধ্যমে লোকায়ত বাংলার চিরন্তন অসাম্প্রদায়িক রূপকে উপস্থাপন করেছেন।

সমন্বিত চরিত্রে কিংবা বহুবচনে আখ্যান নির্মাণ শহীদুল জহিরের গল্পের অন্যতম বৈশিষ্ট্য। তাই ‘আমি’ না লিখে তিনি লিখেন ‘আমরা’, ‘আমাদের’ কিংবা ‘মহল্লার লোকেরা’। এভাবে তিনি সমষ্টির পক্ষে কথা বলেন, সমষ্টির হয়ে বলেন। একারণেই হয়তো তাঁর গল্পে একই চরিত্র হাজির হয় ভিন্ন-ভিন্ন প্রয়োজনে, আলাদা পরিষ্কৃতিতে। তাই আজিজ ব্যাপারীর দেখা মেলে ‘কাঁটা’ ও ‘কোথায় পাব তারে’ গল্পে আবার একই আবদুল করিমের দেখা মেলে ‘সে রাতে পূর্ণিমা ছিল’ উপন্যাসে, ‘চতুর্থমাত্রা’, ও ‘কোথায় পাব তারে’ গল্পে কিংবা ‘কাঠুরে ও দাঁড়কাক’ গল্পের আকালুর পুনঃব্যবহার লক্ষ করা যায় ‘আমাদের বকুল’ গল্পে। বিশেষত, আকালু ও টেপি চরিত্রটির ব্যবহার শহীদুল জহির এবং স্বাধীনতা-পরবর্তী বাংলাদেশের অন্যান্য কথাসাহিত্যিকদের বহুল ব্যবহারে পরিচিত চরিত্রে রূপ নিয়েছে। বস্তুত চরিত্রের এই সাদৃশ্য তাঁর সামগ্রিকতার দর্শন ও সামষ্টিক চেতনারই বহিঃপ্রকাশ।

শহীদুল জহিরের গল্পসমূহের ভূগোল বেশ বৈচিত্র্যময়। যেন সমগ্র বাংলাদেশ এখানে স্থান করে নিয়েছে। সাতক্ষীরা, সিরাজগঞ্জ, ময়মনসিংহ, নারায়ণগঞ্জ, চট্টগ্রামসহ সারাদেশে তাঁর গল্পের বিস্তৃতি তবে নোঙর পোঁতা যেন পুরান ঢাকায়। তাই বারবার ঘুরেফিরে আসে ভূতের গলি, দক্ষিণ মৈশুন্দি। আবার প্রান্তিক জনগোষ্ঠীর গল্প বলতে তিনি চলে যান বারবার সুহাসিনী গ্রামে। এক্ষেত্রে মার্কেজও তাঁর রচনায় নির্দিষ্ট গ্রামকে বারবার পটভূমি হিসেবে নিয়েছেন। মূলত শহীদুল জহির সুহাসিনী কিংবা পুরান ঢাকাকে মেটাফর হিসেবে গ্রহণ করে সমগ্র জনপদকে উপস্থাপন করতে চেয়েছেন। তবে একই স্থানের পুনঃউপস্থাপন; লেখকের এই দৃষ্টিভঙ্গিকে তুলে ধরে যে, স্থান বা চরিত্রের পরিচয়ের বিপরীতে বরং তাদের সাথে কী ঘটছে, কীভাবে ঘটছে, কেন ঘটছে সেটা বেশি গুরুত্বপূর্ণ। কারণ তিনি দক্ষিণ মৈশুন্দি কিংবা ভূতের গলিকে দিয়ে পুরো দেশে কী ঘটছে সেটিকে ধরতে চান। আবদুল মান্নান সৈয়দ বলছেন,

‘তাবৎ গল্প থেকে শহীদুল জহিরের একটি চরিত্রই উদ্ভাসিত হয় সমাজের অস্তবাসী মানুষের জীবনযাপনের চিত্রই তার লক্ষ্য। বহিজীবনই অনেকখানি, তারই মধ্য দিয়ে অন্তলোকে যাত্রা। এ বহিজীবনের পটভূমি বাংলাদেশ, শুধু ঢাকা শহর নয়- ঢাকার বাইরেরও কোনো কোনো স্থান নির্বাচন করে নিয়েছেন।’

‘মাটিলগ্ন, শ্রমসম্পৃক্ত চরিত্রগুলো যেন কথা বলে উঠেছে তাঁর স্বতঃস্ফূর্ত শব্দবয়নে। কখনও নিজের আঞ্চলিকতায়, কখনও শহরের ক্লিশে উচ্চারণে আবার কখনও চর্চিত বাংলায়।’<sup>১০</sup> দেশের বিভিন্ন স্থানের (সিরাজগঞ্জ, চট্টগ্রামের সাতকানিয়া, ময়মনসিংহ এবং পুরান ঢাকা) সংস্পর্শে থাকার সুবাদে এসব ভাষায় নিজের পারঙ্গমতা যেমন ছিল তেমন ছিল প্রান্তিক ভাষাকে গ্রহণ করার মানসিকতা। গ্রামীণ সাধারণ মানুষ, মহল্লাবাসীর, শ্রমজীবী তথা গণমানুষের ভাষাকে তিনি সাদরে গ্রহণ করেছিলেন। তাই তাঁর গল্প শুধু একমুখী জনপদের প্রতিনিধিত্ব না করে পুরো দেশকে যুক্ত করেছে।

‘শহীদুল জহির চরিত্র-মনস্তত্ত্বের জটিলতার বাইরে প্রতিরোধী সমাজ-সংসার, আচার-অনিবার্যতার একরকমের যাদু-বাস্তবতাবধর্মী প্রকরণ তৈরি করেন।’<sup>১১</sup> মার্কেজ কর্তৃক অনুপ্রাণিত হওয়ার ফলে তাঁর গল্পে জাদুবাস্তবতার স্পর্শ অনাকাঙ্ক্ষিত ছিল না। বরং তিনি যে এই ধারায় গল্প লিখতে চেষ্টা করেছেন তা তিনি একাধিক সাক্ষাৎকারে অকপটে স্বীকার করেছেন। কিন্তু সে ধারার কতখানি সফল প্রয়োগ তিনি করতে পেরেছেন তা আলোচনার দাবি রাখে। শহীদুল জহির তাঁর জাদুবাস্তবতায় লাতিন আমেরিকার ফিকশনের মতো আভাস রেখে শেষ করেন না। তবে এক্ষেত্রে তাঁর সবচেয়ে বড় সফলতা হলো তাঁর জাদুবাস্তবতায় তিনি মার্কেজের জগৎকে নয় বরং তাঁর গল্পের পটভূমিতে তিনি তুলে ধরেন আমাদের প্রিয় মাতৃভূমি বাংলা ও বাঙালির সামাজিক, রাজনৈতিক ইতিহাস ও মুক্তিযুদ্ধ। বয়নকৌশলের অভিনবত্ব, দীর্ঘ বাক্য-ব্যবহার, সময়ের অস্পষ্টতা, সামষ্টিক অংশগ্রহণ এবং যতিচিহ্নের ব্যবহারে তিনি সচেতন ছিলেন। ‘আমাদের কুটির শিল্পের ইতিহাস’ গল্পে তাঁর নিরীক্ষা বেশ চমকপ্রদ। তিনি পুরো গল্প শেষ করেছেন দাঁড়ি ছাড়া, নেই আলাদা বাক্য কিংবা কোন অনুচ্ছেদ। শহীদুল জহিরের গল্পের শুরু দেখে সমাপ্তি আঁচ করা কঠিন। অধিকাংশ গল্পেরই কাহিনি বলার ধরন নির্দিষ্ট কাঠামোকে অস্বীকার করে। আবার কালের ঐক্য হিসেবে বহুল প্রচলিত ধারণাকেও তিনি চ্যালেঞ্জ করেছেন, ইচ্ছেমতো ভেঙেছেন। এবং তাঁর গল্পে যুক্তির পরিবর্তে অযুক্তির ব্যবহার করার ফলে শহীদুল জহিরকে অনেকেই উত্তরকাঠামোবাদী বলে মনে করেন।

তাঁর গল্পে সংকেত অথবা প্রতীক প্রকাশে পশু-পাখি-ফুল প্রভৃতি প্রসঙ্গ বারবার এসেছে। ‘কাঠুরে ও দাঁড়কাঁক’ গল্পের কাক প্রসঙ্গ, ‘আগারগাঁও কলোনিতে নয়নতারা ফুল কেন নেই’ গল্পের প্রজাপতি, নীল মাছি কিংবা নয়নতারা, গোলাপফুল প্রসঙ্গ, ‘আমাদের বকুল’ গল্পের গাই গরু অথবা কলাগাছ, ‘আমাদের কুটির শিল্পের ইতিহাস’ গল্পের তরমুজ প্রসঙ্গ, এবং ‘কাঁটা’ গল্পের আজিজ ব্যাপারীর বাড়ির কুয়ো নানা সংকেত ও প্রতীকের অনুষ্ণ হিসেবে ব্যবহৃত হয়েছে। ‘ইন্দুর-বিলাই খেলা’ গল্পের বিড়াল যে যুদ্ধোত্তর বাংলাদেশের রাষ্ট্রবিরোধী রাজাকার, আল-বদরসহ একদল শোষক শ্রেণির প্রতীক আর ইঁদুর শোষিত, বঞ্চিত ও অত্যাচারিত সাধারণ জনগণ তা বলা বাহুল্য। গল্পের পাঠবিশ্লেষণে প্রতীয়মান হয় যে, তাঁর গল্পের ইঁদুর, বিড়াল কিংবা মহল্লার বাঁদর কোনকিছুই সরল নয়। এগুলো মূলত এদেশের নানা অসঙ্গতিপূর্ণ ঘটনার ইঙ্গিতবাহী নানা অনুষ্ণ।

পরিশেষে বলা যায় যে, দেশ-কাল-সমষ্টির কথক শহীদুল জহির বাংলা গল্পের এমন একজন আধুনিক কথাকার যার গল্প আপতদৃষ্টিতে স্ক্যাটার্ড মনে হলেও বস্ত্ত তিনি তাঁর বিষয়ের আবেদনকে আরো সূক্ষ্মতর করতে

বিভিন্ন অনুষ্ণের প্রয়োগে তাঁর গল্পের প্রেক্ষিত রচনা করেছেন। তিনি তাঁর গল্পের আখ্যানে মানুষের মনের বিমূর্ত চেতনাকে যেন নিজের নির্মাণশৈলী আর পরম্পরার চেতনার ঐশ্বর্যে গাঁথে তুলেছেন। ‘চলমান মানবজীবনের নিখুঁত প্রতিচ্ছবিতে তাঁর অন্তর্ভেদী দৃষ্টিভঙ্গি ছিল একান্তই নৈর্ব্যক্তিক, নির্মোহ এবং সমকাল সচেতন।’<sup>১১</sup> পাশাপাশি জীবনদৃষ্টির গভীরতা, সচেতন শিল্পসৃষ্টির প্রয়াস, নবমূল্য প্রতিষ্ঠায় সামাজিক মনস্তাত্ত্বিক দ্বিধা-সংশয়-অস্থিরতা, আধুনিক মানুষের অস্তিত্ব কাঠামোর নানামাত্রিক জটিলতা শহীদুল জহিরের গল্পে বিন্যস্ত হয়েছে শিল্পের সততায়। তাই তাঁর গল্পে পরিণতির চেয়ে গল্প বুননে তিনি অধিক মনোযোগী। ফলে গল্পে কী বলতে চান সেটা যেমন গুরুত্বপূর্ণ কখনো কখনো তার থেকেও বেশি গুরুত্বপূর্ণ তিনি তা কীভাবে বলছেন।

### তথ্যনির্দেশ

১. মোহাম্মদ আবদুর রশীদ (সম্পা.), শহীদুল জহির স্মারকগ্রন্থ, ‘মুখবন্ধ : আনিসুজ্জামান’, (ঢাকা: পাঠক সমাবেশ, ২০১০), পৃ. ১৫
২. চন্দন আনোয়ার সম্পা., এই সময়ের কথাসাহিত্য-১, (ঢাকা: অনুপ্রাণন প্রকাশন, ২০১৪), ভূমিকা
৩. মোহাম্মদ আবদুর রশীদ (সম্পা.), শহীদুল জহির সমগ্র, ‘কাঁটা’, (ঢাকা: পাঠক সমাবেশ, ২০১৩), পৃ. ১১৩
৪. তদেব, পৃ. ১১৯
৫. কামরুজ্জামান জাহাঙ্গীর, পরানকথা, কথাশিল্পী শহীদুল জহির সংখ্যা, ‘শহীদুল জহির: তার গল্পের পতনশীল মানুষেরা’, (ঢাকা: ২০১৯), পৃ. ১৯
৬. মোহাম্মদ আবদুর রশীদ (সম্পা.), শহীদুল জহির গল্পসমগ্র, ‘ইন্দুর-বিলাই খেলা’, (ঢাকা: পাঠক সমাবেশ, ২০১৯), পৃ. ২৪৩
৭. লোকমান কবীর, কথাসাহিত্যে স্বতন্ত্র স্বর: শহীদুল জহির ও অন্যান্য, (ঢাকা: সূচয়নী পাবলিশার্স, ২০২১), পৃ. ১২
৮. কামরুজ্জামান জাহাঙ্গীর, প্রাগুক্ত, পৃ. ১৬
৯. আবদুল মান্নান সৈয়দ, ‘শহীদুল জহিরের গল্প’, শহীদুল জহির স্মারকগ্রন্থ, প্রাগুক্ত, পৃ. ২৭১
১০. মো. শরীফুল ইসলাম, শহীদুল জহিরের জীবন, তাঁর কথাসাহিত্যের বিষয়বৈচিত্র্য ও প্রকরণ, গবেষণাপত্র, (ঢাকা বিশ্ববিদ্যালয়: বাংলা বিভাগ, সেশন: ২০১০-১১), পৃ. ২৮
১১. শহীদ ইকবাল, বাংলাদেশের সাহিত্যের ইতিহাস (১৯৪৭-২০১৫), (ঢাকা: আহমদ পাবলিশিং হাউজ, ২০১৮), পৃ. ১১৬
১২. তাশরিক-ই-হাবিব, গল্পকার শহীদুল জহির, (ঢাকা: পরানকথা, ২০২০), পৃ. ৯

## ভ্যান গঘ ও জীবনানন্দ দাশ: কবিতায় চিত্রকলা (Van Gogh & Jibanananda Das: Painting in Poetry)

Monju Rani Das\*

**Abstract:** In the European tradition of painting, the movement of impressionism which is generated by the amalgamation of light and acuity of realism, regarded as the core of French canvas for two centuries. By scratching inarticulate paintbrushes alike cultured texture, afterward Van Gogh (1853-1890) commenced the post-impressionist genre with the emotive blow of attention with the shade of light. Intentionally he concealed the obsessive realistic assessment of the impressionist. Several modes of realisation in Jibanananda Das's (1899-1954) poesy incessantly produces for Van Gogh's uneven canvas. The orange colored sunlight that Jibanananda places in his poetries in the perplexity of disembodied sentiment is momentarily reminiscent of the dramatic wisdom of Van Gogh's 'starry Night' painting. The first of these two figures is very hectic and the second conveys the symbol of even more solitude; assessments of their personal life will show that. The rhymers' apparent repose raises the enquiry that why did the artist's scrape pierce the lines of the 30's poets who were revealed to mould the amplification of emotion? Is there a fetish tangibility in the exterior silence that is compact with Van Gogh's cognizance? What are the resemblances and distinctions between the ideogram of Van Gogh's paintings and the colours of Jibanananda's poetry? It is an effective dissertation to discover explanations for all these queries that have changed the expression of the bibliophiles.

উনিশ শতকের দ্বিতীয়ার্ধে ইউরোপীয় চিত্রকলার নব্য ক্যানভাস বিংশ শতাব্দীর যুদ্ধোত্তর মানসে প্রভাব বিস্তার করে যার উত্তাপ কাব্যভূমিতেও অনুভূত হয়। ১৮৬৩ সালে প্রি-ফ্যারালাইটদের পরিপূর্ণ প্রতিকৃতি নির্মাণের ধাঁচকে পশ্চাতে ফেলে আলোর তারতম্যের ভিত্তিতে ছবির সিরিজ নিয়ে উপস্থিত হয়েছিলেন রুদ মনে (১৮৪০-১৯২৬) যা ইম্প্রেশনিজম বলে খ্যাত। ইম্প্রেশনিস্ট চিত্রকলার কাঁধে ভর করেই তিন বোদ্ধা শিল্পীর হাত ধরে স্থান করে নিয়েছিলো পোস্ট-ইম্প্রেশনিজম। পল সঁজা (১৮৩৯-১৯০৬), ভিনসেন্ট ভ্যান গঘ এবং পল গর্গা (১৮৪৮-১৯০৩)- এই তিনজন বোদ্ধা পুরুষের রঙের প্রলেপে পোস্ট-ইম্প্রেশনিজম পরিপুষ্টি লাভ করে। তন্মধ্যে ভ্যান গঘের রং আধুনিক কবি জীবনানন্দ দাশ স্বীয় কাব্যকলার অঙ্গনে আত্মস্থ করেছিলেন। সময়ের গ্রহি থেকে নতুন কাব্যিক ঘরানা সৃষ্টির যে তাগিদ কবি অনুভব করেছিলেন ভ্যান গঘকে আত্মস্থ করার পশ্চাৎ পটভূমি কী তারই ফল? অবিকল রূপ বিনির্মাণ ব্যতিরেকে উত্তেজক ও অগ্রহোদীপক রঙের বিন্যাস আধ্যাত্মিক সত্তাহীনতা সম্পর্কে ভ্যান গঘের রেখায় যে প্রশ্ন উত্থাপন করে জীবনানন্দীয় কাব্যভাবনার বিপরীতে অবস্থান তার। তথাপি মানসিকভাবে বিপর্যস্ত এই শিল্পীর রং কীভাবে আত্মনিমগ্ন কবির কাব্যে স্থান পেয়েছে তা বিচার্য বিষয়।

ডাচ শিল্পী ভ্যান গঘ সামাজিক দায়বদ্ধতাকে স্বীকৃতি প্রদানের মাধ্যমে শিল্পকে কাঠামোবদ্ধ এবং সংগঠিতকরণের পাশাপাশি মানসিক বৈচিত্র্যকে প্রাধান্য প্রদানের প্রচেষ্টায় রঙের বৈপরীত্যকে ক্যানভাসে ধারণ করেছিলেন। মানুষের চেতন ও অবচেতন সত্তার অবয়ব নির্মাণের জন্য স্টেরিওস্কোপিক রিয়্যালিটি বা সমস্ত বাস্তবতা তাঁর চিত্রের অন্তর্ভূমি নির্মাণ করে। ইম্প্রেশনিস্টদের কাঠামোহীনতাকে পাশ কাটিয়ে আকার-আকৃতিতে জ্যামিতিক গড়ন ও জমাটবদ্ধতার অভিযোজনে ইচ্ছামতো রঙকে ভাঙা-গড়ার মাধ্যমে তুলির মোচড়ানো রেখা এবং গতিশীলতাকে ক্যানভাসে স্থান দিয়েছেন। সরাসরি টিউব টিপে রঙ ব্যবহারের কারণে চাষকৃত এবড়ো খেবড়ো জমিনের ন্যায়

\* Assistant Professor, Department of Bangla, Noakhali University of Science and Technology, Noakhali, Bangladesh.

বোধ হয়। ব্রাশস্ট্রোকের সাহায্যে পয়েন্টিলিজমের প্রতিষ্ঠা এবং জাপানি উজ্জ্বল রঙের স্যাচুরেটেড হিউস, বিভিন্ন শেডের শেড, রঙের ইলুশন ঘটায় সম্মুখে দণ্ডায়মান ব্যক্তির অভ্যন্তরভাগে।

জীবনানন্দের রঙের ব্যবহার নষ্ট পঁচা শসার পাশেই শিশিরের শুভ্রতা নৈরাশ্যকে অতিক্রম করে যতোটা প্রগাঢ়ভাবে ততোটাই শকুনি পৃথিবীর বিস্তার স্মরণ করিয়ে দেয় ভ্যান গঘ স্বীকৃত শিল্পের সামাজিক দায়কে। জীবনানন্দ তাঁর ‘আধুনিক কবিতা’ শীর্ষক প্রবন্ধে “জাগতিক বিষয়ে ক্রমাগত যে আলোর অনুসন্ধান চলছে সেটা সামাজিক ব্যাপারের অতীত অতিরিক্ত সম্পূর্ণ এক শূন্যসন্ধান নয়” বলে অভিমত ব্যক্ত করেন। সেখানে দাঁড়িয়েই সন্ধান মেলে সেই সভ্যতার যেখানে মানুষের অধ্যবসায় প্রতীত হয় অপরের সুযোগ বলে। এরূপ অন্ধ সভ্যতার পাদপৃষ্ঠে পা রেখেই সাম্রাজ্যবাদী শক্তির উত্থান ঘটে-

কুইসলিং বানালা কি নিজ নাম- হিটলার সাত কানাকড়ি  
দিয়ে তাহা কিনে নিয়ে হ’য়ে গেল লাল :  
মানুষের হাতে তবু মানুষ হতেছে নাজেহাল;

যে লাল রঙকে প্রগাঢ় অনুভবের বাহক হিসেবে গঘ ক্যানভাসে ব্যবহার করেছেন জীবনানন্দ দাশ তাকেই সাম্রাজ্যবাদী শক্তি উত্থানের প্রতীক হিসেবে উপস্থাপন করেছেন। ক্লিন্টন বি সিলি জীবনানন্দের কবিতা প্রসঙ্গে ‘the poetry he painted’ শব্দবন্ধের ব্যবহার করেছিলেন। ‘painted’ শব্দটি জীবনানন্দীয় কাব্যশরীরে ফটোগ্রাফিক সত্যতাকে বেঁধে দেয়। হায়াৎ মামুদ এরই প্রসঙ্গে কবির কাব্যভূমি নিয়ে প্রশ্ন উত্থাপন করেন : “তবে কি জীবন ঠাকুর পদ্য আঁকে?” হায়াৎ মামুদ প্রশ্ন আকারে যা উপস্থাপন করেছেন রবি ঠাকুর তাকেই বলেছেন তাকিয়ে দেখার আনন্দ। ২৭ বছর বয়সে ভ্যান গঘ ছবি আঁকাকে জীবন যাপনের অবলম্বন হিসেবে বেছে নেবার মনস্থির করেছিলেন। অন্যদিকে ২৮ বছর বয়সে ১৯২৭ সালে জীবনানন্দের প্রথম কাব্য প্রকাশিত হয়। আর্লেসের ‘ইয়োলো হাউস’ গঘের রঙে যেভাবে পরিবর্তন নিয়ে আসে তেমনি জীবনানন্দের ধূসর পাণ্ডুলিপি’র উপস্থিতি। মূলত আর্লেসের ইয়োলো হাউসে পল গর্গার সঙ্গে বসবাস তাঁর রঙের অধ্যায়ে নতুনত্বও সূচনা করে। জীবনানন্দ দাশের কাব্যজীবনে এই অধ্যায় সূচিত হয় উল্লেখ্য কাব্যেও দ্বারা। গঘের প্রকৃতির অনুরূপ ‘সবুজ শরীরে’ ‘লাল আলোর’ সংযোজন এই কাব্যেই প্রথম দৃষ্ট হয়। গঘের রঙে বাস্তবতার সঙ্গে বৈপরীত্যকে ধারণ করার প্রবণতা কবির ‘পিপাসার গান’ কবিতায় উল্লেখযোগ্য। দৃষ্টিগ্রাহ্য বাস্তবতাকে পাশ কাটিয়ে রৌদ্রের চুমুকে সোনালি আভার পরিবর্তে ‘লাল আলোর’ প্রলেপ স্মরণ করায় গঘের ‘Cypresses’ (১৮৮৯) চিত্রকর্মকে :

তবু চাই সবুজ শরীরে  
এ ব্যথার সুখ !  
লাল আলো,- রৌদ্রের চুমুক;

দৃষ্টিতে প্রতিফলিত শাদা কালো ইফেক্টকে পশ্চাতে ফেললেই ‘Cypresses’ চিত্রকর্মে চোখে পড়ে দণ্ডায়মান জলপাই বৃক্ষসমূহ আকাশে প্রতিফলিত আলোকরেখার সীমাকে অতিক্রম করার দুঃসাহস নিয়ে উপস্থিত। অন্যদিকে গঘের ১৮৮৮ সালে অঙ্কিত চিত্রকর্ম ‘Arles view from the Wheat Fields’-এর উজ্জ্বল লাল এবং হলুদাভ গমের ক্ষেতে দণ্ডায়মান কৃষকের নীল বস্ত্রবিন্যাস নৈঃসঙ্গ্য হৃদয়েও রূপসী বাংলার আকাশে নক্ষত্রের লাল নীল শিখাকে স্মৃতিতে জাগরিত করে কবি বলেন : “চ’লে যায় আকাশের সেই দূর নক্ষত্রের লাল নীল শিখার সন্ধানে,/ প্রাণ যে আঁধার রাত্রি আমার এ”।

দৃষ্টি, স্পর্শ, স্রাণ, বর্ণ এই চতুরঙ্গবাহী বৈভব জীবনানন্দীয় কাব্য কর্ষণে ইন্দ্রিয়গ্রাহ্য অনুভবকে তীব্রতা দান করে। জীবনানন্দের কবিতার দৃষ্টিহরণকারী শক্তির তীক্ষ্ণতায় মুগ্ধ কবি সমর সেনের বক্তব্য : “Jibananda’s poems appeal to the eye, his visual powers are extraordinary.” অনুভূতির তীব্রতায় ‘নিরঙ্কুশ’ কবিতায় নারিকেলকুঞ্জবনের সবুজের অন্তর্ভাগে শাদা ঘরগুলো ঠায় দাঁড়িয়ে আছে গঘের ‘Wheat field at auvers with white house’ (১৮৯০)-এর আবেদন নিয়ে। ‘The old tower in the field’ (১৮৮৪)-এর লাল রঙের গাঢ়ত্বে দাঁড়িয়ে থাকা পুরাতন টাওয়ার জীবনানন্দীয় কাব্যতাবনায় লাল কাকরের পথ এবং রক্তিম গীর্জার মুণ্ডতে পরিণত হয়। আধুনিক নগরসভ্যতার ধোঁয়ায় যে ‘বাণিজ্যবায়ুর’ বৈরী শ্রোত বইতে থাকে তার গর্ভপটে লুক্কায়িত বিশ্বরাজনীতির দোদুল্যমানতা, ধর্ম-দর্শনের তথাকথিত

সূত্রগুলোর রাশ টেনে ধরেন কবি রঙের প্রতীকে। এসবের অন্তর্নিহিত শূন্যতাকে রক্তিম গীর্জার মুগ্ধরূপে যেভাবে নির্দেশ করেছেন তা ভ্যান গঘের old tower সদৃশ ব্যক্তিসত্তায় অন্তরীণ শূন্যতাবোধকে প্রগাঢ় করে। কবির অভিব্যক্তি :

নারিকেলকুঞ্জবনে শাদা শাদা ঘরগুলো ঠাণ্ডা করে রাখে;

লাল কাঁকরের পথ – রক্তিম গীর্জার মুগ্ধ দেখা যায় সবুজের ফাঁকে

সমকালীন ভাবনার পারম্পর্ষ নির্মাণে কবি যে ‘মহাজিজ্ঞাসার শান্তি’ অন্বেষণে ব্যতিব্যস্ত তারই প্রেক্ষিতে বৃহত্তর মানবসমাজের মননভূমিকে খয়েরি শালিখের আভায় উদ্ভাসিত করেন। ‘মানুষ যা চেয়েছিল’ কবিতায় মেরুণ রঙের গোখুলিবেলার মেঘ সবুজ বর্ণের ঘাসের উপর স্থির ফটোগ্রাফিক ইমেজ নিয়ে আবির্ভূত হলেও ‘কালো নিশ্চিত চোখ’ যে ক্ষমার অনুভব জাগ্রত করে তাতে সভ্যতার ভারবাহী মানবের প্রতিমাকে আপাদমস্তক প্রশ্নবিদ্ধ করে। এই ক্ষমা প্রদর্শনের মেলোড্রামাটিক পঙ্ক্তিকী শুধুই অবচেতনের দায়ভার বহন করে নাকি সমকালীন জীবনজিজ্ঞাসায় জর্জর ব্যক্তির বঞ্চনার ক্ষেত্রে প্রদর্শন করে? আত্মপ্রতিকৃতি নির্মাণে ভ্যান গঘের অন্তর্নিহিত সংঘর্ষ অপ্রাণ্ডির অস্থিরতাকে প্রদর্শনে যেভাবে ভূমিকা রেখেছে প্রতীকী অনুধ্যানে জীবনানন্দীয় রঙও শ্লেষ এবং ক্ষোভের নৈঃশব্দে ভারকে অগ্রাহ্য করতে পারেনা। মুহম্মদ নূরুল হুদা প্রসঙ্গতই বলেছিলেন :

কবিতাশ্রিয় বাঙালি পাঠকের এক অতিথ্যাত বিচরণক্ষেত্র জীবনানন্দের ‘চিত্ররূপময়’ কাব্যপ্রাঙ্গণ। তাঁর কবিতায় অপ্রাণ, হেমন্ত, অপরাহ্ন, ধূসর, খয়েরি ইত্যাকার নৈসর্গিক চিত্র আপাতদৃষ্টিতে গন্ধস্পর্শময় হলেও মূলত প্রতীকী।

শৈলেশ্বর ঘোষ জীবনানন্দ এবং উত্তরকালের কাব্যরীতি সম্পর্কে “বাইরের দিকে নয়, একান্তভাবে ভিতরের দিকে কবিতার অভিযাত্রা আজ” বলে যে অস্থিষ্টকে অধিষ্ঠিত করেছেন তারই প্রেক্ষিতে প্রতীকী রূপায়ণ দৃঢ়প্রতিষ্ঠ হয় জীবনানন্দীয় ভাষ্যে। অবশ্য অনুভবের অভিযোজন এতে মাত্রা নির্ধারণী শক্তি হিসেবে ভূমিকা পালন করে। সমকালচেতনা মুষ্টিবদ্ধ হয়ে প্রথম মহামুদ্রের আত্মসী অবয়ব গ্রামীণ অর্থনীতির ভাঁড়ারকে ছিন্নভিন্ন করে। এমনকি “আত্মকেন্দ্রিকতার সুগভীর নিমজ্জনও পরিশুদ্ধি দেয়নি তাঁকে। তাঁর পশ্চাতে প্রেতের মত ফিরেছে বিকৃত সমাজ-চৈতন্য”।<sup>১০</sup> আত্মকেন্দ্রিক মনোভূমির উর্গাজালও কবিকে মুক্তি প্রদানে ব্যর্থ বিধায় ‘দিনের আলোয় লাল আগুনে’ কবি নিজেকে মাছির মতোই পুড়তে দেখেন। ফলে মৃত্যুর বোধ তাঁর চৈতন্যকে ক্ষয় করে শীতের রাত হয়ে হিমবাহী সত্তাকে আমাদের সম্মুখে দাঁড় করায়। অন্যের দ্বারা পরিচালিত অপরূদ্ধ ব্যথিত সিংহের ন্যায় কবিসত্তা ‘বিপাশামদির নাগপাশ’কে পাশ কাটাবার জন্য যখন অতিশয় ব্যাকুল তখন যে রঙের উজ্জ্বলতা কাব্যে অবস্থান করে তা সমগ্র চেতনার রঙে রঞ্জিত। কবির রং তখন শুধুমাত্র প্রকৃতিতে উদ্ভাসিত বাস্তবতায় পরিপূর্ণতা অনুভব করেনা পরিবর্তে চেতনাগত এবং অবচেতন অনুভবের বাস্তবতাকেও সমভাবে গুরুত্ব প্রদান করে। ফলে সৃষ্টি হয় গঘের চিত্রকলার স্টেরিওস্কোপিক রিয়্যালিটি। এরই সংশ্লেষে কবির অনুভব :

এইসব শীতের রাতে আমার হৃদয়ে মৃত্যু আসে,

বাইরে হয়তো শিশির ঝরছে, কিংবা পাতা,

কিংবা প্যাচার গান; সেও শিশিরের মতো, হলুদ পাতার মতো।<sup>১১</sup>

অন্ধকার মদির পৃথিবীর গর্ভে কবি হলুদ পাতার মতোই সত্তার বিষাদগ্রস্ত মৃত্যুগহ্বরে পতিত জীবনবেদ রচনা করেন যেভাবে গঘ ‘The Night Cafe’ (১৮৮৮) চিত্রকর্মে ক্যাফের ভেতরের এলোমেলো রূপসজ্জায় একদিকে এর বাহ্যিক শূন্যতাকে রূপদান করেছেন অন্যদিকে বিষাক্ত হলুদাভ মেঝে লাল রঙের দেয়ালের সন্নিবেশে ব্যক্তির অভ্যন্তরীণ নৈঃশব্দকে প্রকট করেছেন। ক্যাফের হলুদাভ মেঝের শূন্যতায় পরিপূর্ণ হয়ে দৈহিক মৃত্যু নয় মানসিক মৃত্যুবোধে জর্জরিত কবি দ্বিতীয় কোন মরণের সামিয়ানায় আবরিত পৃথিবীর মুখ প্রত্যক্ষ করেন। কবি ফাঁপা সভ্যতার ফাঁপা মানুষের দ্বিঃকৃষ্ণনৈঃশব্দকে পরিপুষ্ট করে তোলেন। ১৮৯০ সালে অঙ্কিত গঘের ‘Wheat field with Crows’-এ গমের ক্ষেতে হলুদ রঙের উজ্জ্বল্যের অন্তর্ভাগে কালো কাকের আনাগোণা সমৃদ্ধির বিনাশকালকে যেভাবে পরিপুষ্ট করে সেভাবেই জীবনানন্দ মানবচেতনের বিকারগ্রস্ততায় মহাগোখুলির আগমনে ভীত-স্বস্ত। কবি উত্তরের প্রত্যাশায় উনুখ তথাপি অহিংসার ধ্বজাধারী বুদ্ধদেবের অনুসারী তথী ভিক্ষুণীও নিরব-নিশ্চল। মানবসত্তার অন্তর্গটে ‘কালো অঙ্গারের গন্ধ’ আগুনকে নিস্তার দেবে বলে কবি জানান- “নিভে নিভে জেগে ওঠে;- স্নিগ্ধ কালো অঙ্গারের গন্ধ এসে মনে/একদিন আগুন

দেবে নিস্তার।”<sup>১১</sup> মানবসত্তা যখন ঘুমের স্বাদে বিভোর তখন স্বাভাবিকভাবেই ‘আসন্ন ক্ষেতটিকে’ অর্থাৎ মানবসভ্যতার সমৃদ্ধিকে ‘কালো অঙ্গার’রূপে নিঃশেষের ভাঁড়ার পূর্ণ করে আগুনের সমাপ্তি নির্দেশ করবে।

রঙের জমাটবদ্ধতা ও গড়নকে সম্মুখে রেখে গঘের চিত্রকর্ম সম্পর্কে এ্যাগনিস্ এলেনের বক্তব্য—

আপনারা যদি তাঁর আঁকা একটি চেয়ারের ছবির প্রতি তাকান, টেট গ্যালারীতে এটি রয়েছে, দেখবেন কতো জমাট ও মজবুত একে দেখায়, এবং কীভাবে একটি ক্যানভাসের ওপর একে তিনি সাজিয়েছেন, যাতে করে তৈরি হয় একটি বিন্যাস, একটি নকশা।<sup>১২</sup>

গঘের ১৮৮৮ সালে সৃষ্ট ‘The Empty Chair’-এর সবুজ, হলুদ এবং বাদামি রঙের বিন্যাস মজবুত কাঠামোকে নিশ্চয়তা প্রদান করে। ত্রিকোণাকৃতির চারটি অংশের সমন্বয়ে সৃষ্ট চেয়ারের মূল অংশে স্থাপিত গঘের পাইপটিও নির্দিষ্ট নকশা নিয়ে উপস্থিত। এমনকি লাল খয়েরি রঙের মেঝের চতুর্ভুজ আকৃতিও দৃষ্টি এড়ায় না। জীবনানন্দ দাশ প্রথম মহাযুদ্ধ পরবর্তী সভ্যতার অংশীদাররূপে অতীত জীবনের প্রশান্তির বাহক ফাইলাইট পাখির আঢ়ালে আবডালে যে প্রশান্তির জীবন অনুসন্ধান করেছেন সেখানেই ‘ব্লিজার্ডের তাড়া খেয়ে’ বাদামি, সোনালি রঙের আধারে জ্যামিতিক বিন্যাসে সোনার বলের ন্যায় ‘ছোটো বুকো’ জীবনকে প্রত্যক্ষ করেন। গাণিতিক পরিসংখ্যানে ‘লক্ষ লক্ষ মাইল’ সমুদ্রের অতলে সত্যকে প্রতিবিম্বিত হতে দেখেন—

বাদামি- সোনালি- শাদা- ফুটফুট ডানার ভিতরে  
রবারের বলের মতন ছোটো বুকো  
তাদের জীবন ছিল,-  
যেমন রয়েছে মৃত্যু লক্ষ লক্ষ মাইল ধরে সমুদ্রের মুখে  
তেমন অতল সত্য হয়ে!<sup>১৩</sup>

জীবনানন্দীয় পঙ্ক্তিতে ব্যক্তি অনুভূতির অন্তর্ভাগেই চকিতে সমাজ ও ইতিহাস নিজস্ব প্রতিমা নিয়ে দাঁড়ায়। প্রাথমিক পর্বে গঘ সাধারণ নিম্নশ্রেণির চিত্র বিনির্মাণের যে প্রচেষ্টা চালিয়েছেন তার রং জীবনানন্দের ইতিহাসচেতনায় উঁকি দেয় চকিতে। সৈয়দ মনজুরুল ইসলাম প্রসঙ্গতই “জীবনানন্দ দাশের ইতিহাস ছিল ব্রাত্যজনের, প্রান্তিক মানুষের, একজন আউটসাইডারের”<sup>১৪</sup> বলে অভিমত ব্যক্ত করেন। *সাতটি তারার তিমির*-এর কবি বিপর্যস্ত সভ্যতার প্রতিনিধিরূপে ‘ক্লান্ত জনসাধারণের’ হৃদয় নিয়ে পৃথিবীর দণ্ডীদের কাতারে দাঁড়ান। ‘চক্ষুস্থির’ কবিতায় “ক্লান্ত জনসাধারণ আমি আজ,- চিরকাল;- আমার হৃদয়ে/ পৃথিবীর দণ্ডীদের মতো পরিমিত ভাষা নেই”<sup>১৫</sup> বলে হৃদয়ার্তি প্রকাশ করেন। স্বাভাবিকভাবেই গঘের ‘আলু খাদক’ (১৮৮৫) চিত্রের ভাবসম্মিলনের আভাস পাওয়া যায়। গর্তের ন্যায় ঘরে টিমটিম করে জ্বলা বাতির নিচে পুরুষদের বোধহীন মুখাচ্ছবির সদৃশ জীবনানন্দীয় পরিমিত ভাষাহীন দণ্ডিতের ব্যক্তিসত্তা। ‘ক্ষেতে প্রান্তরে’ কবিতায় চোখে পড়ে ‘কৃষাণের বিবর্ণ লাঙলের’ দিকে। তবে উভয়ক্ষেত্রে বিবর্ণতা ও দারিদ্র্যের পাশেই নকশাধর্মীতা প্রাধান্য বিস্তার করে। লম্বালম্বি দেয়ালের অভ্যন্তরে বোধহীন মুখগুলি অনেকটাই ত্রিকোণাকৃতির ও চৌকোণাকৃতির। যুদ্ধ আর বাণিজ্যের বেহিসাবী হিসেবের হুকে পড়ে একাকী পৃথিবীর বাসিন্দা হিসেবে কবি যে সূর্য আর চাঁদের দেখা পান সেখানে রঙের উল্লাসে জ্যামিতিক পরিমাপ ভিড় করে দাঁড়ায়। পঁচারুপী নৈঃসঙ্গের বাহক – “চেয়ে দ্যাখে; সোনার বলের মতো সূর্য আর/ রূপার ডিবের মতো চাঁদের বিখ্যাত মুখ দেখা”<sup>১৬</sup>। এরূপ সোনার বলের মতো আকৃতি নিয়েই ১৮৮৮ সালে অঙ্কিত গঘের ‘The sower’ চিত্রকর্মের সূর্য আর নৈঃসঙ্গের প্রতিভূ হিসেবে দাঁড়িয়ে আছে একাকী পথচারী।

রূপসী বাংলা’র কবি নক্ষত্রের রাতের বিচ্ছুরণে বৈশাখী মেঘকে শিয়রে বসে থাকতে দেখতে পান। শঙ্খবালিকার ধূসর রূপে অতীতকে গঁথে দেন গঘের ‘The Starry Night’-এর ভাব ও বর্ণসমাবেশে। অবশ্য গঘ সেখানে গতিবেগ এবং ধূসর রূপাবিষ্ট পার্শ্ববর্তী গ্রামীণ জীবনের অতীতকে নয় বর্তমানকে চিত্রায়িত করেছেন। *বনলতা সেন* কাব্যে এসে কবি বস্তুগত অবয়বে গতির ছোঁয়া দিয়েছেন যেভাবে গঘ নীল গালিচারুপী আকাশে হলুদ নক্ষত্রের দিকে ধাবিত হতে দেখেছেন অচল বৃক্ষকে। ‘হাওয়ার রাত’-এর দৃশ্যঙ্কনে গঘের রং অপেক্ষা তারকোজ্জ্বল রাতের ভাবকেই বেশি অনুসরণ করে জড়বস্তু মশারিকে দেখেন : “স্বাতী তারার কোল ঘেঁষে নীল হাওয়ার সমুদ্রে শাদা বকের মতো/ উড়ছে সে!”<sup>১৭</sup> গঘের ‘সাইথ্রেসেস’ চিত্রকর্মেও আমরা দেখি জড়বৃক্ষ মর্ত্যভূমি ত্যাগ করে আকাশের দিকে ধাবমান। অর্থাৎ গতিবাদী জীবনের ভাবকে কবি

এখানে অনুসরণ করেছেন। গঘের 'সাইথ্রেসেস' চিত্রকর্মের অনুরূপ 'অবশেষে' কবিতায় উঁচু উঁচু গাছগুলোর প্রাণচাঞ্চল্য। গাছগুলোর নীলিম বিন্যাস যখন দ্রুততায় নড়ে চড়ে উঠে 'হরিণের মতো' 'ঠ্যাণ্ডের তুরকে' অন্তর্হিত হতে পারে বলে কবি আশঙ্কা প্রকাশ করেন।

পয়েন্টের পরিবর্তে নীল, লাল, হলুদ, কালো বেসিক রঙের স্ট্রোক ব্যবহার করে গঘ পয়েন্টিলিজম ধারার ছবি আঁকেছিলেন। জীবনানন্দের কবিতায় 'নীল কুয়াশা', 'হলুদ পাতা', 'খয়েরি পাতা', 'লালশাক' যখন সমন্বিত হয়ে মৃত্যুর আস্থান ধ্বনিত করে তখনও 'রক্তাতিপাতের দেশে' প্রাঞ্জল জীবনানুভূতিও যে একেবারে বিলুপ্ত হয়ে যায়নি তার প্রদর্শনে গঘের 'Still life Sunflower'-এর ন্যায় অনুভব :

হেমন্তের ক্ষেতে কবে হলুদ ফসল ফলেছিলো,  
অথবা কোথায় কালো হ্রদ ঘিরে ফুটে আছে সবুজ সিঙাড়া।  
রক্তাতিপাতের দেশে বসেও তাদের সেই প্রাঞ্জলতায়  
দেখে যাই সোনালি ফসল, হ্রদ, সিঙাড়ার ছবি;”

প্রথম এবং দ্বিতীয় পঙ্ক্তির হলুদ ফসল, সবুজ সিঙাড়া, গঘের 'Wheat field with Cypresses' (১৮৮৯)-এর হলুদ গমের ক্ষেত এবং সবুজ জলপাই গাছকে চিহ্নিত করে চকিতে। কাঠামোগত দিক হতে 'সানফ্লাওয়ার' এবং 'Cafe Terrace at Night' (১৮৮৮)-এর ব্রাশস্ট্রোক অধিকতর সামঞ্জস্যপূর্ণ।

১৮৮৭ সালে এমিলি বার্নার্ডের সঙ্গে গঘের সখ্যতা এবং ফ্রান্সের নব্য ইম্প্রেশনের প্রভাবে জাপানিজ আর্টের প্রতি আকর্ষণ সৃষ্টি হয় যার ফলস্বরূপ জাপানিজ তীব্র রঙের ইফেক্টে ইলুমিনেশন সৃষ্টিতে তাঁর ক্যানভাস নতুন মাত্রা লাভ করেছিলো। Jacques Lassaigne তাঁর *Van Gogh* শীর্ষক গ্রন্থে বলেছেন :

For some years he had been collecting Japanese wood-block prints and sought to transpose their light and shifting patterns into the denser oil medium. In Japanese art, where the technical means always served to convey a terse spiritual message, he found a precedent for his own ideas about the social role of art.”

বনলাতা সেনের কবি যখন আকাশে ঘন অন্ধকারকে পাশ কাটিয়ে অতীত সভ্যতার কমলা রঙের রোদের উজ্জ্বল্যে সমৃদ্ধির আবহ নির্মাণ করেন তখন জাপানিজ রঙের ইলুমিনেশন ভর করে গঘের ন্যায়। কবি অতীতচারী হয়ে পর্দায়, গালিচায় রক্তাভ আভা সৃষ্টি করেন জাপানিজ পর্দার মতো—

পর্দায়, গালিচায়, রক্তাভ রৌদ্রের বিচ্ছুরিত ষেদ  
রক্তিম গেলাসে তরমুজ মদ!  
তোমার নগ্ন নির্জন হাত;”

আধুনিক কবি প্রকৃতির অন্তর্জালে জড়িয়ে মানুষের অভ্যন্তরীণ সংঘর্ষের বাস্তবস্থান নির্মাণ করেছেন। অথচ তদানীন্তন কমিউনিজমপন্থী কবিদের একাংশ তাঁকে জীবনবিরোধী কবি হিসেবে চিহ্নিত করতেই অধিকতর তৎপর ছিলেন। এমনকি “বুদ্ধদেব বসু জীবনানন্দের প্রকৃতিকে চিনলেও, জীবনানন্দের মানুষকে চিনতে পারেননি।”<sup>১৩</sup> ব্যক্তিমানুষের অন্তর্নিহিতে প্রতিনিয়ত যে উত্থান-পতন এবং জোয়ার-ভাটা চলছে তাকে বুদ্ধদেব বসু জীবনানন্দ প্রসঙ্গে বেশ দূরেই সরিয়ে রেখেছেন। গঘ ৪৭টি আত্মপ্রতিকৃতির অন্তর্নিহিতে পুঁজিবাদী সময়ের প্রতিভূ হিসেবে অন্তর্গত সংঘাতকে যেমন রূপদান করেছেন তেমনি আঁকেছেন হলুদ গমের ক্ষেত কিংবা 'Still Life With Oranges' (১৮৮৮) চিত্রটি। জীবনানন্দ দাশ জীবনের টানাপোড়েনে “যেখানেই যাও চ'লে হয় নাকো জীবনের কোনো রূপান্তর”<sup>১৪</sup> বলে অভিহিত করলেও জীবনবিরোধী কথাটি যথার্থ বলে বিবেচনা করা সংগত নয় কেননা ক্ষয়বাদকে ধারণ করেই শিশিরের শুভ্রতার কথাও তিনি বলেছেন।

গঘের মৃত্যু সম্পর্কে আত্মহত্যার মিথ অতীব সুপরিচিত। কিন্তু ২০১২ সালে গ্রেগরি হোয়াইট স্মিথ এবং স্টিভেন নাইফের গবেষণায় রেনেয়া সেক্রেটান নামক গঘেরই এক বন্ধুর নাম উঠে আসে যার অন্যতম নেশাই ছিলো গঘকে উত্থাপকরণ। তাকে বাঁচানোর জন্যই গঘ আত্মহত্যার মহড়া আঁকেছেন লোকচক্ষুর সম্মুখে এমন প্রশ্ন উচ্চকিত হয়। এমনকি গঘের জীবনীপাঠে স্বাভাবিক পাঠকচিত্তে প্রশ্ন উঠে আত্মহত্যার জন্য প্রতিজ্ঞ ব্যক্তি কেন ফিরে আসবেন স্বীয় আবাসে? গবেষণা সত্ত্বেও প্রচলিত প্রবাদ প্রচলিতই থেকে যায় যেমনটা বলা হয় জীবনানন্দের ট্রাম দুর্ঘটনা সম্পর্কে। কবির এই দুর্ঘটনাকেও আত্মহত্যার কাতারে দাঁড় করানোর মনোভাব



প্রায়শই লক্ষ্যণীয়। ‘আট বছর আগের একদিন’ কবিতায় যখন অর্থ-কীর্তি স্বচ্ছলতায় পূর্ণ মানুষ সম্পর্কে কবি বলেন :

লাশকাটা ঘরে  
যেই ক্লাস্তি নাই;  
তাই  
লাশকাটা ঘরে  
চিৎ হয়ে শুয়ে আছে টেবিলের পরে।<sup>১০</sup>

তখন জীবনবিরোধী ভাব প্রকট হলেও আমাদের অভ্যন্তরীণ সত্তায় যে বিপন্ন বিস্ময়ের কথা পূর্বেই বলেছেন তা স্মরণে আসলেই ধরা পড়ে আধুনিক মানুষের টানা পোড়েনের গল্প। পরিশেষে যখন দুজন মিলে ভাঁড়ার শূন্য করে চলে যাবার ঘোষণা করেন কবি তখন নৈঃসঙ্গের প্রতীক পেঁচা এবং কবিসত্তার সম্মিলন শূন্যতার পাশাপাশি একাকীত্বকে দূর সরিয়ে দ্বৈতসত্তার অভিযোজন ঘটায়। কবি জানান স্বপ্ন ছাড়া কেউ বাঁচতে পারে না। এখানেই কবির জীবনবেদ জীবনবিরোধী শব্দকে পশ্চাতে ঠেলে দেয়। এক্ষেত্রে সর্বাধিক গুরুত্বপূর্ণ সমীকরণ হল জীবনানন্দ ও গঘ উভয়ই তথাকথিত মতবাদে জীবনের বিপরীত প্রান্তে দাঁড়িয়ে থাকলেও ব্যক্তিগত জীবনের টানা পোড়েন আধুনিক মানুষের আত্মিক সংঘর্ষকে তীব্র করে তুলে এনেছেন জীবন সম্পর্কে সূক্ষ্ম ভাবনা থেকেই। আত্মিক সংঘর্ষের সংশ্লেষেই তাঁরা জীবনবিরোধী নয়, জীবনঘনিষ্ঠ দুই পুরুষ। এই ধারা সাধারণভাবে বাংলা কাব্যভূমিতে ইম্প্রেশনিস্ট কবি হিসেবে পরিচিত জীবনানন্দ দাশ পোস্ট ইম্প্রেশনিস্ট হিসেবেও নিজেকে করেছেন প্রতিষ্ঠিত।

দুই শতাব্দীর দুই শৈল্পিক প্রতিমা— একজন তুলির আঁচড়ে আরেকজন কলমের আঁচড়ে স্বীয় সময়ের প্রতিনিধিত্ব করেছেন। দুয়েরই অধিষ্ঠ ছিল মানবসভ্যতা, মানবমনের অন্তর্নিহিত সত্তা এবং ব্যক্তির অভ্যন্তরীণ অনুভূতির দোলাচলে সৃষ্ট সংঘর্ষ এবং এরই অভ্যন্তরভাগে পুষ্ট জীবনবেদ। আধুনিক বিরূপ সমাজ জীবনের সংঘর্ষই ব্যক্তিক অনুভবের দেয়ালে আঘাত খেয়ে বিপর্যস্ত। বিপর্যস্ত তাঁদের জীবনজিজ্ঞাসা। উক্ত জীবনজিজ্ঞাসা এবং আত্মিক দ্বন্দ্বই জীবনানন্দের কাব্যে ভ্যান গঘের রঙকে অধিষ্ঠিত করেছে। গঘের ক্যানভাসের প্রকরণ এবং ভাব উভয়ই তাঁর কাব্যভূমিতে তাই ধীরগতিতে কিন্তু দৃঢ়ভাবে প্রতিষ্ঠা পেয়েছে। ফলস্বরূপ ইম্প্রেশনিস্ট কবি জীবনানন্দের জীবনচ্ছবি পোস্ট-ইম্প্রেশনিস্ট হিসেবে স্বীকৃতি পাবার অধিকারী হয়ে দাঁড়ায়। এখানেই রং ব্যবহারে বহুমুখী প্রতিভাধর কবির সার্থকতা।

### তথ্যনির্দেশ

১. জীবনানন্দ দাশ, *কবিতার কথা*, বিশ্বসাহিত্য কেন্দ্র, ঢাকা, জানুয়ারি ২০১৭, পৃ. ৮৮
২. জীবনানন্দ দাশ, *প্রকাশিত-অপ্রকাশিত কবিতাসমগ্র*, আবদুল মান্নান সৈয়দ (সং. ও সম্পা.), অবসর প্রকাশন, ঢাকা, মে ২০১৮, পৃ. ২২৬
৩. হায়াৎ মামুদ, ‘ভেতরের অঙ্গরশিল্প’, আবদুল মান্নান সৈয়দ, *জীবনানন্দ দাশ জন্মশতবার্ষিক স্মারকগ্রন্থ*, অবসর প্রকাশন, ঢাকা, মে ২০০৭, পৃ. ৬৭
৪. জীবনানন্দ দাশ, *প্রকাশিত-অপ্রকাশিত কবিতাসমগ্র*, পূর্বোক্ত, পৃ. ১০৮
৫. পূর্বোক্ত, পৃ. ১৪৬
৬. Samar Sen, ‘Bengali poems : the Sunday Amrita Bazar Patrika’, July 4, 1937; উদ্ধৃত : দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়, *জীবনানন্দ দাশ বিকাশ প্রতিষ্ঠার ইতিবৃত্ত*, দে’জ পাবলিশিং, কলকাতা, ২০০৭, পৃ. ১১৭
৭. জীবনানন্দ দাশ, *প্রকাশিত-অপ্রকাশিত কবিতাসমগ্র*, পূর্বোক্ত, পৃ. ২০৭
৮. মুহম্মদ নূরুল হুদা, ‘জীবনানন্দ দাশ : উজ্জ্বল সূর্যের অনুভবে’, রফিকউল্লাহ খান, *মৃতপত্রে নীলোচ্ছ্বাস জীবনানন্দ দাশ*, নিউ এজ পাবলিকেশন্স, ঢাকা, ২০০২, পৃ. ৭৬
৯. শৈলেশ্বর ঘোষ, ‘জীবনানন্দ ও উত্তরকাল’, শঙ্খ ঘোষ (সম্পা.), *এই সময় ও জীবনানন্দ*, সাহিত্য একাডেমি, কলকাতা, ১৯৯৬, পৃ. ২৯
১০. ড. আসাদুজ্জামান, *জীবনশিল্পী জীবনানন্দ দাশ*, ইউরেকা বুকস, রাজশাহী, ১৯৯৮, পৃ. ২৫
১১. জীবনানন্দ দাশ, *প্রকাশিত-অপ্রকাশিত কবিতাসমগ্র*, পূর্বোক্ত, পৃ. ১৮৬
১২. পূর্বোক্ত, পৃ. ৯১

- 
১৩. এ্যাগনি স্ এলেন, *ইউরোপীয় চিত্রকলা*, কাজল বন্দ্যোপাধ্যায় (ভাষান্তর), জাতীয় সাহিত্য প্রকাশ, ঢাকা, ২০১৭, পৃ. ৯০
  ১৪. জীবনানন্দ দাশ, *প্রকাশিত-অপ্রকাশিত কবিতাসমগ্র*, পূর্বোক্ত, পৃ. ১১০
  ১৫. সৈয়দ মনজুরুল ইসলাম, 'জীবনানন্দের সাব অল্টার্ন ইতিহাস', আবদুল মান্নান সৈয়দ, *জীবনানন্দ দাশ জন্মশতবার্ষিক স্মারকগ্রন্থ*, পূর্বোক্ত, পৃ. ৯০
  ১৬. জীবনানন্দ দাশ, *প্রকাশিত-অপ্রকাশিত কবিতাসমগ্র*, পূর্বোক্ত, পৃ. ২১৮
  ১৭. পূর্বোক্ত, পৃ. ২০৮
  ১৮. পূর্বোক্ত, পৃ. ১৫৪-১৫৫
  ১৯. পূর্বোক্ত, পৃ. ২১৮
  ২০. Jacques Lassaigne, *Van Gogh*, Thames and Hudson, London, 1973, p. 35
  ২১. জীবনানন্দ দাশ, *প্রকাশিত-অপ্রকাশিত কবিতাসমগ্র*, পূর্বোক্ত, পৃ. ১৫৯
  ২২. শৈলেশ্বর ঘোষ, পূর্বোক্ত, পৃ. ২১
  ২৩. জীবনানন্দ দাশ, *প্রকাশিত-অপ্রকাশিত কবিতাসমগ্র*, পূর্বোক্ত, পৃ. ১৮৩
  ২৪. পূর্বোক্ত, পৃ. ১৮৬

## মহানবী (স.)-এর সামরিক কৌশল ও রীতি (Military Strategies and Conventions of the Prophet Muhammad SM.)

Dr. Dilshad Ara Bulu\*

**Abstract:** In the seventh century, in Arabian Peninsula, the advent of the last and greatest Prophet of Islam, Muhammad (SM), initiated a complete change in the whole world. After having the obligation of the prophethood, he moved to preach the three core features of Islam: Tawheed (oneness of Allah SWT), Risaalat (prophethood), and Aakhirat (life hereafter), and for that, he was ruthlessly tortured and insulted. He migrated from Makkah to Medina as directed by Allah (SWT). He then enacted the Medina Charter for all the people living in Medina and sought to build an ideal society based on peace, equality, and justice. But the Quraish in Makkah continued their conspiracy along with the Jewish community and discreetly planned to annihilate the Muslims. As a defence, the Prophet (SM) had to combat the enemies under the direction of Allah (SWT). He successfully conducted many battles in his life in Medina. His military tactics on the battlefields, deploying and disciplining the troops, entering into agreements with the enemies and watching their movements, deploying representatives, attacking and defending codes, and humanitarian behaviour with the confined enemies after the war were incomparable. He was the most virtuous military leader in human history. This study strives to present the Prophet's (SM) military strategies and practices in light of the Holy Quran and Hadith.

### সূচনা

ইসলাম শান্তি ও মানবতার ধর্ম। বিশ্বনবীর (স.) সমগ্র জীবনই ছিল এর প্রজ্জল বাস্তবায়ন। যদিও নবুয়্যাতের মহান দায়িত্ব পালনকালে তাঁকে শত্রু পক্ষের বিরুদ্ধে বেশ কিছু যুদ্ধাভিযান পরিচালনা করতে হয়েছে। তবে তাঁর অভিযানগুলো ছিল আত্মরক্ষামূলক। প্রাক ইসলামী যুগের প্রচলিত যুদ্ধ বিগ্রহকে তিনি সর্বদা অপছন্দ করেছেন, ঘণার চোখে দেখেছেন। মাক্কী জীবনে মহানবী (স.) কুরাইশদের বিরুদ্ধে কোন সশস্ত্র যুদ্ধ পরিচালনা করেননি। অনুমতি পেয়েছিলেন মানুষকে আল্লাহর পথে আহবান করার ও অপমান সহ্য করার এবং অজ্ঞকে ক্ষমা করার। সূরা নিসায় বর্ণিত হয় “তোমরা হস্ত সংযত রাখ এবং ছালাত আদায় কর ও যাকাত প্রদান কর। কিন্তু দেশ থেকে বা গৃহ থেকে বিতাড়িত হওয়ার ন্যায় চূড়ান্ত যুলুমের অবস্থায় আল্লাহর পক্ষ থেকে সশস্ত্র যুদ্ধের অনুমতি দেওয়া হয় ইসলাম ও জীবন রক্ষার্থে। আল্লাহতায়াল্লা এরশাদ করেন “আর তোমরা লড়াই কর আল্লাহর পথে তাদের বিরুদ্ধে যারা লড়াই করে তোমাদের বিরুদ্ধে এবং এতে সীমা লঙ্ঘন করোনা। নিশ্চয়ই আল্লাহ সীমা লঙ্ঘনকারীদের ভালবাসেন না” যদিও ধারণা করা হয় সূরা হজ্জ্ব এর উনচল্লিশ ও চল্লিশতম আয়াত দুটিতে কুরাইশদের সন্ত্রাসমূলক অপতৎপরতা ও প্রকাশ্য হামলাসমূহ প্রতিরোধ করার জন্য হিবরতের সময় কালেই মুসলমানদের সশস্ত্র যুদ্ধের অনুমতি দেওয়া হয়েছিল। উক্ত আয়াতদ্বয়ে মহান আল্লাহ বলেন “যারা আক্রান্ত হয়েছে তাদের যুদ্ধের অনুমতি দেওয়া হলো। কারণ তাদের প্রতি অত্যাচার করা হয়েছে। আল্লাহ তাদের সাহায্য করতে অবশ্যই সক্ষম। তাদেরকে ঘরবাড়ি থেকে অন্যায়াভাবে বের করা হয়েছে শুধু এজন্য যে, তারা বলে “আমাদের প্রতিপালক আল্লাহ” আল্লাহ যদি মানব জাতির এক দলকে আর এক দল দিয়ে বাঁধা না দিতেন তাহলে বিধ্বস্ত হয়ে যেত (খ্রিষ্টানদের) মঠ ও গির্জা, ধ্বংস হয়ে যেত (ইহুদীদের) ভজনালয়, আর মসজিদ যেখানে আল্লাহর নাম বেশি করে স্মরণ করা হয়। আল্লাহ নিশ্চয়ই তাকে

\* Professor, Department of Islamic History and Culture, University of Rajshahi, Bangladesh.

সাহায্য করেন যে তার (ধর্মকে) সাহায্য করে। আল্লাহ নিশ্চয়ই সর্বশক্তিমান পরাক্রমশালী।<sup>১০</sup> মহান আল্লাহর দ্বারা নির্দেশিত হয়ে অতঃপর মহানবী (স.) আনুষ্ঠানিক ভাবে ইসলাম রক্ষার্থে যুদ্ধের প্রস্তুতি গ্রহণ করেন।

### সামরিক কৌশল ও রীতি

মহানবী (স.) ছিলেন ইতিহাসের শ্রেষ্ঠ সমরনীতিবিদ। নানা ঘটনা ও অবস্থার পরিপ্রেক্ষিতে তাঁর জীবনে সংঘটিত যুদ্ধাভিযানগুলো পরিচালনার জন্য তাঁকে বিভিন্ন সময়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করতে হয়েছে এবং একই কারণে তাঁর অনুসৃত যুদ্ধ কৌশলও এক এক সময় একেক রকম হয়েছে।<sup>১১</sup> শান্তি ও ন্যায়পরায়নতার স্বার্থেই মহানবীকে (স.) সামরিক কৌশল অবলম্বন করতে হয়েছে। দেশ ও জাতির স্বার্থকে সম্মুখে রেখে কখন যুদ্ধে লিপ্ত হবে এবং কখন পিছপা হতে হবে, কখন কার সাথে চুক্তিবদ্ধ হওয়া, কখন সৈন্য সংখ্যা বৃদ্ধি বা হ্রাস করা, দেশ রক্ষা খাতে কত ব্যয় করা, সৈন্যদের জন্য কখন কি অস্ত্র ও রসদ সংগ্রহ করা এবং যুদ্ধ চলাকালে সেই রসদ কিভাবে সরবরাহ করা, কোথায় ঘাটি নির্মান হবে, কখন কি সংবাদ প্রচার করা হবে এবং কি গোপন রাখা হবে ইত্যাদি সকল বিষয় হচ্ছে সামরিক কৌশল ও রীতি।<sup>১২</sup> আর এসব কৌশল অনুসরণ করে শত্রুর মোকাবেলা করার নামই হচ্ছে যুদ্ধ। একজন সুদক্ষ সমর কৌশলী হিসেবে যুদ্ধের রীতি নির্ধারণে মহানবী (স:) উপরোক্ত রীতিগুলোর উপর ভিত্তি করে সফল ভাবে যুদ্ধাভিযানগুলো পরিচালনা করেছেন। যুদ্ধ ক্ষেত্রে কৌশল অবলম্বন করাকে তিনি বৈধ বলে ঘোষণা করেছেন। প্রখ্যাত সাহাবী আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, “রাসূলুল্লাহ (স:) বলেছেন, যুদ্ধ একটি প্রতিরোধ কৌশল মাত্র।<sup>১৩</sup> শত্রুপক্ষকে ধোঁকা দেয়ার উদ্দেশ্যে এমন আচরণ করা যা তারা অনুধাবন করতে না পারে। যেমন পরিখার যুদ্ধ, এটি হচ্ছে রণ কৌশল, যা বৈধ। তবে কোন সন্ধিচুক্তি বা নিরাপত্তা ঘোষণা করার পর তা ভঙ্গ করা ইসলাম নিষিদ্ধ।<sup>১৪</sup> এই কারণেই মহানবী (স.) হুদায়বিয়ার সন্ধি স্বাক্ষরের পর আবু জন্দলকে মদিনায় আশ্রয় দিতে অপারণ হন। মহানবীর (স.) রণ কৌশল ছিল এরই বাস্তব প্রতিফলন। তিনি হিয়রতের পর প্রাথমিক অবস্থায় মদীনায় যুদ্ধাভিযানগুলো গেরিলা যুদ্ধ পদ্ধতিতে পরিচালিত করেছেন। এক্ষেত্রে অত্যন্ত সতর্কতা ও গোপনীয়তা রক্ষা করে দুশমনকে বিব্রত ও হতবুদ্ধিকর অবস্থার মধ্যে নিক্ষেপ করা হয়।<sup>১৫</sup> মহানবী (স.) দ্বিতীয় হিজরীর রজব মাসের শেষ তারিখে কুরাইশদের গতিবিধি ও পরিকল্পনার সংবাদ জানার উদ্দেশ্যে একটি ক্ষুদ্র দলকে নাখালায় প্রেরণ করেন। কুরাইশদের একটি বাণিজ্য কাফেলা নাখালায় মুহাজিরদের পাশ দিয়েই পথ অতিক্রম করার সময় তারা এ পদ্ধতিতে কাফেলাটি আক্রমণ করে। এতে একজন নিহত ও দু'জন বন্দী হয়। আকস্মিক এই অভিযানের ফলে প্রতিপক্ষ কুরাইশদের মধ্যে ভীতির সঞ্চার করে।

মহানবীর (স.) যুদ্ধ কৌশল ছিল অত্যন্ত সুপরিকল্পিত। প্রায় প্রতিটি অভিযানের পূর্বে শত্রুপক্ষের গতি-প্রকৃতি জানার উদ্দেশ্যে গুপ্তচর প্রেরণ ছিল মহানবীর যুদ্ধ কৌশলের একটি বিশেষ দিক। উয়ুন বা গুপ্তচররা শত্রুবাহিনীর সামরিক ও সংখ্যাগত শক্তি, তাদের কার্যব্যবস্থা ও পরিকল্পনা, গমন পথ, ঘটনাস্থলের মানচিত্র প্রণয়নসহ আরো বহুবিধ বিষয়ে অবগত থাকতো যা কোন না কোন ভাবে কাজে আসতো। বদর যুদ্ধের প্রাক্কালে তায়িম গোত্রের তালহাহ ইবন উবায়দুল্লাহ এবং আদী গোত্রের সাঈদ ইবন যায়দ নামক দুজন কুরাইশকে সিরিয়া থেকে প্রত্যাবর্তনরত মাক্কী কাফেলা সম্পর্কে সংবাদ সংগ্রহের জন্য প্রেরণ করা হয়।<sup>১৬</sup> কুরাইশ বাহিনী বদরে অপর প্রান্তে পৌঁছে যাওয়ার বিষয়টি মহানবী (স:) তাদের মাধ্যমে জানতে পারেন। ওহুদের যুদ্ধের পূর্বেও খায়রাজ গোত্রের ২জনকে গুপ্তচর হিসেবে প্রেরণ করা হয়। তারা কুরাইশ বাহিনীর সৈন্যদের সাথে মিশে যাওয়ার সুযোগ পায় এবং চুপিসারে ফিরে এসে কুরাইশদের যুদ্ধ পরিকল্পনা সম্পর্কে মহানবী (স:) কে অবহিত করেন। ওহুদ প্রান্তরে মাক্কী শিবির স্থাপন করার পরেও মহানবী (স:) খায়রাজ বংশের আল হুবাব ইবনুল মুনজিরকে কুরাইশদের আঘাত হানার শক্তি নিরূপণ ও মূল্যায়নের জন্য প্রেরণ করেন। তিনি গোপনে কুরাইশ বাহিনীর সামরিক শক্তির সঠিক পরিসংখ্যান নিয়ে আসেন।<sup>১৭</sup> একই ভাবে হাওয়াযিনদের যুদ্ধ প্রস্তুতির সংবাদ অবগত হয়ে নবী (স.) তার আরেক সাহাবী আবদুল্লাহ ইবন আবু হাদরাদ আসলামীকে হাওয়াযিনদের গোপন সংবাদ সংগ্রহের নির্দেশ দেন। আবু হাদরাদ নির্দেশ মোতাবেক যথা সময়ে হাওয়াযিনদের গৃহীত যুদ্ধের সমস্ত পরিকল্পনা সম্পর্কে সংবাদ সংগ্রহ করে ফিরে এসে মুসলিম বাহিনীকে জানিয়েছেন।<sup>১৮</sup> ৫ম হিজরীতে বনি মুত্তালিক গোত্রের সৈন্য সমাবেশের খবর জানতে পেরে তার সত্যতা যাচাই

এর জন্য মহানবী (স.) বুরায়দাহ ইবনুল হুসায়বকে প্রেরণ করেন। তিনি তাদের পানির উৎস স্থানে গিয়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে নিয়ে আসেন।<sup>১০</sup> মহানবী (স:) প্রেরিত গুপ্তচরদের মধ্যে খন্দকের যুদ্ধে প্রেরিত গুপ্তচর হুয়ায়ফা ইবনুল ইয়ামান অত্যন্ত ঝুঁকিপূর্ণ ও বিপদজনক দায়িত্ব পালন করেছিলেন। অবরোধের শেষের দিকে তাকে গুপ্তচর হিসেবে কুরাইশ শিবিরে প্রেরণ করা হয়েছিলো। তিনি কুরাইশ শিবিরে ঢুকে আগুন জ্বালিয়ে চার পাশ ঘিরে বসে থাকা মক্কার লোকদের একটি দলের সঙ্গে মিশে যান। তার প্রবেশের পরপরই কুরাইশ নেতা আবু সুফিয়ান স্বীয় সঙ্গীদের মুসলিম বাহিনীর গুপ্তচরদের ব্যাপারে সাবধান থাকার নির্দেশ দেন। তৎক্ষণাৎ হুয়ায়ফা ইবনুল ইয়ামান তার পাশের প্রথম লোকটিকে দিয়ে পরিচয় জিজ্ঞাসা শুরু করেন। ফলে তাঁকে সন্দেহ করার কোন অবকাশ তারা পায়নি। হুয়ায়ফা মাক্কী বাহিনীর মক্কায় ফিরে যাওয়ার পরিকল্পনা সম্পর্কে যাবতীয় তথ্য যথারীতি মহানবী (স:) কে অবহিত করেছিলেন।<sup>১১</sup> হুদায়বিয়া অভিযান কালেও মক্কায় প্রবেশে কুরাইশদের বাঁধা দানের প্রস্তুতি জানতেও নবী (স:) গুপ্তচর প্রেরণ করেছিলেন। মহানবী (স.) সব সময় স্বল্প পরিচিত দক্ষ ব্যক্তিকে গুপ্তচর নিয়োগ করতেন। তারা শত্রু পক্ষের সাথে এমনভাবে মিশে যেতেন যে তাদের সনাক্ত করা অত্যন্ত কঠিন বিষয় ছিল।

মহানবী গুরুত্বপূর্ণ অভিযানগুলোতে যাত্রার পূর্বে সেনাবাহিনীতে তালিয়াহ বা গোপন পর্যবেক্ষক দল নিয়োগ করতেন। তালিয়াহ ছিলো সামরিক গুপ্তচর। শত্রুবাহিনীর অবস্থান সম্পর্কে তথ্য সংগ্রহের উদ্দেশ্যে তাদের অভিযানের আগে পাঠানো হতো। তালিয়াহ ছিল তিন থেকে বেশ জন ব্যক্তিকে নিয়ে গঠিত একটি দল যারা প্রকাশ্যে দিবালোকে কাজ করতো। গুপ্তচরদের সাথে তালিয়াহ এর পার্থক্য ছিল। গুপ্তচরেরা কাজ করতো গোপনে।<sup>১২</sup> বদর যুদ্ধের পূর্বে মহানবী (স.) মক্কা থেকে আগমনকারী কুরাইশ বাহিনীর অবস্থা পর্যবেক্ষণের জন্য ৪ সদস্য বিশিষ্ট একটি তালিয়াহ প্রেরণ করেছিলেন। ঘটনাক্রমে এ দলটি বদরের একটি কূপ পর্যন্ত গমন করেন এবং পানি বহনকারী মক্কার তিনজন কে আটক করতে সক্ষম হন। ফলে তারা সুনির্দিষ্ট ভাবে জানতে পারে যে, মাক্কী বাহিনী আসছে এবং তাদের অগ্রবর্তী দলে রয়েছে নিজস্ব পানি বহনকারীগণ। এ তথ্য বদর প্রান্তরে পানির উৎসগুলো নিজেদের দখলে নিয়ে মুসলিমবাহিনীকে কৌশলগত একটি সুবিধাজনক স্থানে শিবির স্থাপন করতে সহায়তা করেছিলো। অন্যদিকে শত্রুবাহিনীকে মুসলিম বাহিনীর অনুকূলে অবস্থান নিতে তারা বাধ্য করেছিলো।<sup>১৩</sup> ওহদ যুদ্ধের পূর্বেও মহানবী (স.) তালিয়াহ প্রেরণ করেছিলেন। হুদায়বিয়ার অভিযানে আওস গোত্রের আব্বাদ ইবন বিশরের নেতৃত্বে ২০ জন অশ্বারোহীকে নিয়ে একটি তালিয়াহ গঠিত হয়েছিলো। একই ব্যক্তি খায়বারে অভিযানেও তালিয়াহর নেতৃত্বে ছিলেন। তারা খায়বারের এক ইহুদী গুপ্তচরকে আটক করে ইহুদীদের সমর প্রস্তুতির যাবতীয় তথ্য জানতে সক্ষম হন। মক্কা বিজয়ের উদ্দেশ্যে মুসলিম বাহিনী মদীনা ত্যাগ করার পূর্ব মুহূর্তে মদীনায় অবস্থানরত এক মহিলা গুপ্তচরের কাছ থেকে একটি চিঠি উদ্ধার করে পর্যবেক্ষক দল, যাতে মক্কা নগরীর উপর মুসলিম আক্রমণ সম্পর্কিত তথ্য ছিলো।<sup>১৪</sup> তাবুক অভিযানে তালিয়াহর দায়িত্ব ছিল মুসলমানদের জন্য একটি পানির উৎস খুঁজে বের করা।<sup>১৫</sup> এছাড়াও হামরা উল আসাদ, লিহয়ান অভিযানেও তালিয়াহ প্রেরণের উল্লেখ পাওয়া যায়। তালিয়াহ শত্রুদের পরিকল্পনা সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য প্রেরিত হলেও তাদের সাফল্য মুসলিম বাহিনীকে কৌশলগত সুবিধা এনে দিয়েছিলো।

মহানবী (স.) কখনো কখনো সমঝোতা ও চুক্তি সম্পাদনের মাধ্যমে অনেক গোত্রকে পর্যায়ক্রমে শত্রুর কাছ থেকে বিচ্ছিন্ন করে নিজের পক্ষে নিয়েছিলেন। ৫ম হিজরীর পরিখা বা আহযাবের যুদ্ধের শেষের দিকে গাতফানীদের সাথে মুসলমানদের চুক্তি সম্পাদন হচ্ছে এর প্রকৃষ্ট উদাহরণ। সম্মিলিত শত্রু বাহিনী যখন পরিখা যুদ্ধে দীর্ঘ সময় মদীনা অবরোধ করে রেখেছিলো তখন মহানবী (স.) কৌশলে উক্ত বাহিনীর শক্তিশালী গোত্র গাতফানের দুজন প্রভাবশালী নেতা উয়ায়না ইবন হাসান ও হারিস ইবনে আউফসহ কয়েকজনের সাথে অত্যন্ত গোপনে মুসলমানদের খননকৃত পরিখার পিছনে মতবিনিময় করে একটি সন্ধি চুক্তি সম্পাদন করেন। চুক্তির অন্যতম ৪ টি শর্ত ছিলো-

- মুসলমান এবং শুধু গাতফান গোত্র যারা মিত্রবাহিনীর অংশ হিসেবে যুদ্ধে লিপ্ত হয়েছে তাদের মধ্যে এ সন্ধি চুক্তি হবে।
- গাতফান ও মুসলমান একে অপরের বিরুদ্ধে কোন ধরনের যুদ্ধ করবে না। (বিশেষত এই সময়)

- গাতফান গোত্রের লোকেরা মদীনার অবরোধ তুলে নেবে এবং নিজেদের এলাকায় ফিরে যাবে।
  - কাফেরদের সঙ্গ ত্যাগ করলে এবং অবরোধ উঠিয়ে ফিরে গেলে এর বিনিময়ে তাদেরকে মদীনায় উৎপাদিত ফসলের এক তৃতীয়াংশ দেওয়া হবে।
- গাতফানীরা এ দাবীকে মেনে নেয় এবং এর মাধ্যমে সম্মিলিত শত্রু বাহিনী থেকে গাতফানীদের বিচ্ছিন্ন করে মহানবী (স.) নিজের পক্ষে নিয়েছিলেন।<sup>১৩</sup>

নবম হিজরীর তাবুক অভিযানের সময়ও তিনি শত্রুপক্ষের মিত্রগোত্র আয়লা ও রোমান সাম্রাজ্যের অধীনস্থ দুমাতুল জন্দলের সাথে এ ধরনের সমঝোতা করে তাদের নিজের অনুকূলে আনতে সক্ষম হয়েছিলেন। মহানবীর (স.) যুদ্ধরীতিতে দালীল বা পথ প্রদর্শকদের অন্তর্ভুক্তি ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। দালীলরা ছিল পেশাগত ভাবে দক্ষ, পথঘাট সম্পর্কে ছিল জ্ঞাত। এরা শত্রু চক্ষুকে ফাঁকি দিয়ে চেনা পথ থেকে সরে এসে অচেনা পথ ধরে অগ্রসর হতে পারতো। ফলে শত্রুরা বিরোধী পক্ষের আগমন সম্পর্কে বুঝতে পারতো না। ওহুদের যুদ্ধে মহানবী (স.) সর্বপ্রথম একজন দালীলের সাহায্য নেন।<sup>১৪</sup> সপ্তম হিজরীতে খায়বার অভিযানে কমপক্ষে তিনজন স্থানীয় ইহুদী সেচ্ছায় দালীল হিসেবে পারিশ্রমিকের বিনিময়ে মুসলমানদের পক্ষে কাজ করে। হুদায়বিয়া ও মক্কা বিজয়ের পূর্বে এবং তাবুক অভিযানেও মহানবী (স.) দালীল নিযুক্ত করেছিলেন।<sup>১৫</sup> তিনি জনপদ থেকে দূরে সরে রাত্রি যাপন করার পরামর্শ দিতেন। শত্রুর সম্ভাব্য আক্রমণ জানার জন্য যুদ্ধাবস্থা ব্যতীত তিনি পর্যবেক্ষক বাহিনীর জন্য (কখনো কখনো পৃথক পৃথক) প্রতীক বরাদ্দ করতেন, যাতে পরস্পর নিজেদের ও শত্রু-মিত্রকে চিনতে পারে।<sup>১৬</sup>

মহানবী (স.) দক্ষ কূটনৈতিক প্রজ্ঞার মাধ্যমে যুদ্ধ সংক্রান্ত সকল তথ্য (একমাত্র তাবুক যুদ্ধ ব্যতীত) সতর্কতার সাথে গোপন রাখতেন তাঁর নিকটস্থ সহচরগণ ব্যতীত কারো নিকট তিনি যুদ্ধের পরিকল্পনা প্রকাশ করতেন না। ইবন হিশাম বলেন: রাসুলুল্লাহ (স.) এর নিয়ম ছিল যখনই তিনি কোন যুদ্ধাভিযানে বের হতেন, তখন সে সম্পর্কে সুস্পষ্ট কিছু না বলে ইংঙ্গিত করতেন। তিনি যে দিকে যাওয়ার ইচ্ছা করতেন তার বিপরীত দিকের কথা বলতেন।<sup>১৭</sup> তাবুক অভিযানে আবার ভিন্ন কৌশল অবলম্বন করার পিছনে পৃথক কারণ ছিল। তাবুক মদীনা থেকে ৭৭৮ মাইল দূরবর্তী হওয়ায় মুসলমানগণ যাতে যথাযথভাবে যুদ্ধের প্রস্তুতি গ্রহণ করতে পারে সে জন্য তিনি এ ব্যবস্থা গ্রহণ করেন। পথ চলার সময় তিনি তড়িৎ গতি অবলম্বন করতেন।<sup>১৮</sup> শেষ রাত্রিতে সফর করাকে তিনি বেশী গুরুত্ব দিতেন।<sup>১৯</sup>

যুদ্ধ ক্ষেত্রগুলোতে মহানবীর (স.) কোরআনের নির্দেশে ‘স’ফ বা সারিবদ্ধ রীতি অনুসরণ করেন। বর্ণিত হয়েছে, “আল্লাহ ভালবাসেন সেই লোকদের যারা তাঁর পথে এমনভাবে কাতার বন্দী হয়ে লড়াই করে যেন তারা ইস্পাত নির্মিত প্রাচীর”<sup>২০</sup>। রসুল (স.) দ্বিতীয় হিজরীর রমজান মাসে ইসলামের প্রথম সুসংগঠিত বদর যুদ্ধে এই নিয়মেই সৈন্য সমাবেশ করেন। প্রথম সারিতে ছিল বর্শাধারী যোদ্ধা, দ্বিতীয় সারিতে বুহা রচনা করে তীরন্দাজগণ এবং তৃতীয় সারিতে অশ্বারোহী বাহিনী।<sup>২১</sup> এভাবে কাতার বন্দী করে সৈন্য সমাবেশ করলে স্বল্প সংখ্যক সৈন্যকে শত্রুর নিকটে বিপুল সংখ্যক মনে হয়। এই যুদ্ধরীতির অন্যতম আর একটি সুবিধা হচ্ছে এতে সেনাবাহিনীকে অশ্বারোহী ও পদাতিকদের থেকে রক্ষা করা এবং গোপন আক্রমণ প্রতিরোধ করা সহজ হয়।<sup>২২</sup> তিনি প্রথমে শত্রু পক্ষের প্রতি একযোগে ঝাঁপিয়ে না পড়ে অশ্বারোহীদের আক্রমণ প্রতিহত করার জন্য বর্শাধারীদের এবং ধাবমান পদাতিক শত্রু সৈন্যকে প্রতিহত করার জন্য তীরন্দাজদের সতর্ক করেন এবং যথা সম্ভব কম তীর খরচ করার নির্দেশ দিতেন। তিনি নির্দেশ দিয়েছিলেন প্রথম পাথর ছুড়তে হবে, শত্রুরা একেবারে কাছে আসলে ছুড়তে হবে তীর। তিনি মুসলমানদের ঘিরে না ফেলা পর্যন্ত আক্রমণ নিষেধ করেন এবং শত্রুপক্ষ নাগালের মধ্যে আসলে তখন একযোগে আক্রমণের পরামর্শ দেন। বদর প্রান্তরে মাত্র তিনশত তের জন সৈন্যকে ক্ষুদ্র ক্ষুদ্র বুহ্যে ও সারিতে বিন্যস্ত করে স্থানটিকে লৌহদুর্গে পরিণত করে মহানবী (স.) নির্দেশ দিয়েছিলেন “মুখে শব্দ করবে না, শুধু নীরবে নিজ নিজ কর্তব্য পালন করে যাবে এবং আমার নির্দেশের পূর্বে কেউ আক্রমণ করবে না।”<sup>২৩</sup> দ্বিতীয় হিজরী ১৭ই রমজান বদর প্রান্তরে সৈন্যরা যখন প্রস্তুত তখন মহানবী (স.) সৈন্যদের জিজ্ঞাসা করেন “বলো তো তোমরা কিভাবে যুদ্ধ করবে? আউস গোত্রের আসেম ইবন সাবিত জবাবে বলেছিলেন, শত্রুরা ২০০ হাত ব্যবধানে এলে তীর ছুড়বো, এর চেয়ে নিকটবর্তী

হলে বর্শা নিক্ষেপ করবো, আর একেবারে নিকটবর্তী হলে তরবারী দিয়ে ফয়সালা করবো।” সাবিতের কথায় মহানবী (স.) সন্তুষ্ট হয়ে বলেছিলেন “এটাই আমাদের রণকৌশল।”<sup>১০</sup> এই কৌশলের কারণেই মাত্র ৩১৩ জন সৈন্যকে সাথে নিয়ে ১০০০ এর অধিক শত্রু সৈন্যকে পরাজিত করে মুসলমানগণ বদর যুদ্ধে গৌরবময় বিজয় লাভ করে। তাদের আর্থিক মেরুদণ্ড ভেঙে দণ্ড, অহমিকা চূর্ণ করে দেন।

মহানবীর (স.) রণ পরিকল্পনা ছিল সুদূরপ্রসারী। কোন স্থানে রাত্রি যাপনের সিদ্ধান্ত হলে তিনি রাত্রির পাহাড়াদার এবং উক্ত এলাকার আশে পাশে শত্রুদের গতিবিধি লক্ষ্য করার জন্য পর্যবেক্ষক দল নিয়োগ করতেন।<sup>১১</sup> মহানবী (স.) রাত্রি অপেক্ষা দিনের আলোতে অভিযান পরিচালনার উপর জোড় দিতেন। এই কারণে অভিযানে রওনা হয়ে রাত্রি ঘনিয়ে এলে ভোরের জন্য অপেক্ষা করতেন এবং ভোর হলে সূর্য পশ্চিমে হলে যাওয়া পর্যন্ত সময় নিতেন।<sup>১২</sup> যেমন সপ্তম হিজরীতে ইহুদীদের বিরুদ্ধে অভিযানে অগ্রসর হয়ে রাত্রি ঘনিয়ে আসলে মহানবী (স.) তার বাহিনী নিয়ে খায়বারে রাত্রি যাপন করেন। তিনি যুদ্ধের ময়দানে সূর্যোদয়ের পর সৈন্যদের চোখে সূর্যের আলো যাতে না পড়ে এ জন্য কৌশলগত অবস্থান গ্রহণ করতেন। বদর যুদ্ধের সময় তাই দেখা যায় সূর্যকে পশ্চাতে রেখে নিজ বাহিনীর সৈন্য বিন্যাস করেছিলেন যাতে সূর্যের তীর্থক আলোতে সৈন্যদের নিকট যুদ্ধ ক্ষেত্র অস্পষ্ট না লাগে। অন্যদিকে কুরাইশ বাহিনীর অবস্থান সূর্যের মুখোমুখি থাকায় তীব্র সূর্য রশ্মি চোখে পড়ায় তারা সামনে স্পষ্ট দেখতে পাচ্ছিল না, ফলে দৌড়ে এসে হামলা করা তাদের পক্ষে সহজ ছিলো না। এছাড়াও তিনি অনুকূল বাতাসের দিক হয়ে আক্রমণ করতেন যাতে ধূলিঝড় মুসলিম বাহিনীর পরিবর্তে শত্রু সৈন্যদের প্রতিকূলে যায়।<sup>১৩</sup> যুদ্ধ ক্ষেত্রে সূর্যের অবস্থান, বায়ুবেগ ও অপেক্ষাকৃত ভালো ভূমি নির্বাচনের কৌশল মুসলমানদের যুদ্ধ জয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল।<sup>১৪</sup>

যুদ্ধে লিপ্ত হওয়ার প্রবল আকাঙ্ক্ষা থাকলেও নিজেদের জন্য তা ক্ষতিকর মনে করে মহানবী (স.) কখনো কখনো শত্রুর সাথে যুদ্ধ অপেক্ষা সন্ধি করাই শ্রেয় মনে করেছেন। অমুসলিমদের সাথে স্বাক্ষরিত অনেক সন্ধির শর্তই মুসলিমদের বিপক্ষে ছিল অথচ ঐ সব শর্তের বিনিময়েই মুসলমানগণ সর্বাধিক সাফল্য লাভ করে। ষষ্ঠ হিজরীর হুদায়বিয়ার সন্ধির অন্যতম একটি শর্ত ছিলো “মুসলমানদের মধ্য হতে যদি কোন ব্যক্তি মক্কায় এসে আশ্রয় গ্রহণ করে তবে তাকে ফেরৎ দেয়া হবে না, পক্ষান্তরে মক্কাবাসী কোন ব্যক্তি যদি মদীনায় আশ্রয় গ্রহণ করে তাকে ফেরৎ দিতে হবে।”<sup>১৫</sup> ফলে মক্কায় ইসলাম গ্রহণকারীদের মদীনায় অনুপ্রবেশের পথ রুদ্ধ হয়ে যায়। এরকম পরিস্থিতিতে মক্কার ইসলাম গ্রহণকারীরা সিরিয়ার সমুদ্র উপকূলে অবস্থিত যুলমার ওয়ারের নিকটবর্তী সিস নামক স্থানে জমায়েত হন, যা মক্কা থেকে সিরিয়াগামী একটি বাণিজ্য পথের পাশে অবস্থিত। জীবন-জীবিকার তাগিদে প্রায়ই তারা এ পথে মক্কা থেকে সিরিয়াগামী কুরাইশদের বাণিজ্য কাফেলার পণ্য লুট করতো। একটি পর্যায়ে কুরাইশদের ব্যবসা বাণিজ্য চরম ক্ষতির সম্মুখীন হলে কোন উপায় না দেখে কুরাইশগণ নিজেরাই রাসুল (স.) কে নিকটাত্মীয়তার দোহাই দিয়ে আবেদন জানায় যে “আপনি ওদেরকে নিজের কাছে ডেকে নিন। এরপর থেকে মক্কার কোন মানুষ ইসলাম গ্রহণ করে আপনার কাছে গেলে তারা নিরাপদ থাকবে। তাদের ব্যাপারে আমরা প্রশ্ন তুলবো না।”<sup>১৬</sup> এটি ছিল মুসলমানদের জন্য বিশাল বিজয়। সপ্তম হিজরীতে খায়বার বিজয়ের পর ইহুদীদের সাথে মহানবী (স.) যে চুক্তি করেন সন্ধির শর্তানুযায়ী ইহুদীগণ শুধু পরিধেয় বস্ত্র নিয়ে দেশান্তরিত হতে বাধ্য ছিলো। কিন্তু মহানবী (স.) তাদের দেশান্তরিত করেননি।<sup>১৭</sup> ইহুদীদের আবেদনের প্রেক্ষিতে বর্গা হিসেবে উৎপন্ন ফসলের অর্ধেক মুসলমানদের দেয়ার শর্তে খায়বারের ভূমি আবাদ করার অধিকার প্রদান করেন। মহানুভবতার এই কৌশলে পরবর্তীতে বহু ইহুদী ইসলামের ছায়াতলে আসে।

পঞ্চম হিজরীতে সংগঠিত পরিখার যুদ্ধে গৃহীত সমর কৌশল মক্কার কুরাইশদের কাছে ছিল আরেক নতুন অভিজ্ঞতা। মহানবী (স.) তাঁর পারস্যীয় সাহাবী হযরত সালমান ফার্সীর পরামর্শক্রমে পারস্যদেশের যুদ্ধ পদ্ধতি গ্রহণ করে মাত্র ২৫০০ সৈন্য নিয়ে ১০,০০০ সৈন্যের আরবদের বিশাল সম্মিলিত বাহিনীকে প্রতিরোধ করতে সক্ষম হয়েছিলেন। তিন দিক পাহাড়ে ঘেরা আর সম্মুখ ভাগে সাড়ে তিন মাইল দীর্ঘ, পাঁচগজ গভীর ও দশ গজ প্রশস্ত পরিখা এবং এর পাশে খননকৃত মাটির প্রাচীরের আড়াল দেখে শত্রুপক্ষ হতবিহবল হয়ে পড়ে।<sup>১৮</sup>

প্রতিপক্ষের বাণিজ্য পথকে অবরোধ করেও মহানবী (স.) শত্রু মোকাবেলা করেছেন। ইবন ইসহাক হতে বর্ণিত “রাসূল (স.) যখন খায়বারের উদ্দেশ্যে যাত্রা করেন তখন তিনি রাজী প্রান্তরে শিবির স্থাপন করেন। এ অঞ্চলটি খায়বার ও গাতফানে মধ্যবর্তী স্থানে অবস্থিত ছিল। উদ্দেশ্য ছিল এই যে এভাবে তারা গাতফান ও খায়বারবাসীদের মধ্যে অন্তরায় হয়ে যাবেন যাতে গাতফানীরা খায়বার বাসীদের কোনরূপ সাহায্য বা রসদপত্র পাঠাতে ব্যর্থ হয়। কারণ গাতফানীরা মুসলমানদের বিরুদ্ধে খায়বারবাসী ইহুদীদের সমর্থক ও সাহায্যকারী ছিল। অতপর গাতফানীরা যখন অবগত হয় যে, রাসূল (স.) খায়বারে শিবির স্থাপন করেছে তারা প্রথমে ইহুদীদের সাহায্যে বের হয়েও নিজ সম্প্রদায়ের স্বার্থে পেছনে ফিরে আসে।”<sup>১০</sup>

মহানবী (স.) এর সমর কৌশলের অন্যতম একটি বিষয় ছিল মনস্তাত্ত্বিকভাবে প্রতিপক্ষকে দুর্বল করে দেয়া। এটি এমন একটি কৌশল যে, এর প্রধান লক্ষ্য হলো শত্রু সৈন্য ও জনগণকে বোঝানো যে যুদ্ধ করা অনুচিত। তাদেরকে বোঝানো যে, তারা যুদ্ধে জয়লাভ করতে পারবেনা বা যুদ্ধ চালিয়ে গেলে জানমালের অপচয় হবে। সুতরাং তড়িৎ আত্মসমর্পণ করাই উত্তম।<sup>১১</sup> মক্কা বিজয়ের প্রাক্কালে এ মনস্তাত্ত্বিক যুদ্ধে মহানবী (স.) এর সহযোগী ছিলেন কুরাইশ নেতা আবু সুফিয়ান। অষ্টম হিজরীতে মাররুজ জাহরানে আবু সুফিয়ানকে মহানবীর (স.) সমীপে হাজির করা হলে তিনি নিরাপত্তা প্রার্থনা করেন এবং ইসলামে দিক্ষিত হন। ইসলাম গ্রহণ করে মক্কায় প্রত্যাবর্তনের আগে আব্বাস (রা.) রাসূলের (স.) কাছে আবু সুফিয়ানের জন্য মক্কায় বিশেষ ব্যবস্থার অনুরোধ করলে রাসূল (স.) বলেছিলেন “যে ব্যক্তি আবু সুফিয়ানের ঘরে প্রবেশ করবে সে নিরাপদ থাকবে। যে ব্যক্তি নিজের ঘরের দ্বার রুদ্ধ রাখবে সে নিরাপদ, এবং যে ব্যক্তি মাসজিদুল হারামে প্রবেশ করবে সেও নিরাপদ থাকবে।”<sup>১২</sup> অতঃপর আবু সুফিয়ান নবী (স.) এর কাছ থেকে বিদায় নিয়ে দ্রুত মক্কায় ফিরে এসে উচ্চস্বরে এ ঘোষণা প্রদান করেছিলেন যে, মুহাম্মদ (স.) মুসলিম বাহিনী নিয়ে মক্কা আগমন করছেন। আমার মতে তার সাথে মোকাবিলা করার ক্ষমতা আমাদের নেই। তখন তাঁর কথায় কুরাইশগণ বিশ্বাস করে এবং রক্তপাত এড়ানোর লক্ষ্যে প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ না করার সিদ্ধান্ত নেয়।<sup>১৩</sup> মহানবী (স.) এর গৃহীত এ কৌশলের কারণে প্রতিপক্ষ প্রস্তুতি গ্রহণের কোন সুযোগই পায়নি। অতঃপর মুসলিম বাহিনী যখন মক্কায় প্রবেশ করে অধিকাংশ কুরাইশ আবু সুফিয়ানকে অনুসরণ করে এবং প্রতিরোধের ব্যবস্থা গড়ে তোলার চেষ্টা থেকে বিরত থাকে। মহানবী (স.) যুদ্ধের সময় ফলবান বৃক্ষ ক্ষতি করার বিপক্ষে থাকলেও তায়েফ অভিযানে বেশ কিছু সংখ্যক মুসলিম শহীদ হলে মানসিক পীড়া দেয়ার কৌশল হিসেবে তিনি তায়েফের স্বাকিফ গোত্রের আঙ্গুর ও খেজুরের বাগান জ্বালিয়ে দেয়ার নির্দেশ দেন। এতে তারাই বিচলিত হয়ে আত্মীয়তার দোহাই দিয়ে আত্মসমর্পণ করে।<sup>১৪</sup>

মহানবীর (স.) সমরনীতির লক্ষ্য ছিল অপেক্ষাকৃত কম আক্রমণের মাধ্যমে যাতে কম সংখ্যক প্রাণ ও সম্পদের ক্ষতি সাধিত হয়। যে কারণে তবুক অভিযানে অগ্রসর হয়েও রোমানদের আগমনের তথ্য সঠিক না হওয়ায় যাত্রা বিরতি করেন। হযরত সালমান ইবন মোয়াইদা (রা.) থেকে বর্ণিত নবী (স.) যখন কোন ব্যক্তিকে সেনাপতির দায়িত্ব দিতেন তখন তাকে বলতেন “আল্লাহর নামে আল্লাহর পথে যুদ্ধ করো। লড়াই করো, খেয়ানত করোনা, অঙ্গীকার লংঘন বা বিশ্বাস ঘাতকতা করোনা, কারো নাক, কান ইত্যাদি কেটো না, কোন শিশুকে হত্যা করোনা। তিনি আরো উপদেশ দিতেন যে, সহজ সরল ব্যবহার করবে, কঠোরতার আশ্রয় নিবে না, মানুষকে শান্তি দিবে, কাউকে ঘৃণা করবেনা”<sup>১৫</sup> অপর একটি হাদীসে আব্দুল্লাহ ইবন উমার (রা.) থেকে বর্ণিত কোনো এক যুদ্ধে একজন নারীকে নিহত অবস্থায় দেখতে পেয়ে মহানবী (স.) যুদ্ধে নারী ও শিশুদের হত্যায় ঘৃণা ও অসম্মতি প্রকাশ করেছেন।<sup>১৬</sup>

রাসূল (স.) এর যুদ্ধ রীতির বৈশিষ্ট্য ছিল অত্যন্ত উন্নত ও সুবিবেচনা প্রসূত। তিনি মুজাহিদ বাহিনীর সদস্যদের পরীক্ষা করে অপ্রাপ্ত বয়স্ক ও মাতা-পিতার ইচ্ছার বিরুদ্ধে যুদ্ধে অংশগ্রহণকারীদের ফেরত পাঠিয়ে দিতেন। যদি কোনো এলাকায় মসজিদ দেখা যেত কিংবা আযানের শব্দ শোনা যেত, তাহলে তিনি অভিযান বন্ধ করে দিতেন<sup>১৭</sup> এছাড়াও অভিযানের সময় উক্ত এলাকায় যদি ইসলামের কোনো চিহ্ন দৃষ্টিগোচর না হতো তবে নির্ধারিত সময়ে উচ্চস্বরে আল্লাহ আকবার ধ্বনি সহকারে অবরোধকারী শত্রুর মোকাবেলার আদেশ করতেন।<sup>১৮</sup> রাসূল (স.) শত্রুপক্ষ যাতে মুসলিম বাহিনীর আগমন টের না পায় এবং তাদের আকস্মিক



আগমনের ফলে হতবুদ্ধি হয়ে পড়ে এজন্য যাত্রা পথে উট ও অন্যান্য পশুর গলদেশ হতে ঘন্টি নামিয়ে ফেলার জন্য সৈন্যদের নির্দেশ দিতেন।<sup>১০</sup> ক্রুশ চিহ্নের মতো কাঁটায়ুক্ত দু'টি দন্ড কোনাকোনি করে বেঁধে ফাঁদ তৈরী করে তা দূরবর্তী স্থানে নিক্ষেপ করে প্রতিপক্ষের অশ্বারোহী ও পদাতিক বাহিনীর চলাচলে বিঘ্ন সৃষ্টি করা ছিল মহানবীর (স.) যুদ্ধকৌশলের এক অভিনব দিক। অষ্টম হিজরীতে তায়েফের স্বাকিফ গোত্রের দুর্গের চারদিকে এই ফাঁদ বা অস্ত্র ব্যবহার করা হয়।<sup>১১</sup>

মহানবীর (স.) যুদ্ধরীতির অন্যতম আরেকটি দিক ছিল মানবিকতা। মহানবী (স.) যুদ্ধ ও যুদ্ধবন্দীদের সাথে আচরণে ও তাদের মৌলিক মানবিক অধিকার সংরক্ষণে; যুদ্ধ কালে নারী শিশু বৃদ্ধ ও নিরীহ মানুষ, এমনকি ফসল শস্য, বৃক্ষ ও সম্পদের ক্ষতি না করার জন্য 'উন্নত' মানবিক দৃষ্টিভঙ্গি অনুসরণ ও বাস্তবায়ন করেছেন।<sup>১২</sup> বদর যুদ্ধের বাহাওয়ার জন বন্দীর মধ্যে সত্তর জনকে রাসূল (স.) মুক্তিপণ নিয়ে মুক্ত করে দেন। ঐ বন্দীদেরকে মেহমানের মত রাখা হয়েছিলো। বহু বন্দী স্বীকার করেছে যে, মদীনাবাসী তাদের শিশুদের চেয়েও বেশী সুযোগ সুবিধা ও সুখ শান্তির ব্যবস্থা করেছিলো।<sup>১৩</sup> হুনায়নের যুদ্ধ শেষে বন্দীরা অপরূদ্ধ থাকাকালে মহানবীর (স.) দুধ মাতা হালিমার গোত্রের সম্মানিত প্রতিনিধি দল মহানবীর (স.) সমীপে উপস্থিত হয়ে কুরাইশ সম্ভানদের দুধ মায়ের দাবি উপস্থাপন করে বন্দী মুক্তির আকাঙ্ক্ষা করেন। মহানবী (স.) আনসার ও মহাজিরদের সম্মতি নিয়ে মা হালিমার প্রতি শ্রদ্ধার নিদর্শন স্বরূপ নারী বন্দীদেরকে মুক্ত করে দেন (মতান্তরে এক যোগে ৬ হাজার বন্দী) এবং তাদের পরিধানের জন্য ছয় হাজার প্রস্থ মিশরীয় কাপড় প্রদান করেন।<sup>১৪</sup>

**উপসংহার:** মহানবী হযরত মুহম্মদ (স.) এর জীবনে সংগঠিত যুদ্ধাভিযানগুলো পর্যালোচনা করে নিঃসন্দেহে বলা যায় যে, তাঁর গৃহীত সমর কৌশল ও রীতি ছিল অসাধারণ। যেসব যুদ্ধে তিনি নেতৃত্ব দিয়েছিলেন বা অন্যদের প্রেরণ করেছিলেন সব ক্ষেত্রেই তিনি কার্যকারণ ও পরিবেশ পরিষ্কৃতি পর্যালোচনা করে সঠিক কৌশল ও সিদ্ধান্ত গ্রহণে সক্ষম হন।<sup>১৫</sup> তাঁর দক্ষতা সমর কুশলতা, সাহসিকতা, যুদ্ধের গতিবিধি ও নীতি নির্ধারণ, সৈন্য সংগ্রহ ও বিন্যস্তকরণ, প্রতিপক্ষের সাথে সন্ধি বা চুক্তি স্থাপন, যুদ্ধ পরবর্তী বন্দীদের প্রতি উদারতা, প্রতিপক্ষের প্রতি মানবিকতা প্রদর্শন ইত্যাদি ছিল অনন্য। মহানবীর (স.) সমরনীতি বিশ্লেষণ করলে দেখা যায় যে এগুলো এতো বৈশিষ্ট্য মণ্ডিত ছিল যে, বিশ্বের ইতিহাসে তার পূর্বে ও পরে অন্য কোনও সমরনায়কের সমরনীতিতে এসবের মিল পাওয়া যাবে না। একজন শ্রেষ্ঠ সিপাহসালার হিসেবে তাঁর রেখে যাওয়া রণকৌশল ও রীতি আজো অদ্বিতীয় এবং উন্নতের জন্য নজীর বিহীন শিক্ষা ও আদর্শ।

### তথ্যনির্দেশ

১. ইবন ইসহাক, *সীরাতে রসূলুল্লাহ (সা.)*, ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৯৭, পৃ. ৪০৮।
২. আল-কুরআন, সূরা নিসা, আয়াত ৭৭।
৩. মুহাম্মদ আসাদুল্লাহ আল-গালিব, *সীরাতুর রাসূল (ছা:)*, রাজশাহী: হাদীস ফাউন্ডেশন, ২০১৬, পৃ. ২৬৯।
৪. আল-কুরআন, সূরা বাকারা, আয়াত ১৯০।
৫. মুহাম্মদ আসাদুল্লাহ আল গালিব, *পূর্বোক্ত*, পৃ. ২৬৯।
৬. আল-কুরআন, সূরা হজ্জ, আয়াত ৩৯-৪০।
৭. *ইসলামী বিশ্বকোষ*, সম্পাদনা পরিষদ কর্তৃক সম্পাদিত "হযরত রাসূলে করীম (সা.): জীবন ও শিক্ষা", ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ২০০৪, পৃ. ৩৪০।
৮. মাহমুদুর রহমান, *বিশ্বনবী (স.) এর সৈনিক জীবন*, ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৯৯, পৃ. ৩৩।
৯. মাওলানা আফলাতুন কায়সার কর্তৃক অনূদিত, *সহীহ মুসলিম*, ষষ্ঠ খণ্ড, ঢাকা: বাংলাদেশ ইসলামিক সেন্টার কর্তৃক প্রকাশিত, ২০০২, পৃ. ১৯০।
১০. *তদেব*, পৃ. ১৯০।
১১. মেজর জেনারেল আকবার খান, *মহানবী (স.) এর প্রতিরক্ষা কৌশল*, আবু সাঈদ মুহাম্মদ ওমর আলী (অনু.), ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৮৭, পৃ. ১৫০।
12. Md. Hamidullah, *The Battlefields of the Prophet Muhammad*, দড়িয়াগঞ্জ, দিল্লী, Kitab Bhavan, India, 1973c p. 54.
১৩. আল ওয়াকিদী, *কিতাব আল মাগাজী*, লন্ডন: রুথলেস পাবলিশার্স, ১৯৬৬, পৃ. ২০৭-২০৮।
১৪. ইবন হিশাম (র.), *সীরাতুন নবী (সা.)*, ৪র্থখণ্ড, ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৯৪, পৃ. ১০৩।

১৫. মুহাম্মদ ইয়াসীন মাজহার সিদ্দিকী, *রাসূল মুহাম্মদ (স.) এর সরকার কাঠামো*, ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৯৪, পৃ. ১৭২।
১৬. আল ওয়াকিদী, *পূর্বোক্ত*, পৃ. ৪৮৯-৪৯০।
১৭. Md. Hamidullah, *পূর্বোক্ত*, পৃ. ৫৩-৫৭।
১৮. আল ওয়াকিদী, *পূর্বোক্ত*, পৃ. ৫৩-৫৪।
১৯. *তদেব*, পৃ. ৫৭৪, ৬৪০-৬৪১।
২০. মুহাম্মদ ইয়াসীন মাজহার সিদ্দিকী, *পূর্বোক্ত*, পৃ. ১৬৯।
২১. আলী মুহাম্মদ সাল্লাবী, *নবীজির যুদ্ধ জীবন*, কাজী আবুল কালাম সিদ্দিকী অনূদিত, ঢাকা, আকিক পাবলিকেশন্স, ২০১৯, পৃ. ৩৫৪-৩৫৫।
২২. মুহাম্মদ ইয়াসীন মাজহার সিদ্দিকী, *পূর্বোক্ত*, পৃ. ১৭৪।
২৩. *তদেব*, পৃ. ১৭৪।
২৪. মাওলানা আজিজুল হক কর্তৃক অনূদিত, *আল বুখারী*, ২য় খন্ড, ঢাকা: হামিদিয়া লাইব্রেরী, ১৯৮৭, পৃ. ২৩৯।
২৫. ইবন হিশাম, ৪র্থ খন্ড, পৃ. ১৭৪-১৭৫।
২৬. আল বুখারী, *পূর্বোক্ত*, ২য় খন্ড পৃ. ২৪৭।
২৭. ইমাম দাউদ সুলায়মান, (রহ.) আবু দাউদ, ৩য় খন্ড, ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ, ১৯৮৫, পৃ. ৭৯।
২৮. আল-কুরআন, সূরা সাফ, আয়াত ৪।
২৯. সৈয়দ মামমুদুল হাসান, *মুসলিম প্রশাসন ব্যবস্থা*, ঢাকা: সুমী প্রেস এন্ড পাবলিকেশন্স, ১৯৯৩, পৃ. ২৭।
৩০. আলী মুহাম্মদ সাল্লাবী, *পূর্বোক্ত*, পৃ. ৮১।
৩১. মাওলানা মুহাম্মদ তফাজ্জল হোছাইন, *হযরত মুহাম্মদ মুক্তফা (স.): সমকালীন পরিবেশ ও জীবন*, ড. এ.এইচ.এম মজতবা হোছাইন কর্তৃক সম্পাদিত, ঢাকা: ইসলামিক রিসার্চ ইনস্টিটিউট বাংলাদেশ, ১৯৯৮, পৃ. ৪৭৮।
৩২. সালাহউদ্দীন জাহাঙ্গীর, *বদর যুদ্ধের ঐতিহাসিক গল্পভাষ্য*, ঢাকা: নব প্রকাশ, ২০১৯, পৃ. ১৫৯।
৩৩. আল বুখারী, *পূর্বোক্ত*, ২য় খন্ড, পৃ. ২৪৮।
৩৪. আল বুখারী, *পূর্বোক্ত*, ২য় খন্ড, পৃ. ২৩৯।
৩৫. আবু দাউদ, *পূর্বোক্ত*, ৩য় খন্ড পৃ. ১১৮।
৩৬. আলী মুহাম্মদ সাল্লাবী, *পূর্বোক্ত*, পৃ. ৮৩।
৩৭. *ইসলামী বিশ্বকোষ* (সম্পাদিত) ২০শ খন্ড, ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৯৬, পৃ. ৫৯২।
৩৮. ছফিউর রহমান মোবারক পুরী, *আর রাহীকুল মাখতুম*, ঢাকা: আল কোরআন একাডেমী লন্ডন, (বাংলাদেশ সেন্টার), ১৯৯৯, পৃ. ৩৫৭।
৩৯. মুহাম্মদ তফাজ্জল হোছাইন, *পূর্বোক্ত*, পৃ. ৭২২।
৪০. ইসলামী বিশ্বকোষ, *পূর্বোক্ত*, পৃ. ২৭৩।
৪১. আলী মুহাম্মদ সাল্লাবী, *পূর্বোক্ত*, পৃ. ৫১০।
৪২. সি.ফিজ. গীবন, *সিক্রেট ইনটেলিজেন্স ইন দি টোয়েন্টিথ সেন্সুরী*, লন্ডন: স্টেন এন্ড ডে পাবলিকেশন্স, ১৯৭৬, পৃ. ৫০।
৪৩. ইবন হিশাম, ৪র্থ খন্ড, *পূর্বোক্ত*, পৃ. ৫৮।
৪৪. এ.কে.এম ইদ্রিস আলী, 'মহানবীর মক্কা বিজয়: প্রসঙ্গ কূটনীতি', বাংলাদেশ ইতিহাস পরিষদ পত্রিকা, বাংলাদেশ ইতিহাস পরিষদ, ঢাকা, ২০০০, পৃ. ১৫৩।
৪৫. আলী মুহাম্মদ সাল্লাবী, *পূর্বোক্ত*, পৃ. ৫১০-৫১১।
৪৬. সহীহ মুসলিম, *পূর্বোক্ত*, ১ম খন্ড, পৃ. ৮২-৮৩।
৪৭. সহীহ মুসলিম, *পূর্বোক্ত*, ৬ষ্ঠ খন্ড, পৃ. ১৯৩।
৪৮. আল বুখারী, *পূর্বোক্ত*, ২য় খন্ড, পৃ. ২৩৫।
৪৯. আবু দাউদ, *পূর্বোক্ত*, ৩য় খন্ড, পৃ. ১১৪।
৫০. আল বুখারী, *পূর্বোক্ত*, ২য় খন্ড, পৃ. ২৩৯।
৫১. আলী মুহাম্মদ সাল্লাবী, *পূর্বোক্ত*, পৃ. ৫১০।
৫২. রওশন আল খোন্দকার (স.), *সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠায় রাসূল (স.)*, ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ২০০৫, পৃ. ১৭৫।
৫৩. কাজী মুহাম্মদ সুলায়মান মনসুরপুরী, *রহমাতুল্লিল আলামীন*, মুহাম্মদ মুজীবুর রহমান (অনু.), খন্ড ১, রাজশাহী: মদিনা পাবলিকেশন্স ১৯৯৭, পৃ. ১২৯।
৫৪. আল্লামা শিবলী নোমানী, সীরাতুন নবী (স.), ১ম খন্ড, পশ্চিমবঙ্গ, মল্লিক ব্রাদার্স, ভারত, ২০০৯, পৃ. ৬১৫।
৫৫. ছফিউর রহমান মোবারক পুরী, *পূর্বোক্ত*, পৃ. ৪৫৫।

## বঙ্গভঙ্গ উত্তর বাংলার রাজনীতি : প্রকৃতি ও প্রভাব (The Politics of Bengal after the partition: Nature and Influence)

Dr. Md. Khalilur Rahman\*

**Abstract:** The Partition of Bengal took place in 1905 and it continued till its annulment in 1911. This division of Bengal was carried out by the British viceroy of India, Lord Curzon, despite strong Indian nationalist opposition. It was carried out mainly for the convenience of administration. Lord Curzon stated that the eastern region of Bengal was neglected and under-governed and hence, by splitting the province, an improved administration could be established there. But the hidden motive behind this division was to break the unity of Hindu and Muslim farmers and labourers which was a threat for the British. The British also wanted to curtail the influence of Bengal politicians and split the Bengali people in general. The partition divided the province between West Bengal, whose majority was Hindu, and East Bengal whose majority was Muslim, but left considerable minorities of Hindus in East Bengal and Muslims in West Bengal. As a result of the partition when the Muslim majority province of Eastern Bengal and Assam had been created, the prominent Muslim leaders started seeing it advantageous to their interests. While the Indian National Congress in general and the Bengali Hindus of the upper society in particular started their protest against the partition and demanded its annulment. Gradually it made a transformation of the Indian National Congress from a middle class pressure group into a nationwide mass movement. Owing to mass political protests, King George V announced on the 12<sup>th</sup> December 1911 that eastern Bengal would be assimilated to Bengal Presidency and the partition of Bengal was cancelled. Districts where Bengali was spoken, were once again united, and Assam, Bihar and Orissa were separated. The present paper is a humble attempt to highlight, in brief, the nature and course of the Bengal politics after the partition.

১৯০৫ সালের বাংলা বিভাজনকরণ ভারতীয় উপমহাদেশের ইতিহাস একটি যুগান্তকারী ঘটনা। কলকাতার বুদ্ধিজীবী এবং ইংরেজ সরকারের মধ্যে সংঘটিত এক চরম সংঘাতের মধ্যদিয়ে ছয়টি বছর (১৯০৫-১৯১১) অতিক্রান্ত হয়। ১৮৫৪ সালে বাংলা, বিহার, উড়িষ্যা ও আসাম নিয়ে বাংলার প্রেসিডেন্সি গঠিত হয়েছিল। ১৮৬৬ সালে উড়িষ্যায় যে এক দারুণ দুর্ভিক্ষের প্রাদুর্ভাব ঘটছিল এর কারণ অনুসন্ধানের জন্য একটি তদন্ত কমিশন গঠন করা হয়। কমিশন মত প্রকাশ করে যে, বিরাট বাংলা প্রদেশের শাসন ব্যাপারে যে অসুবিধা বিদ্যমান আছে তা দুর্ভিক্ষের অন্যতম কারণ। কমিশন বাংলার প্রশাসনের ক্ষেত্রে কতগুলি উন্নয়নমূলক সংস্কারের সুপারিশ করে। ইংল্যান্ডের কর্তৃপক্ষ ও ভারত সরকারের মধ্যে বিস্তারিত আলোচনার পর এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, একজন লেফটেন্যান্ট গভর্নরের পক্ষে পূর্বাঞ্চলের চারটি প্রদেশের প্রশাসন সুষ্ঠুভাবে পরিচালনা করা সম্ভব নয়। মাদ্রাজ ও বোম্বাই প্রেসিডেন্সি আয়তনে বাংলা প্রেসিডেন্সি অপেক্ষা ছোট হলেও এই দুই প্রেসিডেন্সির প্রশাসন দুজন পৃথক গভর্নরের হাতে ন্যস্ত ছিল এবং এই দুই প্রেসিডেন্সির গভর্নরকে শাসনকার্যে সাহায্য করার জন্য কাউন্সিলও ছিল। কিন্তু বাংলা প্রেসিডেন্সির লেফটেন্যান্ট গভর্নরের কোন কাউন্সিল ছিল না। সুতরাং লেফটেন্যান্ট গভর্নরের দায়িত্ব কিছুটা লাঘব করার জন্য বাংলা প্রেসিডেন্সির আয়তন খর্ব করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ উদ্দেশ্যে ১৮৭৪ সালে বাংলা প্রেসিডেন্সি থেকে আসামকে বিচ্ছিন্ন করা হয় এবং আসামের প্রশাসন একজন কমিশনারের হাতে ন্যস্ত করা হয়। সিলেট, গোয়ালপাড়া ও কাছাড় প্রভৃতি বাংলা ভাষাভাষী অধ্যুষিত জেলাগুলি আসামের অন্তর্ভুক্ত করা হয়।

\* Professor, Department of Islamic History & Culture, University of Rajshahi, Bangladesh.

### বঙ্গভঙ্গের প্রয়োজনীয়তা ও সিদ্ধান্ত গ্রহণ

আসামকে বিচ্ছিন্ন করা সত্ত্বেও বাংলা প্রেসিডেন্সির প্রশাসনিক সমস্যার কোন সমাধানই হল না। অপরদিকে আসামকে এক নতুন প্রশাসনের আওতায় আনার ফলে নতুন সমস্যারও সৃষ্টি হল। উনবিংশ শতাব্দীর শেষের দিকে চট্টগ্রাম জেলা ও সমগ্র চট্টগ্রাম বিভাগকে বাংলা প্রেসিডেন্সির অন্তর্ভুক্ত রাখা হবে অথবা আসামে অন্তর্ভুক্ত করে আসামের আয়তন বৃদ্ধিকর হবে এ প্রশ্ন দেখা দেয়। এ প্রশ্নে কোন সিদ্ধান্ত গ্রহণের পূর্বে লর্ড কার্জন ভারতের বড়লাট নিযুক্ত হয়ে আসেন। শিক্ষা, কর্মদক্ষতা, দায়িত্বজ্ঞান এবং সর্বোপরি এই দেশের সম্পর্কে স্পষ্ট ধারণা নিয়েই তিনি ভারতে আসেন। তাঁর শাসনকাল বিভিন্ন দিক থেকে বিশেষ তাৎপর্যপূর্ণ। লর্ড কার্জনের শাসনকালের বিভিন্ন সংস্কারের মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ছিল বঙ্গভঙ্গ বা বাংলা বিভাগ।<sup>১০</sup>

১৮৯৮ সালের ডিসেম্বর মাসে লর্ড কার্জন ভারতের বড়লাট নিযুক্ত হয়ে আসছেন সংবাদ পেয়ে কংগ্রেসের মাদ্রাজ অধিবেশনের সভাপতি আনন্দমোহন বসু তাকে স্বাগত জানিয়ে ভাষণ দিয়েছিলেন। কিন্তু ১৯০০ খ্রিস্টাব্দে লর্ড কার্জন লিখেছিলেন, “কংগ্রেস টলটলায়মান অবস্থায় ক্রমেই পতনের দিকে অগ্রসর হচ্ছে এবং ভারতবর্ষে থাকাকালে আমার অন্যতম প্রধান আকাঙ্ক্ষাই হল এর শান্তিপূর্ণ মৃত্যুতে সাহায্য করা।”<sup>১১</sup>

ভারতের জাতীয়তাবাদী আন্দোলনের পুরোভাগে ছিল বাংলা ও বাঙালি জাতি, একথা ইতিহাসসম্মত। বাঙালি জাতি যখন ক্রমেই জাতীয়তাবোধে উদ্বুদ্ধ হয় সে সময়ে (১৯০৪-০৫) রুশ-জাপান যুদ্ধে ক্ষুদ্র দেশ জাপান বিশাল দেশ রাশিয়াকে পরাজিত করলে চীন, জাপান, পারস্য সর্বত্র বিদেশী প্রভাব ও প্রাধান্য মুক্ত হবার গভীর আকাঙ্ক্ষা জেগে ওঠে। স্বাভাবিকভাবেই তা ভারতের জাতীয় আন্দোলনের উপর গভীর প্রভাব বিস্তার করে। এ ছাড়া দক্ষিণ আফ্রিকায় কৃষ্ণকায়দের উপর শেতাঙ্গদের বর্বর অত্যাচারের কাহিনী ভারতবাসীর মনে ব্রিটিশ জাতির প্রতি বিদ্বেষ ও ঘৃণা আরও বাড়িয়ে দিয়েছিল। এরই মধ্যে লর্ড কার্জন ভারতীয়দের শিক্ষা, সংবাদপত্র ও স্থানীয় স্বায়ত্তশাসনের অধিকারের উপর হস্তক্ষেপ করে এক বিক্ষোভের সৃষ্টি করেছিলেন। কোন কোন পণ্ডিতের মতে, “লর্ড কার্জনের বঙ্গভঙ্গের পরিকল্পনা ছিল সর্বাধিক প্রতিক্রিয়াশীল। ভারতে বড়লাট নিযুক্ত হয়ে এসেই লর্ড কার্জনের প্রথম কাজ হল ব্রিটিশ সাম্রাজ্যবাদের স্বার্থে ভারতের শাসনকার্য পরিচালনা করা। কিন্তু জাতীয় কংগ্রেসের ভিতর উগ্র জাতীয়তাবাদী গোষ্ঠী তার নীতির ও কার্যের প্রতিবন্ধক হয়ে দাঁড়ায়। তিনি মনে করেন, জাতীয়তাবাদী আন্দোলনে বাঙালির এক গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে এবং তাদের উগ্র জাতীয়তাবাদী চিন্তাধারা ভারতের ব্রিটিশ শাসনের পক্ষে বিপজ্জনক হয়ে উঠবে। সুতরাং জাতীয়তাবাদী আন্দোলনের প্রধান কেন্দ্র বাংলা তথা বাঙালিকে দুর্বল করতে হলে ‘বিভাজন নীতি’ গ্রহণের প্রয়োজন লর্ড কার্জন অনুভব করেন।”<sup>১২</sup>

নদীমার্ভুক পূর্ব-বাংলার যোগাযোগ ব্যবস্থা, পুলিশ এবং ডাক ব্যবস্থা খুবই পুরনো আমলের ছিল, অনুন্নত যোগাযোগ ব্যবস্থা এবং প্রশাসনিক দুর্বলতার সুযোগ নিয়ে দক্ষিণ ও পূর্বাঞ্চলের হাওর ও চর অঞ্চলে এবং নদীগুলিতে চুরি, ডাকাতি, রাহাজানি নিত্য নৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছিল। মানুষের জানমালের নিরাপত্তার অভাব সর্বত্র অনুভূত হচ্ছিল। তাই শাসন কার্যের সুবিধার জন্যই ১৯০১ সালের মধ্য প্রদেশের চীফ কমিশনার এনড্রো ফ্রেজার বাংলা প্রদেশ বিভাগের সুপারিশ করেছিলেন।<sup>১৩</sup> তিনি এই প্রদেশ বিভাগের পক্ষে রাজনৈতিক প্রয়োজনের কথাও উল্লেখ করেছিলেন। বড় লাট তাঁর প্রস্তাবের যৌক্তিকতা স্বীকার করেন এবং এ ব্যাপারে ভারত সচিব লর্ড হেমিলটনের সঙ্গে পত্র বিনিময় করেন। ফ্রেজার লিখেছেন, যদি ঢাকা ও ময়মনসিংহ আসামের অন্তর্ভুক্ত করা হয় তাহলে এ অঞ্চলের অশান্তি কমে যাবে এবং পূর্ব বাংলা থেকে যে গুরুতর শাসন সমস্যার উদ্ভব হয়েছে তা দূর হবে। কার্জন এ পরিকল্পনা মোটামুটিভাবে গ্রহণ করেছিলেন। ১৯০৩ সালের ১২ ডিসেম্বর চট্টগ্রাম বিভাগ এবং ঢাকা ও ময়মনসিংহ জেলা দুটি বাংলা থেকে বিচ্ছিন্ন করে আসামের সঙ্গে যুক্ত করবার পরিকল্পনা প্রকাশিত হয়। এ প্রস্তাব প্রকাশিত হলে বাংলায় এক প্রচণ্ড আলোড়নের সৃষ্টি হয়। রাজনৈতিক নেতৃবৃন্দ ছাড়াও জমিদার এবং শিক্ষিত হিন্দুগণ এ পরিকল্পনার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানায়। কংগ্রেস মনে করে যে, বাঙালি জাতীয়তাবাদের উপর আঘাত হানার উদ্দেশ্যেই সরকার এ পরিকল্পনা রচনা করেছে। ১৯০৪ সালের ৭ ফেব্রুয়ারি রিজলি তার মন্তব্যে বলেন, “কংগ্রেস মনে করে যে, বাংলাদেশ যুক্ত

থাকলে এটা খুব শক্তিশালী হয়, বাংলাদেশ বিভক্ত হলে এর শক্তি বিচ্ছিন্ন ও বিভিন্নমুখী হয়ে পড়বে। এটা খুবই সত্য এবং এই হবে আমাদের পরিকল্পনার অন্যতম সুফল।”

বাংলার মুসলমানদেরও এ পরিকল্পনা মনঃপুত হয়নি। ১৯০৪ সালের ২৫ জানুয়ারি ঢাকা সুহদ সংঘ এক সভায় আসাম, চট্টগ্রাম, ঢাকা ও রাজশাহী বিভাগগুলি নিয়ে (দার্জিলিং, জলপাইগুড়ি ও কুচবিহার বাদ দিয়ে) একটি নতুন প্রদেশ গঠনের দাবি করে। বড়লাট লর্ড কার্জন তার পরিকল্পনার বিষয়ে সরজমিনে তদন্ত করার জন্য ১৯০৪ সালের ফেব্রুয়ারি মাসে পূর্ব বাংলা অঞ্চল পরিদর্শন করতে আসেন। ঢাকায় নবাব সলিমুল্লাহ লর্ড কার্জনকে রাজকীয় আতিথেয়তা প্রদান করেন। তিনি এ সময়ে বঙ্গভঙ্গ পরিকল্পনার ব্যাপারে লর্ড কার্জনের নিকট মুসলমানদের অভিমত প্রকাশ করেন। নবাব সলিমুল্লাহ বলেন, চট্টগ্রাম বিভাগ, ঢাকা ও ময়মনসিংহ জেলাগুলি আসামের সঙ্গে সংযুক্ত হলে এতদঞ্চলের মুসলমানদের বিশেষ কোন উপকার হবে না। এই অঞ্চলের মুসলমানদের জন্য তিনি একটি প্রদেশ দাবি করেন।<sup>১০</sup> লর্ড কার্জন পূর্ব বাংলা অঞ্চল পরিদর্শন করে এটা বুঝতে পারেন যে, বাংলাদেশ সরকারের শাসন সমস্যা সমাধানের জন্য ফেজারের পরিকল্পনার কিছুটা সম্প্রসারণ করা দরকার।<sup>১১</sup>

বড়লাট লর্ড কার্জন বাংলার পূর্বাঞ্চল ও আসাম নিয়ে পূর্ব বাংলা ও আসাম প্রদেশ গঠনের পরিকল্পনা প্রণয়ন করেন এবং তা অনুমোদনের জন্য ভারত সচিবের নিকট প্রেরণ করেন (ফেব্রুয়ারি, ১৯০৫)। ভারত সচিব ব্রডারিক এ পরিকল্পনা অনুমোদন করেন এবং তা ১৯০৫ সালের ১০ জুলাই প্রকাশিত হয়। পরিকল্পনা অনুযায়ী আসাম, ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী বিভাগগুলি নিয়ে পূর্ব বাংলা ও আসাম প্রদেশ গঠিত হয়। দার্জিলিং নতুন প্রদেশ থেকে বাদ পড়ে কিন্তু জলপাইগুড়ি, পার্বত্য ত্রিপুরা এবং মালদহ সংযুক্ত হয়। ঢাকা রাজধানী এবং চট্টগ্রাম বিকল্প রাজধানী নির্বাচিত হয়।<sup>১২</sup>

#### হিন্দু-মুসলিম বিরোধ

বঙ্গভঙ্গের প্রস্তাব প্রথম থেকেই হিন্দুদের মধ্যে তীব্রক্ষোভ ও আন্দোলন-সংগ্রামের ভীতি প্রদর্শন করে আসছিল। এরপরও সরকার তাদের সিদ্ধান্তে অটল রইল। ১৯০৫ খ্রিস্টাব্দের ১৬ই অক্টোবর থেকে বঙ্গভঙ্গ পরিকল্পনা কার্যকরী হবে, এ সংবাদে হিন্দু নেতাদের মনে প্রবল উত্তেজনার সৃষ্টি হয়।<sup>১৩</sup> নতুন প্রদেশ বাস্তবায়ন যাতে কার্যকর না হতে পারে সে ব্যবস্থা গ্রহণে তারা প্রতিজ্ঞাবদ্ধ হয়। তারা পত্র-পত্রিকায়, বক্তৃতামঞ্চে একে বাঙালি বিরোধী, ‘জাতীয়তাবাদী বিরোধী এবং বঙ্গমাতার অঙ্গচ্ছেদ’ প্রভৃতি বিশেষণে আখ্যায়িত করে। সুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বাংলার সর্বত্র বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন শুরু হয়। সরকারি সিদ্ধান্তের কথা ঘোষিত হবার পরদিনই বঙ্গীয় ব্যবস্থাপক সভার অধিবেশনে ভূপেন্দ্র নাথ বসু বঙ্গভঙ্গের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করেছিলেন। সুরেন্দ্রনাথ কর্তৃক পরিচালিত ‘বেঙ্গলি’ পত্রিকায় বঙ্গভঙ্গকে ‘এক গুরুতর জাতীয় বিপর্যয়’ বলে মন্তব্য করা হয় এবং সরকারকে ভারত ব্যাপী এক জাতীয় সংগ্রামের জন্য সতর্ক করে দেয়া হয়। কৃষ্ণকুমার মিত্র সম্পাদিত ‘সঞ্জীবনী’ পত্রিকা ১৯০৫ সালের ১৩ জুলাই সম্পাদকীয় নিবন্ধে ইংরেজ সরকারের বিরুদ্ধে সামগ্রিক ‘বয়কট-যুদ্ধ’ ঘোষণা করে। *হিতবাদী* পত্রিকায় (০৭-০৭-১৯০৫) বলা হয়, বিগত ১৫০ বছরের মধ্যে বাঙালি জাতির সম্মুখে এরূপ বিপর্যয় কখনও আসেনি। ‘সঙ্ক্যা’ পত্রিকায় (১৮-০৭-১৯০৫) বলা হয়, বাঙালি জাতিকে ধ্বংস করার উদ্দেশ্যেই বঙ্গভঙ্গের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে হিন্দু নেতাদের অনেক উক্তিই যে স্ববিরোধী এবং রাজনৈতিক চালপ্রসূত ছিল সে বিষয়ে কোন সন্দেহ নেই।<sup>১৪</sup>

কার্জন বাংলার হিন্দু-মুসলমানদেরকে তাদের প্রাচীন ঐতিহ্যের কথা স্মরণ করিয়ে দেন এবং তাদেরকে নব গঠিত প্রদেশকে পূর্ণ সমর্থন জানাতে আহ্বান করেন। কিন্তু কলকাতার সংবাদ পত্রগুলি তাঁর উদ্দেশ্যের ভুল ব্যাখ্যা করে এবং তাঁকে মুসলমানদের পক্ষে পক্ষপাতিত্বের দোষারোপ করে। তারা আরও প্রচার চালায় যে, লর্ড কার্জনের এই বিভেদ নীতির ফলে মুসলমানদের মনে উচ্চাকাঙ্ক্ষা জেগেছে এবং এর ফলে হিন্দু-মুসলমান সম্পর্কের দ্রুত অবনতি ঘটেছে। কিন্তু এই সকল উক্তি ছিল খুবই বিভ্রান্তিকর ও ফাঁকা। এ প্রসঙ্গে ড. স্ট্যানলি ওলপার্টের মন্তব্য প্রণিধানযোগ্য, তাঁর মতে, হিন্দু-মুসলমান সংঘাত নতুন নয়। এটা ভারতের ইতিহাসের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত একটি সামাজিক সমস্যা। দীর্ঘ কয়েক শ বছর পরস্পরের সহঅবস্থান সত্ত্বেও ইসলাম ও হিন্দু ধর্মের মধ্যে অভ্যন্তরীণ সংঘাত দূর হয়নি।<sup>১৫</sup>

১৯০৫ সালের ১৬ অক্টোবর বঙ্গভঙ্গ পরিকল্পনা কার্যকরী হয় এবং স্যার বেফিল্ড ফুলার পূর্ব বাংলা ও আসাম প্রদেশের ছোটলাট নিযুক্ত হন। ঢাকায় তাকে বিপুল সংবর্ধনা দেয়া হয়। বঙ্গভঙ্গের বিপক্ষে হিন্দুদের আন্দোলনের কথা উল্লেখ করে নবাব সলিমুল্লাহ বলেন, “হিন্দুগণ কালক্রমে বুঝতে পারবে যে, পূর্ব বাংলা প্রদেশ স্থাপিত হওয়ায় বাংলা ভাষাভাষী জনগণ বিভক্ত হয়নি বরং দুটি সহদোরা প্রদেশের শাসন, শিক্ষা প্রভৃতির উন্নতির সুব্যবস্থা হবে এবং বাঙালি জাতি শক্তিশালী হয়ে উঠবে।”<sup>১০</sup>

হিন্দুরা বঙ্গভঙ্গকে মেনে নিতে পারেনি। তাদের বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের মূল কারণ প্রথমত, বঙ্গভঙ্গের পূর্বে হিন্দুরা বাংলার সামাজিক ও অর্থনৈতিক জীবনে বহুবিধ সুযোগ সুবিধা ভোগ করে আসছিল। বঙ্গভঙ্গের ফলে পূর্ব বাংলার মুসলমানদের ভাগ্যোন্নয়নের ব্যাপক সম্ভাবনা দেখা দিবে। শিক্ষা বিস্তারের সঙ্গে সঙ্গে পূর্ব বাংলার নিপীড়িত মুসলমান কৃষক সমাজের মধ্যে রাজনৈতিক চেতনাবোধ জাগরিত হয়ে উঠবে। ফলে হিন্দু জমিদার ও বুদ্ধিজীবীরা মুসলমানদের উপর তাদের এতদিনকার প্রাধান্য ও কর্তৃত্ব হারাতে পারে। তাদেরকে আর আগের মত শোষণ ও নিষ্পেষণ করা যাবে না, এই আশঙ্কায় হিন্দুগণ আতঙ্কিত হয়ে ওঠে। দ্বিতীয়ত, হিন্দুদের সংকীর্ণ জাতীয়তাবাদ বা সাম্প্রদায়িকতা এ সময় ক্রমশই আত্মপ্রকাশ করছিল। হিন্দু জাতীয়তাবাদের নেতাগণ বঙ্গভঙ্গের এরূপ ব্যাখ্যা করতে থাকেন যে, রাজনীতি, অর্থনীতি এবং শিক্ষার ক্ষেত্রে অগ্রসরমান হিন্দু সম্প্রদায়ের সামাজিক বিকাশকে প্রতিহত করার উদ্দেশ্যেই ব্রিটিশ সরকার পূর্ব বাংলার মুসলমানদের প্রভাব প্রতিপত্তি বৃদ্ধির চেষ্টা করছেন। পূর্ব বাংলার জনগণের বিশেষ করে মুসলমান জনগণের সর্বাঙ্গীন মঙ্গল হোক হিন্দুগণ কোনদিনই সানন্দ চিত্তে তা গ্রহণ করতে পারেনি। মুসলিম সংখ্যাগরিষ্ঠ প্রদেশ তাদের মনে দারুণ ঈর্ষার উদ্বেক করে।<sup>১১</sup> তৃতীয়ত, ঢাকায় নতুন প্রদেশের রাজধানী স্থাপিত হলে এতদঞ্চলের অর্থনৈতিক সমৃদ্ধি বৃদ্ধি পাবে। অপরদিকে কলকাতার সমৃদ্ধি ক্রমশই হ্রাস পাবে এবং সেখানকার শিল্পপতি ও পুঁজিপতিদের একচেটিয়া ব্যবসার বিষয় ঘটবে। ব্যবসায়িক স্বার্থ বিপন্ন হবার আশঙ্কায় ব্যবসায়ী ও শিল্পপতির নতুন প্রদেশ গঠনের বিরোধিতা করছিল।<sup>১২</sup> শেরে বাংলা এ. কে. ফজলুল হক এক সময় বলেছিলেন, “Politics of Bengal is in reality economics of Bengal” “বাংলার অর্থনীতিই হল বাংলার আসল রাজনীতি।”<sup>১৩</sup> চতুর্থত, শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণী, আইনজীবীগণ, সাংবাদিক ও রাজনীতিবিদগণও নতুন প্রদেশ গঠনে ভীত ছিল। আইনজীবীগণ মনে করলেন যে, ঢাকাতে নতুন হাইকোর্ট প্রতিষ্ঠিত হলে তাদের আইন ব্যবসায়ের ভাটা পড়তে পারে। কারণ অধিকাংশ মক্কেলই ছিল পূর্ববঙ্গের। কলকাতার সংবাদপত্রের মালিকরাও মনে করলেন যে, নতুন প্রদেশের রাজধানী ঢাকা থেকে সংবাদপত্র প্রকাশিত হবে এবং সেক্ষেত্রে তাদের সংবাদপত্রের চাহিদা বহুলাংশে কমে যাবে।<sup>১৪</sup>

স্যার সলিমুল্লাহ পূর্ব বাংলার দারিদ্র্য পীড়িত জনগণের শিক্ষা সংস্কৃতি বিকাশের জন্য উদ্যোগ গ্রহণ করেন। এই সদিচ্ছা ও আদর্শে অনুপ্রাণিত হয়েই নবাব সলিমুল্লাহ নতুন প্রদেশ গঠনের প্রস্তাবকে দৃঢ়তার সঙ্গে সমর্থন করেন এবং তারই প্রতিষ্ঠিত প্রভিন্সিয়াল মোহামেডান ইউনিয়ন (Provincial Mohammedan Union) নব গঠিত প্রদেশে অবহেলিত মুসলমানদের স্বার্থরক্ষার্থে এগিয়ে আসে।<sup>১৫</sup> এই সংগঠনের মাধ্যমে মুসলমান সমাজ যারা বঙ্গভঙ্গের বিরোধিতা করেছিল তাদের বিরুদ্ধে প্রতিবাদমুখর হয়ে ওঠে এবং তাদের জীবনে দেখা দেয় এক অভূতপূর্ব জাগরণ।<sup>১৬</sup> এ সম্পর্কে নবাব সলিমুল্লাহ মুঙ্গিগঞ্জের জনসভায় ভাষণ দানকালে বলেন, “বঙ্গভঙ্গ আমাদেরকে নিষ্ক্রিয় জীবন থেকে জাগিয়ে তুলেছে এবং সক্রিয় জীবন ও সংগ্রামের পথে ধাবিত করেছে।”<sup>১৭</sup> সৈয়দ আহমদ খানের মৃত্যুর আট বছরের মধ্যে ১৯০৬ সালের ৩০ ডিসেম্বর ঢাকায় নবাব সলিমুল্লাহর উদ্যোগে মুসলিম লীগের প্রতিষ্ঠা হয়। মুসলিম লীগের জন্মলগ্ন থেকেই তা বঙ্গভঙ্গকে সমর্থন জানায়।

১৯০৫ সালের ১৬ অক্টোবর বঙ্গভঙ্গ কার্যকর হবার দিন বলে স্থিরীকৃত ছিল। সেদিন কংগ্রেস দেশব্যাপী শোকদিবস পালন করে। কবি রবীন্দ্রনাথ সেদিন রাখীবন্ধন উৎসবের প্রচলন করেন। ব্যবচিহ্ন বাংলার মানুষ যে ভাই ভাই তাদের ভাতৃবোধ যে অটুট এবং অবিচ্ছেদ্য তার প্রতীক হিসেবে হিন্দু-মুসলিম-খ্রিস্টান নির্বিশেষ একে অপরের হাতে রাখি বেঁধে দেন। ঐ দিনই ‘ফেডারেশন হল’ বা মিলন মন্দির নামে একটি সভাগৃহের ভিত্তিপ্রস্তর স্থাপন করে বাঙালি জাতির ঐক্যের স্থায়ী প্রতীক চিহ্ন গড়বার অঙ্গীকার গ্রহণ করা হয়। পূর্ব ও

পশ্চিম বাংলার মিলন ক্ষেত্র হিসেবে এই মিলনমন্দিরের ভিত্তি স্থাপিত করা হয়েছিল। আনন্দ মোহন বসু অত্যন্ত পীড়িত থাকা সত্ত্বেও সেদিন এই মিলন মন্দিরের ভিত্তি স্থাপনের জন্য উপস্থিত হয়েছিলেন।<sup>১০</sup> রামেন্দ্র সুন্দর ত্রিবেদী বঙ্গভঙ্গের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশের জন্য অরক্ষন' পালন করার জন্য প্রস্তাব করেছিলেন। শোক প্রকাশের চিহ্নরূপ সকলে উপবাস করে, দোকান পাট ও অন্যান্য কাজকর্ম বন্ধ রাখে। আত্মশুদ্ধির জন্য সূর্যোদয়ের পূর্বে উঠে সকলে 'বন্দে মাতরম্' গান গাইতে গাইতে গঙ্গাস্নানে যায়। হিন্দুদের মধ্যে উগ্র জাতীয়তাবাদ জাগানোই ছিল এইসব কর্মসূচির উদ্দেশ্য। অচিরেই এই আন্দোলন মুসলিম বিরোধী আন্দোলনে রূপ নেয়। ফলে পূর্ববাংলার বিভিন্ন স্থানে হিন্দু-মুসলিম দাঙ্গা শুরু হয়।<sup>১১</sup>

এই সংকটময় মুহূর্তে পূর্ব বাংলার মুসলমানদের স্বার্থ সংরক্ষণ করার জন্য এবং নতুন প্রদেশকে টিকিয়ে রাখার জন্য নবাব সলিমুল্লাহ নিরলস প্রচেষ্টা চালান। ধনবাড়ির জমিদার নবাব আলী চৌধুরী ও পূর্ব বাংলার উদীয়মান নেতা আবুল কাসেম ফজলুল হক তাঁকে পূর্ণ সহযোগিতা করেন। তারা পূর্ব বাংলার বিভিন্ন স্থানে সভার আয়োজন করে নতুন প্রদেশের যৌক্তিকতা ব্যাখ্যা করেন এবং নবগঠিত প্রদেশের সপক্ষে জনমত গড়ে তোলেন।<sup>১২</sup>

ইতিমধ্যে লর্ড কার্জন পদত্যাগ করে (১৯০৫) স্বদেশে চলে যান। প্রধান সেনাপতি লর্ড কিচিনারের সঙ্গে সামরিক প্রশাসন ক্ষেত্রে মতবিরোধই তার পদত্যাগের কারণ। তার স্থলে লর্ড মিন্টো নতুন ভাইসরয় হয়ে আসেন এবং এদেশের উত্তেজনামূলক পরিস্থিতি লক্ষ্য করেন। ভারত সভার পক্ষ থেকে তার নিকট প্রদেশ বিভাজনকরণের বিরুদ্ধে একটি স্মারকলিপি পেশ করা হয়। কিন্তু বাঙালি নেতা এবং দেশীয় সংবাদপত্রগুলিকে মিন্টোর জবাব সন্তুষ্ট করতে পারেনি। ইংল্যান্ডেও কংগ্রেস সমর্থক পার্লামেন্ট সদস্যগণ হেনরি কটনের নেতৃত্বে তোড়জোড় আরম্ভ করে এবং ব্রিটিশ সরকারকে তাদের সিদ্ধান্ত বাতিল করতে চাপ প্রয়োগ করতে থাকে। এদের প্রশ্নের উত্তরে ভারত সচিব লর্ড মর্লে বলেন, “বাংলা বিভাগ প্রশাসনমূলক, তা পরিবর্তন সাপেক্ষ নয়।”<sup>১৩</sup> এতে হিন্দু পত্রিকাগুলি লর্ড মর্লে ও লর্ড মিন্টোর নীতির তীব্র সমালোচনা করে।

লর্ড মিন্টোর প্রথম দিকে স্বদেশী আন্দোলনের প্রতি কোন সহানুভূতি ছিল না। পূর্ববঙ্গ ও আসামের প্রথম লেঃ গভর্নর ফুলার স্বদেশী আন্দোলনের নেতাদের প্রতি দমননীতি গ্রহণ করলে তার বিরুদ্ধে চক্রান্ত শুরু হয় এবং শেষ পর্যন্ত তিনি পদত্যাগ করেন। দেশের এই উত্তেজনাকর পরিস্থিতিতে লর্ড মিন্টো কংগ্রেসের নেতাদের সন্তুষ্ট করার জন্য লেঃ গভর্নর ফুলারের পদত্যাগ পত্র গ্রহণ করেন (১৯০৬ খ্রিঃ)। ফুলারের পদত্যাগে মুসলমানেরা খুবই ক্ষুব্ধ ও হতাশ হয়। তারা ঢাকায় নবাব সলিমুল্লাহর নেতৃত্বে একটি প্রতিবাদ সভার আয়োজন করে।<sup>১৪</sup>

#### উপসংহার

১৯১০ সালের শেষ দিকে লর্ড মিন্টোর স্থলে লর্ড হার্ডিঞ্জ নতুন ভাইসরয় হয়ে আসেন। ভারতে প্রবেশ করেই তিনি ঘোষণা করেন, ১৯১১ সনের ডিসেম্বরে ব্রিটিশ সম্রাট পঞ্চম জর্জ ও সম্রাজ্ঞী মেরী ভারতবর্ষ সফরে এসে দিল্লীতে দরবার করবেন। সে জন্য তিনি প্রথম থেকেই কংগ্রেসী নেতাদের সন্তুষ্ট করার জন্য আপোষনীতি গ্রহণ করতে এবং বঙ্গভঙ্গ রদ করার বিষয়ে সিদ্ধান্ত নেয়ার মনস্থ করেন। এ ব্যাপারে তিনি ভারত সচিব লর্ড স্ক্লর সমর্থন লাভ করেন। লর্ড হার্ডিঞ্জ রাজধানী কলকাতাকে দিল্লীতে স্থানান্তরিত করার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করেন এই ভেবে যে, এতে একদিকে যেমন কলকাতা সন্ত্রাসবাদীদের হাত থেকে অপেক্ষাকৃত মুক্ত থাকবে, অন্যদিকে দিল্লীতে রাজধানী স্থানান্তরিত হলে উত্তর ভারতের মুসলমানরাও খুশি হবে। কারণ দিল্লী এক সময় মুসলিম শাসনামল সুলতানী মোগল সাম্রাজ্যের রাজধানী ছিল।

১৯১১ সালের ডিসেম্বর মাসে ব্রিটিশ সম্রাট পঞ্চম জর্জ ও সম্রাজ্ঞী রানী মেরী ভারত আসলে তাঁদের আগমন উপলক্ষে দিল্লীতে সম্বর্ধনা জ্ঞাপনের জন্য এক বিরাট আয়োজনের ব্যবস্থা করা হয়। হাজার হাজার ভারতবাসী দিল্লীতে তাঁদের সাদর সম্বাধন জানায় এবং ব্রিটিশ সরকারের প্রতি ভারতবাসীর আনুগত্য প্রকাশ করে। ব্রিটিশ সম্রাট দিল্লীর দরবার হলে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন। ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লীতে স্থানান্তরিত হয়। পূর্ব বাংলাকে আবার কলকাতার প্রশাসনের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়। সমগ্র বাংলাকে নিয়ে গভর্নরের অধীনে একটি নতুন প্রদেশে পরিণত করা হয়। বিহার ও উড়িষ্যাকে একত্রিত করে একজন লে. গভর্নরের

অধীনে একটি নতুন প্রদেশ সৃষ্টি করা হয়। আসাম পূর্বের ন্যায় চীফ কমিশনারের অধীনে ন্যস্ত থাকলো। এ নতুন ঘোষণা বা ব্যবস্থাটি ১৯১২ সালের জানুয়ারি মাস থেকে কার্যকর হয়। স্বাভাবিকভাবেই মুসলমানরা বঙ্গভঙ্গ রূপে তীব্র অসন্তোষ ও ক্ষোভ প্রকাশ করে। ঢাকা ও কলকাতার মুসলমানরা প্রতিবাদ সভা করে ব্রিটিশ সরকারের বিশ্বাসঘাতকতার প্রতিবাদ জানায়। অবশ্য বর্ণহিন্দুরা ও কিছু কিছু কংগ্রেস নেতারা এ প্রতিবাদকে স্বাগত জানায় এবং উল্লসিত হয়। এক্ষেত্রে সবচেয়ে বেশী হতাশ ও আঘাত পেয়েছিলেন নবাব স্যার সলিমুল্লাহ নিজেই। ভারতীয় উপমহাদেশে এ উপনিবেশিক শাসকদের বিশ্বাসঘাতকতা সহ্য করতে না পেরে তিনি রাজনীতি থেকে অবসর গ্রহণ করেন।

### তথ্যনির্দেশ

১. W.W. Hunter, *The Indian Mussalmans*, London: 1971., pp. 23-24.
২. Sumit Sarkar, *The Swadeshi Movement in Bengal, 1903-1908*, New Delhi, Peoples Pub., 1968, Appendix E, pp. 141-147.
৩. Indian Association, *Annual Report, 1911*, Appendix E, pp. 19-22.
৪. *Ibid*, pp. 23-28.
৫. *Ibid*, pp. 29-30.
৬. *Ibid*, pp. 31-38.
৭. *Ibid*, pp. 39-40.
৮. Census of India, 1911, Vol. 3, p. 28.
৯. Calcutta Gazette Extraordinary, 13 No, 1912, p. 7.
১০. Calcutta Gazette 9 May, 1913, Part- 1A, pp. 363-370.
১১. *Ibid*, pp. 371-375.
১২. Gowtom Chattopadhyay, *Bengal Electoral Politics and Freedom Struggle 1868-1947*, New Delhi, 1963, pp. 189-190,
১৩. *Ibid*, pp. 191.
১৪. Mahmud Husain (ed), *A History of Freedom Movement (1906-1936)*, Vol. III, Karachi, Pakistan Historical Society, 1963, p. 13.
১৫. *Ibid*, pp. 14-15.
১৬. Sufi Ahmed, *Muslim Comynunityin Bengal 1884-1912*, Dhaka: OUP, 1974, pp. 239-245.
১৭. *Ibid*, pp. 246-248.
১৮. *Ibid*, pp. 249-250.
১৯. নজরুল ইসলাম, *বাংলায় হিন্দু-মুসলিম সম্পর্ক*, ২য় প্রকাশ, কলকাতা: মিশ্র ও ঘোষ পাবলিকেশন, ১৯৯৬, পৃ. ২১১।
২০. Shaifuddin Pirzada, *Foundation of Pakistan all-India MuslimLeague Documents (1906-1947)*, Vol.; 1, Karachi: National Pub., 1969, pp. 7-10.
২১. *Ibid*, pp. 11-15.
২২. মোহাম্মদ ওয়ালীউল্লাহ, *আমাদের মুক্তি সংগ্রাম*, ঢাকা: নওরোজ কিতাবিস্তান, ১৯৬৭, পৃ. ১৮৫-১৮৬।
২৩. Sumit Sarkar, *op.cit.*, pp. 25-30.
২৪. Motiur Rahman, *From Consultation to Confrontation : A study of the Muslim League in British Indian Politics (1906-1912)*, London, 1970, p. 237.
২৫. সিরাজুল ইসলাম (সম্পাদক), *বাংলাদেশের ইতিহাস (১৭০৪-১৯৭১)*, ৩য় খণ্ড, ঢাকা: এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ, ১৯৯৩, পৃ. ১১৫
২৬. *তদেব*, পৃ. ১১৬-১২০।
২৭. মোহাম্মদ আজিজুল হক, *বাংলাদেশে মুসলিম শিক্ষার ইতিহাস ও সমস্যা*, অনুবাদ: মোস্তফা নূর-উল-ইসলাম, ঢাকা: বাংলা একাডেমী, ১৯৬৯, পৃ. ৭৫।



## বাংলার মধ্যযুগের ইতিহাস চর্চায় মমতাজুর রহমান তরফদার (The Study of Medieval History of Bengal: Momtazur Rahman Tarafdar)

Dr. Muhammad Shakhawat Hussain\*

**Abstract:** The 20<sup>th</sup> century is an important chapter in the study of Medieval history of Bengal, because the practice of mediaeval history of Bengal flourished during this period. Historian Momtazur Rahman Tarafdar (1928-1997A. D.) was one of the most renowned thinkers, scholars and historians of the second half of the 20<sup>th</sup> century who have become famous in the study of Bengal's mediaeval history. This talented historian has drawn a clear outline of the mediaeval history of Bengal through published and unpublished works as well as archaeological sources in Arabic, Persian, Sanskrit and Bengali. He was a rare and exceptional genius in shaping the mediaeval history of Bengal. Inspired by the insight, neutrality and objectivity of research and with the help of reliable materials he made an invaluable contribution in reconstructing the history of a special period of mediaeval history of Bengal, namely Hussain Shahi period. He gained fame as an expert scholar of this era. In this article, a humble attempt is made to evaluate the contribution of Momtazur Rahman Tarafdar by reviewing his books on the study of mediaeval history of Bengal.

### ভূমিকা

বাংলার মধ্যযুগের ইতিহাসচর্চায় বিশ শতকের দ্বিতীয়ার্ধে যেসকল পণ্ডিত ও ইতিহাসবিদ খ্যাতি লাভ করেছেন তাঁদের মধ্যে ইতিহাসবিদ মমতাজুর রহমান তরফদার অন্যতম। দৃঢ় চারিত্রিক মার্ধ্য, তীক্ষ্ণ মেধা, মৃদুভাষী অথচ স্পষ্টভাষী ব্যক্তিত্বের বলে তিনি ছিলেন এক স্বতন্ত্রধর্মী প্রতিভা, একজন প্রগতিশীল ও উদার মানবতাবাদী ইতিহাসবিদ। নির্মোহ দৃষ্টিভঙ্গি, অধ্যবসায় ও সৃজনশীল মনোভঙ্গির মাধ্যমে তিনি নিজেকে বাংলার মধ্যযুগের ইতিহাসচর্চার ক্ষেত্রে একজন যশস্বী পণ্ডিত হিসেবে প্রতিষ্ঠিত করেছেন। গতানুগতিক ইতিহাসচর্চার উর্ধ্বে উঠে নিরপেক্ষ ও বিশ্লেষণাত্মক দৃষ্টিভঙ্গি নিয়ে বিজ্ঞানসম্মত উপায়ে ইতিহাস গবেষণা করে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন এবং বিদগ্ধমহলে প্রশংসিত হয়েছেন। তবে ব্যক্তিগতভাবে তিনি আত্মপ্রচার বিমুখ ও আত্মসম্মানবোধসম্পন্ন নিবেদিতপ্রাণ গবেষক ছিলেন। বিশ শতকের দ্বিতীয়ার্ধে পাকিস্তানি জাতীয়তাবাদী আদর্শে উজ্জীবিত ইতিহাসচর্চার ধারা থেকে নিজেকে বিযুক্ত রেখে ধর্মনিরপেক্ষ জাতীয়তাবাদী চেতনায় ইতিহাসচর্চা করে তিনি খ্যাতি লাভ করেন। তিনি আরবি, ফারসি, সংস্কৃত ও বাংলা ভাষায় রচিত সাহিত্যিক, লোকায়িত ও প্রত্নতাত্ত্বিক তথ্য-উপাত্তের মাধ্যমে বাংলার মধ্যযুগের ইতিহাসের একটি বিশেষ সময়কাল তথা হোসেন শাহি শাসনামল (১৪৯৪-১৫৩৮খ্রি.) এর ইতিহাস পুনর্গঠনে অগ্রণী ভূমিকা পালন করেন এবং এ যুগের একজন বিশেষজ্ঞ পণ্ডিত হিসেবে দেশ-বিদেশে খ্যাতি লাভ করেছেন।

### পটভূমি

বাংলার ইতিহাসের আধুনিক যুগের উপর ব্যাপক গবেষণা হলেও প্রাচীন ও মধ্যযুগের ইতিহাসচর্চা তুলনামূলক কম। তথ্য-উপাত্তের দুস্থাপ্যতা এবং আরবি, ফারসি ও সংস্কৃত ভাষা জানা লোকের অভাবের কারণে এসময়ের ইতিহাস গবেষণার পরিব্যাপ্তি সংকোচিত হয়ে আছে। বাংলার মধ্যযুগের সমসাময়িক ইতিহাসগ্রন্থ অদ্যাবধি আবিষ্কৃত হয়নি। তবে মোগল শাসিত বাংলায় প্রণীত উন্নতমানের কিছু আকরগ্রন্থ পাওয়া যায়। পলাশির যুদ্ধের পর ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানির ঔপনিবেশিক শাসনব্যবস্থা সুদৃঢ়ভিত্তির উপর প্রতিষ্ঠিত হওয়ার পরিপ্রেক্ষিতে তাদের পৃষ্ঠপোষকতায় বাংলার ইতিহাসচর্চার সূত্রপাত হয়। এদেশে অবস্থানরত ব্রিটিশ

\* Professor, Department of Islamic History and Culture, University of Chittagong, Chattogram, Bangladesh.

বুদ্ধিজীবী ও পণ্ডিতবর্গ ঔপনিবেশিক স্বার্থে বাংলার ইতিহাস গবেষণায় আত্মনিয়োগ করেন। বিশেষ করে ১৭৮৪ খ্রিস্টাব্দে কলকাতায় এশিয়াটিক সোসাইটি অব বেঙ্গল প্রতিষ্ঠা এবং ১৮৬১ খ্রিস্টাব্দে আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার অনুসন্ধানের ফলে মানবিক বিজ্ঞানের অংশ হিসেবে বাংলার ইতিহাসচর্চার ভিত্তি স্থাপিত হয়। এসময় পণ্ডিতবর্গ ইতোপূর্বকার কিংবদন্তী ও কল্পনাকে পরিহার করে প্রামাণ্য ও মৌলিক এবং সর্বশেষ আবিষ্কৃত মুদ্রা ও শিলালিপির মাধ্যমে বিজ্ঞানসম্মত গবেষণা পদ্ধতি অনুসরণ করে ইতিহাস গবেষণায় মনোনিবেশ করেন।<sup>১০</sup> এসময় বাংলা পণ্ডিতগণের ইতিহাস অনুশীলন ও গবেষণায় বাংলার অতীত ইতিহাস ও ঐতিহ্য প্রাধান্য পেলেও তাদের প্রয়াস পরবর্তীতে বাংলার ইতিহাসচর্চার ভিত্তিকে সুসংহত ও ত্বরান্বিত করেছে। বিশ শতকের সূচনালগ্নে বাংলার ইতিহাসচর্চা ও গবেষণা নতুন মাত্রায় পরিচালিত হয়। বিশেষ করে রাজশাহীতে ১৯১০ খ্রিস্টাব্দে দিঘাপতিয়ার জমিদার শরৎকুমার রায়ের পৃষ্ঠপোষকতায় বরেন্দ্র রিসার্চ সোসাইটি স্থাপিত হলে বাংলার ইতিহাসচর্চা নতুন মাত্রা লাভ করে। বাংলার ইতিহাস গবেষণা এবং ইতিহাসের উপাদান-উপকরণ সংগ্রহ ও সংরক্ষণের ক্ষেত্রে এ সোসাইটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ গবেষণা প্রতিষ্ঠানের অন্যতম ফসল হলো রমাপ্রসাদ চন্দ এর *গৌড় রাজমালা* (১৩১৯ বাৎ) এবং রাখালদাস বন্দোপাধ্যায় রচিত *বাঙ্গালার ইতিহাস*, প্রথম ও দ্বিতীয় খণ্ড। অন্যদিকে ১৯২১ খ্রিস্টাব্দে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলে বাংলার ইতিহাসচর্চা নতুন গতি লাভ করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও পৃষ্ঠপোষকতায় প্রকাশিত রমেশচন্দ্র মজুমদারের সম্পাদনায় *History of Bengal, Vol. 1* (1943) এবং স্যার যদুনাথ সরকারের সম্পাদনায় *History of Bengal, Vol. 11* (1948) নিঃসন্দেহে মূল্যবান গ্রন্থ, যা বাংলার প্রাচীন ও মধ্যযুগের ইতিহাসের ক্ষেত্রে আমাদের জ্ঞানকে প্রসারিত করে। বিশ শতকের প্রথমার্ধে বাংলার ইতিহাসচর্চা অতীতমুখী চিন্তা-চেতনা ও ধ্যান-ধারণা পরিহার করে নির্ভরযোগ্য উপাদানের আলোকে নতুন ধারায় পরিচালিত হয়। মূলত বাংলার মধ্যযুগের ইতিহাসবিষয়ক গবেষণাগ্রন্থের যাত্রা শুরু হয় রাখালদাস বন্দোপাধ্যায়ের *বাঙ্গালার ইতিহাস*, দ্বিতীয় খণ্ড (১৯১৭ খ্রি.) এর প্রকাশের মাধ্যমে।<sup>১১</sup> পাশাপাশি স্যার যদুনাথ সরকারের গ্রন্থটিতে বাংলার মধ্যযুগের মুসলিম শাসনামল সম্পর্কে সীমিত পরিসরে জানা যায়, তবে তা রাজনৈতিক ইতিহাসেই সীমাবদ্ধ ছিল। বিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলার মুসলিম শাসন সম্পর্কে গভীর ও ব্যাপক গবেষণার তালিকায় নেতৃস্থানীয় ইতিহাসবিদ মুহম্মদ আবদুর রহিম এবং আবদুল করিমের সাথে মমতাজুর রহমান তরফদারের নামও বিশেষভাবে প্রাধান্যযোগ্য। যদিও তিনি একটি নির্দিষ্ট সময়ের উপর ইতিহাস গবেষণা করে স্বতন্ত্র প্রবণতা সৃষ্টি করেন এবং বাংলার মধ্যযুগের ইতিহাসচর্চায় উৎকর্ষ সাধন করেন।

**বাংলার মধ্যযুগের ইতিহাসচর্চা**

ইতিহাসবিদ মমতাজুর রহমান তরফদার বাংলার মধ্যযুগের ইতিহাসচর্চায় যে অসামান্য অবদান রেখেছেন তা নিম্নে আলোচনা করা হলো:

*Husain Shahi Bengal*<sup>১২</sup> নামক গ্রন্থটি মমতাজুর রহমান তরফদারের পিএইচ. ডি. গবেষণা গ্রন্থ। এতে তিনি বাংলার মধ্যযুগের ইতিহাসের গুরুত্বপূর্ণ অধ্যায় হোসেন শাহি শাসনামলের ইতিহাস পূর্ণাঙ্গ ও সুবিস্তৃত পরিসরে উপস্থাপন করেছেন। আলোচ্য গ্রন্থটির প্রথম অধ্যায় পটভূমিতে হোসেন শাহি আমলের পূর্ববর্তী রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক প্রবণতাসমূহ পর্যালোচনা করা হয়েছে। তাছাড়া পূর্ববর্তী মুসলিম শাসনামলে অর্থনৈতিক পরিবর্তন বিশেষ করে মুদ্রা অর্থনীতির প্রচলন এবং বাংলার সামুদ্রিক বাণিজ্য পুনঃপ্রতিষ্ঠার প্রভাবসহ এ আমলে সক্রিয় নতুন শক্তিসমূহ আলোচনা করা হয়েছে, যা অল্পকাল পরে শুধু বাংলার জীবনধারাকে নয়, বরং ভারত উপমহাদেশের জীবনধারাকেও প্রভাবিত করেছে। দ্বিতীয় অধ্যায়ে গ্রন্থকার হোসেন শাহি রাজবংশের উত্থান, বিকাশ ও পতন সম্পর্কে বিশেষ করে এ বংশের চারজন শাসক যথাক্রমে সুলতান আলাউদ্দিন হোসেন শাহ (১৪৯৪-১৫১৯ খ্রি.), সুলতান নাসিরউদ্দিন নসরত শাহ (১৫১৯-১৫৩২ খ্রি.), সুলতান আলাউদ্দিন ফিরোজ (১৫৩২ খ্রি.) এবং সুলতান গিয়াসউদ্দিন মাহমুদ (১৫৩২-১৫৩৮ খ্রি.) এর ইতিবৃত্ত সমসাময়িক ইতিহাসগ্রন্থ ও প্রত্নতাত্ত্বিক তথ্য-উপাত্তের মাধ্যমে বিস্তারিত আলোকপাত করেছেন। তৃতীয় অধ্যায়ে হোসেন শাহি সুলতানদের প্রশাসন ব্যবস্থার একটি রূপরেখা অংকন করেছেন। শাসকশ্রেণির উদারনীতির কারণে এসময় শাসক ও শাসিতের মধ্যে ক্রমাগত বন্ধুত্বপূর্ণ সম্পর্ক স্থাপনের ফলে

এক নতুন সামাজিক ও রাজনৈতিক জীবনযাত্রার সূত্রপাত হয়েছিল।<sup>১০</sup> হোসেন শাহি শাসনামলের অর্থনৈতিক অবস্থার চিত্র তথা শহুরে ও গ্রামীণ নাগরিকদের বসতি ও জীবনযাত্রা, জীবন-জীবিকা, কৃষি ব্যবস্থা, ব্যবসা-বাণিজ্য, শিল্প-কারখানা, মুদ্রাব্যবস্থা, অর্থনৈতিক শ্রেণিসমূহ ও তাদের পারস্পরিক সম্পর্ক এবং বাংলার প্রজাসাধারণের জীবনযাত্রা প্রণালী সম্পর্কে গ্রন্থকার চতুর্থ অধ্যায়ে বিবরণ তুলে ধরেছেন। পঞ্চম অধ্যায়ে হোসেন শাহি আমলের ধর্মীয় জীবন তথা ইসলাম, বৈষ্ণব, বৌদ্ধ, ধর্ম-পূজা, নাথ পূজা, মনসা ও চণ্ডী পূজা পদ্ধতি, শৈব ও ব্রাহ্মণ্য তান্ত্রিকবাদ ও হিন্দু ধর্মের সাধারণ প্রকৃতি ও সহায়ক উপাদানসমূহ সম্পর্কে আলোচনা করেছেন। ষষ্ঠ অধ্যায়ে গ্রন্থকার ইসলাম এবং অন্যান্য ধর্মীয় ব্যবস্থার সাথে যেমন ইসলাম ও ব্রাহ্মণ্যধর্ম, সুফিবাদ ও যোগদর্শন, ইসলাম ও বৈষ্ণবধর্ম, ধর্ম-পূজা ও ইসলাম সম্পর্কে আলোচনা করেন। সাহিত্য ও সংস্কৃতি নামক সপ্তম অধ্যায়ে গ্রন্থকার বাংলা, ফারসি ও সংস্কৃত সাহিত্যের বিকাশ আলোকপাত করেছেন। অষ্টম অধ্যায়ে চারুকলা ও স্থাপত্যশিল্প শিরোনামে গ্রন্থকার প্রথমে চারুলিপির বিভিন্ন লিখনরীতির চর্চা বিশেষ করে এ আমলে তুঘরা রীতির লিপি চরম উৎকর্ষতার কথা উল্লেখ করেছেন। পরবর্তীতে সংগীত, চিত্রশিল্প ও স্থাপত্যশিল্পের বৈশিষ্ট্য উল্লেখ করে বলেন যে, এ বংশের শাসকবৃন্দ শৈল্পিক মাধুর্য ও রুচিশীল ছিলেন। এতে পাথর-খোদাই শিল্পের প্রাধান্য লক্ষণীয় এবং স্থানীয় প্রভাব ও বাংলার জীবনধারা-সংস্কৃতির প্রভাব ঘটে। জীবনচর্যা শীর্ষক নবম অধ্যায়ে মুসলমানদের জীবনধারা, হিন্দুদের জীবনধারা, হিন্দু-মুসলিম সম্পর্ক, ইউরোপীয় পর্তুগিজ ও খ্রিস্টান সম্প্রদায় সম্পর্কে ধারণা প্রদান করে পরবর্তী জাতীয় জীবনের বিকাশ-প্রক্রিয়া গ্রন্থকার বিশ্লেষণ করেছেন। দশম অধ্যায় উপসংহরে হোসেন শাহি আমলে রাজ্যের ভূখণ্ডের সম্প্রসারণ, প্রশাসনের সুস্থিতিকরণ, ধর্ম, সাহিত্য, শিল্প ও অর্থনীতির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ উন্নয়নসহ সার্বিক বৈশিষ্ট্য আলোচনা করেছেন। বাংলার রাজনৈতিক ও অর্থনীতিক ইতিহাসকে গভীরভাবে প্রভাবিত করেছিল এমন সব গুরুত্বপূর্ণ শক্তির সূচনা এসময় লক্ষ্যণীয়, যা নতুন বাংলার আবির্ভাবের সম্ভাবনা নির্দেশ করেছিল। এজন্য মমতাজুর রহমান তরফদার হোসেন শাহি আমলকে বাংলার ইতিহাসের গঠনমূলক পর্ব বলে অভিহিত করেছেন।<sup>১১</sup> গ্রন্থটির শেষে হোসেন শাহি সুলতানদের কালানুক্রম, সুলতান হোসেন শাহের প্রাথমিক জীবন, তথ্য-উপাত্ত সম্পর্কিত নোট পরিশিষ্টাকারে এবং তথ্যবহুল গ্রন্থপঞ্জি ও নির্ঘণ্ট সংযোজন করা হয়েছে। মূলত অধ্যাপক তরফদার বাংলার মধ্যযুগের সুলতানি পর্বের অতীব গুরুত্বপূর্ণ হোসেন শাহি আমলের রাজনীতি, প্রশাসন, অর্থনীতি, ধর্ম, সমাজ, সাহিত্য ও সংস্কৃতির পূর্ণাঙ্গ বিবরণ অত্যন্ত দক্ষতার সাথে উপস্থাপন করে বাংলার মধ্যযুগের গুরুত্বপূর্ণ একটি অধ্যায়ের ইতিহাস আলোকিত করেছেন।

**বাংলা রোমান্টিক কাব্যের আওয়াদি-হিন্দী পটভূমি** নামক গ্রন্থটি মমতাজুর রহমান তরফদার রচিত বাংলার মধ্যযুগের সাহিত্য-বিষয়ক মূল্যবান গ্রন্থ। বাংলা সাহিত্যের ভাঙারে প্রণয়োপাখ্যানগুলোতে ইরানি ঐতিহ্যের পাশাপাশি ভারতীয় ঐতিহ্য গভীরভাবে প্রভাব বিস্তার করেছিল। চৌদ্দ থেকে ষোলো শতকের মধ্যে উত্তর ভারতের অযোধ্যাকে (আওয়াদ) কেন্দ্র করে হিন্দি ভাষা ও সাহিত্য গড়ে উঠে। ইতোপূর্বে এ বিষয়ে তেমন কোনো গবেষণা নেই বলে তিনি এই দুরূহ কাজে মনোনিবেশ করেছেন। প্রথম অধ্যায় ভূমিকাতে ফারসির প্রভাব ও ভারতীয় ভাষায় সাহিত্যচর্চা, সুফি দর্শন ও আওয়াদি-হিন্দি কাব্য, বাংলা সাহিত্যে ধর্মীয় আবহ, অনুবাদ সাহিত্যের মানবীয় বৈশিষ্ট্য ও আওয়াদি-হিন্দি কাব্যে প্রেম সম্পর্কে আলোচনা করা হয়েছে। দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়ে প্রাচীনতম কবি মাওলানা দাউদের *চন্দায়ন* কাব্যের উৎস ও ঐতিহ্য; চতুর্থ ও পঞ্চম অধ্যায়ে সতী ময়নার কাহিনী তথা কবি সাধনের *মৈনা সৎ* কাব্য পরিচিতি এবং *চন্দায়ন* ও *মৈনা সৎ* এর বাংলা ও উর্দু সংস্করণের তুলনামূলক আলোচনা করা হয়েছে। ষষ্ঠ অধ্যায়ে কবি কুতবনের *মৃগাবতী* কাব্যের প্রকৃতি, বৈশিষ্ট্য, *চন্দায়ন* ও *মৃগাবতী* কাব্যের তুলনা এবং বাংলা ও হিন্দি সংস্করণের তুলনামূলক আলোচনা উল্লেখ করেছেন। সপ্তম ও অষ্টম অধ্যায়ে কবি মালিক মুহম্মদ জয়সীর *পদমাবতী* কাব্যের প্রকৃতি ও বৈশিষ্ট্য বিশেষ করে ভারতীয় কাহিনীর সাথে বিদ্যাসুন্দর ও *মৃগাবতী*র তুলনা, গ্রিক-রোমান ও ভারতীয় গল্পের সাথে সাদৃশ্য এবং *পদমাবতী* ও কবি আলাওলের অনুবাদ সম্পর্কে আলোচনা করা হয়েছে। নবম, দশম, চতুর্দশ ও পঞ্চদশ অধ্যায়ের বিষয়বস্তু কবি মনবানের *মধুমালতী*। আওয়াদি ভাষার *মধুমালতী* কাব্যের প্রকৃতিসহ বাংলা, ফারসি ও উর্দু সাহিত্যে বিষয়-বৈচিত্র্যতা বিশ্লেষণ করা হয়েছে। একাদশ, দ্বাদশ ও ত্রয়োদশ অধ্যায়ে

যথাক্রমে আওয়াজি-হিন্দি কব্দের দার্শনিকতত্ত্ব, সাহিত্যরীতি ও ঐতিহ্য এবং সমাজচিত্র সম্পর্কে আলোচনা করা হয়েছে। ষোড়শ অধ্যায় উপসংহার-এ উত্তর ভারতে প্রচলিত প্রেমগাঁথা, আওয়াজি-হিন্দি কব্দের বৈশিষ্ট্য এবং বাংলা কাব্যে রূপকহীনতার কথা উল্লেখ করা হয়েছে। আর পরিশিষ্টে আলোচ্য গ্রন্থের কবি ও কাব্য, লোর-চান্দার লোকগীতি ও অনুক্রমগিকাসহ তথ্যসমৃদ্ধ গ্রন্থপঞ্জি সংযোজন করা হয়েছে। এ গ্রন্থে তিনি উপরোক্ত কাব্যগ্রন্থগুলোর পাঠ নির্ণয়, কবিদের কাল নিরূপণ, পাণ্ডুলিপি পরিচিতি, কাব্যের বিষয়বস্তু ও প্রকরণ বিশ্লেষণ, বিশেষ শব্দার্থভ্রাপক টীকা-টিপ্পনী রচনা ও ভাষাতাত্ত্বিক বিচার সম্পর্কে আলোকপাত করেছেন। তাছাড়া এ গ্রন্থে তিনি কাব্যগ্রন্থগুলোর সাহিত্যরীতি, ঐতিহ্য, মননশীলতা, অলংকার বৈশিষ্ট্য এবং আধুনিক কবিতা ও পাঠকের সাথে এ সাহিত্যের সম্পর্ক ও যোগসূত্র আলোচনা করেছেন। মূলত তিনি চৌদ্দ থেকে ষোলো শতকের হিন্দি কাব্য এবং সতেরো ও আঠারো শতকের বাঙালি হিন্দু-মুসলমান কবিদের দ্বারা অনুকরণকৃত কাব্যগুলোর একটি তুলনামূলক আলোচনা নিপুণভাবে উপস্থাপন করেছেন।

**মধ্যযুগের বাংলায় প্রযুক্তি ও সমাজ বিবর্তন**<sup>৯</sup> নামক গ্রন্থটি মমতাজুর রহমান তরফদারের একটি গবেষণামূলক মূল্যবান পুস্তিকা। আলোচ্য পুস্তিকায় তিনি তেরো শতক থেকে শুরু করে আঠারো শতক পর্যন্ত সময়ে মুদ্রাভিত্তিক অর্থনীতির প্রচলন, নগরায়ন, নগরকেন্দ্রগুলোতে ব্যবহার উপযোগী ও বিদেশী রপ্তানিযোগ্য পণ্য উৎপাদন এবং দেশী-বিদেশী বাণিজ্যের প্রসার সম্পর্কে ব্যাখ্যা-বিশ্লেষণ করেছেন। তাছাড়া মধ্যযুগের বাংলার শিল্প-বাণিজ্য ও কৃষির সাথে সম্পর্কিত প্রযুক্তির উদ্ভাবন বা প্রয়োগ বিশেষ করে চরকা ও ধুনন যন্ত্র, রেশম তৈরির প্রক্রিয়া, বস্ত্র উৎপাদন, বয়ন শিল্পের প্রসার, শিল্পী-কারিগরদের শ্রেণিগত বিবর্তন চিনি, লবণ ও পানীয় তৈরির প্রযুক্তি, কারিগর নৈপুণ্য ও সমাজ বিবর্তন, বাণিজ্যিক প্রযুক্তি হিসেবে মুদ্রা ব্যবস্থা, জাহাজ নির্মাণ, কাগজ তৈরি, স্থাপত্য প্রযুক্তি, ছাতি ও দাদনি প্রথা, কৃষি প্রযুক্তি ও সমাজ বিবর্তন, আর্থ-সামাজিক সীমাবদ্ধতা ও প্রযুক্তির চারিত্র্য, আঠারো শতকে শিল্পের অবক্ষয় ও কারিগর শ্রেণির দুর্দশা এবং বাংলায় শিল্প বিপ্লবের ও পুঁজি গঠনের সমস্যা সম্পর্কে আলোচনা করেছেন। ইংরেজ বণিকদের সৃষ্ট অর্থনীতিক বিপর্যয়ের পরিবেশে উৎপাদনের ক্ষেত্রে প্রচলিত প্রযুক্তিগুলোও ক্রিয়াশীলতা হারায় বলে তিনি উল্লেখ করেছেন।<sup>১০</sup> মূলত এ ক্ষুদ্রাকার অথচ মূল্যবান গ্রন্থে তিনি মধ্যযুগের বাংলায় শিল্প-বাণিজ্য ও কৃষিতে প্রযুক্তির ব্যবহার এবং এর প্রভাবে আর্থ-সামাজিক বিবর্তনের একটি চিত্র অংকন করে মূল্যবান অবদান রাখেন।

**Trade, Technology and Society in Medieval Bengal**<sup>১১</sup> নামক গ্রন্থটি আলোচ্য ইতিহাসবিদের বাংলার মধ্যযুগের আর্থ-সামাজিক ইতিহাস বিষয়ক চারটি প্রবন্ধ সংকলন। এ গ্রন্থে Trade and Society in Early Medieval Bengal শীর্ষক প্রথম প্রবন্ধে প্রাক-মুসলিম যুগের বাংলায় ব্যবসা-বাণিজ্য ও সমাজব্যবস্থার স্বরূপ বিশ্লেষণ করে বাংলার মধ্যযুগের প্রাথমিক পর্বের সমাজ ও অর্থনীতি সম্পর্কে ধারণা আলোকপাত করেছেন। The Gold Coinage and the Currency System in Pre-Mughal Bengal নামক দ্বিতীয় প্রবন্ধে প্রাক-মোগল যুগের বাংলার সুলতানগণ কর্তৃক আন্তর্জাতিক সামুদ্রিক বাণিজ্যের জন্য পণ্য বিনিময় প্রথার পরিবর্তে মুদ্রাব্যবস্থার উন্নয়নের মাধ্যমে কৃষিভিত্তিক সভ্যতার পরিবর্তে ব্যবসানির্ভর নাগরিক সভ্যতার বিকাশ বিশেষ করে বাংলার সুলতানদের স্বর্ণমুদ্রার প্রচলন সম্পর্কে আলোকপাত করেছেন। তৃতীয় প্রবন্ধ Bengal Economy Viewed in the Light of Tome Pires Observations। এতে তিনি ষোলো শতকের বিখ্যাত পর্যটক তোমে পিরেসের বিবরণের আলোকে বাংলার শিল্প, ব্যবসা-বাণিজ্য ও মুদ্রাভিত্তিক অর্থনীতিক জীবন সম্পর্কে আলোচনা করেছেন। Technology and Social Changes in Medieval Bengal নামক চতুর্থ প্রবন্ধে মধ্যযুগের বাংলায় উৎপাদন পদ্ধতিতে প্রযুক্তির ব্যবহারে অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে বৈপ্লবিক বিবর্তন সম্পর্কে আলোচ্য গ্রন্থকার আলোচনা করে বাংলার মধ্যযুগের আর্থ-সামাজিক অগ্রগতির স্বরূপ উন্মোচন করেছেন।

#### মূল্যায়ন

উপর্যুক্ত আলোচনায় প্রতীয়মান হয় যে, মমতাজুর রহমান তরফদার বাংলার মধ্যযুগের ইতিহাসচর্চায় এক কালজয়ী অধ্যায় রচনা করেন। বাংলার ইতিহাস গবেষণায় তিনি এক বিরল ও ব্যতিক্রমধর্মী প্রতিভা। মানুষের দৈনন্দিন জীবনপ্রণালী, ধর্ম, চিন্তা-চেতনা, বিশ্বাস-অবিশ্বাস, শিল্প, সাহিত্য, শিল্পকলা তথা সমাজ,

সংস্কৃতি, অর্থনীতি ও রাজনীতি ইতিহাসের মূল আলোচ্য বিষয়। মূলত এ প্রেক্ষাপটে তিনি বাংলার মধ্যযুগের ইতিহাস গবেষণায় আজীবন নিয়োজিত ছিলেন। বিশ শতকের দ্বিতীয়ার্ধে বাঙালির ইতিহাসচর্চার ধারায় যেসকল ধারা পরিলক্ষিত হয় তন্মধ্যে তিনি বাঙালি জাতীয়তাবাদের একনিষ্ঠ ভাষ্যকার ছিলেন।<sup>১০</sup> এ হিসেবে তিনি বাঙালি জাতিসত্তা ও সংস্কৃতির স্বরূপ নির্ণয়ে প্রবল অনুরাগী ছিলেন। বাংলার মধ্যযুগের ইতিহাস গবেষণায় তিনি আরবি ও ফারসি উপাদানের পাশাপাশি লোকজ সাহিত্য, সংস্কৃতি ও জীবনধারা থেকে বহুল পরিমাণে তথ্য-উপাত্ত সংগ্রহ করে তা সত্যনিষ্ঠভাবে প্রয়োগ করেছেন। তিনি ইতিহাস গবেষণার ক্ষেত্রে সাহিত্যিক উপাদানের চেয়ে প্রত্নতাত্ত্বিক উপাদান-উপকরণের বিষয়ে অধিক মনোযোগী ছিলেন এবং এর প্রাধান্য দিতে সচেষ্ট ছিলেন। তিনি বাংলার মধ্যযুগের রাজনীতি, অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য, মুদ্রা, চিত্রকলা, স্থাপত্যনিদর্শন, ভাস্কর্য, শিল্প-সাহিত্য প্রভৃতি বিষয়ে মৌলিক ও বহুনিষ্ঠ গবেষণার মাধ্যমে নিজেকে একজন সৃজনশীল ও প্রগতিশীল বাঙালি আধুনিক চিন্তক ও ইতিহাসবিদ হিসেবে সুপ্রতিষ্ঠিত করেছেন। তাঁর ইতিহাস গবেষণায় মধ্যযুগের scholasticism, ইউরোপীয় রেনেসাঁস আন্দোলনের humanism, উনিশ শতকের rationalism এবং historical materialism এর প্রভাব বিশেষভাবে পরিলক্ষিত হয়। ইতিহাসের বিকাশমানতায় বিশ্বাসী ছিলেন বলে তিনি কোথাও নোঙর ফেলেননি।<sup>১১</sup> ইতিহাস গবেষণায় অন্তর্দৃষ্টি, নিরপেক্ষতা ও ঔচিত্যবোধ-এ তিনটি গুণের সমন্বয়ের সাথে সাহিত্য-রসিক মন নিয়ে তিনি মধ্যযুগের বাংলার ইতিহাসকে পুনর্গঠন করেন।<sup>১২</sup> বাংলার মধ্যযুগের আর্থ-সামাজিক ইতিহাসের অনালোকিত বিষয়াবলি অসাধারণ নৈপুণ্যে বিশ্লেষণ করেছেন। একজন সমাজ সচেতন ইতিহাসবিদ হিসেবে বাংলার ইতিহাস গবেষণায় তিনিও সমাজবিজ্ঞানের পরিপ্রেক্ষিত ব্যবহার করে ব্যতিক্রমধর্মী বৈশিষ্ট্যের অধিকারী ছিলেন এবং গবেষণায় দক্ষতার পরিচয় দিয়েছেন।

#### উপসংহার

বহুমুখী প্রতিভাবান পণ্ডিত ও ইতিহাসবিদ মমতাজুর রহমান তরফদার প্রামাণ্য তথ্য-উপাত্তের মাধ্যমে বাংলার মধ্যযুগের বিশেষ করে হোসেন শাহি আমলের রাজনীতি, অর্থনীতি, সমাজ, সংস্কৃতির একটি পূর্ণাঙ্গ ও সুস্পষ্ট রূপরেখা অংকন করেন। সুদীর্ঘ গবেষণা জীবনে ধর্মীয় বা সামাজিক সংস্কার বা রাজনৈতিক বা দলীয় সংকীর্ণতা থেকে উর্ধ্ব উঠে তিনি বাংলার মধ্যযুগের ইতিহাস গবেষণায় নিমগ্ন ছিলেন। অধ্যাপক তরফদার একজন ধর্মনিরপেক্ষ এবং উদার মানবতাবাদী চিন্তা-চেতনার ধারক ছিলেন। ভাষাগত দক্ষতা ও বিষয়নৈপুণ্যের কারণে বহুনিষ্ঠ ও বিশ্লেষণমূলক দৃষ্টিভঙ্গি নিয়ে বৈজ্ঞানিক গবেষণা পদ্ধতি অনুসরণ করে ঐতিহাসিক অনুসন্ধানের ক্ষেত্রে তিনি অনন্য স্বাক্ষর রেখে গেছেন। তিনি তাঁর ইতিহাস গবেষণাকে কেবল মধ্যযুগের বাংলার রাজনৈতিক ও আর্থ-সামাজিক ইতিহাসের মধ্যে সীমাবদ্ধ রাখেননি, বরং শিল্প, সাহিত্য, চিত্রকলা, স্থাপত্য, ভাস্কর্য প্রভৃতি ক্ষেত্রে তিনি স্বাচ্ছন্দ্যে পদচারণা করেছেন। তিনি নৈতিকমূল্যবোধসম্পন্ন ও মানবতাবাদী ইতিহাস-দার্শনিকের পাশাপাশি কবি, সাহিত্যিক, মুদ্রাতত্ত্ববিদ, পুরাতত্ত্ববিদ, নৃতত্ত্ববিদ এবং স্থাপত্য, চিত্রকলা ও ভাস্কর্য শিল্পে সুপণ্ডিত ছিলেন।

#### তথ্যনির্দেশ

১. মমতাজুর রহমান তরফদার ১৯২৮ খ্রিস্টাব্দের ১ আগস্ট বগুড়া জেলার মেঘগাছা গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৬১ খ্রিস্টাব্দে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে "Husain Shahi Bengal 1494-1538 A. D.: A Socio-Political Study" শীর্ষক অভিসন্দর্ভ রচনা করে পিএইচ. ডি. ডিগ্রি লাভ করেন। কর্মজীবনের শুরুতে তিনি মুন্সিগঞ্জ জেলার হরগঙ্গা কলেজে প্রভাষক হিসেবে চাকরি করেন। ১৯৫৩ খ্রিস্টাব্দে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন এবং ১৯৭৪ খ্রিস্টাব্দে প্রফেসর পদে উন্নীত হন। ১৯৮৯ খ্রিস্টাব্দে স্বাভাবিক চাকরিকাল সমাপন করে আবার পুনর্নিয়োগ লাভ করেন। ১৯৯৪ খ্রিস্টাব্দে সুপারনিউমারারি প্রফেসর হিসেবে নিয়োগ লাভ করেন এবং এ পদে নিয়োজিত থাকাকালে ৩১ জুলাই ১৯৯৭ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন।
২. সালাহউদ্দীন আহমদ, *বরণীয় ব্যক্তিত্ব স্মরণীয় সুহৃদ*, ঢাকা: সাহিত্য প্রকাশ, দ্বিতীয় সংস্করণ ২০১০, পৃ. ১২৯।
৩. A. R. Mallick, "Modern Historical Writing in Bengali", C. H. Philips (ed.), *Historians of India, Pakistan and Ceylon*, London: Oxford University press, 1962, p. 446.
৪. সুখময় মুখোপাধ্যায়, *বাংলায় মুসলিম অধিকারের আদি পর্ব* (১২০৪-১৩৩৮ খ্রী.), কলকাতা: সাহিত্যলোক, ১৯৮৮, পৃ. ৭।

৫. আবদুল মোমিন চৌধুরী (সম্পা.), *বাংলাদেশের ইতিহাস সুলতানি ও মোগল যুগ* (আনু. ১২০০-১৮০০ সা. অব্দ), প্রথম খণ্ড, রাজনৈতিক ইতিহাস, ঢাকা: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ২০২০, পৃ. xxii.
৬. মুহম্মদ আবদুর রহিম কুমিল্লা জেলার মতলব থানার মোহনপুর গ্রামে ১৯২১ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন। ১৯৫০ খ্রিস্টাব্দে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগে প্রভাষক পদে যোগদান করেন। পিএইচ. ডি. ডিগ্রি লাভের পর ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগদান করে তিনি আবার করাচি বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন এবং ১৯৬৬ খ্রিস্টাব্দে প্রফেসর পদে উন্নীত হন। ১৯৭১ খ্রিস্টাব্দে তিনি বাংলাদেশে প্রত্যাবর্তন করে আবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন। ১৯৮১ খ্রিস্টাব্দে চাকরি থেকে অবসর গ্রহণ করলেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁর গবেষণাকর্মে প্রজ্ঞার কারণে চাকরির মেয়াদ বৃদ্ধি করেন। কিন্তু দুর্ভাগ্যক্রমে জগ্গিস রোগে আক্রান্ত হয়ে এ বছরের ৩০ জুলাই তিনি মৃত্যুবরণ করেন।
৭. আবদুল করিম ১৯২৮ খ্রিস্টাব্দে চট্টগ্রামের বাঁশখালী উপজেলার চাপাছড়ি গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৫১ খ্রিস্টাব্দে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগে যোগদান করেন। ১৯৬৬ খ্রিস্টাব্দে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলে তিনি ইতিহাস বিভাগে রিডার ও বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেন। তিনি ১৯৭৫-৮১ খ্রিস্টাব্দে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব পালন করেন। ১৯৮৪ খ্রিস্টাব্দে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে অবসর গ্রহণ করে ১৯৮৫-৮৯ খ্রিস্টাব্দে চট্টগ্রামস্থ বায়তুশ শরফ ইসলামি গবেষণা প্রতিষ্ঠানের মহাপরিচালক এবং ১৯৮৯-৯২ খ্রিস্টাব্দে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজের সিনিয়র ফেলো হিসেবে কাজ করেন। ১৯৯২-৯৬ খ্রিস্টাব্দে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগে 'সুপারনিউমারারি প্রফেসর' এবং ২০০১ খ্রিস্টাব্দ থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রথম 'ইমেরিটাস প্রফেসর' পদে কর্মরত থাকাকালে তিনি ২৪ জুলাই ২০০৭ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন।
৮. এটি মমতাজুর রহমান তরফদারের পিএইচ. ডি. অভিসন্দর্ভ, যা ১৯৬৫ খ্রিস্টাব্দে এশিয়াটিক সোসাইটি থেকে প্রথম প্রকাশিত হয়। ১৯৯৯ খ্রিস্টাব্দে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এর দ্বিতীয় সংস্করণ প্রকাশ করে। গ্রন্থটি তাঁর মায়ের নামে উৎসর্গ করেন। মোকাদ্দেসুর রহমান কর্তৃক বাংলায় অনুবাদ বাংলা একাডেমি থেকে ২০০১ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়।
৯. Momtazur Rahman Tarafdar, *Husain Shahi Bengal*, Dhaka: University of Dhaka, Second Edition 1999, p. 129।
১০. *Ibid*, p. 375.
১১. এ গ্রন্থটি ১৯৭১ খ্রিস্টাব্দে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা ও সংস্কৃত বিভাগ থেকে প্রথম প্রকাশিত হয়। এটি তিনি পিতৃব্য রহিমউদ্দীনের তরফদারের স্মৃতির উদ্দেশ্যে নিবেদন করেন। ২০০৯ খ্রিস্টাব্দে জাতীয় সাহিত্য প্রকাশ থেকে এর পুনর্মুদ্রণ প্রকাশিত হয়।
১২. এ গ্রন্থটি বাংলা একাডেমি কর্তৃক ১৯৯৩ খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়। এটি তিনি তাঁর পিতাকে উৎসর্গ করেন।
১৩. মমতাজুর রহমান তরফদার, *মধ্যযুগের বাংলায় প্রযুক্তি ও সমাজ বিবর্তন*, ঢাকা: বাংলা একাডেমী, ১৯৯৩, পৃ. ১২।
১৪. এ গ্রন্থটি International Centre for Bengal Studies কর্তৃক ১৯৯৫ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়। এটি তিনি ইতিহাসবিদ এ বি এম হবিবুল্লাহ (১৯১১-১৯৮৪ খ্রি.) এর প্রতি উৎসর্গ করেন।
১৫. আসহাবুর রহমান, "মমতাজুর রহমান তরফদার: একজন ইতিহাসবিদের মূল্যায়ন", *সমাজ নিরীক্ষণ*-১৭, ঢাকা, ১৯৮৫, ৩০।
১৬. মুসা আনসারী, *ইতিহাস: সমাজ ও সংস্কৃতি ভাবনা*, ঢাকা: বাংলা একাডেমী, ২০০৮, পৃ. ৩০।
১৭. শিপ্রা দস্তিদার, *ইতিহাস ও সংস্কৃতি*, কলকাতা: নয়া উদ্যোগ, ২০০২, পৃ. ৩৪।

## Public Health and Sanitation in Langalband Mela: Defining a Colonial Discourse

Suraiya Akhter\*

**Abstract:** This paper will concentrate on the colonial governmentality in the public space as a part of the colonial reordering of space mainly based on health and hygiene. The space-like pilgrimages, *mela* (fair) where a mass gathering is common to celebrate religious and cultural festivals came under the surveillance of the colonial government from the nineteenth century onwards. The colonial administrators imposed regulations to ensure sanitation and established sanitary infrastructures like bathing, toileting and resting places to ensure an orderly environment. This system also provided them with the legitimacy of controlling such age-old public spaces which only received appreciation and patrons from the previous ruling class under the self-regulating prospects. To explain this discourse I have chosen the Langalband Mela as an example celebrated on the bank of Brahmaputra River in Narayanganj on the occasion of the 8<sup>th</sup> lunar fortnight in the Bengali month of Chaitra. Thousands of devotees assembled from home and abroad for the holy bath (*Astami snan*) in the river Brahmaputra. I will try to explore how the colonial administrators endeavoured to ensure the health and hygiene of this place and how they established control over it.

### Introduction

Pre-colonial festivals have been the subject of many historical or anthropological studies. In contrast, historians have neglected festivals of colonial times, even though they incorporated fundamental aspects of colonial life. Festivals are not part of everyday life; they, on the contrary, represent exceptional moments outside the routine of daily tasks, and quite often, they constitute a time of power disruption. But at the same time, festivals impact social life because they affect social relationships in general or because they are the pivotal points around which the year is organized by people focusing their energies through the required preparation. In this respect, by studying the festival on the occasion of *Astami Snan* in the bed of Brahmaputra, more general questions can be addressed concerning the relationship between prevailing popular culture and colonial culture, as well as those on the integration of festivals into people's lives and its meaning.

### Research Objectives

Several analytical angles are followed. First, there is a question regarding public engagements and eagerness to the fair from religious and cultural points of view. The second question will be addressed from the new colonial meaning and discourse of public places regarding religious festivals. These two queries can be partially resolved here due to the lack of comprehensive sources on the LangalBand pilgrim spot and *mela* (festival) and the construction of public space from the point of health and hygiene issues under colonial settings.

### Methodology

This research is chiefly based on an analysis of primary sources. Additionally, secondary literature is consulted extensively for better understanding and insights into theoretical and conceptual perspectives. The primary materials used in writing this article have been collected from Gazetteers, Annual Reports, Government Records,

---

\* Professor, Islamic History and Culture, University of Dhaka, Dhaka, Bangladesh.

Proceedings of the Medical Department (health), preserved in the National Archives of India, Calcutta State Archive, Bangladesh National Archive, Dhaka University Library, etc. The newspaper named *Dhaka Prakash*, preserved in Dhaka University is treated as a valuable primary source of this article.

### **Sanitation, Public Health and Colonialism**

The sanitary system involves water management, drainage system, waste management etc. and determines the health condition, diseases and partial mortality of the space. If we looked back two hundred years ago, we will notice that the issue of sanitation had become a focal point in medical sciences in nineteenth century Europe. The outbreak of various diseases like dysentery, typhoid and tuberculosis affected the industrial cities of Western Europe, which led to the frequent and devastating epidemics of plague and cholera bringing public health issues to the forefront. The modern spirit found its solution in the advancement of medical science and technology as a way to extend control over human sickness and death.

New knowledge was produced through research and the publishing of books on personal health consciousness. Sir John Pringle made several observations and created a milestone in the knowledge of relating the environmental causes like heat, cold, moisture, air and rain in multiple seasons, personal habits with diseases and prevention. He suggested that relief from such diseases may be found through individual cleanliness, which could assure the health of others.<sup>1</sup> The findings of the books led to subsequent research in the field of medicine and treatment, which focused on the relationship between environmental features and human diseases. Pringle's observations related the causes of diseases from the point of view of personal to public hygiene practices. So, individual preventive measures had to be connected to collective efforts.<sup>2</sup> However, since 1754, a series of research had been done emphasizing the human body and its interactions with neighbourhoods to identify the reasons for diseases and preventive measures besides medical treatment.

The emergence of industrial cities in England, other European countries, and the USA at the beginning of the nineteenth century caused recurrent epidemics such as yellow fever, typhoid, cholera, smallpox, and typhus. Health was no longer an individual matter within society and states. It became a concern of community health or "public health" which led to the rise of public health departments as an authority both in the cities and the states.<sup>3</sup> With this, a group of professionals like sanitary commissioners, civil surgeons, medical practitioners, etc. emerged who translated public health through the concepts of race, class, gender, nationality, and age.<sup>4</sup>

The pervasive spread of colonial rule in India touched every aspect of the lives of its inhabitants. The colonial rulers used Western scientific knowledge to undertake topographical surveys and statistics on race, religion and culture. Such investigative 'modality'<sup>5</sup> produced expert reports and suggestions. The topographical surveys supplied multiple reasons behind the tropical disease of eastern India.<sup>6</sup> They referred to the different climatic conditions like temperature change, wind direction, topographical differences, and also opined that tropical diseases affected Europeans differently from the way they affected indigenous inhabitants.<sup>7</sup> David Arnold in his seminal book *Colonizing the Body* shows how the medical discourse of European officials created a systematic account of the 'health' of their colonized areas as well as that of their subjects. Arnold took note of books that shaped the framework of analysis of the colonial understanding of the health of this region. James Johnson's book *The Influence of Tropical Climates, More Especially the Climate of India, on European Constitutions*, first appeared in 1813 but was reissued in an extensively revised edition by J. R. Martin as late as 1856, marking a significant shift in the



problems of European survival not at sea, but on land in an alien and hostile environment. Shortly after Johnson, two major texts, James Annesley's *Sketches of the Most Prevalent Diseases of India* (1825) and William Twining's *Clinical Illustrations of the More Important Diseases of Bengal*, first published in 1832, provided detailed accounts of disease among Indians while still giving priority to European health.

Besides the issues of health, western knowledge was deployed to posit disease at the interstices of the physical and cultural landscape of the land. And while administering this knowledge, Arnold speaks of political ends and economic considerations of the imperial rulers which caused the change in the plans of implementation<sup>8</sup>. The maximization of profit from the colonies, dated back to the East India Company, influenced the surveys to assign comparative importance to areas depending on their economic value. But in this process of establishing sanitary control over the colonized, the colonizers had to adjust to the problems that originated from the regional environment. J B Harrison also opined in the same line as David Arnold though in a different way. He found the statistical modalities which were used to find out the differences between colonizers and colonized. He mentioned that the differences were natural or environmental and cultural and "were often of degree rather than of kind". Thus, a new form of improvement process came into existence by the end of various dialogues.<sup>9</sup> This process according to postmodern historians involved making self-conscious citizens through whom healthy habitation could be ensured for their interests. They also found it profitable from an economic point of view because creating healthy environments by practising hygiene to prevent diseases could reduce the expenditure on medical treatment.<sup>10</sup> The 'sanitary reform' as a movement came against the backdrop of creating a healthy environment.

Following the framework, the next discussion will throw light on the colonial discourse on sanitation and public health by exemplifying the LangalBand festival of Narayanganj during the colonial period.

#### **The Birth of Tradition and the Emergence of Celebration**

Ritual purity is associated with cleanliness in India. For instance, pilgrims insisted that rivers such as Ganga- called "Mather Ganga"- and indeed many smaller "flowing" streams were regarded as "pure" or "clean" no matter what went into them. It is believed that bathing in the west bed of Brahmaputra worked equally to purge sin and acquire virtue, like bathing in the water of Ganga.<sup>11</sup>

The story of Nangalband, situated in Narayanganj district, can be started with the Brahmaputra River, which flows from the Manashsarovar Lake of the Himalayas. It crossed Tibet and the middle of India and entered Bangladesh. Now the water of this river runs through the Jamuna. Two hundred years ago, the river flowed near the west of Garo Hills. It broke its line near Dewanganj and flowed through the south-east beside Jamalpur, Mymensingho and the Vawal of Madhupur. From there, the stream narrowly entered the eastern part of Dhaka and merged with Meghna near Vairav Bazar.<sup>12</sup> According to Major James Rennell's survey map, the mainstream of Brahmaputra flowed through the old one.<sup>13</sup> Fancies Buchanan Hamilton, opined differently from Rennell. According to him, the branch which came through Pachdona to the mouth of Kolagasia of Dhaleswari River was shown, and the Langalband and Panchami Ghat were situated on the bed of that branch. Even now, this river is known as the Brahmaputra.<sup>14</sup> B. C Allen described "Nangalband near Narayanganj as hallowed by memories of Parasuram, and a Great Bathing festival is held at this spot. The village is situated at 23° 39'N and 90° 33'E on the bank of the old Brahmaputra in Naraiyanganj".<sup>15</sup> Tradition has been that Parasuram, after killing

his mother, he could not free his hand from the axe with which he committed the horrid deed till he bathed in the waters of the Brahmakund amongst the Mishmi Hills.<sup>16</sup> To convey these leading waters to mankind, he converted the axe into a plough and cut a passage through the hills down which the lake poured into the Assam Valley; he continued to carve a channel for the river till his plough stuck fast at Nangalband. Parasuram then, satisfied that his labours had ended, went on pilgrimage. But he was enraged when returned and found that the Brahmaputra had broken through the barrier that stayed it and mingled with the Lakshya River. God Parasuram cursed the Brahmaputra in his wrath and declared that the river should only enjoy its peculiar purifying powers for one day a year.<sup>17</sup> It was the day on the eighth day of the Bengali month of *Chaitra*.

On this occasion, thousands of pilgrims visited the village, anxious to purge their souls of sin. Generally, the affluent people of the society or rulers and patrons took an interest in maintaining such pilgrim areas. A spontaneous *mela* came out on occasion. This *mela* is known by various names like *Chaitra Beruni*, *Baruni Snan*, *Ashtami Snan*, and *Ashokstami*.

Bradley Birt leaves a harmonious statement about the pilgrims. In 1905 he visited the Brahmaputra during the festival. Birt quoted, "Whosoever bathes in the water of the Brahmaputra on the eighth day of the moon in the month of Chait finds shelter and forgiveness beneath the omnipotent feet of Brahma the Divine".<sup>18</sup>

Contemporary colonial historians and visitors marked this gathering as 'a great crowd'. People came by train in tens of thousands, by boat, and on foot, from Dhaka and Narayanganj near at hand, from Mymensingh, Comilla and Barisal further afield, and from every corner of Eastern Bengal to this great festival of the washing away of sins.

As the crowd was uncountable, boarding and sanitation were general problems. Some accommodations were made with rough roofs of matting lightly held on bamboo posts, but those were only for the more fortunate among the pilgrims. Birt comments that "there is no festival for the rich.[...] All clad in a single garment of white".<sup>19</sup> He only found the younger women, some of whom wore a red-bordered *sari*.<sup>20</sup>

Thus, throughout the morning, the fantastic bathing festival continued, and at down the sun, the clear water turned into deep mud-brown by the stirring of many feet on its shallow bed. Yet, the worshippers pushed their way far into the stream, excited to immerse them beneath the muddy water so divinely stirred to cleanse away their sins.<sup>21</sup>

Based on the religious occasion, many shrines were raised here and there. Like other festivals, the roundabouts, shooting galleries, and peep-shows used to come to pilgrimage sites to fulfil the need for amusements. The various shops with everyday needs also used to sit there.<sup>22</sup>

James Wise noted that the *mela* or festival continued for one month. The boats of *Vaidas* anchored on the river bank of Brahmaputra to buy goods that the merchants from various places of Bengal and north India brought for sale during the time of *mela*. During this month of staying in *mela*, they elected their leaders and arranged marriages within their community.<sup>23</sup>

The above description and information provide a panoramic picture and an overall idea about the religious festival of Langalband during the colonial period. During the said period, zamindars bestowed lands to bear the expenses for the assistance of pilgrims providing food and shelter. The people responsible for collecting zamindari revenue also arranged the fair or *mela* and ensured other necessary facilities for the pilgrims. We can mention the name Vikhan Thakur as an example of a famous

zamindar of Dhaka under the British Company, who earned the honour of a dewan of the British Company.

Jatindra Mahan, stated that Vikhan Thakur received five *Narayan chakras* from a saint and instituted them in five places of Dhaka. These places were established to worship the God Narayan. Narayanganj was named after the God Narayan.<sup>24</sup>

But in 1790, the Company government confiscated Narayanganj. Confiscating holy places by the rulers was unusual until the Company ruled, especially the holy places of any religious community which were under the patronage of rulers from times immortal. Vikhan Thakur's letter to the collector Mr Doglar echoed the complaints. He wrote with a broken heart:

Hundred of beggars who are daily fed by me are clamorous for food and you have not only deprived me of the means of supplying their wants but shut the door against my performing my religious rites but taking possession of Gunge.<sup>25</sup>

However, after taking the areas from private ownership, the colonial experts defined the pilgrim spots with newly accomplished knowledge of public places, and from the nineteenth century onwards, lower Bengal came under the attention of sanitary engineers and civil surgeons who explored the pilgrim areas as sources of various contagious diseases, like cholera and dysentery through contaminated water and air.<sup>26</sup>

Significantly during the Bengali month of *Chaira*, when the water level of rivers, canals and ponds became low and sometimes dried up, the *Ulauta* (cholera) affected the locality and frequently appeared as an epidemic. In 1869, *Dhaka Prokash*, the leading Bengali newspaper, claimed that the Ulautha appeared every *Chaitra* because of little rain.<sup>27</sup> The fear of probable epidemics made the colonial official and the citizens conscientious about the health and sanitation of such neighbouring areas.

The colonial anxiety and arrangements for maintaining the health and security system of Langalband *Mela* can be exemplified through endeavours taken in 1868. The colonial administrators' main concern was conservancy, sanitary arrangements and the security system of the *Baronce fair*. The *mela* started on 1 November and lasted till 7 December 1868. The sanitary commissioner Mr Wise suggested to take necessary preparation for conservancy and sanitation to limit the spread of cholera. Mr Livesay, an assistant magistrate of Dhaka was responsible for supervising proper police and conservancy arrangements.<sup>28</sup> The necessary budget was also to be made by him to bear the expanse regarding the fair.<sup>29</sup>

In the said year, shops were extended about a quarter of a mile further than usual towards the west side of the *Baronce char*, but with diminished breadth compared to the previous year because of the river erosion. For colonial officials, this erosion created extra ventilation for the increased crowd. The arrangement of desired medicine was made to supply on an application basis.<sup>30</sup> A large number of shops took place on the occasion of the festival. The list of shops provides an idea about the quantity and needs of the worshipers who attended the festival (See Table 1.1).

**Table 1.1: List of shops opened at Baronce Fair**

No. of shops	Description of Trades
155	Shawls, Broad cloths, carpet and clothes
9	Shell cutters
17	Paper
3	Gunny cloth Bags
160	Chutkey shops for the sake of <i>samdaries</i>
11	cotton
6	Dates
17	Vegetables

68	Grocers
32	Shoe
72	Miscellaneous articles
30	Iron pots
44	Cake and Coats
10	Book Sellers
6	Sellers of Tezput
5	Bracelets
3	Gunja shops
5	Tobacco
28	Timber Merchants
10	Drums
8	Mats of Mandoors (Woolen Mats)
14	Sheetul Pattee (mat)
16	Peihees
2	Stone utensils
8	Sellers of Beltel nuts, meats etc.
25	Fish shop
10	Paun shop
8	Milkmen
8	Carpenters
10	Ticia used for smoking
1	Blacksmiths
32	Ginger and Cha
40	Kasharies
7	Vegetable Fruits
26	Pot and Jars
62	Spices and Drugs
44	Prostitutes also occupied 44 hunts.

The concentration of colonial authority mainly focused on scientific health issues rather than the soul's purity. *Dhaka Prokash* mentioned that in the next year (1870), the Beruni Hindu Fair ended without a noticeable attack of epidemic disease. Various art and craft products were exhibited at that fair.<sup>31</sup> In 1912, BC Allen, "the Magistrate of Dhaka, informed that cholera, used at one time to be a severe menace to Nangalband is no longer situated on the mainstream of the Brahmaputra but on a dying channel which contained little water save in the rains. The district board has accordingly taken over the management of the *mela*; tube-wells have been sunk, and temporary hospitals established".<sup>32</sup>

### Conclusion

However, despite this success, Livesay's report informed us that the conservancy, especially providing drinking water, was insufficient. Due to scarcity, the authorities allowed the people to consume river water.<sup>33</sup> The expenditure was also met by collecting subscriptions from the zamindars and landholders. Interestingly the government's contribution was only 20% compared to the subscriptions of the local elites.<sup>34</sup> Furthermore, the festival was based on spirituality; it accommodated various shops where goods for luxury and amusements were also available. The ten shops for smoking, three Gunja shops, and, interestingly, forty-four huts were occupied by prostitutes. So, the colonial governmentality was nothing but showing visual control

over the public space without connecting themselves to local culture and traditional practices.

---

## References

1. John Pringle, M D, *Observations on the Diseases of the Army*, London, 1764, (4<sup>th</sup> ed.), pp. 79- 91
2. Ibid, p. 94
3. Christopher Hamlin, *Public Health and Social Justice in the Age of Chadwick, Britain, 1800-1854*, Cambridge University Press, 1998, pp. 1-2.
4. Ibid, p.2.
5. Bernard S Cohn, *Colonialism and Its Form of Knowledge: The British in India*”, Delhi: Oxford University Press, 1997, p.7
6. Francis Buchanan under the instruction of Bengal Government made topographical Survey of Bengal in 1807-14. Later James Taylor surveyed the topography of Dhaka in 1840, p.331.
7. Swati Chattopadhyay, *Representing Calcutta, Modernity, Nationalism, and the Colonial Uncanny*, Routledge, 2005, p. 62.
8. David Arnold, *Colonizing the Body, State Medicine and Epidemic Disease in Nineteenth- Century India*, Delhi: Oxford University Press, 1993, pp. 24-25.
9. For details, see Mark Harrison, Margarat Jones, et al. (ed.) *From Western Medicine to Global Medicine: The Hospital Beyond the West*, Orient Blackswan, 2009.
10. Cristopher Hamlin, *Public Health and Social Justice in The Age of Chadwick Britain, 1800-1858*, Cambridge University Press, 1994, pp. 28-29.
11. *Kalikapuran*-Source- <https://www.banglaboipdf.com/kalika-purana-in-bengali/>; Jatindra Moham Roy, *Dhakar Itihas (History of Dhaka)*, vol-I, p. 191.
12. B. C Allen, *Eastern Bengal District Gazetteers, Dacca*, Allahabad: Pioneer Press, 1912, p. 67.
13. [https://commons.wikimedia.org/wiki/File:1776\\_Rennell\\_-\\_Dury\\_Wall\\_Map\\_of\\_Bihar\\_and\\_Bengal,\\_India\\_-\\_Geographicus\\_-\\_BaharBengal-dury-1776.jpg](https://commons.wikimedia.org/wiki/File:1776_Rennell_-_Dury_Wall_Map_of_Bihar_and_Bengal,_India_-_Geographicus_-_BaharBengal-dury-1776.jpg)
14. Jatindra Moham Roy and Kedarnath Mazumder, *Dhakar Itihas (History of Dhaka)* (vol.I), Kolkata: Dey’s Publishing, p. 62.
15. B. C Allen, *Eastern Bengal District Gazetteers, Dacca*, p. 67.
16. B. C Allen, *Eastern Bengal District Gazetteers, Dacca*, p. 187.
17. Brahnda Puran (source- Mokarram Hossain, *Bangladesher Mela, (Fairs in Bangladesh)*, Dhaka: Aninda Prakash, 2014, p.75.
18. F. B. Bradley-Birt, *The Romance of An Eastern Capital*, London: Smith, Elder & Co, 15 Waterloo Place, 1906, p. 289.
19. Ibid, p.291.
20. Ibid, p. 292.
21. Ibid, p.302.
22. Ibid, p.303.
23. James Wise *Notes on the Races, Castes and Trades of Eastern Bengal (part-III)*, translated in Bengali by Fauzul Karim, (ed. with introduction by Muntasir Mamun, Dhaka: ICBS (University of Dhaka), p.50.
24. Jatindra Moham Roy and Kedarnath Mazumder, *Dhakar Itihas (History of Dhaka)* p. 216.
25. Ibid, p. 217
26. John Pringle, M D, *Observations on the Diseasees of the Army*, (London, 1764 (4<sup>th</sup> edition)) pp. 79-91.
27. *Dhaka Prokash*, 7 Baishakh, 1276,(18 April 1869).

- 
28. Proceedings of the Hon'ble the Lieutenant Governor of Bengal During, July 1869, General Department Sanitation, West Bengal State Archive, Kolkata, India.
  29. Ibid.
  30. Letter From J.J. Livesay, Esq, Assistant Magistrate of Dacca, to the Magistrate of Dacca, (No. 2111, dated Dacca, the 30<sup>th</sup> December, 1868), West Bengal State Archive, Kolkata, India  
*Dhaka Prokash*, 5 Baishakh, 1277, p. 64 (17 April 1870).
  32. B. C Allen, *Eastern Bengal District Gazetteer, Dacca*, Allahabad: Pioneer Press, 1912, p.187.
  33. Letter from a Graham, Esq, Officiating Magistrate of Dacca, to the Commissioner of the Dacca Divison (No. 20, dated Dacca, the 6<sup>th</sup> January, 1869).
  34. A report prepared by Mr. J.J. Livesay, Assistant Magistrate shows that the government spent Rs. 17-9 while the zamindars contributed Rs. 112-1 for a single purpose.

## ইতিহাসবিদ অক্ষয়কুমার মৈত্রেয় : জীবন ও কর্ম (Historian Akshay Kumar Maitrya: His Life and Works)

Dr. Md. Abdul Matin\*

**Abstract:** Among the Bangalee worshippers of history in the twentieth century, Akshay Kumar Maitrya (1861-1930) was a pioneer. It will not be the whole truth if he is regarded as only a historian, rather he was also a litterateur, archeologist, aestheticist, a critic of dramatic literature, and an orator. He refuted the ignoble approaches of the orientalist historians who tried to stigmatise the history of the Bangalees, and, like an apt pleader, placed them on the dock of reason. The other people's endeavour to defile historical facts with fiction was dissected by him with the knife of logic, and thus the nation was freed from taints. While doing so, he adopted the European scientific method, and initiated the prejudice-free unbiased discussion of the history of Bengal. After a long century, even today, his diversified research on history arouses much astonishment. In the nineteenth century, the aspect of the historical research of the Bangalees that gained prominence was archeological explorations, collection of and research on the antiques with a view to reconstructing the history of Bengal and India. Akshay Kumar was a prominent figure of this trend in the Barendra zone. He left a lasting impact on the discipline of arts, like the ancient history of Bengal, archeology, anthropology, literature, and philosophy. If we look at his works, we can find more than twenty books either written or edited by him. More than two hundred articles published in the then renowned Bengali and English journals established him as a great writer and historian. Samarsingh, Sirajdaula, Mir Kasim, Seetaram Roy, Goudlekhmal, Firingi Banik, Rani Bhabani, Bharatshilper Katha, Ajneobad etc. are his history source-books. These works of Akshay Kumar Maitrya are now in the abyss of oblivion. This article aims at bringing back the invaluable treasure of this great pioneer of history to the readers and researchers of our times.

### ভূমিকা

বাংলায় ইংরেজ ঔপনিবেশিক শাসন সুদৃঢ় হওয়ার পরিপ্রেক্ষিতে নতুন আর্থ-সামাজিক কাঠামোতে পাশ্চাত্যের চিন্তা-চেতনা, জীবন দর্শন ও জ্ঞান-বিজ্ঞানের অভিঘাতে বাংলায় আধুনিক ইতিহাসচর্চার উন্মেষ ঘটে। ১৮০০-১৮৭০ সাল পর্যন্ত সময়কালকে বাঙালির আধুনিক ইতিহাস চেতনার উন্মেষপর্ব হিসেবে চিহ্নিত করা হয়। উনিশ শতকের বাঙালির ইতিহাস গবেষণা বহুমাত্রিক পরীক্ষা নিরীক্ষার পথ অতিক্রম করে বিশ শতকে এসে নতুন মাত্রায় উন্নীত হয়। আর এই অভিযাত্রী দলের অন্যতম স্বপ্ন সারথি হলেন বাঙালি ইতিহাসবিদ অক্ষয়কুমার মৈত্রেয়। দীপেশ চক্রবর্তী লিখেছেন, 'ইতিহাসকে রীতিমত একটি গবেষণাযোগ্য বিষয় করে তুলতে বাংলায় যে দু'জন মানুষের অবদান অনস্বীকার্য অক্ষয়কুমার তাদের একজন।' বাঙালির ইতিহাস উদ্ধারের এই প্রয়াস বিশ শতকে এসে আরও বেগবান হয়ে উঠে। এই পুরাতাত্ত্বিক পথে বাঙালির ইতিহাস উদ্ধারে আত্মনিয়োগ করেছিলেন অক্ষয়কুমার। একজন খ্যাতিমান লেখক হিসেবে তিনি বেশ কিছু সংখ্যক অমূল্য গবেষণাকর্ম প্রকাশ করেন, যা তাঁর শ্রমসাধ্য অধীত বিদ্যাকে সমৃদ্ধ করেছে।

### সংক্ষিপ্ত জীবনী

অক্ষয়কুমারের জন্ম ১৮৬১ সালের ১ মার্চ (১৯ ফাল্গুন ১২৬৭) বর্তমান কুষ্টিয়া জেলার শিমুলিয়া গ্রামে (তৎকালীন নদিয়া জেলার সিমলা গ্রামে) মাতুলালয়ে। অক্ষয়কুমার মৈত্রেয়ের বংশগত ভিত্তি সুদৃঢ় ছিল। পিতা মথুরানাথ মৈত্রেয় কুমারখালী ইংরেজি স্কুলের শিক্ষক ও পরে সরকারি চাকুরিসূত্রে রাজশাহীবাসী হন,

\* Associate Professor, Islamic History and Culture, Rajshahi College, Rajshahi, Bangladesh.

মাতা সৌদামিনী দেবী গৃহিণী। অক্ষয়কুমার মৈত্রেয় তাঁর আত্মকথায় লিখেছেন, ‘তাঁর পিতা মথুরানাথ ও পিতৃবন্ধু হরিনাথ সাহিত্যসাধক অক্ষয়কুমার দত্তের (১৮২০-৮৬) লেখা বিশেষ আগ্রহ সহকারে পাঠ করতেন এবং তাঁরই আদর্শে অনুপ্রাণিত হয়ে বাংলা সাহিত্যের উন্নতি সাধনে ব্রতী হয়েছিলেন। এই আদর্শানুরাগের ফলেই তাঁর নাম রাখা হয় ‘অক্ষয়কুমার’। ১৮৬৬ সালে পাঁচ বছর বয়সে পাঠশালায় হাতেখড়ি দেন পিতৃবন্ধু কাঙাল হরিনাথ। এরপর তাঁর প্রাথমিক শিক্ষা হরিনাথ প্রতিষ্ঠিত ও পরিচালিত কুমারখালী বঙ্গ বিদ্যালয়ে। ১৮৭১ সালে অক্ষয়কুমার রাজশাহীর বোয়ালিয়া গভর্নমেন্ট স্কুলে ভর্তি হন। ১৮৭৮ খ্রিস্টাব্দে উক্ত স্কুল থেকে প্রথম বিভাগে এন্ট্রান্স পাশ করেন এবং রাজশাহী বিভাগে প্রথম স্থান অধিকার করে ১৫ টাকা বৃত্তি লাভ করেন। ১৮৭৯ সালে বোয়ালিয়া স্কুল কলেজে উন্নীত হলে সেখানে ফার্স্ট আর্টসে ভর্তি হন এবং ১৮৮০ সালে ২০ টাকা বৃত্তি নিয়ে দ্বিতীয় বিভাগে এফ এ করেন। ঐ বছরই তিনি পাবনার তাঁতিবন্দ গ্রামের হৃদকমল দেবীকে বিয়ে করেন। ১৮৮৩ সালে কলকাতার প্রেসিডেন্সি কলেজ থেকে তৃতীয় বিভাগে বিএ পাশ করেন। ঐ কলেজেই তিনি রসায়ন শাস্ত্রে এমএসসি ক্লাশে ভর্তি হন, কিন্তু শারীরিক অসুস্থতা হেতু রাজশাহী ফিরে আসেন। ১৮৮৫ সালে রাজশাহী কলেজ থেকে দ্বিতীয় বিভাগে বিএল পাশ করে রাজশাহীর দেওয়ানী আদালতে ওকালতি শুরু করেন। ১৮৯০ সালে ‘শিক্ষা পরিচয় সমিতি’র সম্পাদক নির্বাচিত হন। ১৮৯৭ সালে অক্ষয়কুমার রাজশাহীতে প্রতিষ্ঠা করেন শকুন্তলা নাট্য সমিতি এবং মঞ্চস্থ হয় দুটি সংস্কৃত নাটক ‘শকুন্তলা’ ও ‘বেণীসংহার’। এসময় তিনি রাজশাহীতে রেশমশিল্প বিদ্যালয় প্রতিষ্ঠা করে এর সম্পাদক ও পাঁচ বছরকাল অবৈতনিক অধ্যাপকের দায়িত্ব পালন করেন। ১৯০৪ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদের সহ-সভাপতি ও ১৯১১ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদের বিশিষ্ট সদস্য নির্বাচিত হন। ১৯১৫ সালে তিনি ‘কাইজার-ই-হিন্দ’ রৌপ্যপদকে ভূষিত হন। ১৯১৭ সালের ১৫ ফেব্রুয়ারি অক্ষয়কুমার ‘A Note on Paharpur Mound’ শিরোনামে আর্কিওলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়াতে বরেন্দ্র অনুসন্ধান সমিতির পক্ষে প্রতিবেদন প্রদান করেন। ১৯২০ সালে ব্রিটিশ সরকার তাঁকে ‘সি আই ই’ উপাধি প্রদান করে। ১৯৩০ সালের ১০ ফেব্রুয়ারি সোমবার (২৭ মাঘ ১৩৩৬ বঙ্গাব্দ) ভোর ৬.৪০ মিনিটে রাজশাহীস্থ নিজ বাসভবনে ইতিহাসের এই মহান সারথির জীবনাবসান ঘটে।

#### কর্মকাণ্ডের বিষয়বস্তু ও সংক্ষিপ্তসার

ইতিহাসের জ্ঞানকে মূলানুগ, গভীর এবং বিশেষায়িত করার জন্য ঐতিহাসিককে গবেষণার ক্ষেত্রে কাল বিভাজনের রেখায় সীমায়িত করতে হয়। অক্ষয়কুমার এর ব্যতিক্রম ছিলেন না। তাঁর ইতিহাস অনুসন্ধান ও গবেষণাকর্মের বিষয়কে তিনভাগে ভাগ করা যায়— প্রথমত, প্রাচীন ভারত ও বাংলার ইতিহাস, দ্বিতীয়ত, ভারতবর্ষের পুরাতত্ত্ব ও বিশেষ করে বাংলার প্রাচীন ইতিহাস উদ্ধারের চেষ্টা (প্রাচীন শিলালিপি, মুদ্রা, তাম্রশাসন, মূর্তি ও প্রাচীন ধ্বংসস্থলের বিবরণ) এবং তৃতীয়ত, প্রত্নতত্ত্ব গবেষণা। বরেন্দ্র অনুসন্ধান সমিতি প্রতিষ্ঠার পর অক্ষয়কুমার মৈত্রেয়, রমাপ্রসাদ চন্দ, কুমার শরৎকুমার রায়, ননীগোপাল মজুমদার, নলিনীকান্ত ভট্টশালী প্রমুখ ব্যক্তিবর্গ বাংলার পুরাতন শিল্প-গৌরবের চর্চা শুরু করেছিলেন। শীঘ্রই সমিতি অনুসন্ধানলব্ধ এবং পূর্বাঙ্কিত ঐতিহাসিক তথ্য একত্র করে ‘গৌড় বিবরণ’ নামক খণ্ডে খণ্ডে প্রকাশিতব্য গ্রন্থ সংকলনের প্রয়োজন অনুভব করে। ৮ ভাগে এই বিবরণ গ্রন্থনার পরিকল্পনা হয়—(১) রাজমালা, (২) শিল্পকলা, (৩) বিবরণমালা, (৪) লেখমালা, (৫) গ্রন্থমালা, (৬) জাতিতত্ত্ব, (৭) শ্রীমূর্তিতত্ত্ব এবং (৮) উপাসক সম্প্রদায়। এরই অংশ হিসেবে ১৯১২ সালে রমাপ্রসাদ চন্দ্রের ‘গৌড়রাজমালা’ এবং অক্ষয়কুমার মৈত্রেয়ের ‘গৌড়লেখমালা’ প্রকাশিত হয়ে প্রাচীন বাংলার ইতিহাস চর্চার ক্ষেত্রে যুগান্তকারী অধ্যায়ের সূচনা করে। এসব বিষয়কে কেন্দ্র করে অক্ষয়কুমার একাধিক গ্রন্থ, পুস্তিকা ও প্রবন্ধ রচনা, প্রত্নবস্তুর ক্যাটালগ তৈরি, যাদুঘর নির্মাণ ও প্রদর্শনীর ব্যবস্থা করেন। আইনব্যবসা ও বরেন্দ্র অনুসন্ধান সমিতির ডিরেক্টরের কাজের পাশাপাশি তিনি ঐতিহাসিক ও নৃতত্ত্ব বিষয়ক গবেষণায় গভীরভাবে আত্মনিয়োগ করেছিলেন। অক্ষয়কুমারের প্রথম প্রবন্ধ ‘নীতিশিক্ষা’ প্রকাশিত হয় ১৮৮১ সালে গ্রামবার্তা প্রকাশিকাতে। ১৮৮৩ সালে তাঁর প্রথম গ্রন্থ ‘সমরসিংহ’, ১৮৯৮ সালে ‘সিরাজদৌলা’ এবং ১৯১২ সালে ‘গৌড়লেখমালা’ প্রকাশিত হয়। সিরাজদৌলা এবং গৌড়লেখমালা গ্রন্থ দুটি অক্ষয়কুমারের দীর্ঘ গবেষণার ফসল। গ্রন্থটির উৎসর্গপত্রে লেখা হয়েছিল, ‘This



*Historical Sketch is Dedicated to Henery Beveridge Esq.C.S. An humble token of the Author's Sincere esteem and great regard.* বেভারিজ গ্রন্থটি সম্পর্কে লিখেছিলেন, *'Shirajuddaulah was more unfortunate than wicked!'* ফজলুল হক তাঁর 'অক্ষয়কুমার মৈত্রেয়' গ্রন্থে সিরাজদ্দৌলা গ্রন্থটি ঐতিহাসিক ম্যালেসনের নামে উৎসর্গ বলে উল্লেখ করেছেন।<sup>১০</sup> ১৯১৬ সালের ২৪ মার্চ অন্ধকূপ সমস্যা নিয়ে আলোচনা সভায় অক্ষয়কুমার একটি ইংরেজি প্রবন্ধ পাঠ করেন। প্রবন্ধটির বিমলাচরণ মৈত্রেয়কৃত বঙ্গানুবাদ ১৯১৬ বা তার পরবর্তী সংস্করণে সংযোজিত হয়।

১৮৯৮ সালের ১০ মে রাজশাহীর বাণী প্রেস থেকে প্রকাশিত হয় অক্ষয়কুমারের 'সীতারাম রায়' গ্রন্থটি এবং ১৯০৬ সালের ২৫ ফেব্রুয়ারি জি, সি, বসু এণ্ড কোং থেকে প্রকাশিত হয় সচিত্র 'মীর কাসিম'। মীর কাসিম গ্রন্থটি উৎসর্গ করেন রাণী ভবাণীর বংশধর নাটোরাধিপতি জগদিন্দ্রনাথ রায় বাহাদুরের নামে। ১৯১২ সালে 'A Short History of Natore Raj' অতি সংক্ষিপ্ত (মাত্র ১৮ পৃষ্ঠা) পুস্তিকা প্রণয়ন করেন। তিনি প্রাচীন শিলালিপি, তাম্রশাসন, মূর্তি ও প্রাচীন ধ্বংসস্তুপ থেকে প্রাপ্ত উপকরণগুলো বিশেষ মনোযোগ সহকারে পাঠ করেন এবং বিখ্যাত গ্রন্থ 'গৌড়লেখমালা' রচনা করেন। ১৫টি শিলালেখ ও তাম্রশাসনের সটীক সংকলন সমন্বয়ে গৌড়লেখমালায় প্রশস্তি-পরিচয়, প্রশস্তি-পাঠ ও বঙ্গানুবাদ লিপিবদ্ধ হয়। গ্রন্থটি বরেন্দ্র অনুসন্ধান সমিতি, রাজশাহী কর্তৃক ১ সেপ্টেম্বর ১৯১২ সালে প্রকাশিত হয়।<sup>১১</sup> গৌড়লেখমালা গ্রন্থে অক্ষয়কুমার প্রথম পাল ও সেন রাজাদের শিলালিপির বর্ণনা থেকে প্রকৃত ইতিহাস তুলে ধরেন। ১৯১২ সালে (১৩১৯ বঙ্গাব্দ) অক্ষয়কুমার মৈত্রেয়ের সম্পাদনায় বরেন্দ্র ইতিহাস অনুসন্ধান সমিতি কর্তৃক রমাপ্রসাদ চন্দ্রের 'গৌড়রাজমালা' প্রকাশিত হয়।<sup>১২</sup> গ্রন্থখানি প্রকাশের পর ড. রমেশচন্দ্র মজুমদার মন্তব্য করেন, 'পরবর্তী একশত বছরে পুরাতত্ত্ব আলোচনার ফলে বাংলার ইতিহাস সম্বন্ধে আমাদের জ্ঞান যে কতদূর অগ্রসর হয়েছিল, রমাপ্রসাদ চন্দ্র প্রণীত 'গৌড়রাজমালা' গ্রন্থখানি তার প্রমাণস্বরূপ গ্রহণ করা যেতে পারে।'<sup>১৩</sup>

উৎখননে প্রাপ্ত অভিজ্ঞতার আলোকে অক্ষয়কুমার রচনা করেন *ফিরিঙ্গি বণিক*, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, কলিকাতা, ২০ জুলাই ১৯২২; *অঙ্কেরবাদ : সমালোচনা*, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, কলিকাতা, মাঘ ১৩৩৪; *Ancient Monuments of Varendra (North Bengal)*, Edited by Kshitish Chandra Sarkar and Ramesh Chandra Majumdar, Varendra Research Society, 1949; *ভারতশিল্পের কথা*, সাহিত্যলোক, কলিকাতা, অগ্রহায়ণ ১৩৮৯; *গৌড়ের কথা*, সাহিত্যলোক, কলিকাতা, বৈশাখ ১৩৯০; *আবাহন (নাটক)*, নির্মলচন্দ্র সম্পাদিত, ১৯৮২; *উত্তরবঙ্গের পুরাতত্ত্ব সংগ্রহ*, আনন্দগোপাল ঘোষ ও মলয়শঙ্কর ভট্টাচার্য সম্পাদিত, প্রতীতি প্রকাশনী, কলিকাতা, ১৫ সেপ্টেম্বর ১৯৮৪; *সাগরিকা*, সাহিত্যলোক, কলিকাতা, ফেব্রুয়ারি ১৯৮৬; *The Fall of Pala Empire*, Edited by Dinesh Chandra Sarkar, 1986; *রাণী ভবাণী*, নিশীথরঞ্জন রায় সম্পাদিত, সাহিত্যলোক, কলিকাতা, জানুয়ারি ১৯৯০ ইত্যাদি। ১৯১৪ সালে বঙ্গীয় সাহিত্য সম্মেলনের সপ্তম অধিবেশনে ইতিহাস শাখার সভাপতির ভাষণে তিনি জীবনব্যাপী বাংলা ও প্রাচীন ভারতের সভ্যতা, সংস্কৃতি ও ইতিহাসের অধ্যয়ন ও গবেষণার ফলশ্রুতি স্বরূপ কয়েকটি মৌলিক সিদ্ধান্তের অবতারণা করেন। তিনি ১৯২৩ সালের ১ মার্চ পাহাড়পুর খননের পূর্বেও অনুরূপ বক্তৃতা ও প্রথম কোদাল চালিয়ে খননকাজের উদ্বোধন করেন। ১৯২৭ সালের ১৮ মার্চ অক্ষয়কুমার কলিকাতার ইণ্ডিয়ান মিউজিয়ামে 'Ancient Monuments of Varendra' বিষয়ে আলোকচিত্র সহযোগে বক্তৃতা করেন যা তাঁর অর্জিত পাণ্ডিত্যের বহিঃপ্রকাশ।

#### গবেষণার বর্ণনা ও বিশ্লেষণের ধরণ

অক্ষয়কুমার মৈত্রেয়ের ইতিহাস গবেষণার প্রধান বৈশিষ্ট্য হলো ঐতিহাসিক সত্যের অনুসন্ধান এবং মূল তথ্যের ভিত্তিতে প্রকৃত ইতিহাস উদ্ঘাটন। ফলে ইতিহাস রচনায় তাঁর ধরণটি ছিল বর্ণনামূলক। 'মানব-সভ্যতার আদি উদ্ভবক্ষেত্র' প্রবন্ধে অক্ষয়কুমার লিখেছেন :<sup>১৪</sup>

'মানব-সভ্যতার আদি উদ্ভব-ক্ষেত্র কোথায়, তৎসম্বন্ধে মানব-সমাজ বহুকাল হইতে তথ্যানুসন্ধান করিয়া আসিতেছে। আধুনিক ইউরোপীয় সভ্যসমাজ অনেক দিন পর্যন্ত রোম এবং গ্রীস এবং কখন কখন মিশর দেশকে সেই আদি উদ্ভব-ক্ষেত্র বলিয়া বর্ণনা করিবার জন্য চেষ্টা করিয়া, সকল কৌতূহল চরিতার্থ করিতে না পারিয়া, এখনও তথ্যানুসন্ধান

চেপ্টায় বিরত হইতে পারে নাই।.....এখন প্রাচ্য তত্ত্ব মানবতত্ত্বের প্রধান পরিচয়-ক্ষেত্র বলিয়া সর্বত্র উত্তরোত্তর অধিক শ্রদ্ধা লাভ করিতেছে।’

‘ভারতী, ১৩২৩, বৈশাখ সংখ্যায় অক্ষয়কুমার ‘অন্ধকূপহত্যা’ প্রবন্ধে লিখেছেন :’

‘অধুনা যে সকল কাগজপত্র প্রকাশিত হইয়াছে তাহার সাহায্যে দেখিতে পাওয়া গিয়াছে-অনেক ইংরাজ দুর্গ-জয় কালে বীরের ন্যায় দেহ বিসর্জন করিয়াছিলেন। ইহাদের মৃত্যু-কাহিনী দুর্গবাসী অন্যান্য ইংরাজ সহযোগীগণ বিলাতে লিখিয়া পাঠাইয়া ছিলেন। যাঁহারা এইরূপে দুর্গরক্ষার্থ প্রাণ বিসর্জন করেন, তাঁহাদের নামও অন্ধকূপে নিহত ব্যক্তিগণের তালিকাভুক্ত করিয়া, হলওয়েল কাহিনী রচনা করিয়াছিলেন। এই তথ্য এতদিন অপ্রকাশিত ছিল; ইহা এখন হলওয়েলের কাহিনীকে আরও সংশয়পূর্ণ করিয়া তুলিয়াছে।’

বস্তুত, অক্ষয়কুমার মৈত্রেয়ের ইতিহাস বর্ণনা ও পর্যালোচনা তাঁর অনুসন্ধান ও গবেষণার মূল বিষয়ের সাথে সঙ্গতিপূর্ণ। ইতিহাস গবেষণা, বিশ্লেষণ ও উপলব্ধির মধ্যে অপূর্ব সমন্বয় ঘটেছে তাঁর বর্ণনায় ও উপস্থাপনায়। অক্ষয়কুমার মৈত্রেয় রচিত গ্রন্থাবলি ও বিভিন্ন সময়ে সাময়িকপত্রে প্রকাশিত রচনাসমূহ নিম্নরূপ :

#### ক. গ্রন্থাবলি

অক্ষয়কুমারের রচিত গ্রন্থগুলো হলো-সমরসিংহ (১৮৮৩), সিরাজদ্দৌলা (১৮৯৮), সীতারাম রায় (১৮৯৮), *Gauda, under the Hindus* (1902), বঙ্গভাষার লেখক (১৯০৪), মীরকাসিম (১৯০৬), *A Short History of Natore Raj* (1912), গৌড়লেখমালা (১৯১২), ফিরিঙ্গি বণিক (১৯২২), অজ্ঞেয়-বাদ (১৩৩৪), *Ancient Monuments of Varendra* (1949), ভারতশিল্পের কথা (১৩৮৯), আবাহন (১৯৮২), গৌড়ের কথা (১৩৯০), উত্তরবঙ্গের পুরাতত্ত্ব সংগ্রহ (১৯৮৪), সাগরিকা (১৯৮৬), *The Fall of Pala Empire* (1986) এবং রাণী ভবানী (১৯৯০) প্রভৃতি।

#### খ. পত্র-পত্রিকা

সমকালীন প্রায় সব শ্রেষ্ঠ পত্র-পত্রিকায় অক্ষয়কুমারের লেখা প্রকাশিত হয়েছিল। তারমধ্যে উল্লেখযোগ্য ছিল-গ্রামবার্তা প্রকাশিকা, ধর্মবন্ধু, সাধনা, সাহিত্য, মানসী, মানসী ও মম্ববাণী, হিন্দুরাজিকা, ভারতী, উৎসাহ, জন্মভূমি, প্রদীপ, মুকুল, ঐতিহাসিক চিত্র, প্রবাসী, বঙ্গদর্শন নবপর্যায়, জাহ্নবী নবপর্যায়, রঙ্গপুর সাহিত্য পরিষৎ পত্রিকা, ঢাকা রিভিউ ও সম্মিলন, বঙ্গভাষা, উপাসনা, প্রতিভা, ভারতবর্ষ, বঙ্গবাণী, আনন্দবাজার পত্রিকা ও বিশ্বভারতী পত্রিকা। ইংরেজি পত্র-পত্রিকা জার্নালসমূহ- *Journal of the Asiatic Society of Bengal*, *Modern Review*, *The Dawn and Dawn Society's Magazine*, *Bengal Past and Present*, *Rupam*, *Journal of the Varendra Research Museum*, *Rajshahi* etc. অক্ষয়কুমার মৈত্রেয়ের প্রায় আড়াই শতাব্দিক বাংলা ও ইংরেজি প্রবন্ধ বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছে।<sup>১০</sup> তাঁর জীবন ও কর্ম নিয়ে এ পর্যন্ত প্রায় ৪১টি প্রবন্ধ ও পুস্তিকা প্রকাশিত হয়েছে। যদিও উক্ত প্রবন্ধ ও পুস্তিকায় তাঁর পূর্ণাঙ্গ কর্মকাণ্ড লিপিবদ্ধ হয়নি।

#### ইতিহাসের উপাদান ও প্রয়োগ

ইতিহাস শাস্ত্রের নৃতাত্ত্বিক ভিত্তি নির্ধারণ এবং ইতিহাস ও নৃতত্ত্বের মধ্যে আন্তঃসম্পর্ক স্থাপন, সেই সাথে ইতিহাস ও সাহিত্যের নিগূঢ় যোগসূত্র অক্ষয়কুমারের ইতিহাস ভাবনার একটি প্রধান বৈশিষ্ট্য। বস্তুত উনিশ শতকের মাঝামাঝি থেকে রাজেন্দ্রলাল মিত্র, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, রজনীকান্ত গুপ্ত, রমাপ্রসাদ চন্দ, অক্ষয়কুমার মৈত্রেয় প্রমুখ পণ্ডিত ও ঐতিহাসিকদের অনুসন্ধান এবং গবেষণায় বাংলা ও ভারতবর্ষের জাতিতাত্ত্বিক ভিত্তি নির্ধারণের একটি প্রয়াস লক্ষ্য করা যায়।<sup>১১</sup> এ বিষয়ে অক্ষয়কুমার সমসাময়িক ইতিহাস গবেষকদের চেয়ে অগ্রগামী ছিলেন। তাঁর লেখা *সমরসিংহ*, *সিরাজদ্দৌলা*, *সীতারাম রায়*, *Gaur under the Hindus*, *মীরকাসিম*, *A Short History of Natore Raj*, *গৌড়লেখমালা*, *ফিরিঙ্গি বণিক*, *অজ্ঞেয়-বাদ*, *Ancient Monuments of Varendra (North Bengal)*, *ভারতশিল্পের কথা*, *গৌড়ের কথা*, *উত্তরবঙ্গের পুরাতত্ত্ব সংগ্রহ*, *The Fall of Pala Empire* এবং *রাণী ভবানী* ইত্যাদি গ্রন্থগুলোতে এবং বেশকিছু প্রবন্ধে ইতিহাসের আঁকর তথ্য স্থান পেয়েছে। বিশেষ করে ‘গৌড়লেখমালা’ ‘*Ancient Monuments of Varendra (North Bengal)*’ গ্রন্থ দুটি বাংলার ইতিহাসের প্রথম শিলালিপির বর্ণনা ইতিহাসগ্রন্থ। তাছাড়া *সমরসিংহ*, *সিরাজদ্দৌলা*, *সীতারাম রায়*, *রাণী ভবানী* প্রভৃতি গ্রন্থসমূহে ইতিহাসের মৌলিক উপাদানের

পাশাপাশি পাঠক সাহিত্যের রস আন্বাদনেও বঞ্চিত হন না। আবার *ভারতশিল্পের কথা*, *গৌড়ের কথা*, *ফিরিস্তি* বর্ণিক গ্রন্থ রচনার মধ্যদিয়ে ইতিহাসের বিভিন্ন শাখায় তাঁর দিগন্ত বিস্তৃত জ্ঞানের কথা আমাদের মনে করিয়ে দেয়। অক্ষয়কুমার তাঁর গবেষণাকর্মে প্রধানত দু'টি ধারা থেকে ইতিহাসের উপাদান সংগ্রহ করেছেন। প্রথমত, প্রত্নতাত্ত্বিক উৎস (শিলালিপি, তাম্রশাসন, মুদ্রা, স্থাপত্য নিদর্শন প্রভৃতি) এবং দ্বিতীয়ত, প্রাচীন গ্রন্থ ও সাহিত্য (বেদ, পুরাণ, সমকালীন ইতিহাস ও সাহিত্য বিষয়ক গ্রন্থরাজি) উৎস। প্রাচীন সংস্কৃত লিপির পাঠোদ্ধারে তিনি ছিলেন দক্ষ। প্রত্যক্ষভাবে পর্যবেক্ষণ করে ইতিহাসের তথ্য উদ্ধারকল্পে তিনি সমগ্র বাংলার তথা ভারতের বিভিন্ন অঞ্চলে ইমারত, মন্দির, মসজিদ, প্রাচীন শহর, ধ্বংসস্তুপ, ভাস্কর্য প্রভৃতি পরিদর্শন করেছেন এবং অসংখ্য শিলালিপি, তাম্রলিপি স্বচক্ষে প্রত্যক্ষ করেছেন। প্রত্নতাত্ত্বিক নিদর্শন বিশ্লেষণ করে তিনি সমকালীন শাসকদের শাসনকাল, আর্থ-সামাজিক অবস্থা নিরূপণের প্রয়াস চালিয়ে রচনা করেন *'গৌড়লেখমালা'* গ্রন্থ। অক্ষয়কুমার বৈদিক ও পৌরাণিক সাহিত্যের বিবরণও বিভিন্ন ক্ষেত্রে প্রয়োগ করেছিলেন। তিনি ইউরোপীয় ঐতিহাসিকদের রচিত গ্রন্থ ও উদ্ধৃতি ব্যবহার করে যুক্তিনির্ভর ইতিহাস রচনায় আত্মনিয়োগ করেন।

### ইতিহাস চিন্তা, চিন্তাগত প্রভাব ও দৃষ্টিভঙ্গি

সমকালীন ইতিহাস ও প্রত্নতাত্ত্বিক গবেষণা এবং বিদ্বৎ সমাজের ভাবনা অক্ষয়কুমারের মানসলোকের উপর প্রভাব বিস্তার করেছিল। রাজশাহীতে আইন ব্যবসাকালীন বরেন্দ্র অনুসন্ধান সমিতির সাথে সম্পৃক্ত থেকে তিনি ইতিহাসচর্চায় নিজেস্ব আকর্ষণ নিমজ্জিত রাখেন। ১৩০৪ সালে অক্ষয়কুমারের উদ্যোগে রাজশাহীতে একটি রেশমশিল্প বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। তার অল্পকাল পরেই (১৩০৫) রবীন্দ্রনাথ শিলাইদহে কিছুকাল সপরিবারে বসবাস করেন এবং নানারকম পল্লী-উন্নয়নকার্যে মন দেন। এ সময়ে অক্ষয়কুমারের উৎসাহে তিনিও রেশমশিল্পের প্রতি আকৃষ্ট হন। এ সময়েই রবীন্দ্র-সম্পাদিত 'ভারতী' পত্রিকায় (১৩০৫ আষাঢ়-অগ্রহায়ণ) 'পট্টবস্ত্র' ও 'এণ্ডি' নামে অক্ষয়কুমারের দুটি প্রবন্ধ প্রকাশিত হয়। এই প্রবন্ধ রচনা সম্ভবতঃ রবীন্দ্রনাথেরই প্রবর্তনার ফল।<sup>১০</sup>

সমকালে পুরনো কাহিনী, উপাখ্যান, বংশাবলি, কুলজি, ঘটকের পুঁথির উপর নির্ভর করে ইতিহাস রচনার সূত্রপাত হয়েছিল। কিছু নবীন ঐতিহাসিক কেবলমাত্র এসব তথ্যের উপর নির্ভর না করে এর সঙ্গে মুদ্রা, শিলালেখ, তাম্রশাসন প্রভৃতির বিচার-বিশ্লেষণ করে ইতিহাস পুনর্গঠনের কাজ শুরু করেছিলেন। বরেন্দ্র অনুসন্ধান সমিতির অন্যতম সৌখিন পুরাতাত্ত্বিক অক্ষয়কুমার, রমাপ্রসাদ চন্দ্র প্রমুখ স্ব-উদ্যোগে পাহাড়পুর, মন্দির প্রভৃতি স্থানে খননকাজ চালিয়ে প্রচুর প্রাচীনমূর্তি ও শিলালিপি সংগ্রহ করেন। কুমার শরৎকুমার রায় বলেছেন, '১৯১০-এর জুন মাসে বগুড়ার খঞ্জনপুরে তাঁদের দ্বিতীয় ঐতিহাসিক অনুসন্ধানের তাঁকে সভাপতি, অক্ষয়কুমারকে ডিরেক্টর এবং রমাপ্রসাদ চন্দ্রকে সম্পাদক করে একটি সমিতি গঠন করার সিদ্ধান্ত হয়।'<sup>১১</sup> ভাগলপুরে বঙ্গীয় সাহিত্য সম্মেলনের পর অক্ষয়কুমার, কুমার শরৎকুমার ও রমাপ্রসাদ নিকটবর্তী পুরাকীর্তি ঘুরে দেখেন। পরে ফিরে এসে ১৯১০ সালের এপ্রিল মাসে কুমার শরৎকুমারের নেতৃত্বে অক্ষয়কুমার মৈত্রেয়, রমাপ্রসাদ চন্দ্র, বঙ্গীয় সাহিত্য পরিষদের রামকমল সিংহ এবং রাখালদাস বন্দোপাধ্যায়কে নিয়ে একটি ক্ষুদ্র অনুসন্ধানী দল গঠিত হয়।<sup>১২</sup> তাঁরা রাজশাহীর দেওপাড়া, পালপাড়া, চব্বিশনগর, মন্দির, কুমুরপুর, বিজয়নগর, খেতুর, জগপুর, মালঞ্চ প্রভৃতি প্রত্নস্থল ঘুরে ৩২খানি দুস্ত্যাপ্য পুরানির্দর্শন সংগ্রহ করেন। কিন্তু পুরাবস্তুগুলোর সংরক্ষণ একটি বিরাট সমস্যা হয়ে দাঁড়ায়। এ সময় রাখালদাস বন্দোপাধ্যায় কলকাতা মিউজিয়ামে এগুলো নেয়ার প্রস্তাব করেন। কিন্তু রমাপ্রসাদ চন্দ্র এ প্রস্তাব প্রত্যাখ্যান করে রাজশাহীতে পুরাবস্তুগুলো রেখে এ অঞ্চলের প্রাচীন ইতিহাসের গবেষণার কাজ ত্বরান্বিত করা সম্ভব বলে মত প্রকাশ করেন। কুমার শরৎকুমার রায় ও অক্ষয়কুমার মৈত্রেয়ও রমাপ্রসাদের মতকে সমর্থন করেন। ১৯১০ সালের সেপ্টেম্বর মাসে প্রতিষ্ঠিত হয় 'বরেন্দ্র অনুসন্ধান সমিতি ও জাদুঘর' এবং বরেন্দ্র অনুসন্ধান সমিতি রেজিস্ট্রিকৃত হয় ১৯১৪ সালে, ১৮৬০ সালের সমিতি আইন অনুযায়ী।<sup>১৩</sup> এই সমিতির প্রথম সভাপতি কুমার শরৎকুমার রায়, পরিচালক অক্ষয়কুমার মৈত্রেয় এবং সম্পাদক নিযুক্ত হন রমাপ্রসাদ চন্দ্র। এ সময়ে সংগৃহীত প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলো তাৎক্ষণিকভাবে সংরক্ষণের জন্য রাজশাহী পাবলিক লাইব্রেরির দু'টি কক্ষ সাময়িকভাবে ভাড়া

নেওয়া হয়। ১৯৪৭ সালে ভারত বিভাগের পর জাদুঘরটি নাজুক অবস্থায় পতিত হলে ১৯৬৪ সালের ১০ অক্টোবর ড. এ. আর. মল্লিকের প্রচেষ্টায় উপাচার্য ড. মমতাজ উদ্দিন আহমেদ জাদুঘরটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত করেন।<sup>১০</sup>

#### সামগ্রিক মূল্যায়ন

অবিভক্ত বাংলায় বিজ্ঞানসম্মত প্রণালীতে ইতিহাস রচনার ক্ষেত্রে অক্ষয়কুমার ছিলেন পথিকৃৎ। বিশ শতকের উষালগ্নে প্রাচীন মুদ্রা, শিলালেখ, তাম্রশাসন প্রভৃতি বিচার-বিশ্লেষণ করে ইতিহাস পুনর্গঠনে যে ক'জন নবীন ইতিহাসবিদ কাজ শুরু করেছিলেন, সেই অভিযাত্রী দলে ছিলেন-কুমার শরৎকুমার রায়, রমাপ্রসাদ চন্দ, অক্ষয়কুমার মৈত্রেয়, রাখালদাস বন্দোপাধ্যায়, রমেশচন্দ্র মজুমদার প্রমুখ। বরেন্দ্র অনুসন্ধান সমিতির সূদীর্ঘ গবেষণার ফসল রমাপ্রসাদ চন্দ্রের 'গৌড়রাজমালা' এবং অক্ষয়কুমার মৈত্রেয়ের 'গৌড়লেখমালা' গ্রন্থ। ক্ষেত্রানুসন্ধান, সর্বক্ষেণের উদ্যোগ, মন্দিরের পুনর্নিমাণ সর্বোপরি একটি উন্নতমানের শিল্পধারাকে শনাক্তকরণের গুরুত্বপূর্ণ কাজটি করেছেন অক্ষয়কুমার। ইতিহাস, পুরাতত্ত্ব, মুদ্রাতত্ত্ব, লেখমালা, শিল্প ও সাহিত্য রচনা প্রভৃতি বহুমাত্রিক পথে পরিচালিত তাঁর কর্মযজ্ঞের মূল উদ্দেশ্য ছিল স্বদেশ ও স্বজাতির অতীত ইতিহাস উদ্ধার, গৌরবময় অতীতকে জাতির সামনে প্রতিষ্ঠা এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য দিক নির্দেশনা প্রদান। বাংলার প্রাচীন ইতিহাস রচনায় অক্ষয়কুমার ফার্সি পাণ্ডুলিপি ও সূত্র এবং সাহিত্যের পরিবর্তে মুদ্রা ও শিলালিপির উপর বেশি নির্ভর করেছেন। ফলে খুব নিরপেক্ষভাবে তিনি ইতিহাস মূল্যায়নে বাধাগ্রস্ত হয়েছেন।<sup>১১</sup>

#### তথ্যনির্দেশ

১. দীপেশ চক্রবর্তী, *ইতিহাসের জনজীবন ও অন্যান্য প্রবন্ধ*, আনন্দ পাবলিশার্স, কলকাতা, ২০১১, পৃ. ৩০।
২. সিরাজুল ইসলাম সম্পাদিত, *বাংলাপিডিয়া*, ১১ খণ্ড, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা, ২০১১, পৃ. ৩৭৩।
৩. নগেন্দ্রনাথ বসু, *বঙ্গের জাতীয় ইতিহাস : বরেন্দ্র ব্রাহ্মণ বিবরণ, ব্রাহ্মণ-কাণ্ডের দ্বিতীয় অংশ*, কলিকাতা, ১৩৩৪, পৃ. ১৮১-১৮৬।
৪. অক্ষয়কুমার মৈত্রেয়, *বাঙ্গলা ভাষার লেখক*, প্রথম ভাগ, জন্মভূমি, ৭/৬, জ্যৈষ্ঠ ১৩০৪, পৃ. ১৮৯-১৯০; *উৎসাহ (রাজশাহী)*, ১/১০, মাঘ, ১৩০৪, ২৯৯-৩০৩।
৫. সমীর পাত্র ও অরিন্দম চক্রবর্তী সম্পাদিত, *ইতিহাস ও সাহিত্য : প্রসঙ্গ রবীন্দ্রনাথ ও অক্ষয়কুমার*, তমলুক ইতিহাসচর্চা কেন্দ্র, আশাদীপ, পূর্ব মেদিনীপুর, কলকাতা, ২০১২, পৃ. ২০।
৬. নূরুল ইসলাম মঞ্জুর, *বাঙালির ইতিহাস চর্চার ধারা*, বাংলা একাডেমি, ঢাকা, ১৯৯৭, পৃ. ৫৯।
৭. অক্ষয়কুমার মৈত্রেয়, *ভারতশিল্পের কথা*, ড. দীনেশচন্দ্র সরকারের ভূমিকা সংবলিত, সাহিত্যলোক, কলকাতা, অগ্রহায়ণ ১৩৮৯, পৃ. ৩।
৮. ফজলুল হক, *অক্ষয়কুমার মৈত্রেয়*, বাংলা একাডেমি, ঢাকা, ১৯৮৯, পাদটিকা, পৃ. ৩১।
৯. অক্ষয়কুমার মৈত্রেয়, *'গৌড়লেখমালা'*, বরেন্দ্র অনুসন্ধান সমিতি, রাজশাহী, ১৯১২, পৃ. সূচিপত্র।
১০. সমীর পাত্র ও অরিন্দম চক্রবর্তী সম্পাদিত, *ইতিহাস ও সাহিত্য : প্রসঙ্গ রবীন্দ্রনাথ ও অক্ষয়কুমার*, তমলুক ইতিহাসচর্চা কেন্দ্র, আশাদীপ, কলকাতা, ২০১২, পৃ. ৪৭; সাইফুদ্দিন চৌধুরী, *রমাপ্রসাদ চন্দ্র, জীবনীগ্রন্থমালা-১২*, বাংলা একাডেমি, ঢাকা, পৃ. ২৯-৩০।
১১. ড. রমেশচন্দ্র মজুমদার, *বাংলা দেশের ইতিহাস*, প্রথম খণ্ড, জেনারেল, কলকাতা, ১৯৯৮, পৃ. প্রথম সংস্করণের ভূমিকা, সাত।
১২. *মানসী ও মর্মবাণী*, ফাল্গুন, ১৩৩৪।
১৩. অক্ষয়কুমার মৈত্রেয়, *রচনা সংগ্রহ*, রাজনারায়ণ পাল সম্পাদিত, পারুল, কলকাতা, ২০১২, পৃ. ৩২৯।
১৪. বাংলা ও ইংরেজি পত্র-পত্রিকায় যেসব প্রবন্ধ প্রকাশিত হয়েছিল তার বিস্তারিত তালিকা বর্তমান প্রবন্ধাকারের সংগ্রহে আছে।
১৫. অশীন দাসগুপ্ত, *ইতিহাস ও সাহিত্য*, আনন্দ পাবলিশার্স, কলকাতা, ১৯৮৯, পৃ. ২৭; নূরুল ইসলাম মঞ্জুর, *বাঙালির ইতিহাস চর্চার ধারা*, বাংলা একাডেমি, ঢাকা, ১৯৯৭, পৃ. ৭৫।
১৬. সমীর পাত্র ও অরিন্দম চক্রবর্তী সম্পাদিত, *ইতিহাস ও সাহিত্য : প্রসঙ্গ রবীন্দ্রনাথ ও অক্ষয়কুমার*, তমলুক ইতিহাসচর্চা কেন্দ্র, আশাদীপ, কলকাতা, ২০১২, পৃ. ২২।
১৮. ড. মো. আতাউর রহমান, *বরেন্দ্র গবেষণা জাদুঘর-এর সংক্ষিপ্ত ইতিহাস*, মো. মাহবুবুর রহমান সম্পাদিত, *রাজশাহী মহানগরী : অতীত ও বর্তমান*, প্রথম খণ্ড, আইবিএস, রাজশাহী বিশ্ববিদ্যালয় ও রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী, ২০১২, পৃ. ৩৩৯।

- 
১৯. ড. মো. আব্দুল মতিন, *ঐতিহাসিক রমাশ্রসাদ চন্দ : জীবন ও কর্ম*, রিসার্চ জার্নাল, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় সংখ্যা, ২০২০, পৃ. ৬৯।
  ২০. Mukhlesur Rahman, *The Varendra Research Society in Modern Bengal*, edited by S. A. Akanda, IBS Seminar, Rajshahi University, vol. 2, 1978, p. 250; সমীর পাত্র ও শেখর ভৌমিক সম্পাদিত, *অক্ষয়কুমার মৈত্রেয় স্মারক গ্রন্থ*, ইতিহাস বিভাগ, মহিষাদল রাজ কলেজ, আশাদীপ, পূর্ব মেদিনীপুর, কলকাতা, ২০১২, দেখুন, ইন্ডিজিৎ চৌধুরীর লেখা অক্ষয়কুমার মৈত্রেয়।
  ২১. বরেন্দ্র জাদুঘরের প্রাচীন নিদর্শন সংখ্যা ৮২৯৬টি। বিস্তারিত দেখুন, Mukhlesur Rahman, *Sculpture in the Varendra Research Museum A Descriptive Catalogue*, Varendra Research Museum, University of Rajshahi, 1998; *The Varendra Research Museum Library's Accession books-5*, 20.01.2000, Rajshahi.

## বাংলাদেশের মুক্তিসংগ্রামে রাজশাহী শহর (The Role of Rajshahi City in the Liberation Struggle for freedom of Bangladesh)

Dr. Md. Arifur Rahman\*

**Abstract:** The period is a very important stage in the history of the Bengalee's liberation struggle from 1947 to 1971. That period is the greatest chapter of our thousand years of history. Germination of Bengalee nationalism happened in the tertiary stage of this period. Movement for language, culture, history and heritage got a constructive shape in this period. People of Rajshahi city participated in anti Pakistan movement expecting socio-economic and political salvation. People of Rajshahi city played a vital role in the liberation movement of Bangladesh.

### ভূমিকা

১৯৪৭-৭১ কালপর্ব বাঙালির হাজার বছরের ইতিহাসে অন্যতম শ্রেষ্ঠ সময়। এই সময়কালে বাঙালি জাতীয়তাবাদী সংগ্রামের তথা আমাদের ভাষা, সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্যের লড়াই সুনির্দিষ্টরূপে পরিগ্রহ করে। নৃতাত্ত্বিক, ভাষাভিত্তিক ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি এবং সামগ্রিক জীবনধারায় পূর্ববাংলার মানুষ ছিল পাকিস্তানিদের চেয়ে ভিন্ন। পাকিস্তানের উভয় অংশের ভৌগোলিক পরিবেশ, আবহাওয়া, খাদ্যাভাস, দৃষ্টিভঙ্গি ইত্যাদি ক্ষেত্রে দুস্তর পার্থক্য বিদ্যমান। এমতাবস্থায় পাকিস্তানের উভয় অংশের মধ্যে সুখম বণ্টন ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু পাকিস্তান সরকার সেটা না করে বরং উল্টো পূর্ববাংলার প্রতি বৈষম্যমূলকনীতি গ্রহণ করে। ফলে অল্পদিনের মধ্যে পূর্ববাংলার মানুষের মধ্যে বাঙালি জাতীয়তাবাদী চেতনা গড়ে উঠে। ১৯৪৭ সালে পাকিস্তান সৃষ্টির সময় থেকে শুরু করে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ পর্যন্ত সংঘটিত প্রতিটি আন্দোলনে রাজশাহী শহরবাসীর গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। শিক্ষানগরী হিসেবে খ্যাত রাজশাহীর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সচেতন ছাত্র-শিক্ষকবৃন্দের উপস্থিতি ছিল লক্ষণীয়। তাদের কারণেই রাজশাহীতে ধারাবাহিকভাবে রাজনৈতিক সচেতনতা অক্ষুণ্ণ থেকেছে। ফলে বাংলাদেশের মুক্তি আন্দোলনে রাজশাহীবাসী স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেছেন। আলোচ্য প্রবন্ধে ১৯৪৭-৭০ পর্যন্ত বাংলাদেশের মুক্তিসংগ্রামে রাজশাহী শহরবাসীর ত্যাগ-তিতিক্ষা ও অবদান সম্পর্কে আলোচনা করা হবে।

### মুক্তিসংগ্রামে রাজশাহী শহর

পাকিস্তান রাষ্ট্রের সূচনালগ্নেই বাংলার জনগণের উপর রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে শুরু হয় শোষণ ও বঞ্চনা। তবে পূর্ব ও পশ্চিম পাকিস্তানিদের মধ্যে বৈষম্যের সূত্রপাত ঘটে মূলত রাষ্ট্রভাষাকে কেন্দ্র করে। উল্লেখ্য পাকিস্তান রাষ্ট্র সৃষ্টির পূর্বেই শুরু হয়ে যায় রাষ্ট্রভাষা বিতর্ক। বিংশ শতকের শুরুতে ১৯১১ সালে রংপুরে প্রাদেশিক শিক্ষা সম্মেলনে বাংলা ভাষাকে বাংলার মাতৃভাষা করার দাবি উত্থাপিত হয়। পরবর্তীতে ১৯৪৭ সালের জুলাই মাসে পাকিস্তান রাষ্ট্র সৃষ্টির প্রাক্কালে ভাষা আন্দোলনকে কেন্দ্র করে মুসলিম লীগের অল্পসংখ্যক বামপন্থী কর্মীদের উদ্যোগে ঢাকায় গড়ে উঠে 'গণ আজাদী লীগ' নামে একটি সংগঠন। ১৯৪৭ সালের ১ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কতিপয় ছাত্র-শিক্ষকের উদ্যোগে 'তমুদ্দুন মজলিশ' নামে একটি সাংস্কৃতিক সংগঠন গড়ে ওঠে। তমুদ্দুন মজলিশ গঠনে বুদ্ধিজীবীদের ভূমিকা ছিল অনস্বীকার্য। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক আবুল কাশেমের উদ্যোগে ২ সেপ্টেম্বর ১৯৪৭ তারিখে উক্ত সংগঠনটি প্রতিষ্ঠিত হয়। ১৯৪৭ সালের জুলাই মাসে আলীগড় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. জিয়াউদ্দিন আহমদ উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার প্রস্তাব করলে ড. মুহম্মদ শহীদুল্লাহ জ্ঞানগর্ভ যুক্তি দিয়ে বাংলাকে রাষ্ট্রভাষা করার পাল্টা প্রস্তাব করেন। ড. শহীদুল্লাহ ছাড়াও ১৯৪৭ সালের মধ্যেই বাংলা রাষ্ট্রভাষার প্রতি বছ

\* Associate Professor, Department of Islamic History & Culture, University of Rajshahi, Bangladesh.

প্রখ্যাত, স্বল্পখ্যাত এবং অখ্যাত লেখক তাদের দ্ব্যর্থহীন সমর্থন জানিয়েছিলেন।<sup>১০</sup> ১৯৪৮ সালের ১১ মার্চ বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ ধর্মঘট আহ্বান করে।<sup>১১</sup> মোহাম্মদ আলী জিন্নাহ ২১ মার্চ (১৯৪৮) রেসকোর্স ময়দানের ভাষণে উর্দুকে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা বলে ঘোষণা করেন।<sup>১২</sup> ফলে এসময় ভাষা আন্দোলন সমগ্র পূর্ববাংলায় আরো বেগবান হয়ে ওঠে।

ভাষা আন্দোলনের শুরু থেকেই রাজশাহী শহরের মানুষও অগ্রণী ভূমিকা পালন করে। এতে রাজশাহীর বিভিন্ন স্কুল, কলেজ ও রাজশাহী কলেজ সর্বাঙ্গিক অধিক ভূমিকা রাখে।<sup>১৩</sup> রাজশাহীতে ছাত্ররাই ভাষা আন্দোলনের নেতৃত্ব দেন। তাদের আহ্বানে সাড়া দেন শিক্ষক, চিকিৎসক, উকিল, শ্রমিক, কৃষকসহ বিভিন্ন স্তরের মানুষ। রাজশাহীতে ভাষা আন্দোলনে নেতৃত্বদানকারীদের অন্যতম ছিলেন- বামপন্থী নেতা একরামুল হক, রাজ্জাক চৌধুরী, এ্যাডভোকেট আব্দুর রাজ্জাক, এ্যাডভোকেট মহসিন প্রামাণিক, লুৎফর রহমান মল্লিক, ব্যাংকার আবু সাঈদ, সাঈদ উদ্দিন, আবুল হোসেন, মোঃ কামাল, জামাল উদ্দিন, ডঃ কাজী আব্দুল মান্নান, মোশারফ হোসেন, জিল্লুর রহমান সিদ্দিকী, গোলাম আরিফ টিপু, এস এম গাফফার, হাবিবুর রহমান ও আতাউর রহমান প্রমুখ।<sup>১৪</sup> প্রথম থেকেই রাজশাহী কলেজের ছাত্ররা ভাষা আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ১১ মার্চ (১৯৪৮) রাষ্ট্রভাষার দাবিতে রাজশাহীতে প্রথম মিছিল হয়। মিছিলে মুসলিম লীগের ভাড়াটিয়া গুপ্তা হামলা চালায়। এদিনই ভাষার জন্য রাজশাহীতে প্রথম রক্ত বরে।<sup>১৫</sup> ধর্মঘট সফল করার পর ছাত্ররা ভুবন মোহন পার্কে রাষ্ট্রভাষা বাংলার দাবিতে সভা করেন এবং ‘রাষ্ট্রভাষা বাংলা চাই’ শ্লোগান চিহ্নিত ব্যাজ পরিধান করেন। এই ঘটনাকে কেন্দ্র করে রাজশাহীতে হরতাল ধর্মঘট ও মিটিং-মিছিল নিত্যনৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়ায়। এরূপ অবস্থায় পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান ১৯৪৮ সালে রাজশাহী কলেজ মাঠে বক্তৃতা করতে আসেন। এসময় রাজশাহী কলেজে ধর্মঘট পালন করা হয়। ছাত্ররা কলেজে বিক্ষোভ মিছিল বের করে এবং ‘গো ব্যাক লিয়াকত’ শ্লোগান দিয়ে বিক্ষোভ প্রদর্শন করতে থাকে।<sup>১৬</sup> এতে নেতৃত্ব দেন এই কলেজের ছাত্র গোলাম রহমান, মোহাম্মদ সুলতান, আবুল কাশেম চৌধুরী, নুরুল ইসলামসহ অন্যান্যরা। ১৯৪৮ সালে রাজশাহীর ভাষা আন্দোলন মূলত রাজশাহী কলেজ কেন্দ্রীক ছিল। রাজশাহী কলেজের বেশ কয়েকজন অধ্যাপক এ আন্দোলনে বিভিন্নভাবে সহযোগিতা দেন। এই শিক্ষকদের মধ্যে ছিলেন- প্রখ্যাত ধনি বিজ্ঞানী মুহম্মদ আব্দুল হাই, ড. মুহম্মদ এনামুল হক ও ড. গোলাম মকসুদ হিলালী।<sup>১৭</sup> তাদের তাত্ত্বিক দিকনির্দেশনার মাধ্যমে রাজশাহী কলেজের সংগ্রামী ছাত্ররা আন্দোলনের গতিধারা চিহ্নিত করতে পেরেছিল।

১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি রাজশাহীতে সর্বাঙ্গিক ধর্মঘট পালিত হয়। এদিন রাজশাহী কলেজ হতে ছাত্র-জনতার একটি বিশাল মিছিল বের হয়ে গোটা শহর প্রদক্ষিণ করে।<sup>১৮</sup> সেদিন বিকাল ৪ টার সময় ভুবনমোহন পার্কে একটি বিরাট জনসভা অনুষ্ঠিত হয়। সেসময় রাজশাহী শহরের মেয়েরা ভাষা আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। ভাষা আন্দোলনে তখনকার মহিলাদের উদ্বুদ্ধ করার পেছনে প্রগতিশীল নেতৃত্বদের প্রচেষ্টা ছিল সবচেয়ে বেশি।<sup>১৯</sup> মহিলারা তখন সক্রিয়ভাবে রাজনীতির সঙ্গে কেউ যুক্ত ছিলেন না। ১৯৫২ সালের ভাষা আন্দোলনে রাজশাহী শহরে যারা অগ্রণী ভূমিকা পালন করেন তাঁরা হলেন- জাহানারা বেগম, মনোয়ারা বেগম (মাদার বক্স কন্যা), মহসিনা বেগম, ফিরোজা বেগম, হাফিজা বেগম টুকু, হাসিনা বেগম, রওশন আরা ও খুরিশদা বানু।<sup>২০</sup> ২১ ফেব্রুয়ারিতে ঢাকায় ঘটে যাওয়া ঘটনার প্রেক্ষিতে ঐদিন রাতেই বাংলাদেশের প্রথম শহীদ মিনার ‘শহীদ স্মৃতিস্তম্ভ’ রাজশাহী কলেজ প্রাঙ্গণে নির্মিত হয়। এই স্মৃতিস্তম্ভ নির্মাণ প্রসঙ্গে ভাষা সৈনিক সাইদ উদ্দিন আহমদের স্মৃতিচারণ নিম্নরূপ:

২১ ফেব্রুয়ারি ঢাকায় গুলি চালানোর পরপরই সেখানে সাক্ষ্য আইন জারি করা হয়।

কাজেই সেদিন শহীদ মিনার নির্মাণের পরিবেশ ঢাকায় ছিল না।... ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি রাতেই আমরা রাজশাহী কলেজ হোস্টেল প্রাঙ্গণে দেশের প্রথম শহীদ মিনার নির্মাণ করেছিলাম। সেই শহীদ মিনারের ছবিটি আজও সংরক্ষিত রয়েছে সব প্রগতিশীল আন্দোলনের সাথে জড়িত ভাষা সৈনিক এ্যাডভোকেট মহসীন প্রামাণিকের কাছে।<sup>২১</sup>

ঢাকার গণহত্যার প্রতিবাদে ২২ ফেব্রুয়ারিতে রাজশাহী শহরে ছাত্রীদের একটি দীর্ঘ মিছিল বের হয়। সেদিন প্রায় ১ মাইল লম্বা একটি মৌন শোভাযাত্রায় সর্বস্তরের ছাত্র-জনতা পুরো রাজশাহী শহর প্রদক্ষিণ করে।<sup>২২</sup> পরে

তারা ভুবনমোহন পার্কে এক সভায় মিলিত হন। ভাষা আন্দোলনে রাজশাহী শহরের বিভিন্ন প্রতিষ্ঠান, বুদ্ধিজীবী, ছাত্র, রাজনৈতিক নেতৃবৃন্দ, বিজ্ঞান, বিভিন্ন পেশার সচেতন ও শিক্ষিত নারী-পুরুষ বিশেষ ভূমিকা পালন করেন।

১৯৫৪ সালের প্রাদেশিক পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে পূর্ববাংলায় পাকিস্তানবিরোধী মোর্চা পরিলক্ষিত হয়। সে সময় সমগ্র পূর্ববাংলায় যুক্তফ্রন্টের পক্ষে জোয়ার ওঠে। তখন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকরাও সেই জোয়ারে অংশ নেয়। তবে সেটি ছিল খুব সীমিত আকারে। পঞ্চাশের দশকের শেষ দিকে বিশেষ করে ১৯৫৮ সালে সামরিক শাসনের শুরু থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের আন্দোলনমুখর পরিবেশ লক্ষ করা যায়। সামরিক শাসনে প্রকাশ্যে ছাত্র বা দলীয় সংগঠনের নামে রাজনীতি বা আন্দোলন পরিচালনা করা সমস্যা হয়ে দাঁড়ায়। ফলে ছাত্র আন্দোলন সাংস্কৃতিক আন্দোলনে রূপ নেয়। সে জন্য কবিতা রচনা, আবৃত্তি, নাটক ও সঙ্গীতানুষ্ঠানের মাধ্যমে সামরিক স্বৈরতন্ত্রের বিরুদ্ধে চেতনা জাগ্রত করার নানা উদ্যোগ গ্রহণ করেছে ছাত্র নেতৃবৃন্দ। সে সময় প্রতিনিয়ত সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হতো। এসময় সাংস্কৃতিক অঙ্গনে যারা সচেষ্ট ছিলেন তাদের মধ্যে- শেখ আকরাম আলী, সারোয়ার জাহান, সেলিনা হোসেন, মনোয়ারা আক্তার মেরী, সামসুন্নাহার, নার্গিস পারভিন, আবু জাফর সিদ্দিকী, রফিকুল আলম, শর্মিলী আহমদ, বিজয়া রায়, ফরিদা পারভিন, বিলকিস বেগম, আব্দুল আজিজ, সুকুমার বিশ্বাস, নার্গিস তানজিমা হক, নাদিরা বেগম ও শরীফা রাণী প্রমুখ।<sup>১৩</sup> সে সময় ছাত্রলীগ নেতা জুলফিকার মতিনের সম্পাদনায় দেয়াল পত্রিকাটি সকলের দৃষ্টি আকর্ষণ করতে সমর্থ হয়েছিলো।

১৯৬২ সালে রাজশাহীর শিক্ষা আন্দোলন রাজশাহী বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে গড়ে উঠে। ১৯৬২ সালের ছাত্র আন্দোলনের প্রভাবে রাজশাহী শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নতুনভাবে সাংগঠনিক তৎপরতা শুরু হয়। ১৯৫৮ সালে সামরিক শাসনের বিরুদ্ধে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র কাজী আব্দুস শহীদ লাল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। স্বৈরতন্ত্রের বিরুদ্ধে প্রতিবাদের কারণে কাজী আব্দুস শহীদকে সামরিক আদালতে ১৪ বছরের সশ্রম কারাদণ্ড দেয়া হয়।<sup>১৪</sup> ১৯৬২ সালে সামরিক শাসনবিরোধী আন্দোলন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রচণ্ড রূপ ধারণ করে। ১৯৬২ সালের ৩০ জানুয়ারি হোসেন শহীদ সোহরাওয়ার্দীকে গ্রেফতারের প্রতিবাদে সমগ্র পূর্ব-পাকিস্তানে আন্দোলন শুরু হয়। এ আন্দোলনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্ররাও অংশ নেয়। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা গণতন্ত্র প্রতিষ্ঠা ও বন্দি মুক্তির দাবিতে কলা ভবনের (বর্তমানে ড. মুহম্মদ শহীদুল্লাহ একাডেমিক ভবন) সামনে খণ্ড খণ্ড মিটিং-মিছিল করে।<sup>১৫</sup> সোহরাওয়ার্দী গ্রেফতারের আন্দোলন শেষ না হতেই শাসনতন্ত্রবিরোধী চরম আন্দোলন শুরু করে ছাত্ররা। সংবিধান প্রক্ষেপে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা আবারো সংগঠিত হয়ে উঠে। এমতাবস্থায় ১৯৬২ সালের ৮ জুন সামরিক শাসন প্রত্যাহার করা হয়। ২৫ জুন শেখ মুজিবসহ ৯ জন রাজনীতিবিদ শাসনতন্ত্রবিরোধী বিবৃতি দেন। তারা '৬২ এর শাসনতন্ত্রকে একেজো বলে ঘোষণা করেন এবং নতুন শাসনতন্ত্র প্রণয়নের দাবি জানান।<sup>১৬</sup> আইয়ুব বিরোধী আন্দোলন রাজশাহী বিশ্ববিদ্যালয়েও দুর্বীর গতি লাভ করে। এসময় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা গণতান্ত্রিক অধিকার আদায়ের সংগ্রামে ছাত্র সংসদের প্রয়োজনীয়তা উপলব্ধি করে।<sup>১৭</sup> তখন বেশ কয়েকজন উদ্যোগী ছাত্রনেতা সর্বজনাব- শেখ রুস্তম আলী, মাহবুবুল হক, সিরাজুল ইসলাম, বায়েজিদ আহমেদ, সরদার আমজাদ হোসেন ও নিজাম উদ্দিন প্রমুখ বিশ্ববিদ্যালয়ের পদ্মার তীরে বড় কুঠিতে উপাচার্যের সাথে সাক্ষাৎ করেন।<sup>১৮</sup> উপাচার্য ড. মমতাজ উদ্দিন আহমেদ ছাত্র সংসদের প্রয়োজনীয়তার বিষয়টি ভেবে দেখার অশ্বাস দেন।

গণবিরোধী শিক্ষা কমিশন রিপোর্ট বাতিলের দাবিতে ১৭ সেপ্টেম্বর ছাত্ররা শিক্ষা দিবস পালন করে।<sup>১৯</sup> এই শিক্ষা দিবসে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা অনবদ্য ভূমিকা পালন করে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংগঠন গড়ে তোলার উদ্দেশ্যে ১৯৬২ সালে 'নবায়ন' নামে সরকারবিরোধী ছাত্রদের নিয়ে একটি নির্বাচনী ছাত্র জোট গড়ে উঠে।<sup>২০</sup> 'নবায়নের' একটি অংশ পূর্বপাকিস্তান ছাত্রলীগ এবং পূর্বপাকিস্তান ছাত্র ইউনিয়ন এর শাখা হিসেবে বিশ্ববিদ্যালয়ে নিজ নিজ সংগঠন সংগঠিত করা শুরু করে। এসময় সারাদেশে কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে শহীদ দিবস পালনের সিদ্ধান্ত নেয়া হয়। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শহীদুল্লাহ কলা ভবনের সামনে আমতলায় অস্থায়ী শহীদ মিনার তৈরি করে এই প্রথমবারের (১৯৬৩) মতো ভাষা শহীদদের



প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।<sup>১০</sup> ১৯৬২ সালের ডিসেম্বরে আইয়ুব খান রাজশাহীতে আগমন করলে রাজশাহী কলেজের ছাত্ররা তার গাড়িবহরে হামলা চালায়, কালো পতাকা প্রদর্শন করে এবং আইয়ুব বিরোধী শ্লোগান দিতে থাকে।<sup>১১</sup> এসময় প্রায় প্রতিদিনই ছাত্ররা বড় মিছিল নিয়ে রাজশাহীর রাস্তায় বেরিয়ে পড়তো।

১৯৬৫ সালের ২ জানুয়ারি পাকিস্তানে প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনের পূর্বে ফাতিমা জিন্নাহ প্রচারণার জন্য রাজশাহী আসেন।<sup>১২</sup> সে সময় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা ফাতিমা জিন্নাহর পক্ষে মিটিং মিছিল করে। ১৯৬৫ সালের ৬ সেপ্টেম্বর ১৫ দিনব্যাপী ভারত-পাকিস্তান যুদ্ধ শুরু হয়।<sup>১৩</sup> পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ জনগণের আবাসস্থল পূর্ববাংলায় নিরাপত্তার বিষয়ে কেন্দ্রীয় সরকারের কোনো উদ্যোগ তখন ছিল না।

অর্থনৈতিক মুক্তি ও প্রাদেশিক স্বায়ত্তশাসনের লক্ষ্যে ৬ দফার আলোড়ন রাজশাহী শহরে লক্ষ করা যায়। রাজশাহীতে আওয়ামী লীগের স্থানীয় নেতৃবৃন্দ ৬ দফার পক্ষে জনমত গঠন করতে থাকেন। সেসময় ১৯৬৬-৬৭ সালে জেলা আওয়ামী লীগের সভাপতি ছিলেন এএইচএম কামারুজ্জামান (হেনা) এবং সাধারণ সম্পাদক ছিলেন মো. আশরাফুল হক।<sup>১৪</sup> ৬ দফাকে কেন্দ্র করে জনমত গঠনের লক্ষ্যে এএইচএম কামারুজ্জামান, অ্যাড. আব্দুল হাদী, অ্যাড. মো. মহসীন, মো. মনিরউজ্জামানসহ স্থানীয় অনেক নেতৃবৃন্দ রাজশাহী শহরসহ জেলার গ্রাম-গ্রামান্তর চষে বেড়িয়েছেন।<sup>১৫</sup> রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ নেতৃবৃন্দ ৬ দফার পক্ষে অবস্থান নেন এবং স্ব স্ব গ্রাম, থানা ও এলাকাতে প্রচারণা চালায়। রাজশাহী বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে উত্তর জনপদের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রলীগের নেতা-কর্মীরা একদিকে যেমন ছাত্রলীগ গড়ে তুলেছে, তেমনি আইয়ুব বিরোধী বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে সক্রিয় থেকেছে। তৎকালীন রাকসুর ভিপি আবু সাইয়িদসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা পাবনা, সিরাজগঞ্জ, নাটোরসহ রাজশাহীর পার্শ্ববর্তী জেলাতে ৬ দফার প্রচারণা চালায়।

রাজশাহীতেও উনসত্তের গণআন্দোলনে উত্তাল হয়ে ওঠে। রাজশাহী শহর হরতাল, বিক্ষোভ ও মিছিলের নগরীতে পরিণত হয়। ১৬ ফেব্রুয়ারি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা বিক্ষোভ মিছিল নিয়ে জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও করতে যায়। এসময় পুলিশ লাঠিচার্জ ও টিয়ার গাস নিক্ষেপ করে। ফলে বেশ কয়েকজন ছাত্র আহত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. জোহা খবর পেয়ে গাড়ি নিয়ে ছুটে যান সেখানে। ছাত্রদের প্রতি এই নিষ্ঠুর আচরণের জন্য তীব্র প্রতিবাদ জানিয়ে ড. জোহা অবাঙালি অতিরিক্ত জেলা প্রশাসককে তিরস্কার করেন।<sup>১৬</sup> আহত ছাত্রদেরকে ড. জোহা নিজের গাড়িতে তুলে মেডিক্যাল কলেজে নিয়ে যান। ১৭ ফেব্রুয়ারি তারিখে আবারো বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা মিছিল নিয়ে শহরের দিকে যেতে থাকে। এমতাবস্থায় স্থানীয় সামরিক ও বেসামরিক প্রশাসন কেবল ১৪৪ ধারা জারি করেই ক্ষান্ত থাকেনি, তাদের তরফ থেকে বিশ্ববিদ্যালয়ের সামনে নাটোর রোডে প্রথমে পুলিশ ও পরে সৈন্য মোতায়েন করা হয়।<sup>১৭</sup> ১৮ ফেব্রুয়ারি সকাল থেকেই ছাত্ররা বিশ্ববিদ্যালয় চত্বরে মিছিল শুরু করে। ১৪৪ ধারা ভাঙার প্রস্তুতি তারা নিচ্ছিলো। এসময় পাঞ্জাবি অফিসার হাদি ছাত্রদের উদ্দেশ্যে কটু কথা বলতে থাকেন। তখন ছাত্ররা আবারো উত্তেজিত হয়ে যায়।

এসময় ড. জোহা গভীর উৎকর্ষার সাথে ছুটোছুটি করছেন আর পাঞ্জাবি অফিসারকে বলছেন প্লিজ ডেন্ট ফায়ার, আমার ছাত্ররা এখনই ফিরে যাবে। ছাত্ররা যখন ফিরে যাচ্ছিল ঠিক সেই মুহূর্তে বিশ্বাসঘাতক সৈনিকগণ গুলিবর্ষণ করে। এসময় ড. জোহা, ড. খালেক, ড. মান্নান রেডিও এর গেটের সামনে খড়ের গাদার মধ্যে পড়ে যায়। তখন বর্বর পাকিস্তানি সৈন্যদের একজন ড. জোহাকে বেয়নেট দিয়ে খুঁচিয়ে তাঁর পেট বিদীর্ণ করে। বেয়নেট দিয়ে খুঁচিয়ে পেট ফুটো করে লিভার, স্টমাক ও প্লীহা সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত করা হয়। পরবর্তীতে হাসপাতালে চিকিৎসারত অবস্থায় ঐদিনই ড. জোহার মৃত্যু হয়।<sup>১৮</sup> ড. জোহার মৃত্যু সংবাদ ছড়িয়ে পড়ার সঙ্গে সঙ্গে সারাদেশে তীব্র প্রতিক্রিয়া দেখা দেয়। ড. জোহার মৃত্যুর পর অভ্যুত্থান অগ্নিস্কুলিঙ্গের রূপ ধারণ করে। এই খবর ছড়িয়ে পড়ার পর ঢাকায় রাত এগারোটার পর এই প্রথম সাক্ষ্য আইন উপেক্ষা করে হাজার হাজার মানুষ রাস্তায় নেমে আসে।<sup>১৯</sup> কোনো রকম পূর্বপ্রস্তুতি ছাড়াই ছাত্র-জনতা শহরের এক প্রান্ত থেকে আরেক প্রান্তে মিছিল ও বিক্ষোভ প্রদর্শন করে। ‘সাক্ষ্য আইন মানি না’, ‘শেখ মুজিবের মুক্তি চাই’, ‘আগরতলা মিথ্যা মামলা প্রত্যাহার কর’, ‘ড. জোহার মৃত্যুর বিচার বিভাগীয় তদন্ত চাই’, ‘গণহত্যা চলবে না’ ইত্যাদি

গণগণবিদারী শ্লোগানে ঘুমন্ত শহর প্রকম্পিত হয়ে ওঠে।<sup>১০</sup> ঢাকা ছাড়াও ঐ রাতে দেশের বিভিন্ন শহরে বিক্ষোভ মিছিল করে সাধারণ জনগণ। সেদিন অন্ধকার রাতে সেনাবাহিনী দেশের বিভিন্ন স্থানে বহু লোককে হত্যা করে। ড. জোহার হত্যার প্রতিবাদে পরদিন সারাদেশের প্রায় সর্বত্র প্রতিবাদ সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। দেশের বিভিন্ন স্থানে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা ক্লাশ বর্জন করে প্রতিবাদ মিছিল, গায়েবানা জানাজা ও শোক সভার আয়োজন করে।

এমতাবস্থায় সরকার অনেকটা বাধ্য হয়ে ২০ ফেব্রুয়ারি তারিখে সাক্ষ্য আইন প্রত্যাহার করে নেয়। পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়ায় অনেকটা বাধ্য হয়ে আইয়ুব খান শেখ মুজিবসহ আগরতলা ষড়যন্ত্র মামলার আসামিদের ২২ ফেব্রুয়ারিতে নিঃশর্ত মুক্তি দান করে।<sup>১১</sup> তবুও রাজনৈতিক দলসমূহ, ছাত্রসমাজ ও সাধারণ জনগণ ৬ দফা ও ১১ দফার ভিত্তিতে আইয়ুব বিরোধী আন্দোলন অব্যাহত রাখে। উদ্ভূত পরিস্থিতিতে আইয়ুব খান বাধ্য হয়ে ২৫ মার্চ (১৯৬৯) ক্ষমতা ত্যাগ করে সেনাবাহিনী প্রধান জেনারেল আগা মোহাম্মদ ইয়াহিয়া খানের নিকট সর্বময় ক্ষমতা অর্পণ করেন। আইয়ুব খানের দীর্ঘ ১০ বছরের স্বৈরশাসনের অবসান ঘটে।

১৯৭০ সালের ৩০ জানুয়ারি রাজশাহীতে মাদ্রাসা মাঠে স্মরণকালের বৃহত্তম জনসভা অনুষ্ঠিত হয়। উক্ত জনসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উপস্থিত ছিলেন।<sup>১২</sup> জনসভায় পশ্চিম পাকিস্তানিদের নানা ধরনের অত্যাচার-নির্যাতনের তথ্য তিনি তুলে ধরেন। জনসভায় বঙ্গবন্ধু ৬ দফার পুরো ব্যাখ্যা দেন। উক্ত জনসভায় সর্বস্তরের হাজার হাজার মানুষ অংশগ্রহণ করে। ৭ মার্চের (১৯৭০) পর উৎসবমুখর পরিবেশে নির্বাচনী আমেজ শুরু হয়ে যায়। রাজশাহী শহরের সর্বস্তরের মানুষ আওয়ামী লীগের পক্ষে প্রচারণা চালাতে থাকে। রাজশাহীর এমন কোন গ্রাম নেই যেখানে সভা, সমাবেশ ও মিটিং-মিছিল হয়নি।<sup>১৩</sup>

#### উপসংহার

রাজশাহী জেলায় প্রাচীনকাল থেকেই আন্দোলন-সংগ্রামের ঐতিহ্য রয়েছে। ব্রিটিশ আমল থেকেই সমস্ত গণতান্ত্রিক আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে রাজশাহীর মানুষ। ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলন ও পাকিস্তান আন্দোলনে এখানকার জনগণ গুরুত্বপূর্ণ অবদান রাখে। পাকিস্তান রাষ্ট্র সৃষ্টির পরপরই এখানকার মানুষ উপলব্ধি করে যে, তারা পুনরায় নব্য উপনিবেশে পরিণত হয়েছে। ফলে রাজশাহী শহরের মানুষ পশ্চিম পাকিস্তান বিরোধী আন্দোলনে শরিক হন। ১৯৪৭ সাল থেকে দীর্ঘ ২৩ বছরের শোষণ-বঞ্চনা ও নিপীড়নের বিরুদ্ধে আন্দোলনে অগ্রণী ভূমিকা পালন করে। বিশেষত পঞ্চাশ ও ষাটের দশকে রাজশাহী শহরের ভূমিকা ছিল অনস্বীকার্য। পশ্চিম পাকিস্তানবিরোধী গণতান্ত্রিক আন্দোলনে এই শহরের সাধারণ মানুষের ভূমিকা ছিল গৌরবোজ্জ্বল। ১৯৬৯ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. শামসুজ্জোহা পাকিস্তানি সেনাবাহিনীর হাতে নিহত হলে দেশব্যাপী গণঅভ্যুত্থান ঘটে। ১৯৬৯ সালের গণআন্দোলন রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকেই গণঅভ্যুত্থানে পরিণত হয়। সাংবিধানিক স্বীকৃতি অর্জনের লক্ষ্যে ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থীকে বিজয়ী করতে সর্বাত্মকভাবে কাজ করে। পরবর্তীতে পাকিস্তান সরকার আওয়ামী লীগের কাছে ক্ষমতা হস্তান্তর করতে না চাইলে রাজশাহী শহরের অধিবাসীরাও দীর্ঘ ৯ মাসের সশস্ত্র সংগ্রামে লিপ্ত হন। পরিশেষে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর দেশ স্বাধীন করতে এখানকার মানুষ সর্বাত্মক ভূমিকা পালন করেন।

#### তথ্যনির্দেশ

১. ড. নূরুল ইসলাম মঞ্জুর, 'বাংলাদেশের মুক্তিসংগ্রামের ইতিহাস (১৯৪৭-১৯৫৮)', সালাউদ্দীন আহমদ (সম্পা.), *বাংলাদেশের মুক্তিসংগ্রামের ইতিহাস*, ১৯৪৭-১৯৭১ (ঢাকা: আগামী প্রকাশনী, ১৯৯৭), পৃ. ১৭।
২. ড. মো. মাহবুবুর রহমান, 'মুক্তিযুদ্ধে রাজশাহী শহর', মো. মাহবুবুর রহমান (সম্পা.), *রাজশাহী মহানগরী : অতীত ও বর্তমান*, প্রথম খণ্ড (রাজশাহী বিশ্ববিদ্যালয়: আইবিএস, ২০১২), পৃ. ৪৪৪।
৩. বদরুদ্দীন উমর, *পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি*, প্রথম খণ্ড (ঢাকা: মাওলা ব্রাদার্স, ১৯৮৯), পৃ. ১০।
৪. মোঃ মাহবুবুর রহমান, *বাংলাদেশের ইতিহাস ১৯৪৭-৭১* (ঢাকা, সময় প্রকাশন, ১৯৯৯), পৃ. ৮৬
৫. সিরাজুল ইসলাম (সম্পা.), *বাংলাপিডিয়া, বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ*, খণ্ড ৭ (ঢাকা: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ২০০৩), পৃ. ৩৫।
৬. Safar Ali Akanda, *Language Movement and the Making of Bangladesh* (Dhaka : UPL, 2013), p. 48.

৭. রুমানা পারভীন, '৫২-এর ভাষা আন্দোলন : রাজশাহী শহর', মো. মাহবুবুর রহমান (সম্পা.), মো. মাহবুবুর রহমান (সম্পা.), *রাজশাহী মহানগরী : অতীত ও বর্তমান*, প্রথম খণ্ড, (রাজশাহী বিশ্ববিদ্যালয়: আইবিএস, ২০১২), পৃ. ৩৮৭।
৮. ঐ, পৃ. ৩৯৩-৩৯৪।
৯. ডক্টর তসিকুল ইসলাম, 'রাজশাহী ভাষা আন্দোলন ও প্রাসঙ্গিক ভাবনা', ড. তসিকুল ইসলাম (সম্পা.), *রাজশাহীতে ভাষা আন্দোলন* (ঢাকা: বাতায়ন, ২০০৪), পৃ. ১৫৫।
১০. মো. মোস্তফা কামাল, *বাংলাদেশের মুক্তিযুদ্ধ : প্রেক্ষিত রাজশাহী জেলা*, অপ্রকাশিত পিএইচ.ডি অভিসন্দর্ভ (রাজশাহী বিশ্ববিদ্যালয়: আইবিএস, ২০১১), পৃ. ৩৯।
১১. রুমানা পারভীন, *পূর্বোক্ত*, পৃ. ৩৮৯।
১২. *আজাদ*, ২৪ ফেব্রুয়ারি, ১৯৫২।
১৩. রুমানা পারভীন, *পূর্বোক্ত*, পৃ. ৩৯১।
১৪. এ্যাডভোকেট মহসীন প্রামাণিক, 'রাজশাহীর ভাষা আন্দোলন : প্রসঙ্গকথা স্মৃতি থেকে', ড. তসিকুল ইসলাম (সম্পা.), *রাজশাহী ভাষা আন্দোলন* (ঢাকা: বাতায়ন, ২০০৪), পৃ. ৮৬।
১৫. সাঈদ উদ্দিন আহমদ, 'আন্দোলন ও নির্ধাতনের দশক পঞ্চাশের দশক', ড. তসিকুল ইসলাম, *রাজশাহীতে ভাষা আন্দোলন* (ঢাকা: বাতায়ন, ২০০৪), পৃ. ৯১-৯৫।
১৬. মোঃ মোস্তফা কামাল, *পূর্বোক্ত*, পৃ. ৪২।
১৭. আবু সাইয়িদ, *ষাটের দশকে রাজশাহী বিশ্ববিদ্যালয়: রাজনীতি ও ছাত্র সমাজ-খণ্ড চিত্র* (রাজশাহী: ইন্সটিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, ২০১২), পৃ. ৩৯৯-৪০০।
১৮. ঐ, পৃ. ৩৯৮।
১৯. ঐ।
২০. বিস্তারিত দেখুন, মোহাম্মদ হান্নান, *বাংলাদেশের ছাত্র আন্দোলনের ইতিহাস ১৮৩০ থেকে ১৯৭১* (ঢাকা: আগামী প্রকাশনী, ১৯৯৯), পৃ. ২৪৮।
২১. ১৯৫৭ সালের প্রথম দিকে রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (রাকুস) এর প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয়। কিন্তু ১৯৫৮-৬২ সাল পর্যন্ত রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদের সকল কার্যক্রম বন্ধ ছিল।
২২. আবু সাইয়িদ, *পূর্বোক্ত*, পৃ. ৪০০।
২৩. হাসান হাফিজুর রহমান (সম্পা.), *বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র*, ২য় খণ্ড (ঢাকা: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তথ্য মন্ত্রণালয়, ১৯৮২), পৃ. ২১৪।
২৪. আবু সাইয়িদ, *পূর্বোক্ত*, পৃ. ৪০১।
২৫. ঐ, পৃ. ৪০৩।
২৬. ঐ, পৃ. ৪০২।
২৭. বিস্তারিত দেখুন, ঐ, পৃ. ৪০৮-৪০৯।
২৮. মওদুদ আহমেদ, *বাংলাদেশ: স্বায়ত্তশাসন থেকে স্বাধীনতা* (ঢাকা: ইউনিভার্সিটি প্রেস, লি. ১৯৯২), পৃ. ৬৫।
২৯. মো. এনামুল হক, *রাজশাহীতে মুক্তিযুদ্ধ* (ঢাকা: অনুপম প্রকাশনী, ২০১৬), পৃ. ৩৭।
৩০. সাক্ষাৎকার : মোঃ আব্দুস সোবহান (৭০), গ্রাম: যোলহাড়িয়া, পোষ্ট: হাট গোদাগাড়ী, ইউনিয়ন: পারিলা, মুক্তিযুদ্ধকালে কলেজ পড়ুয়া ছাত্র, সাক্ষাৎকার গ্রহণের স্থান ও তারিখ: মুক্তিযোদ্ধা কমান্ড অফিস, পারিলা, ১০ মার্চ, ২০২০।
৩১. আব্দুল খালেক, 'ড. জোহা এলেন লাশ হয়ে', মনসুর আহমদ খান (সম্পা.), *উনসত্তরের শহীদ ডক্টর শামসুজ্জোহা*, (রাজশাহী : রাজশাহী বিশ্ববিদ্যালয়) পৃ. ৪১।
৩২. মঘহারুল ইসলাম, 'জোহার মৃত্যু এবং তার পটভূমির মূল্যায়ন, মনসুর আহমেদ খান (সম্পা.), *উনসত্তরের শহীদ ডক্টর শামসুজ্জোহা* (রাজশাহী: রাজশাহী বিশ্ববিদ্যালয়), পৃ. ২৮।
৩৩. শেখ মুহাম্মদ ইব্রাহীম, *উনসত্তরের গণঅভ্যুত্থান* (ঢাকা: জ্ঞানালোক প্রকাশনী, ২০০৭), পৃ. ৮১।
৩৪. জোহা স্মারক বক্তৃতা সংকলন, *পূর্বোক্ত*, পৃ. ৪৮।
৩৫. আব্দুস সালাম মাসুম, '১৮ ফেব্রুয়ারি রাতের কথা', মনসুর আহমদ খান (সম্পা.), *উনসত্তরের শহীদ ডক্টর শামসুজ্জোহা* (রাজশাহী: রাজশাহী বিশ্ববিদ্যালয়), পৃ. ৭০।
৩৬. *The Pakistan observer*, 23 February, 1969.
৩৭. অধ্যাপক আবু সাইয়িদ, *পূর্বোক্ত*, পৃ. ৪১৪।
৩৮. সাক্ষাৎকার : এস.এম. কামরুজ্জামান (৬৭), পিতা: মৃত কছিম উদ্দিন সরদার, গ্রাম: রাধানগর, হুজুরী পাড়া, পবা, সাবেক পবা উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, ২০ মার্চ, ২০২০।

## Lord Cromer and the Egypt

Md. Kamal Hossain \*

**Abstract:** The article is mainly highlighting the role and contribution of Lord Cromer in Egypt during the British rule. He served as the British controller-general in Egypt during 1879 which oversaw Egyptian finances. He was consul-general from 1883 to 1907 during the British occupation. His encouragement of public welfare and other different projects soon increased prosperity in Egypt. Standardised accounting systems, regularised government salaries, public bids contracts and better civil service recruiting under British supervision, greatly diminished corruption and improved local attitudes toward government and administration. As a British agent and consul general (1888-1907), he profoundly influenced the Egyptian development as a modern state. This article will unveil the outstanding reform of Lord Cromer in Egyptian public life.

The British occupied Egypt was still theoretically an Ottoman province administered by the khedive. Egyptians were Ottoman subjects who ostensibly paid their taxes to the sultan. The national flag and the system of coinage remained under Ottoman. Without the sultan's approval, no Egyptian territory could be ceded and no foreign political treaties signed. All Egyptian army were appointed by the ottoman sultan following the rules of Turkish rule.<sup>1</sup>

The British agent and consul general between 1883 and 1907 Sir Evelyn Baring (made Lord Cromer in 1892) occupied the post. When he was thirty-six, Cromer-an army officer—served as a representative of the Debt Commission for a year. Five years later, in 1882, he returned from a tour of duty in India to become the real ruler of Egypt. Legally he had no more power to impose his suggestions than any other foreign diplomat. But Cromer actually stood in the same relation to the khedive that British residents came to assume toward the native princes of India. A suggestion from the British resident had the force of the British army behind it. Cromer and his British staff, took over the running of finances, trade, agriculture, communications, irrigation, health, foreign affairs, and the military establishment. No policies could be executed or originated without their approval.<sup>2</sup>

In Cromer's view, British troops had not been sent to annex Egypt, but to make sure that the khedive did the right thing. His mission, was "to save Egyptian society." Theoretically England was exercising equal rights with other powers to rescue the country from cruel, inept, barbarian adventurers. Again theoretically, the Ottoman sultan was still the country's monarch and the khedive his representative on the spot. English occupation was considered by the sultan a temporary expedient to restore normal conditions. The British, wanted to change the British administration by Cromer. In his initial task, to prevent bankruptcy, Cromer was successful. Increased cotton production after 1888 (at the expense of the wheat crop) and a rise of cotton prices in the world market saved the country from financial disaster. Adequate taxes were collected from the landowners, and the financial administration was centralized and simplified. Standardized accounting systems, regularized government salaries, public bids for contracts, and better civil service recruiting under British supervision greatly diminished corruption and improved local attitudes toward government administration.<sup>3</sup>

---

\* Associate Professor, Jagannath University, Dhaka.

When financial solvency was enabled Cromer paid his attention to the construction of new dams and river barriers that expanded the irrigated areas and greatly increased production. In 1902 a dam was completed at Aswan (the predecessor of the newest high dam there) and its height was raised between 1907 and 1910. River barriers constructed at Assiut and Esna gave water to Upper Egypt. These and other devices enabled Egypt to increase its cultivated area by 20 percent before the First World War I.<sup>4</sup>

British policies encouraged small landowners by extending the area under cultivation, abolishing restrictions on ownership, dividing up the 280,000 acres in the khedivial estates, forming companies to reclaim land to be sold to the peasants, and expanding credit facilities. These measures, enforced the subdivision of land among heirs, more than doubled the number of landowners by 1914. However, the greatest beneficiaries of the land redistribution were favorites of the royal court, who received the largest estates and the best land. The peasant's lot was greatly alleviated by the ban on slavery, forced labor, and use of the whip. Prisons were reformed and effective medical and sanitation services greatly cut down with mortality. All these reforms, were executed by the English man under the meticulous supervision of Cromer.

The Egyptian railways were more than doubled in mileage during the British occupation. But development of river commerce was neglected. To divert traffic to the railways, tolls and licenses were devised and bridges and irrigation canals built without considering the equally vital needs of the river craft, such as locks, ports, and landing facilities. The British may have intended this policy to isolate the Sudan from Egypt and divert Sudanese commerce from Alexandria to the new Port Sudan.<sup>5</sup>

It is to be noted when the British arrived in 1882 the country had recently become a constitutional principality in which the formerly all-powerful khedive was assisted by an assembly of notables and cabinet. The system was formalized by the British constitutional specialist Lord Dufferin in an Organic Law which was governed from 1883 to 1913 in Egypt. It provided that two chamber parliament with only advisory powers. The government could enact legislation over the opposition of the two chambers and was required only to explain its actions, not obtain parliamentary support for them. The only authority possessed by the eighty-two-member assembly was to approve new direct taxes. The Organic Law also established provincial councils headed by Cairo-appointed governors, each of whom was supplied with a British adviser. They were charged with local problems such as roads, canals, and markets. This phantom constitutional system lasted until 1913 when Lord Kitchener combined the two chambers into one Legislative Assembly with somewhat broader powers. Although it was to be a little more democratic in scope, it met for only a single session before it was suspended because of the outbreak of the First World War.<sup>6</sup>

The judicial system was a unlawful of codes, which the British did not reform. International tribunals, or mixed courts, tried civil cases between Europeans and Egyptians and between foreigners. With no specific legal precedents to guide them, the European and Egyptian judges in practice improvised law to fit their needs. Native tribunals dealt with criminal and civil cases only for Egyptians. European consuls retained exclusive jurisdiction over criminal cases involving their nationals.<sup>7</sup>

The International Debt Commission, representing half a dozen nations, further complicated British civil administration. Because that multinational body was authorized to cancel any loan and to sue the government before the mixed courts. Foreigners without the British were also represented in the railway administration and

the management of half a million acres of Ismail's personal property held in escrow for debt payment.<sup>8</sup>

Lord Cromer distinguished between reforms that could be implemented by administrative fiat and those that would require a social revolution, concentrating his efforts on the former and discouraging the latter. In this way a few fundamental social changes occurred during the British occupation. The Turkish and Circassian landowners in particular benefited from the improvement in agriculture and the breakup of large estates. From the time of Muhammad 'Ali they had occupied a privileged position because of their intimate connections with the court. The first half of the nineteenth century<sup>9</sup> Turks and Circassians were employed to staff the higher ranks of the army and civilian administration, rather than local Egyptian; the previous were more trusted and considered better trained in military and administrative skills than the Egyptians. Copts were not only retained in their traditional posts, but were even given greater authority and prestige by the British because they had received a better education in their Christian schools than the local Muslims and others, as Christians, were more trusted by the British. Although the lot of the fellah improved materially, the political and social institutions that directly affected him—the Sharia courts, the schools, the wakf system, and the status of women remained unchanged. In the cities the middle class—lawyers, doctors, journalists, teachers, and minor officials were still excluded from top governmental positions and from the social life of the conservative upper-class elite.<sup>10</sup>

Government educational expenditures under Cromer were less than those of Ismail. Cromer never used more than 3 percent of the budget for education. The British goal was to spread a simple form of schooling, emphasizing the elementary arithmetic and reading required to fill clerical jobs, not to create a truly educated people. In 1908 English replaced Arabic as the principal language of the version of instruction. Previously established technical schools were maintained, but not expanded. The first secular university was established in 1908 with private, not government, initiative and funds. Not only did the occupation government fail to expand the educational system, but the number of students related to the growing population decreased.<sup>11</sup>

Industry also stagnated under the Cromer. Because he believed that its development would be detrimental to both England and Egypt. In his view, the revenue from customs on imported cotton goods was more valuable than developing local textile factories. It was certainly better for Great Britain to have Egypt supply raw cotton to its Lancashire mills, which could then sell their cotton cloth to the Egyptians.

Lord Cromer was a British states man, diplomat and colonial administrator; he served in India and Egypt and became one of the most well known colonial officials of his times. He was an able and benevolent administrator who did much to the welfare of the Egypt. He ruled Egypt for 24 years as British consul (1883-1907) which was the longest colonial administration. Nevertheless, his attitude of effortless cultural superiority helped to spread modern cultural diversity among the peoples contributed of Egypt.

---

## References

1. Don Peretz, *The Middle East of day*, 3<sup>rd</sup> edition, Newyork, P. 203.
2. *Ibid*, P. 204.
3. Edward S. Creasy, *History of the Ottoman Turks Beirut Khayants*, 1961, P. 339
4. *Ibid*. P. 390.

- 
5. Europa Publication Limited, *The Middle East and North Africa 1976-1977*, 23<sup>rd</sup> edition, 1976, P. 260.
  6. *Ibid*, P. 276.
  7. A.I Dawisha, *Egypt in the Arab world the elements of foreign policy* (London: The Macmillan press Ltd. 1976, P. 6
  8. *Ibid*, P. 9.
  9. *Ibid*,
  10. S. Joarder, *Adhunik Midhay Prachya*, 2<sup>nd</sup> volume, Bangla Academy, 1987, P. 305.
  11. *Ibid*, 306.

## পূর্ব বাংলার ভৌগোলিক পরিবর্তনের নানা পর্যায়: উনিশ ও বিশ শতকের পরিপ্রেক্ষিত (Various Stages of Geographical Change in East Bengal: Perspectives of the Nineteenth and Twentieth Centuries)

Dr. Roushan Ara Afrous\*

**Abstract:** Bengal witnessed the changes of her boundaries at different times. Especially during the Mughal and early British rule it became evident. However, these changes did not move the people much till the partition of Bengal in 1905. Owing to mass political interest, the annulment of this partition was declared in 1911. Yet Bengal underwent another partition in 1947 through the emergence of India and Pakistan as independent states. This partition of India in 1947 brought a change in the socio-economic, political and geographical history of Bengal. Following the partition, the western part of Hindu majority Bengal was included in India. In addition, whereas hitherto the area was known as East Bengal, it became East Pakistan in 1955. But the official change of this nomenclature of East Bengal was not received well by the easterners and popularly it remained 'East Bengal' to the common people. This article discusses how the geographical identity of East Bengal and its landscape had undergone a transformation in the nineteenth century and twentieth century.

বাংলা ছিল পূর্ব ভারতের একটি প্রাচীন জনপদ যা সময়ের পরিক্রমায় একটি স্বতন্ত্র দেশ হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। এর সীমানা পরিবর্তিত হয়েছে বার বার। বাংলার প্রাচীন জনপদের মধ্যে 'বঙ্গ' নামের জনপদ থেকেই মধ্যযুগীয় ও আধুনিক বাংলা নামটির উৎপত্তি। ষোল্লম শতক থেকে পুণ্ড্রবর্ধন, গৌড় ও বঙ্গ এ তিনটি জনপদই সমগ্র বাংলার সমার্থক হয়ে উঠে। বঙ্গ অঞ্চলের প্রথম উল্লেখ পাওয়া যায় বৈদিক যুগে। মুসলিম বিজয়ের পর প্রতিষ্ঠিত 'বাঙ্গালা' রাজ্য যে প্রাচীন বঙ্গ অঞ্চলের নামানুসারে হয়েছে তা আজ প্রায় সর্বজনস্বীকৃত মত। বিভক্ত বাংলার অঞ্চল রূপে আত্মপ্রকাশ ঘটে মুসলিম শাসনামলে মূলত: ইলিয়াসশাহী শাসনামলে। এ সময় বাংলার সীমানা ছিল চট্টগ্রাম থেকে তেলিয়াগার্বি (রাজমহল শহরের উত্তর-পশ্চিম প্রান্তে অবস্থিত) এবং হিমালয়ের পাদদেশ থেকে বঙ্গোপসাগর পর্যন্ত। আইন-ই-আকবরীতে আবুল ফজল যে ভৌগোলিক সীমার বিবরণ দিয়েছেন তার সাথে বিভাগপূর্ব বাংলার ভৌগোলিক সীমার মিল রয়েছে। উত্তর দিকে হিমালয়ের পর্বতশ্রেণি; দক্ষিণে বঙ্গোপসাগর ও বঙ্গোপসাগর বিধৌত ঘন জঙ্গলাকীর্ণ সুন্দরবন; পূর্ব সীমায় গারো, খাসিয়া, জয়ন্তিকা, ত্রিপুরা ও চট্টগ্রামের পর্বতমালা ছাড়াও গঙ্গা, মহানন্দা ও এদের শাখা-প্রশাখা এবং পশ্চিমে রাজমহলের পাহাড়, ঝাড়খণ্ডের বনাঞ্চল, বীরভূম, সাঁওতাল পরগণা, সিংহভূম, মালভূম ও ময়ূরভঞ্জের জঙ্গলাকীর্ণ মালভূমি দ্বারা বাংলার সীমানা বেষ্টিত ছিল। ষোল্লম মোগল আমলে ও ব্রিটিশ উপনিবেশিক আমলেই বাংলার একটা সীমানা ও মানচিত্র অঙ্কিত হয়েছিল। বাংলার যে মানচিত্রটি রয়েছে তা প্রকৃতপক্ষে ব্রিটিশ আমলে প্রস্তুতকৃত। বিশ শতকের প্রথমার্ধে বাংলার মানচিত্রটি (রাজনৈতিক) তিনবার পরিবর্তিত হয়েছে।

ব্রিটিশ শাসনামলে (উনিশ শতকে) বাংলার ভৌগোলিক বিবরণ

ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানির বাংলায় রাজ্য স্থাপনের প্রক্রিয়া শুরু হয় ১৬৯০ সালে (জব চার্ণক কর্তৃক)। যখন মোগল সরকার থেকে কলকাতা, সুতানটি ও গোবিন্দপুর এ তিনটি মৌজা কিনে কোম্পানি ফোর্ট উইলিয়াম দুর্গ স্থাপন করে। ১৬৯৯ সালে তিনটি গ্রামের জমিদারিকে কেন্দ্র করে যে প্রেসিডেন্সি গঠিত হলো তা ক্রমশ প্রসারিত হয়ে বাংলা, বিহার, উড়িষ্যা, বারানসী নিয়ে একটি বিশাল রাজ্যে পরিণত হয় আঠারো শতকের শেষ দিকে। মুনতাসীর মামুন, 'উনিশ শতকের পূর্ববঙ্গ (১৮৫৭-১৯০৫)' গ্রন্থে প্রকৃতি ও নিসর্গের

\* Associate Professor, Department of Islamic History & Culture, University of Chittagong, Bangladesh.



দিক থেকে পূর্ববঙ্গকে দুটি প্রধান ভাগে ভাগ করেছেন। ক. উত্তর-পূর্ব ও দক্ষিণ পূর্বের পর্বতমালা। পূর্বে সিলেট ঘিরে উত্তর ও উত্তর পূর্বের ছোট পাহাড় বা টিলা। দক্ষিণ পশ্চিমে চট্টগ্রামের পার্বত্য অঞ্চল ও ময়মনসিংহ, গারো ও সাঁওতালদের অঞ্চল। খ. বিস্তৃত পলিমাটির সমতলভূমি।<sup>১০</sup> নাফিস আহমেদ বলেন, পদ্মা, যমুনা ও মেঘনার পাশে সমতলভূমি হলো ফরিদপুর, ঢাকা, ময়মনসিংহ, পাবনা, বগুড়া, রংপুর, কুমিল্লা এবং সিলেটের কিছু অংশ। আর উত্তরে পুরনো পাললিক এলাকায় পড়ে দিনাজপুরের কিছু অংশ, রংপুর, বগুড়ার কিছু অংশ ও রাজশাহী। এর মধ্যে প্রধান তিনটি অঞ্চল ছিল- মধুপুর, বরেন্দ্র ও লালমাই অঞ্চল।<sup>১১</sup> লেফটেন্যান্ট গভর্নরের অধীনে নতুন বাংলা প্রদেশের সূচনা করেছিলেন লর্ড ডালহৌসী (১৮৪৬-১৮৫৬)। ১৮৫৪ সালে বাংলা প্রদেশের উপভাগগুলো ছিল- বেঙ্গল প্রপার, বিহার, উড়িষ্যা এবং ছোটনাগপুর। ঐ সময় বাংলা প্রদেশের ভৌগোলিক সীমানা ছিল-

‘উত্তরে হিমালয় পর্বতশ্রেণি, পর্বতের উপত্যকায় নেপাল, ভূটান আর সিকিম রাজ্য; দক্ষিণে গর্জনমুখর বঙ্গোপসাগর, উপকূলে নোয়াখালি ও চট্টগ্রামের শ্যামল বন মেখলা; পূর্বে আসামের গারো-খাসিয়া-জয়ন্তিয়া পাহাড়ের ধূসর দেয়াল এবং পশ্চিমে বিহার ও উড়িষ্যার বনভূমি। এই ছিল ব্রিটিশ আমলের ৫টি বিভাগে ভাগ করা ২৮টি জেলার বাংলা।’<sup>১২</sup>

পুরো ব্রিটিশ শাসনামলে এই দেশ বেঙ্গল বা বাংলা নামেই পরিচিত হয়। বাংলা, বিহার, উড়িষ্যা ও ছোট নাগপুর নিয়ে গঠিত বাংলা প্রেসিডেন্সি ছিল ব্রিটিশ ভারতের বৃহত্তম প্রদেশ। ফলে ব্রিটিশ শাসকরা প্রশাসনিক কাজ গতিশীল করার জন্য বাংলাকে প্রশাসনিকভাবে বিভক্ত করার চিন্তা করছিলেন।<sup>১৩</sup> ১৮৫৩ সালে চার্লস গ্রান্ট সরকারের কাছে শাসনকার্যের সুবিধার জন্য বাংলা প্রদেশের আয়তন কমানোর প্রস্তাব করেছিলেন। ১৮৬৬ সালে উড়িষ্যার দুর্ভিক্ষ মোকাবেলা করা ব্রিটিশ সরকারের পক্ষে সম্ভব হয়নি। এই ব্যর্থতার কারণ অনুসন্ধানকারী তদন্ত কমিটি বাংলার সীমানা পুনর্বিবেচনার সুপারিশ করে। ১৮২৬-১৮৭৪ সাল পর্যন্ত বাংলা প্রেসিডেন্সির অন্তর্ভুক্ত আসাম অঞ্চলকে বিচ্ছিন্ন করে ১৮৭৪ সালে একজন চীফ কমিশনারের শাসনাধীন একটি প্রদেশ করা হয়। এই ব্যবস্থায় নিকটবর্তী অঞ্চল বর্তমান বাংলাদেশের সিলেট জেলাকে আসামের অন্তর্ভুক্ত করা হয়। এড্‌মু হেফজার বাংলার লেফটেন্যান্ট গভর্নর হয়ে এলে বাংলাকে বিভক্ত করা সম্পর্কিত একটি প্রস্তাব ভারতের গভর্নর জেনারেল লর্ড কার্জনের কাছে পেশ করেন। এসব প্রস্তুতি শেষে ১৯০৩ সালে বঙ্গভঙ্গের সুনির্দিষ্ট প্রস্তাব সরকারিভাবে উত্থাপিত হয়। এ প্রস্তাব উত্থাপন করেন ভারত সরকারের স্বরাষ্ট্র সচিব হার্বার্ট রিজলি। তিনি ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগ আসামের সঙ্গে যুক্ত করার সুপারিশ করেন।<sup>১৪</sup>

১৮৭২ সালের প্রথম সর্বভারতীয় জনশুমারি রিপোর্ট প্রণয়নকালে বাংলাকে কয়েকটি অংশে ভাগ করে শুমারি প্রণেতাগণ কাজ করেছিলেন। এখানে পশ্চিম বাংলায় বর্ধমান বিভাগ; মধ্য বাংলায় প্রেসিডেন্সি বিভাগ, রাজশাহী বিভাগ ও কুচবিহার বিভাগ; পূর্ব বাংলায় বর্তমানের ঢাকা বিভাগ ও চট্টগ্রাম বিভাগ সম্পূর্ণভাবে। সমগ্র বাংলার সীমানা দেখানো হয়েছে ৮৫,৪৮৩ বর্গমাইল। আর এসময় পূর্বাঞ্চলের ঢাকা ও চট্টগ্রাম বিভাগ এবং মধ্যাঞ্চলের রাজশাহী বিভাগের আয়তন ছিল ৫৭,৪৪২ বর্গমাইল। এ অংশে মোট জনসংখ্যা ২,১৮,৯১,৩৭২ জন এবং প্রতি বর্গকিলোমিটারে ৩৭৬ জন বাস করত।<sup>১৫</sup> লেফটেন্যান্ট গভর্নর শাসিত বাংলা অঞ্চল চারটি প্রদেশে বিভক্ত ছিল। যার মধ্যে ঐতিহাসিক নামে পরিচিত ছিল বাংলা, বিহার ও উড়িষ্যা এবং আয়তনে ছোট ছিল ছোট নাগপুর। এগুলোর মধ্যে আয়তনে বড় ছিল বাংলা যা লেফটেন্যান্ট গভর্নর শাসিত অঞ্চলের এক-তৃতীয়াংশ। এই বৃহত্তর বাংলা প্রদেশ আবার ৯টি প্রশাসনিক ভাগে বিভক্ত ছিল। রেভিনিউ কমিশনারগণ এগুলোর দায়িত্ব পালন করতেন। এর মধ্যে পাঁচটি ছিল প্রেসিডেন্সি ডিভিশনে, আর বর্ধমান, রাজশাহী, ঢাকা, চট্টগ্রাম ছিল বাংলা প্রপারে।<sup>১৬</sup> ১৮৯১ সালের রিপোর্টে প্রাকৃতিকভাবে বাংলা প্রপারকে তিনটি ভাগে ভাগ করা হয়েছিল। যার উত্তরাঞ্চলে ছিল- রংপুর, দিনাজপুর, বগুড়া, পাবনা, মালদা, রাজশাহী জেলা এবং পূর্ণিয়া জেলার কৃষ্ণনগর, কালিগঞ্জ, বালরামপুর থানাসহ তিস্তা অংশের জলপাইগুড়ি জেলা। পূর্বাঞ্চলে ছিল- মধ্যদেশীয় জেলা ঢাকা, ফরিদপুর, ময়মনসিংহ, ত্রিপুরা (Tippera) এবং যশোর জেলার মাগুড়া ও নড়াইল মহকুমা, উপকূলবর্তী জেলা খুলনা, বাকেরগঞ্জ, নোয়াখালি, চট্টগ্রাম ও সুন্দরবন নিয়ে ছিল বাংলার পূর্বাঞ্চল। পার্বত্য চট্টগ্রাম ও পার্বত্য ত্রিপুরা পূর্ব বাংলার অংশ ছিল। পশ্চিম বাংলায় ছিল- প্রেসিডেন্সি বিভাগের ২৪ পরগণা নদীয়া জেলাসহ যশোরের নড়াইল ও মাগুড়া বাদে সম্পূর্ণ অংশ এবং মুর্শিদাবাদ জেলা। বর্ধমান

বিভাগের বর্ধমান জেলা, হাওড়া, মিদনাপুর (মেদেনীপুর), বাকুড়া, বীরভূম ও হুগলী জেলা। আর মেট্রোপলিটন এলাকা ছিল কলকাতা ও কলকাতা শহরতলী। এই ছিল উনিশ শতকের শেষপাদে এসে বাংলার প্রাকৃতিক বিভাজন।<sup>১০</sup>

এরপর শুরু হয় বঙ্গভঙ্গের পরিকল্পনা। সরকারের পক্ষ থেকে বঙ্গভঙ্গ প্রস্তাবের পক্ষে যৌক্তিক ব্যাখ্যা দেয়া হয় যে, প্রশাসনিক দিক দিয়ে বাংলা, বিহার, উড়িষ্যা ও আসাম নিয়ে গঠিত বিরাট বাংলা প্রেসিডেন্সিকে একটিমাত্র কেন্দ্র থেকে একজন প্রশাসকের দ্বারা সুষ্ঠুভাবে শাসন করা কঠিন। ব্রিটিশ শাসনের শুরু থেকে কলকাতা বাংলার রাজধানী থাকায় পূর্ব বাংলা বরাবরই অবহেলিত থেকেছে। ব্যবসায়-বাণিজ্য, শিল্প, যোগাযোগ ব্যবস্থা, শিক্ষা প্রতিষ্ঠান ক্ষেত্রেই এই অঞ্চলের মানুষ পিছিয়ে ছিল। কৃষিপ্রধান অঞ্চল হলেও প্রশাসনিকেন্দ্র থেকে দূরে থাকায় পূর্ব বাংলার কৃষির উন্নতিও তেমন হয়নি। ফলে অর্থনৈতিক ক্ষেত্রেও পূর্ব বাংলা পিছিয়ে পড়ে। প্রায় শতবছর ধরে সামাজিক, শিক্ষা ও ধর্মীয় সংস্কার আন্দোলন এবং বাংলা তথা ভারতের নেতৃবর্গের রাজনীতিচর্চা এ দেশের মানুষকে অধিকার সচেতন করে তুলেছিল। ফলে ভারতীয় জাতীয়তাবাদ প্রশ্নে তারা সচেতন হয়ে উঠে। ইতোমধ্যে ভারতীয়দের রাজনৈতিক সংগঠন কংগ্রেস বিভিন্ন আন্দোলন পরিচালনা করেছিল। ব্রিটিশ শাসকচক্রের প্ররোচনার কারণে হিন্দু-মুসলমানদের মধ্যে পারস্পরিক ঘৃণা ও বিদ্বেষ তীব্র আকার ধারণ করে। এর প্রতিক্রিয়ায় শুরু হয় সাম্প্রদায়িক দাঙ্গা। পূর্ব বাংলার উন্নয়নের প্রশ্নে এবং সাম্প্রদায়িক মনোভাবের কারণেই মুসলমানরা বঙ্গভঙ্গের প্রশ্নে সোচ্চার হয়।<sup>১১</sup>

#### বঙ্গভঙ্গ পরবর্তী পূর্ব বাংলার ভৌগোলিক সীমানা

১৯০৫ সালের ১৬ অক্টোবর বাংলা প্রেসিডেন্সিকে বিভক্ত করে দুটি প্রদেশ সৃষ্টি করা হয়। পূর্ব বাংলার ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিভাগের সাথে আসাম যুক্ত হয়ে এই অঞ্চল ‘পূর্ব বাংলা ও আসাম’ (Eastern Bengal & Assam) প্রদেশ নামে পরিচিতি লাভ করে। এই নতুন প্রদেশের আয়তন হলো ১,০৬,৫৪০ বর্গমাইল। লোকসংখ্যা ৩ কোটি ১০ লাখ। এর মধ্যে মুসলমান এক কোটি ৮০ লাখ। আর হিন্দু এক কোটি ২০ লাখ। বাংলা প্রেসিডেন্সির অবশিষ্ট অংশ পশ্চিম বাংলা, বিহার ও উড়িষ্যা নিয়ে গঠিত বাংলা প্রদেশ, যার রাজধানী হয় কলকাতা। এর আয়তন ছিল ১,৪১,৫৮০ বর্গমাইল এবং লোকসংখ্যা ছিল ৫ কোটি ৪০ লাখ। এর মধ্যে প্রায় ৪ কোটি ২০ লাখ হিন্দু এবং মুসলমান প্রায় ৯০ লাখ।<sup>১২</sup> ঢাকা নতুন প্রদেশের রাজধানী হওয়ায় নানাদিক থেকে পূর্ব বাংলার উন্নয়ন ঘটতে থাকে। ঢাকায় স্থাপিত হতে থাকে স্কুল, কলেজ, অফিস, আদালত। ব্যবসা-বাণিজ্যের জন্য কলকাতার মুখাপেক্ষী হওয়ার প্রয়োজন কমে যায়। বঙ্গভঙ্গের সুফল হিসেবে রাজধানী শহর ঢাকায় বড় বড় ইমারত, হাইকোর্ট, সেক্রেটারিয়েট, কার্জন হল ইত্যাদি নির্মানের প্রক্রিয়া শুরু হয়। এভাবেই পূর্ব বাংলার মানুষ নতুনভাবে আশাবাদী হয়ে উঠে।

যদিও রাজনৈতিক উদ্দেশ্য বঙ্গভঙ্গের পেছনে কাজ করেছিল, তবে প্রশাসনিক কারণই ছিল বেশি। ব্রিটিশ সরকার কর্তৃক বঙ্গভঙ্গ রদের পর আসামকে পূর্ব বাংলা থেকে বিচ্ছিন্ন করে পূর্বের ন্যায় চীফ কমিশনার শাসিত প্রদেশে পরিণত করা হয়। বিহার, উড়িষ্যা ও ছোট নাগপুরকে নিয়ে একটি প্রদেশ করা হয়। পূর্ব ও পশ্চিম বাংলাকে একত্রিত করে ‘বাংলা’ নামে পৃথক প্রদেশ করা হয়।<sup>১৩</sup> আকৃতিগতভাবে, জনসাধারণের চারিত্রিক বৈশিষ্ট্য এবং ভাষাগত বৈচিত্র্যে পার্থক্য লক্ষ্যণীয় ছিল এ প্রদেশটিতে। এগুলো বিবেচনা করেই প্রাকৃতিকভাবে এ প্রদেশ চারটি ভাগে বিভক্ত ছিল- মধ্য, পূর্ব, পশ্চিম ও উত্তর বাংলা।<sup>১৪</sup> ১৯২১ সালের রিপোর্ট প্রণয়নে ব্রিটিশ রিপোর্ট প্রণেতাগণ বাংলাকে দুটি ভাগে বিভক্ত করেছেন (একটি রাজনৈতিক বিভাজন ও অন্যটি প্রাকৃতিক বিভাজন)। রিপোর্ট প্রণেতাগণ সবসময় জনসংখ্যার পরিসংখ্যানগত ধারণা বা প্রশাসনিক বিভাগকেই শুধু একমাত্র বিবেচ্য বিষয় বলে ধরে নেননি। তারা ঐতিহাসিক এবং রাজনৈতিক বিষয়গুলো বিবেচনার সাথে সাথে আবহবিদ্যা (Meteorological) এবং ভূতাত্ত্বিক বৈশিষ্ট্যকে ব্যবহার করেছেন। ১৯১১ সালে স্যার এডওয়ার্ড গেইট ভারতকে ১৬টি প্রাকৃতিক বিভাগে বিভক্ত করেন। এই প্রাকৃতিক বিভাগই কখনও কখনও বর্তমান পরিসংখ্যানে ব্যবহৃত হয়েছে।<sup>১৫</sup> এটি উনিশ শতক থেকেই চলমান ছিল। যা ১৯৪৭ এ দেশভাগের পর লক্ষ করা যায়।

১৯৩১ সালের জনশুমারি রিপোর্ট বাংলাকে প্রশাসনিকভাবে ৫টি বিভাগ, ২৮টি জেলা (ব্রিটিশ অধ্যুষিত) ও ২টি স্টেট (দেশীয় রাজ্য) সমন্বয়ে গঠন করে। আর প্রাকৃতিক বা ভৌগোলিকভাবে ১৯২১ সালের জনশুমারির মতই গ্রহণ করে। নদী দ্বারা এই বিভক্তি নির্দেশ করত। পশ্চিম বাংলায় বর্ধমান বিভাগ গঙ্গা নদী দ্বারা বিভক্ত ছিল। পূর্ব বাংলায় ঢাকা ও চট্টগ্রাম, গঙ্গার উত্তরাঞ্চল উত্তর বাংলা, ব্রহ্মপুত্রের পশ্চিমাঞ্চল রাজশাহী বিভাগ ছিল।<sup>১৯</sup> আবার ১৯৪৭ সালের জুলাই মাসে ব্রিটিশ পার্লামেন্টে পাশকৃত ভারত স্বাধীনতা আইনে প্রাদেশিক আইন পরিষদের ইচ্ছানুযায়ী উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ, সিন্ধু, বেলুচিস্তান, পশ্চিম পাঞ্জাব ও পূর্ব বাংলা নিয়ে পাকিস্তান রাষ্ট্র গঠিত হয়। অন্যদিকে আসামের সিলেট জেলাও গণভোটের মাধ্যমে পাকিস্তানে যোগ দেয়। পূর্ব পাঞ্জাব, পশ্চিম বাংলা ও অবশিষ্ট প্রদেশগুলো ভারত ইউনিয়নের অন্তর্ভুক্ত হয়।<sup>২০</sup> ১৯৪৭ সালে দেশভাগের সময় পূর্ব বাংলা গঠিত হয় ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম এ তিনটি বিভাগসহ ১৭টি জেলা নিয়ে। অঞ্চল রূপে অবিভক্ত বাংলা প্রদেশের ঢাকা, বাকেরগঞ্জ (বরিশাল), ফরিদপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম, নোয়াখালী, ত্রিপুরা (কুমিল্লা), রাজশাহী, পাবনা, বগুড়া, রংপুর ও খুলনা; খণ্ডিতরূপে যশোহর ও দিনাজপুর; গণভোটে সিলেট এবং নতুনভাবে সৃষ্টি হয়েছিল কুষ্টিয়া (নদীয়া) জেলা। ১৯৬১ সাল (এসময় খুলনা বিভাগ সৃষ্টি হয়) পর্যন্ত এ অবস্থাই বিদ্যমান থাকে। ১৯৪৭ সালের ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিভাগের সাথে গণভোট (Referendum) অনুসারে আসামের সিলেট জেলাকে যুক্ত করে গঠিত 'পূর্ব বাংলা' প্রদেশ পাকিস্তানের অংশে পরিণত হয়।<sup>২১</sup> যে নামটি (পূর্ব বাংলা) সরকারিভাবে ১৯৫৫ সাল পর্যন্ত টিকে ছিল।

১৯৩৭ সাল থেকে ১৯৩৯ সাল পর্যন্ত মুসলমানরা কংগ্রেসের কাছ থেকে যে বৈষম্যমূলক আচরণ পেয়েছিল তার ফলেই সর্বভারতীয় চিন্তা বাদ দেয়। ১৯৪০ সালের ২৩ মার্চ মুসলিম লীগের লাহোর অধিবেশনে ভারতের উত্তর-পশ্চিম অংশের মুসলিম প্রধান অঞ্চল পাঞ্জাব, সিন্ধু, বেলুচিস্তান, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ ও কাশ্মীরকে নিয়ে একটি রাষ্ট্র এবং উত্তর-পূর্ব অংশের মুসলিম প্রধান অঞ্চল ও আসামকে নিয়ে আরেকটি রাষ্ট্র গঠনের প্রস্তাব করা হয়। কিন্তু লাহোরে দুটি রাষ্ট্র প্রতিষ্ঠার প্রস্তাব পরবর্তী সময়ে নানাভাবে সংশোধনের চেষ্টা করে ১৯৪৭ সালে পাকিস্তান নামক একটি মাত্র রাষ্ট্রে সীমাবদ্ধ হয়ে যায়। অস্বাভাবিকতা এবং অসংলগ্নতার বিভ্রান্তি নিয়েই জন্ম হয়েছিল পাকিস্তান রাষ্ট্রের।<sup>২২</sup> ১৯৪৭ সালের গণভোট অনুযায়ী সিলেট জেলা স্থায়ীভাবে পূর্ব বাংলার সাথে একীভূত হয়।<sup>২৩</sup> সীমানা কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী নব গঠিত পূর্ব বাংলা তৎকালীন বাংলার মোট আয়তনের ৬৩.৮০% এবং মোট জনসংখ্যার ৬৪.৮৬% লাভ করে। বৃহত্তর বাংলার মুসলমান জনসংখ্যার ৮৩.৯৪% এবং অমুসলমান জনসংখ্যার ৪১.৭৮% পূর্ব বাংলাভুক্ত হয়। নবগঠিত পূর্ব বাংলার মুসলমান ও অমুসলমান জনসংখ্যার অনুপাত হয় ৭০.৮৩ : ২৯.১৭।<sup>২৪</sup> Statistical District of East Pakistan এর তথ্যমতে, ১৯৬৮ সালে পূর্ব বাংলার (তৎকালীন পূর্ব পাকিস্তান) আয়তন ছিল ৫৫,১২৬ বর্গমাইল (বৃহৎ নদী ও বনাঞ্চলসহ)। এছাড়া এর দৈর্ঘ্য ছিল ২,৯২৮ বর্গমাইল (ভূমি ও সাগরসহ)।<sup>২৫</sup> ১৯৬১ সালের রিপোর্ট অনুযায়ী পূর্ব বাংলার (পূর্ব পাকিস্তান) পশ্চিম সীমানায় ভারতের পশ্চিমবঙ্গ ও আসাম ১,১৯৬ মাইল; পূর্ব সীমানায় আসাম প্রদেশ ও ত্রিপুরা রাজ্য ১,১১৩ মাইল; উত্তরদিকে স্বাধীন রাজ্য নেপাল, সিকিম রাজ্য ও ভুটান; দক্ষিণ-পূর্বে বার্মার সাথে ১৭৪ মাইল এবং দক্ষিণে সাগর সীমানা ৪৪৫ মাইলসহ মোট দৈর্ঘ্য- ২,৯২৮ মাইল।<sup>২৬</sup> পূর্ব বাংলার পূর্ব ও দক্ষিণ পূর্বাঞ্চল গঙ্গা, ব্রহ্মপুত্র ও মেঘনা দ্বারা বিধৌত। এর একদিকে পাহাড় ও অন্যদিকে সমতল। ভূপ্রাকৃতিকভাবে এর ভূভাগ ৩ ভাগে বিভক্ত। i) টারশিয়ারী পার্বত্যাঞ্চল, ii) প্লাইস্টোসিন সোপান এবং iii) বর্তমানের বন্যা প্লাবিত অঞ্চল।<sup>২৭</sup> এটাই মূলত পূর্ব বাংলার ভৌগোলিক ও প্রাকৃতিক সীমানা। রাজনৈতিক বিভাজন এর স্বাতন্ত্র্য নষ্ট করতে পারেনি। কিন্তু ১৯৫৫ সালে পাকিস্তানের নতুন সংবিধান প্রণয়নের প্রথম পদক্ষেপ হিসেবে পূর্ব বাংলার নাম পরিবর্তনের প্রক্রিয়া শুরু হয়।<sup>২৮</sup> ১৯৫৫ সালের ৭ জুলাই নতুন গণপরিষদের অধিবেশন শুরু হয়। ১৯৫৫ সালের ২৫ আগস্ট পাকিস্তান গণপরিষদে 'পূর্ব বাংলা' নাম বিলুপ্তির বিরোধিতা করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেন:

Sir, you will see that they want to place the word 'East Pakistan' instead of 'East Bengal'. We have demanded so many times that you should make it Bengal (Pakistan). The word 'Bengal' has a history, has a tradition of its own. You can change it only after the people have been consulted. If you

want to change it then we will have to go back to Bengal and ask them whether they accept it.<sup>১০</sup>

১৯৫৬ সালের ২১ ফেব্রুয়ারি পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র গৃহীত হয় এবং ২৩ মার্চ থেকে তা কার্যকর হয়। এসময় পশ্চিম পাকিস্তানের সবগুলো প্রদেশ এক ইউনিট বা এক প্রদেশ হলো এবং পূর্ব বাংলার নাম হলো পূর্ব পাকিস্তান। এই ব্যবস্থা শাসনতন্ত্রে অন্তর্ভুক্ত করা হয়।<sup>১১</sup> ১৯৬৯ সালের ৫ ডিসেম্বর শহীদ সোহরাওয়ার্দীর মৃত্যুদিবসে এক আলোচনা সভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেন, ‘বাংলাকে ধ্বংস করার বহু চক্রান্ত হইয়াছে কিন্তু ভবিষ্যতে পূর্ব বাঙলার নাম বাঙলা হইবে’<sup>১২</sup> পাকিস্তান একে পূর্ব পাকিস্তান বলে উল্লেখ করলেও মূলত এটি পূর্ব বাংলা হিসেবেই পরিচিত থাকে। বাঙালিদের আবেদন এতটাই প্রবল ও প্রগাঢ় ছিল যে ‘পূর্ব বাংলা’ নামটি কখনও উপেক্ষিত হয়নি। ব্রিটিশদের রাজনৈতিক ক্ষমতা গ্রহণের পর বাংলায় ভৌগোলিক সীমানার পরিবর্তন হতে থাকে। কিন্তু ভৌগোলিকভাবে পরিচিত ‘পূর্ব বাংলা’ নামটি বিশ শতকে সরকারিভাবে পরিচিতি পায়। যার ভিত্তিতেই ১৯৪৭ এর পর ‘পূর্ব বাংলা’ অংশটি নানা রাজনৈতিক বিবর্তনের মধ্য দিয়ে ১৯৭১ সালে বাংলাদেশ নামে স্বীয় অস্তিত্ব ও স্বাধিকার রক্ষার প্রত্যয়ে গড়ে উঠে।

### তথ্যনির্দেশ

১. নীহাররঞ্জন রায়, *বাঙ্গালীর ইতিহাস*, আদি পর্ব, প্রথম দে'জ সংস্করণ, দে'জ পাবলিশিং, কলকাতা, ১৪০০, পৃ.পৃ. ১৪০-১৬৩।
২. রাখালদাস বন্দ্যোপাধ্যায়, *বাঙ্গালার ইতিহাস*, প্রথম খণ্ড, নবভারত পাবলিশার্স, কলকাতা, ১৯৭১, পৃ. ১৪।
৩. এম. এ. রহিম, *বাংলার সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস (১২০৩-১৫৭৬ খ্রি.)*, মোহাম্মদ আসাদুজ্জামান অনূদিত, প্রথম খণ্ড, দ্বিতীয় পুনর্মুদ্রণ, বাংলা একাডেমি, ঢাকা, ২০০৮, পৃ. ২-৫।
সৃষ্টির শুরু থেকেই একজন মানুষ তার কথার মাধ্যমে মনের ভাব প্রকাশ করে আসছে। একজন মানুষ জন্মের নির্দিষ্ট সময় পর নানা ভাবে তার মনের ভাব ও আবেগ প্রকাশ করার চেষ্টা করে। মূলত শিশুরা তার পিতা-মাতার ভাষাকেই অনুসরণ করে। এভাবেই বিশ্বের বিভিন্ন দেশে নানা রকম ভাষার উদ্ভব হয়েছে। তবে এই কথ্য ভাষা থেকে কিভাবে লিখন পদ্ধতি এসেছে তার সঠিক তথ্য জানা যায় না। তবে পৃথিবীর প্রত্যেক ভাষারই লিখিত রূপ রয়েছে। লিখন উপকরণের মাধ্যমে তা অন্যের কাছে তুলে ধরা হয়। প্রাচীন কালে মানুষ লিখতে ও পড়তে পারত না। তাদের কোন বর্ণমালাও ছিল না, আবার লেখার উপকরণ, কাগজ, কালিও ছিল না। সময়ের পরিবর্তনের সাথে সাথে লিখন পদ্ধতির প্রয়োজন হয়। এছাড়া তারা বিভিন্ন তাগিদে নিজেদের ক্রিয়াকলাপ, লেনদেন ও কথাবার্তা সংরক্ষণ ও লিপিবদ্ধ করে রাখার প্রয়োজনীয়তা প্রকটভাবে অনুভব করে। ফলে সভ্য সমাজে লিপির উদ্ভব হয়। প্রাচীন লিপির বিভিন্ন সূত্র পর্যালোচনা করে বুঝা যায় আদিম যুগে চিত্রাঙ্কনের মাধ্যমে মনের ভাব প্রকাশ করা হতো। দশ-বারো হাজার বছরের বেশি আগের মানুষ কোন ঘটনাকে স্থায়ীভাবে মনে রাখার জন্য গুহার দেয়ালে বা প্রস্তর ফলকে চিত্র অংকন করত। এই চিত্র অংকনে ব্যবহার করা হতো লাল খড়ি মাটি, কয়লা, পাথর, পাতার রস থেকে তৈরী জিনিসপত্র। এই গুহা চিত্র ছিল লিপি আবিষ্কারের প্রথম উদ্যোগ। উত্তর আমেরিকার আদিম অধিবাসী রেড ইন্ডিয়ানদের এ রকম স্মারক আলেখ্য পদ্ধতি সুবিদিত। তবে অনেক আরব ঐতিহাসিকদের ধারণা লিখন পদ্ধতি আল্লাহর নির্দেশ একটি

শিল্প। তিনি হয়তো তার কোন নবীকে বা কোন বিশেষ বান্দাকে লেখার বর্ণ পদ্ধতি ও কলাকৌশল শিক্ষা বা নির্দেশনা দান করেছিলেন। তবে এ ব্যাপারে কোন স্পষ্ট দলিল নেই। তাই বলা হয় লিপিশিল্প মানব সভ্যতার একটি নিদর্শন। মানুষ নিজের প্রয়োজনেই তা করেছিল, প্রথম দিকে এটি জটিল, অপূর্ণাঙ্গ ও ত্রুটিপূর্ণ থাকলেও পরে উন্নত হয়ে বর্তমান অবস্থায় পৌঁছেছে। এ প্রসঙ্গে বিশিষ্ট সমাজবিজ্ঞানী ও ইতিহাসবিদ ইবনে খালদুন বলেন- এই শিল্পকর্ম নগর জীবনের স্বরূপ এবং এর জনসমাজের অনিবার্য ফলশ্রুতি। এর সম্ভাবনা মানুষের মধ্যে শিক্ষার মাধ্যমেই বাস্তবায়িত হয়। জনবসতি ও সভ্যতার ক্রমানুপাতে তাদের পরিপূর্ণতা বিধায়ক চরিত্রের ঔৎসুক্য ও চাহিদায় তা বিকশিত হয়। এজন্যই নগর জীবনে লিপির সৌন্দর্য অধিকতর বিকশিত হয়ে থাকে। অন্য দিকে আমরা অধিকাংশ প্রান্তরবাসীকে দেখতে পাই, তারা লিখতে ও পড়তে জানে না। তাদের মধ্যে যারা লিখতে পড়তে জানে তাদের লিপিও পাঠ ত্রুটিপূর্ণ হয়ে থাকে। আধুনিক গবেষণা মতে লিখন পদ্ধতিকে প্রধানত দুইভাগে ভাগ করা যায়। (ক) ভাবদ্যোতক লিখন পদ্ধতি (Idiogram) (খ) ধ্বন্যাত্মক লিখন পদ্ধতি (Onomatopoeic)। নিম্নে এগুলো সম্পর্কে আলোচনা করা হলো-

#### (ক) ভাবদ্যোতক লিখন পদ্ধতি

এ রীতিতে ভাব ও মর্মের পরিবর্তে চিত্র ও চিহ্ন ব্যবহার করা হয় তাই একে ভাবদ্যোতক পদ্ধতি বলা হয়। এটি পৃথিবীর প্রাচীন পদ্ধতি। এই পদ্ধতির দুটি ধাপ রয়েছে।

##### (I) মূল চিত্র ও প্রতিকৃতির সাহায্যে লেখা

প্রথম দিকে মানুষ বর্ণের পরিবর্তে জীবজন্তু ও বস্তুর প্রকৃতি চিত্র অংকন করত। বাঘ বুঝাতে চাইলে সে বাঘের চিত্র অংকন করত। লিপি বিজ্ঞানীগণ লেখার এ পদ্ধতিকে চিত্রলিপি হিসেবে অভিহিত করেন। কয়েকটি লিখন পদ্ধতিতে এ রীতির ব্যবহার দেখা যায়। যেমন :

১। মিসরের হায়ারোগ্লিফিকস পদ্ধতিতে মিসরের অধিবাসীরা জীবজন্তু ও বস্তুর প্রতিকৃতি ও চিত্র ব্যবহার করে লিখতো।

২। চৈনিক লিখন পদ্ধতি মূলত ২১৪ টি মূল চিত্রের উপর ভর করে গড়ে উঠেছিল। যার প্রতিটি চিত্রই ব্যাপক অর্থ প্রকাশ করতো।

৩। হায়ছি লিখন পদ্ধতি: এটি শামের হায়ছি জনপদের লোকেরা ব্যবহার করত, যা পরবর্তীকালে ককেসাস অঞ্চল থেকে এশিয়া মাইনর পর্যন্ত বিস্তার লাভ করেছিল।<sup>১০</sup> এইসব চিত্রলিপির সাহায্যে মনের ভাব প্রকাশ কষ্টকর বিষয় ছিল। এতে অজস্র চিত্র অংকন করতে হতো।

(II) প্রতীক ও সাংকেতিক চিহ্নের সাহায্যে লেখা চিত্রলিপির ত্রুটি ও অসুবিধার কারণে পরবর্তীতে মূল বস্তুর চিত্রের পরিবর্তে প্রতীক ও সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয়। কোন মানুষ নিজের বিষন্ন অবস্থা বুঝাতে বুলন্ত চুলের চিত্র আঁকত। এইরূপ লিখন পদ্ধতিকে সাংকেতিক চিহ্নের লিখন পদ্ধতি বলা হয়। এ পদ্ধতিও বিভিন্ন দেশে বিকাশ লাভ করে। যেমন:

১। মিসরের হায়ারোগ্লিফিকস পদ্ধতিতে চিত্রের পর সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয়। এতে যৌগিক ও অযৌগিক দুই ধরনের চিহ্নই হতো। আরবি লিখন পদ্ধতির মতো সাধারণত ডান দিকে থেকে বাম দিকে এ সাংকেতিক চিহ্নগুলো সাজিয়ে লেখার কাজ সমাধা করা হতো।<sup>১১</sup>

২। চৈনিক লিখন পদ্ধতিতে ও সাংকেতিক চিহ্নের ব্যবহার দেখা যায়। এটিও চিত্রলিপির মতো জটিল লিখন পদ্ধতি কারণ মানুষের ভাব ও চিন্তার শেষ নেই। কিন্তু চিহ্নের শেষ আছে।

#### (খ) ধ্বন্যাত্মক লিখন পদ্ধতি

এ পদ্ধতিতে ভাব ও মর্মের পরিবর্তে নয়, কেবল প্রত্যেকটি ধ্বনির জন্যই পৃথক পৃথক চিহ্ন ব্যবহার করা হয় বলে একে ধ্বন্যাত্মক লিখন পদ্ধতি নামে অভিহিত করা হয়।<sup>১২</sup> বর্তমানে এটি প্রায় সকল সভ্য জাতির লিখনরীতি হিসেবে প্রচলিত। এই পদ্ধতির দুটি ধারা রয়েছে। যেমন:

১। শব্দচিত্রের সাহায্যে লেখার প্রচলন: এতে শব্দকে প্রথমে বিভিন্ন অংশে ভাগ করা হয়। তারপর শুধু প্রথম অংশের চিত্র আঁকা হয় আর উচ্চারণ করার সময় পুরো অংশের উচ্চারণ করা হয়। এ রীতিকে শব্দলিপি বলে। এটিই ছিল বর্ণ সৃষ্টির প্রথম ধাপ। কিউনিফর্ম পদ্ধতিতেও এ রীতির অনুপ্রবেশ ঘটেছিল।

২। বর্ণের সাহায্যে লেখার প্রচলন: এতে শব্দচিত্রের রেখা সংক্ষিপ্ত ও সাংকেতিক হয়ে আদলে দাঁড়ায় এবং শব্দলিপিটি সমগ্র ধ্বনিসমষ্টিকে না বুঝিয়ে শুধু আদ্যধ্বনি নির্দেশ করতো, একে বলে শীর্ষনির্দেশ। আদ্যধ্বনি নির্দেশের ফলে শব্দলিপির পরিণাম হলো অক্ষরলিপি। এ অবস্থায় এসেই লিখন পদ্ধতি চূড়ান্ত পর্যায়ে পৌঁছায় যা পরে উন্নত থেকে উন্নততর হতে থাকে। এর সাহায্যে মানুষ বর্ণের পাশে বর্ণ বসিয়ে শব্দ ও বাক্য তৈরী করে। তাদের যাবতীয় চিন্তা-চেতনা, কথাবার্তা ও গতিবিধি সহজভাবে লিখতে সক্ষম হয়। একেই বর্ণলিপি বলা হয়।

#### মেসোপটেমীয় সভ্যতার লিখন পদ্ধতির বিকাশ

প্রস্তর যুগের শেষদিকে খ্রিস্টপূর্ব ৪০০০ অব্দের শেষভাগ ও ৩০০০ অব্দের প্রথমদিকে সুমেরীয়দের হাতেই সর্বপ্রথম লিপিশিল্পের উদ্ভব ঘটে। তারা কাঠের তৈরি অতি সূক্ষ্ম অগ্রভাগবিশিষ্ট ত্রিকোণাকৃতির কলম দ্বারা নরম মাটির চাকতিতে বিভিন্ন জীবজন্তুর চিত্র ও বস্তুর আকৃতি অংকন করে মনের ভাব প্রকাশ করতো। তাদের লিখনরীতি কিউনিফর্ম বা কীলাকাকৃতি লিখনরীতি নামে পরিচিত। কিউনিফর্ম শব্দটি ল্যাটিন শব্দ Cuneus শব্দ থেকে উদ্ভূত। যার অর্থ Wedge-shaped বা গোজ আকৃতির। কিউনিফর্ম বিভিন্ন সাংকেতিক চিহ্ন ও চিত্রের সমন্বয়ে লেখার পদ্ধতি। এটি সুনির্দিষ্ট নিয়ম অনুসরণ করে গঠিত কোন বর্ণমালা নয় এবং এতে নির্দিষ্ট বা ধরাবাধা কোন অক্ষর ও নেই। নির্দিষ্ট অক্ষরের পরিবর্তে ৬০০ থেকে ১০০০ এর মতো কীলক আকৃতির শব্দ বা তাদের অংশের শেপ ব্যবহার করে লেখা হতো। এটি খ্রিস্টপূর্ব ৫০ অব্দ পর্যন্ত চালু ছিল। প্রথম দিকে এই লিপির চিহ্নসমূহ ধ্বন্যাত্মক বা বর্ণাত্মক ছিল না, ভাবদ্যোতক ছিল। এতে ব্যবহৃত চিহ্নগুলো বস্তুর প্রকৃত চিত্র ও সাংকেতিক চিহ্নের উপর নির্ভর করে গড়ে উঠেছিল। এগুলো ধ্বনির পরিবর্তে নয় ভাবের পরিবর্তে ব্যবহৃত হতো। চিত্রগুলো শব্দাংশের চিত্র যা দু' বা ততোধিক ধ্বনির প্রতিনিধিত্ব করে। মেসোপটেমিয়া ও মিসরের লিপি চিহ্নসমূহ ভিন্ন হওয়ার পিছনে ছিল প্রাকৃতিক কারণ। মেসোপটেমিয়া এলাকায় বাঁশ, কণ্ডি ও নলের সাহায্যে নরম মাটির ফলকে লেখা হতো। এ জন্যই সেখানকার লেখাগুলো কীলকাকৃতির বা কৌনিকাকৃতির হয়। ইউরোপীয়রা এর নাম দেয় কিউনিফর্ম। প্রথমদিকে ত্রিকোণাকৃতির ছবি সাংকেতিক চিহ্ন হিসেবে ব্যবহৃত হতো। পরে কিছুটা সরলীকরণ করা হয়। যেমন : এতে মানুষের মাথা, হাত, পা, কুঁড়েঘর, মানুষ প্রভৃতি ত্রিকোণাকৃতির পরিসর সৃষ্টি করে সাংকেতিক চিহ্ন হিসেবে ব্যবহৃত হয়েছে।<sup>১০</sup> সাংকেতিক চিহ্নগুলো পৃথক পৃথক ব্যবহার করা হতো, পরে উপর থেকে নিচে সাজানো হয় আরো পরে ডান দিক থেকে বাম দিকে সাজানো হয়।



কিউনিফর্মে লেখা ট্যাবলেট  
(ছবিসূত্র: ইন্টারনেট হতে প্রাপ্ত)

TABLE ILLUSTRATING THE COMPLICATION OF CUNEIFORM WRITING

Original	Complicated	Original	Complicated	Original	Complicated
HEAD	HEAD	HEAD	HEAD	HEAD	HEAD
HEAD OF MAN	HEAD OF MAN	HEAD OF MAN	HEAD OF MAN	HEAD OF MAN	HEAD OF MAN
HEAD OF HORSE	HEAD OF HORSE	HEAD OF HORSE	HEAD OF HORSE	HEAD OF HORSE	HEAD OF HORSE
HEAD OF BULL	HEAD OF BULL	HEAD OF BULL	HEAD OF BULL	HEAD OF BULL	HEAD OF BULL
HEAD OF SHEEP	HEAD OF SHEEP	HEAD OF SHEEP	HEAD OF SHEEP	HEAD OF SHEEP	HEAD OF SHEEP
HEAD OF GOAT	HEAD OF GOAT	HEAD OF GOAT	HEAD OF GOAT	HEAD OF GOAT	HEAD OF GOAT
HEAD OF LAMB	HEAD OF LAMB	HEAD OF LAMB	HEAD OF LAMB	HEAD OF LAMB	HEAD OF LAMB

কিউনিফর্ম বর্ণমালার পরিবর্তিত রূপ  
(ছবিসূত্র: ইন্টারনেট হতে প্রাপ্ত)

সুমেরীয়দের পর আক্কাদিয়ানরা যখন এই সভ্যতার উত্তরাধিকার লাভ করে তারাও তাদের ভাষা লেখার জন্য এই লিখন পদ্ধতি ব্যবহার করে। সুমেরীয় ও আক্কাদিয়ান ছাড়া মেসোপটেমিয়ার অন্যান্য সভ্যতাগুলো যেমন- অ্যাসিরিয়ান, ব্যাবিলিয়ান, এলবেইট, এমেরাইট, এলামাইট, হাভিক, হুররিয়ান, উরার্তিয়ান, হিটাইট, লুউইয়ান ভাষাগুলো এই পদ্ধতিতে লেখা হতো। এছাড়াও মধ্যপ্রাচ্যের বিলুপ্ত ভাষা উগারিটিক এবং সনাতন ফারসি ভাষা লেখার জন্য কিউনিফর্মের উপর ভিত্তি করে তৈরী লিখন পদ্ধতি গ্রহণ করা হয়। এ রীতি

মেসোপটেমীয় থেকে আর্মেনিয়া, পারস্য ও ফিলিস্তিনে ছড়িয়ে পড়ে। এ রীতির বহু প্রাচীন বিচিত্র লেখা অ্যাসিরিয়া, ব্যাবিলন ও ইরান প্রভৃতি স্থানে পাওয়া গেছে। এ লিখন পদ্ধতি খ্রিষ্টপূর্ব সহস্রাব্দ শেষ হওয়ার পূর্বেই বিলুপ্ত হয়ে গিয়েছে।<sup>১০</sup> মেসোপটেমীয়ার সাধারণ লিপিরূপে এটি টিকে গেছে তিন সহস্র বছর কালেরও বেশি অর্থাৎ প্রায় হযরত ঈসা (আ:) এর কাল পর্যন্ত। বিভিন্ন জাতি এ লিপি ব্যবহার করেছে। সুমেরীয়রা গণিত, জ্যামিতি, মানচিত্র, নির্মাণ, ঔষধপত্র, শল্য চিকিৎসা, জ্যোতির্বিদ্যা প্রভৃতি জানতো।<sup>১১</sup> সুমেরীয়রা লেখাকে আরো গতিশীল করার জন্য লিখন পদ্ধতিতে নতুন ধারার সংযোজন ঘটায়। লিখন পদ্ধতির দ্বিতীয় পর্যায়ে এসে তারা বিশেষ চিহ্নের মাধ্যমে লেখার কৌশল আবিষ্কার করে। তারা কাদামটির চাকতিতে খাগের কলম দিয়ে কৌণিক রেখা ফুটিয়ে তুলতো, পরে রোদে শুকালে তা স্পষ্ট হয়ে উঠতো। চিহ্নগুলো খাঁজকাটা, অনেকটা তীরের মতো ডিজাইন, কখনো কখনো ইংরেজি 'v' অক্ষরের মতো মনে হয়।<sup>১২</sup> এই লিখন পদ্ধতির নামই কিউনিফর্ম, যা মেসোপটেমীয় লিপি হিসেবে পরিচিতি লাভ করে। এগুলো বর্ণভিত্তিক নয়, অক্ষর ভিত্তিক। সুমেরীয় হস্তলিপির ভিত্তি ছিল ৩৫০ টি শব্দাংশ। তবে তা প্রকৃত বর্ণমালায় যেতে পারেনি। পরবর্তীতে লেখার গতিবেগবৃদ্ধি পাওয়ায় অক্ষরগুলো সরল হয়ে পড়ে এবং হস্তলিপির চেহারা পরিবর্তন হয়। এই লিপি কাদামটির জন্য বিশেষ উপযোগী। কাদামাটি ছাড়াও পাথরের স্তম্ভশিলায় কিংবা ওজন দন্ডের উপর খোদাই করা হতো। পুরাতন সুমের বা ব্যাবিলন ছাড়াও এলামাইট, হিটাইট, হুরিয়ান, ফিনিশিয়া এবং পশ্চিম এশিয়ার অনেক দেশে এই লিপির বিস্তার ঘটে। সুমেরের বিখ্যাত শহর নিপ্পুরে খননকার্য চালিয়ে পুরানো মন্দিরের ধ্বংসাবশেষ থেকে কিউনিফর্ম পদ্ধতিতে লেখা প্রায় পঞ্চাশ হাজার মাটির চাকতি পাওয়া যায়। মনে করা হয় মন্দিরের ভিতরে একটি লাইব্রেরি ছিল। ১৮ ইঞ্চি লম্বা কিউনিফর্ম লিপিগুলো কাদামটির তৈরী সেলফে সাজিয়ে রাখা হতো।<sup>১৩</sup> এতে ধারণা পাওয়া যায় শুধু দলিলপত্রের প্রয়োজনেই নয় আরো অনেক মহৎ উদ্দেশ্যে এই লিপি উদ্ভাবন করা হয়েছিল। উনিশ শতকের প্রথম দিকে এর পাঠোদ্ধার সম্ভব হয়।

কিউনিফর্ম লিপি আবিষ্কারের ফলে শিক্ষা বিস্তারসহ, সরকারি নথি, বাণিজ্য চুক্তি, সম্পত্তির হিসাব, রাজস্ব, ব্যবসায়িক হিসাব, বিচারের রায় লিখে রাখা সম্ভব হয়েছে। দাপ্তরিক এবং রাজকীয় দলিলপত্র ছাড়াও মেসোপটেমিয়া সভ্যতায় প্রচুর ধর্মীয় এবং সমাজভিত্তিক সাহিত্যও লেখা হয়েছিল। হোমার তার ইলিয়াড এবং ওডিসি লেখারও প্রায় এক হাজার বছর আগে সুমেরীয়রা তাদের নিজস্ব ভাষায় সাহিত্য রচনা করেছিল। বিশ্ববিখ্যাত মহাকাব্যিক কাহিনী গিলগামেশ এই ভাষাতেই রচিত। যা লেখা হয়েছিল তৎকালীন বিখ্যাত মেসোপটেমীয় নগর উরুকের প্রথম দিকের এক শাসককে নিয়ে এবং মেসোপটেমীয়ার নগরজীবন, বাণিজ্য ও সাহিত্যের অভ্যন্তরীণ সম্পর্কও উঠে এসেছিল এই কাহিনীটিতে। ফ্রান্সের ল্যুভর মিউজিয়ামের মধ্যপ্রাচ্যের পুরাকীর্তি বিভাগের কিউরেটর অ্যারিয়ান থমাস বলেছিলেন, মেসোপটেমীয়ার দীর্ঘ ইতিহাসের বিভিন্ন পর্বে একটি স্বতন্ত্র ও অত্যাধুনিক সংস্কৃতি তো ছিলই। আক্বাদীয় ভাষায় মার্গনের পুত্র নরম সিনের বীরত্বপূর্ণ কাহিনী লেখা পাথরের একটি খন্ড মেসোপটেমীয়ান সাহিত্যের বিশিষ্ট উদাহরণ (ভিক্টরিস টেল অফ নরম সিন ফ্রম সুসু, ২২০০ খ্রিষ্টপূর্ব, পিঙ্ক, স্যান্ডস্টোন)।



(ভিক্টরিস টেল অফ নরম সিন ফ্রম সুসু, ২২০০ খ্রিষ্টপূর্ব, পিঙ্ক, স্যান্ডস্টোন), ছবিসূত্র: ইন্টারনেট হতে প্রাপ্ত

ব্যাবিলনীয়রাও নরম মাটির চাকতি, সিলিডার বা প্রিজমের উপর কাঠির সরু অগ্রভাগের দ্বারা কিলকের আকারে এক প্রকার লিপির সাহায্যে তাদের হিসাব-নিকাশ, গাণিতিক পদ্ধতি লিখে রাখত।<sup>১০</sup> পরে তা পুড়িয়ে স্থায়িত্ব বৃদ্ধি করা হয়। বলা যায় কিউনিফর্ম লিপি সম্বলিত এ চাকতিগুলোই ব্যাবিলনীয় গ্রন্থ। বর্তমানে প্রাচীন সভ্যতার বিভিন্ন অঞ্চলের মধ্যে মাটি খুঁড়ে প্রায় ৫ লাখ থেকে ১০ লাখ কিউনিফর্ম ট্যাবলেট পাওয়া যায়। এর মধ্যে ৩০ হাজার থেকে এক লাখ কিউনিফর্ম ট্যাবলেটের অর্থ পাঠোদ্ধার করা সম্ভব হয়েছে। তাদের নিজস্ব ভাষা ছিল তবে লিখন পদ্ধতি কিউনিফর্ম ছিল। ব্যাবিলনে উদ্ভাবিত এই কিউনিফর্ম পদ্ধতিকে সেমিটিক বা সামী লিখন গোত্রভুক্ত।<sup>১১</sup> প্রাচীন মিসরের চিত্রলিখন পদ্ধতি হায়ারোগ্লিফিক অপেক্ষা ব্যাবিলনের লিখন পদ্ধতি উন্নতমানের ছিল।<sup>১২</sup> কিউনিফর্ম নির্দেশিত শব্দসমূহ কোন কোন সময় হিব্রু ও আরবি ভাষার সাথে তুলনা করা হয়। এসেরীয়রাও প্রথম দিকে ব্যাবিলনের কিউনিফর্ম লিপি ব্যবহার করত। পরে তারা এর সাথে আরো ২০০ চিহ্ন যুক্ত করে। পরবর্তীতে এসেরীয়রা আক্কাদিয়ানদের অনুকরণে কিউনিফর্ম পদ্ধতিতে লিখতো।<sup>১৩</sup>

#### সমাপনী বক্তব্য

পরিশেষে বলা যায় যে, প্রাচীনকালে মেসোপটেমীয় অঞ্চলে গড়ে উঠা সভ্যতাগুলো অনেক দিক থেকে পিছিয়ে থাকলেও লিখন পদ্ধতি আবিষ্কারে তাদের অবদান অবিম্বরণীয়। মানব সভ্যতার ক্রমকিশোর ইতিহাসে এটি একটি গুরুত্বপূর্ণ ঘটনা। তাদের এই আবিষ্কার নানাভাবে আধুনিক সভ্যতাকে প্রভাবিত করেছে। ধীরে ধীরে মানব সভ্যতা উন্নত থেকে উন্নততর হয়েছে। মেসোপটেমীয়া এলাকার সেই প্রাচীন লিখন পদ্ধতি বিভিন্ন সময় পরিবর্তিত হয়ে আধুনিক লিখন পদ্ধতি রূপ লাভ করেছে।

#### তথ্যনির্দেশ

১. ওয়াজেদ আলী, *মানব সভ্যতার ইতিবৃত্ত, প্রাচীন ও মধ্যযুগ* (ঢাকা: অধুনা প্রকাশন, ২০০৮), পৃ. ১৭।
২. আরু মো. দেলোয়ার হোসেন, মো. আব্দুল কুদ্দুস সিকদার, *সভ্যতার ইতিহাস প্রাচীন ও মধ্যযুগ* (ঢাকা: বিশ্ববিদ্যালয় প্রকাশনী, ২০১৮), পৃ. ১৭০।
৩. ওয়াজেদ আলী, *প্রাগুক্ত*, পৃ. ১৭।
৪. *তদেব*।
৫. *তদেব* পৃ. ১৮।
৬. এ.কে.এম শাহনাওয়াজ, *বিশ্বসভ্যতা, প্রাচীন যুগ* (ঢাকা: প্রতীক প্রকাশনা, ২০১৭), পৃ. ১১।
৭. ওয়াজেদ আলী, *প্রাগুক্ত*, পৃ. ১৮।
৮. এ. কে. এম. শাহনাওয়াজ, *প্রাগুক্ত*, পৃ. ১২১।
৯. ওয়াজেদ আলী, *প্রাগুক্ত*, পৃ. ৭৫।



- 
১০. এ. কে. এম. শাহনাওয়াজ, প্রাগুক্ত, পৃ. ১২১।
  ১১. ওয়াজেদ আলী, প্রাগুক্ত, পৃ. ৭৫।
  ১২. আহমদ আলী, মুসলিম লিপিকলা উৎপত্তি ও বিকাশ (ঢাকা: বাংলা একাডেমী, ২০১৭), পৃ. ১।
  ১৩. তদেব।
  ১৪. তদেব, পৃ. ৩।
  ১৫. তদেব, পৃ. ৫।
  ১৬. *Encyclopedia of Britannica* (London: William Benton, vol.11), P. 547.
  ১৭. আহমদ আলী, প্রাগুক্ত, পৃ. ৭।
  ১৮. *Encyclopedia of Britannica*, vol.6, p. 867.
  ১৯. আহমদ আলী, প্রাগুক্ত, পৃ. ৯।
  ২০. A. Thever, *History of Ancient Civilization, Vol.1* (New York: 1935), P.27.
  ২১. এ. কে. এম. শাহনাওয়াজ, প্রাগুক্ত, পৃ. ১৩০।
  ২২. তদেব।
  ২৩. আবু মো. দেলোয়ার হোসেন, মো. আব্দুল কুদ্দুস সিকদার, প্রাগুক্ত, পৃ. ১৬১।
  ২৪. এ. কে. এম. ইয়াকুব আলী, মুসলিম মুদ্রা ও হস্তলিখন শিল্প (ঢাকা: নভেল পাবলিশিং হাইজ, ২০১০), পৃ. ২৭৬।
  ২৫. মোহাম্মদ গোলাম রসুল, সমাজ ও সভ্যতার ইতিকথা (ঢাকা: জাতীয়গ্রন্থ প্রকাশন, ২০১৩), পৃ. ৫৮।
  ২৬. তদেব, পৃ. ৬০।

## বারো আউলিয়ার দেশ-চট্টগ্রাম: জনশ্রুতি অথবা ইতিহাস (Chattogram- The Land of Twelve Awlias- Hearsay or Historical Fact)

Tasnuva Rahman \*

**Abstract:** The port city Chattogram often termed as the commercial capital and financial hub of Bangladesh is a unique epicentre of rich linguistic and cultural diversities, as well as a place with variegated topographical features. Throughout its recorded history of over two thousand years dating back to the 4th century BC, this city had been called by many different names. Accounts of 38 different names have been found so far, from ‘Shat-gang’ by the Arab traders in the 9th century, ‘Sudkawan’ by Ibn Battuta in 1346, ‘Porte-Grande’ by Portuguese settlers in the 15th century, ‘Chittagong’ during British colonists until as recent as April 2018, when it was changed to ‘Chattogram’ as an attempt to phonetically match the name per the Bangla spelling. Among other colourful names of the city, a particular one has been more popularised in regional folklore, the name ‘the Land of 12 Awlia (Saints)’. The term AWLIA’ (more fully, Awlia’ Allah, the “friends of God”), is commonly translated as “saints” or the equivalent, of which the singular is wali, derives from the Quran 10:62: “Verily the friends of God—there is no fear upon them, neither shall they grieve.” With the introduction of Islam in the Indian sub-continent in and around the 8th century, the Arab traders and settlers arriving in Chattogram brought with them the new message of Islam to the inhabitants of the coastal lands of Bengal. The people of Chittagong, largely Buddhists and lower-caste Hindus at the time, welcomed Islam with both hands. The principles of egalitarianism in Islam, which signifies that all people are equal and deserve equal rights and opportunities, might have played a large role in the mass conversion. Sufism, the tradition of Islamic mysticism emphasizing the love of God rather than fear of God and its nature that allows unstructured, direct, and personal devotion to God, drew the people of Chittagong closer to Islam.

### সূচনা

বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী এবং দেশের আর্থিক সূতিকাগার নামে পরিচিত বন্দরনগরী চট্টগ্রাম যেমন বৈচিত্র্যময় ভূ-সংস্থানগত বৈশিষ্ট্যের একটি স্থান, তেমনই ভাষা-সমৃদ্ধি ও সাংস্কৃতিক বৈচিত্র্যের অনন্য কেন্দ্রস্থল। সুপ্রাচীনকাল হতেই এ নগর বহুজাতিক দৃষ্টি আকর্ষণে সমর্থ হয়েছে তার অবস্থানগত কারণে। প্রবেশদ্বার হিসেবে চট্টগ্রামের সমুদ্রপথ ছিলো এক চিরচঞ্চলপথ। এ পথ ধরে চট্টগ্রামে এসেছে আরব, পর্তুগিজ, ইংরেজ, বর্মিসহ বহু বণিক সম্প্রদায়। তাদের আগমন ও কর্মতৎপরতায় চট্টগ্রাম পেয়েছে বিভিন্ন অলঙ্কারিক নাম, আরবদের অভিহিত “শ্যাতগাং” হতে শুরু করে পর্যটক ইবনে বতুতার ভ্রমণ কাহিনীতে উল্লেখিত সুদকাওয়ান নামটি সর্বশেষ ‘চট্টগ্রাম’ নামে এসে স্থিতি লাভ করেছে। চট্টগ্রামের নাম কাহিনীতে এক চমকপ্রদ নাম হল “বারো আউলিয়ার দেশ”। ভারত উপমহাদেশে ইসলাম আগমনের ধারাবাহিকতায় চট্টগ্রামেও ইসলাম প্রচার ও প্রসারের ধারা অব্যাহত ছিলো। শুধু ব্যবসায়িক উদ্দেশ্য নয়, পীর-দরবেশগণ ইসলামের আহ্বান নিয়ে সমুদ্রপথ পাড়ি দিয়ে চট্টগ্রামে এসেছেন। ইসলাম প্রচারে নবি-রাসুলদের প্রত্যক্ষ পদচারণার তথ্য পাওয়া না গেলেও, তাঁদের প্রতিনিধি হিসেবে সুফি আউলিয়ারদের আগমন এবং ধর্ম প্রচার ও প্রসারের তথ্য ইতিহাসে লিপিবদ্ধ আছে। পীর আউলিয়ারদের প্রচারিত ধর্ম ও মানবতার বাণী, তাঁদের প্রতি উক্তি, ধর্মের প্রতি অনুরাগ সব মিলিয়ে আত্মিক তাড়নায় চট্টগ্রামের অধিবাসীরা বিশেষভাবে প্রভাবিত হয়। ফলে ধীরে ধীরে এই অঞ্চলের নাম “বারো আউলিয়ার দেশ”-নামে পরিচিতি পায়, তবে ঠিক কোন সময় থেকে এ নামকরণ তার সন-তারিখ নির্দিষ্ট করে বলা যায় না। চট্টগ্রামে শুধুমাত্র সংখ্যায় বারো নয়, এরচেয়ে

\* Assistant Professor, Department of Islamic History & Culture, University of Chattogram, Chattogram.

অনেক বেশি আউলিয়ার আগমন ঘটেছে। এটি মূলত চট্টগ্রামকে বারো আউলিয়ার দেশ নামকরণের সাথে জনশ্রুতি এবং ইতিহাসের সম্পৃক্ততা ও যৌক্তিকতা খুঁজে বের করার চলমান প্রয়াস।

ভারতবর্ষ উপনিবেশকালে ইংরেজরা চট্টগ্রামের নামকরণ করে চিটাগাং এবং আন্তর্জাতিক অঙ্গনেও এ নামেই পরিচিতি পায়। যদিও বাংলা ভাষায় এর নাম 'চট্টগ্রাম'। ২০১৮ সালের এপ্রিল মাসে বাংলা উচ্চারণের সাথে বিভিন্ন শহরের নাম সামঞ্জস্য বিধানে সরকারি ঘোষণায় চট্টগ্রামের নামের বানান *Chittagong* থেকে *Chattogram* করা হয়েছে। সুতরাং বর্তমান দাপ্তরিক এবং কার্যকরী নাম 'চট্টগ্রাম'। প্রাগৈতিহাসিক যুগে চট্টগ্রামের অস্তিত্ব এবং প্রাচীন আমল, সুলতানী আমল, মোগল আমল, নবাবী আমলে চট্টগ্রামকে জাতিতাত্ত্বিক সুবিধা অনুযায়ী বিভিন্ন নামে অভিহিত করা হয়েছে। ফলশ্রুতিতে চট্টগ্রামের ইতিহাস হয়ে উঠেছে সমৃদ্ধ। এর প্রতিটি পর্বের নামের সাথে জড়িয়ে রয়েছে চট্টগ্রামের সমৃদ্ধির ইতিহাস। চৈত্যগ্রাম, চতুগ্রাম, চট্টল, শ্যাতগাং, চিৎ-তোৎ-গৌং, চাটি গাঁ, চাটগাঁও, সুদকাওয়ান, চাটকিয়াং, শাতজাম, চইট্রেং প্রভৃতি নাম যেন এক একটি পৃথক ইতিহাসের ভান্ডার। এসব বর্ণিল নামের মধ্যে আঞ্চলিক লোককাহিনী, লোকগান, পীর আউলিয়ার জীবনী, অঞ্চল ভিত্তিক গবেষণা প্রবন্ধ, কিংবা চলতি ঘটনায় চট্টগ্রামের নাম "বারো আউলিয়ার দেশ" নামটি বেশ প্রচলিত।

অষ্টম শতাব্দীতে ভারত উপমহাদেশে আরব মুসলমান বণিকদের প্রচারনায় এবং রাষ্ট্রীয়ভাবে ইসলাম প্রবর্তনের সাথে সাথে চট্টগ্রামে আগত আরব ব্যবসায়ীরা বাংলার উপকূলীয় ভূমির বাসিন্দাদের ইসলামের সাথে পরিচয় করিয়ে দেন। তৎকালীন বাসিন্দারা বেশির ভাগ বৌদ্ধ ও নিম্নবর্ণের হিন্দু সম্প্রদায়ের ছিল, যাদের মধ্যে অনেকেই ইসলাম ধর্মকে সাদরে গ্রহণ করে নেয়। এসময় হিন্দু সম্প্রদায়ের মধ্যে শ্রেণী বৈষম্য চরম পর্যায়ে উপনীত হয়। তাদের ধর্মান্তরের পেছনে ইসলামের সমতাবাদের বাণী বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সমসাময়িক সময়ে ইসলামের সুফি-দরবেশদের আগমনে এবং ইসলামের অমীয় বাণী প্রচার করার মাধ্যমে সৃষ্টি ও শ্রুতার প্রতি ভালোবাসার উপর জোর দেয়া হয়। ফলে চট্টগ্রামের জনগণকে ইসলামধর্ম বিশেষভাবে প্রভাবিত করে। পীর-আউলিয়ার ব্যক্তিত্ব, ইসলামের আদর্শ, মরমীবাদের অভিনবত্ব এবং যোগাযোগের সহজ মাধ্যম হিসেবে চট্টগ্রাম অঞ্চল ধর্ম প্রচারের পূণ্যভূমিতে রূপান্তরিত হয়ে ওঠে। বর্তমানে চট্টগ্রামের লোক কাহিনী, লোকগান কিংবা চট্টগ্রাম সংক্রান্ত যে কোন বিষয় উপস্থাপন করার সময় ভূমিকাতেই উল্লেখ করা হয়- 'পূণ্যভূমি চট্টগ্রাম' অথবা 'বারো আউলিয়ার পূণ্যভূমি চট্টগ্রাম'।

ওয়ালি শব্দের অর্থ অভিভাবক, সাধুপুরুষ, তাপস, দরবেশ। এর বহুবচন আউলিয়া। (পূর্ণরূপ-আউলিয়া আল্লা) শব্দের অর্থ "আল্লাহর বন্ধু"। পবিত্র কুরআনের সূরা ইউনুস, আয়াত ১০ এ উল্লেখ আছে- "শুনে রাখো নিশ্চয়ই আল্লাহর বন্ধুদের কোন ভয় নেই, আর তারা পেরেশানও হবে না"। যেহেতু অসংখ্য আউলিয়ার পদাচারনায় চট্টগ্রাম ইসলামের সাথে পরিচিতি লাভ করে, সেহেতু আউলিয়ার ইসলামে এমন সম্মানীয় অবস্থানও চট্টগ্রামের এই বারো আউলিয়া নামকরণের ক্ষেত্রে অন্যতম প্রভাবক হিসেবে বিবেচিত হয়।

বারো আউলিয়া সম্পর্কে মুহম্মদ এনামুল হক *A History of Sufism in Bengal* গ্রন্থে উল্লেখ করেছেন-

"But the main centre of the darvis activities was Chittagong, the district of Chittagong, which is traditionally called the Land of Twelve Awliya. Amongst these twelve Awliya, Pir Badr is generally regarded as the first and the greatest Awliya, who brought the message of Islam to this remotest corner of Bengal. According to one version of the tradition, Pir Badr or Badr Awliya as he is generally called was accompanied by eleven other Awliya whose tombs are now found in different parts of the district." °

ইতিহাসবিদ আবদুল করিম (১৯২৮-২০০৭ খ্রি.) *চট্টগ্রামে ইসলাম* নামক গ্রন্থে লিখেছেন- "জনশ্রুতি মতে চট্টগ্রাম বার আউলিয়ার দেশ, অর্থাৎ বারজন আউলিয়া সর্ব প্রথমে চট্টগ্রামে এসে ইসলাম ধর্ম প্রচার করেন।" ° তিনি আরো লিখেছেন-

"প্রচলিত কিংবদন্তী মতে চট্টগ্রাম বার আউলিয়ার দেশ। চট্টগ্রাম শহরে বা চট্টগ্রাম জেলার বিভিন্ন স্থানে অসংখ্য সুফীর মাজার দৃষ্ট হয়, সুতরাং 'বার আউলিয়া' বা চট্টগ্রামের সুফীদের বার জনে সীমিত করার কারণ অনুধাবন করা সহজ নয়। তবে কিংবদন্তীটি যে অনেক দিন থেকে প্রচলিত আছে, তা সপ্তদশ শতকের কবি মোহাম্মদ খানের বংশ-লতিকা পাঠে বুঝা যায়, অর্থাৎ অন্তত:পক্ষে সপ্তদশ শতকের মাঝামাঝি সময় থেকে চট্টগ্রামকে বার আউলিয়ার দেশরূপে গণ্য করা হয়।" °

চট্টগ্রামের আঞ্চলিক ইতিহাসের আকর গ্রন্থ হিসেবে স্বীকৃত *আহাদিসুল খাওয়ানিন* এর লেখক মৌলভী হামিদুল্লাহ খান বাহাদুর লিখেছেন-

“লোকে বলে এখন যেখানে বার আউলিয়ার মাজার সেখানে দ্বাদশজন বুজুর্গ একত্রিত হয়েছিলেন, এ কারণে স্থানটির নাম হয়েছে বার আউলিয়া। এসব কথা জনশ্রুতি মাত্র, ইতিহাস নয়, হয়তো একশ্রেণীর কল্পনা প্রসূত। একমাত্র সর্বজন আন্নাহই বলতে পারেন চট্টগ্রাম নামকরণের প্রকৃত কারণ ও ইতিহাস।”

কমল চৌধুরী সম্পাদিত *চট্টগ্রামের ইতিহাস* শীর্ষক গ্রন্থে উল্লেখ আছে-

“মুসলমান ফকিরগণ ইহাকে বার আউলিয়ার দেশ বলিয়া থাকেন। প্রবাদ আছে সাহাজাঈ নামক জনৈক মুসলমান নরপতি বারজন দরবেশসহ এই দেশ পরিভ্রমণে আসেন, এবং কুমিরার নিকটবর্তী এক ক্ষুদ্র গ্রামে বাসস্থান নির্দিষ্ট করেন। সেখানে বার আউলিয়া নামক একটি ক্ষুদ্র গন্ডগ্রাম এখনও তথায় বিদ্যমান আছে এবং তথায় বারটি কবরও পাশাপাশি রহিয়াছে।”<sup>১</sup>

চৌধুরী শ্রীপূর্ণ চন্দ্র দেববর্মা তত্ত্বনিধি প্রণীত ‘চট্টগ্রামের ইতিহাস’ গ্রন্থে লিখেছেন-

“ইহার ভিন্ন পীর আব্দুল কাদের জিলানী, সুলতান বায়েজীদ বোস্তামী প্রভৃতি আরও বারজন আউলিয়ার নাম এই দেশে বিশেষ প্রসিদ্ধ আছে। কিন্তু জমিদার হামিদুল্লাহ খাঁ তদীয় “তারিখে হামিদী” গ্রন্থে ঐ সমুদয় পীরগণ আদৌ এদেশে আসেন নাই বলিয়া লিখিয়া গিয়াছেন। কতগুলি লোক কেবল জীবিকা নির্বাহার্থ তাহাদের পবিত্র নামে স্থানে স্থানে কতগুলি দরগা ইত্যাদি স্থাপন করে রোজগারের পথ প্রশস্ত করিয়াছে মাত্র।”<sup>২</sup>

মুহাম্মদ শেহাবুল হুদা লিখিত *চট্টগ্রামের সুফি সাধক ও দরগাহ* নামক গ্রন্থে উল্লেখ করেছেন-

“ঐতিহ্যগতভাবে চট্টগ্রাম ‘বারো আউলিয়ার দেশ’ (বারো জন দরবেশ) বলে পরিচিত। ঐতিহ্য বলতে, সর্বপ্রথম এই বারো জন সুফিই ইসলাম প্রচারের জন্য চট্টগ্রামে আসেন। চট্টগ্রাম শহর এবং সংলগ্ন অঞ্চলে এখনও শত শত মাজার রয়েছে; কাজেই বলা খুব কঠিন যে, কেন আউলিয়া সংখ্যার কেবল বারোতেই সীমাবদ্ধ রয়েছে। কিন্তু এটি পুরনো ঐতিহ্য হলেও এর প্রমাণ মেলে এই সত্যে যে, সপ্তদশ শতাব্দীর বিখ্যাত বাঙালি কবি মুহাম্মদ খানও বারো জন আউলিয়ার কথা বলেছেন যারা চট্টগ্রাম জয় করেন এবং সেখানে ইসলাম প্রতিষ্ঠা করেন। বইয়ের স্থানাভাবে কবি বারোজন আউলিয়ার মধ্যে সবার নাম দিতে পারেননি। তাদের মধ্যে তিনি কেবল তিনজনের নাম দিতে পেরেছেন।”<sup>৩</sup>

জামাল উদ্দিন রচিত “বার আউলিয়ার চট্টগ্রাম” শীর্ষক গ্রন্থের ভূমিকায় লিখেছেন-

“চট্টগ্রাম বার আউলিয়ার দেশ অর্থাৎ চট্টগ্রামের জনগণ বিশ্বাস করে যে, সুদূর আরব রাজ্য থেকে বারো জন অলি-দরবেশ সর্বপ্রথম চট্টগ্রামে এসে ইসলাম ধর্ম প্রচার করেন। জনশ্রুতি নির্ভর এই উক্তির ঐতিহাসিক মূল্যায়ন নিয়ে আছে অনেক কথা, এমন কি চট্টগ্রামে প্রথম মুসলমান আগমনের সঠিক তারিখ নির্ণয় নিয়েও আছে মতভেদ।”<sup>৪</sup>

সীতাকুন্ড উপজেলার সোনাইছড়িতে বারো আউলিয়ার মাজার অবস্থিত যা চট্টগ্রাম শহরের একেবারে প্রবেশমুখে অবস্থিত। বারো আউলিয়াদের অবস্থান সম্পর্কে মুহাম্মদ এনামুল হক লিখেছেন-

“They all are said to have stopped for the rest for a few days at a place near the railway station at Kumira, on their way to the modern town of Chittagong. This place still contains a shrine called Bara Awliya Dargah. According to the other version, the place was as if a gateway to the entrance to the town at chittagong in those early days and still it seems that it was so.”<sup>৫</sup>

হামিদুল্লাহ খান বাহাদুর তাঁর গবেষণায় উল্লেখ করেন, কল্পিত বার আউলিয়ার মাজার চট্টগ্রাম শহর থেকে আনুমানিক বিশ কিলোমিটার দূরে উত্তর-পশ্চিমদিকে অবস্থিত। এটি সীতাকুন্ড থানার অন্তর্গত।<sup>৬</sup>

বারো আউলিয়াদের অবস্থান এবং তাঁদের মাজার বিষয়ে সকলেই একমত। বর্তমানে মাজারের অবস্থান নিয়ে কোনো দ্বিমত নেই। গবেষক সরেজমিনে বারো আউলিয়ার দরগাহ প্রধান খাদেম থেকে আউলিয়াদের নাম সংগ্রহ করেন।<sup>৭</sup> বর্তমানে মাজারে বারোজন পীর-আউলিয়ার নামের যে তালিকা আছে তা নিতান্তই মৌখিকভাবে দেয়া হয়েছে এবং লিখিত কোনো নথি নেই। বারো জন পীর-আউলিয়ার নাম নিম্নে উল্লেখ করা হলো-

- ১। হযরত মীর আহমদ সরাই- মিরসরাই।
- ২। হযরত কমর আলী শাহ- বড় কুমিরা।
- ৩। হযরত পীর পল্লী শাহ- জুরামতল, ইসলামী বিশ্ববিদ্যালয়।
- ৪। হযরত শাহ জাহানী শাহ- বাদাম বিবিরহাট ভাটিয়ারী।

৫। হযরত উজির আলী শাহ- ফৌজদারহাট, ফকিরহাট।

৭। হযরত বদর শাহ- চেরাগি পাহাড়।

৮। মোহছেন আউলিয়া- আনোয়ারা।

৯। হযরত শাহ চান আউলিয়া- পটিয়া।

১০। হযরত মাজাআল্লাহ শাহ- রাঙ্গুনিয়া।

১১। হযরত বায়েজীদ (র:)-নাসিরাবাদ।

১২। হযরত জাহেদ শাহ (র:)-মিরসরাই।

সরেজমিনে প্রাপ্ত এই তালিকার সাথে চট্টগ্রামের ইতিহাস গবেষকদের গবেষণাকৃত তালিকার কিছু তারতম্য খুঁজে পাওয়া যায়। প্রবন্ধে উল্লেখিত ইতিহাসবিদ, গবেষক এবং সরেজমিনে প্রাপ্ত তালিকা অনুযায়ী যেকজন আউলিয়ার নাম মিল পাওয়া গেছে তাঁরা হলেন-

১। হযরত বায়েজীদ বোস্তামী।

২। হযরত বদর শাহ।

৩। হযরত মোহছেন আউলিয়া।

৪। হযরত শাহ চান আউলিয়া।

৫। হযরত পীর পল্লি শাহ।

৬। হযরত জাহেদ শাহ।

উপরোক্ত পীর-আউলিয়া ব্যতীত নির্দিষ্ট করে বারো আউলিয়ার উপস্থিতি নিয়ে গবেষকদের গবেষণায় তারতম্য পরিলক্ষিত হয়। তবে অধিকাংশ গবেষক ইতিহাসবিদ আবদুল করিমের বারো আউলিয়ার তালিকাকে অধিক যৌক্তিক এবং সমর্থন করেছেন। তাঁর তালিকাটি চট্টগ্রাম হতে আবিষ্কৃত পাণ্ডুলিপি সপ্তদশ শতকের কবি মোহাম্মদ খানের বংশ লতিকা বিশেষণে পাঠোদ্ধার করেছেন। তিনি লিখেছেন-

“মাত্র ৪৪ পৃষ্ঠার এই ছোট পাণ্ডুলিপিখানির কোন নাম পাওয়া যায় না, রচনার তারিখ ও পাওয়া যায় না। চট্টগ্রাম জিলার পটিয়া থেকে পাণ্ডুলিপিখানি সংগৃহীত হয়। আরবী ভাষায় লিখিত পাণ্ডুলিপিখানিতে পয়গম্বরদের নাম, আসহাবের নাম, বার আউলিয়া, পাঁচ পীর, আবদাল, জুমলা, আউলিয়া, মোগল সম্রাটের নাম, বাংলার সুবাদারদের নাম ইত্যাদির তালিকা আছে সিরাজ-উদ-দৌল্লার পরে আর কোন সুবাদারের নাম নাই। মনে হয় পাণ্ডুলিপি খানি অষ্টাদশ শতকের শেষ দিকে রচিত।”<sup>১০</sup>

ইতিহাসবিদ আবদুল করিমের গবেষণায় প্রকাশিত বারো আউলিয়ার তালিকায় পীর ময়দান আউলিয়ার নামটি দুই বার যুক্ত করায়, তাতে প্রকৃত অর্থে বারো জনের পরিবর্তে এগারো জনের নাম পাওয়া যায়। গোলাম সাকলায়েন রচিত *বাংলাদেশের সুফী সাধক গ্রন্থে* বারো আউলিয়ার তালিকাটি *A History of Sufism in Bengal* এর তালিকাটিকে সমর্থন করে।<sup>১১</sup> অর্থাৎ বিভিন্ন গবেষকগণ তাদের তালিকায় যে বারো আউলিয়ার নাম প্রকাশ করেছেন এবং সরেজমিনে প্রাপ্ত তালিকায় কয়েকজন পীর ব্যতীত বাকীজনের নাম ও স্থান সামঞ্জস্যপূর্ণ হলেও প্রশ্ন থেকে যায় যে চট্টগ্রামকে কেন বারো আউলিয়ার দেশ বলা হয়, কেনই বা এমন ধারাবাহিকতা। চট্টগ্রাম মুসলিম শাসনাধীনে যাওয়ার বহু পূর্ব হতেই মুসলমানদের আনাগোনা ছিল এ অঞ্চলে। ইতিহাসবিদদের মতে সুদূর আরব, ইরাক, ইরানসহ বিভিন্ন দেশ থেকে ধর্ম প্রচারের জন্য আগত সুফী সাধকগণ এখানে আসতে থাকেন।<sup>১২</sup> উপকূলীয় অঞ্চল হিসেবে চট্টগ্রাম এক বিশেষ প্রাধান্যের অঞ্চলরূপে পরিচিতি পেতে থাকে এবং বঙ্গ ইসলাম চর্চার শুরু যে এ পথ দিয়ে বিষয়টিতে কোনো দ্বিমত নেই। ইতিহাসভিত্তিক গ্রন্থ এবং সরেজমিনে বারো আউলিয়ার দেশ-চট্টগ্রাম নামটির প্রভাবক হিসেবে বেশ কিছু কারণ বের হয়ে আসে। তা হলো -

ঐতিহ্যগতভাবে এ অঞ্চল ‘বারো আউলিয়ার দেশ’ নামে পরিচিতি লাভ করেছে। অর্থাৎ যুগের পরম্পরায় চর্চিত বিষয় রূপে গণ্য।

দ্বিতীয়ত: বারোজন আউলিয়া একসাথে চট্টগ্রামে এসেছেন এবং সীতাকুণ্ডে একটি গাছের নীচে এসে আশ্রয় নিয়েছেন এবং বিশ্রাম শেষে ধর্ম প্রচারে মনোনিবেশ করেন বলে এ অঞ্চলের নাম ‘বারো আউলিয়ার দেশ’ হয়েছে।

তৃতীয়ত: একজন বুজুর্গ আউলিয়ার নেতৃত্বে এগার জন আউলিয়া চট্টগ্রামে এসেছেন এবং ধর্ম প্রচারে উদ্দেশ্যে বাংলার বিভিন্নস্থানে ছড়িয়ে পড়েছেন। চট্টগ্রামকে কেন্দ্র করে এসেছেন তাই এ স্থানের নাম বারো আউলিয়ার দেশ।

চতুর্থত: বারোজন প্রসিদ্ধ আলিম-আউলিয়া চট্টগ্রামে ইসলাম ধর্ম প্রচার করেছেন বিধায় এর নাম বারো আউলিয়ার দেশ।

পঞ্চমত: বহুবছর পূর্ব হতে চট্টগ্রাম শহরের প্রবেশমুখে বারো আউলিয়ার দরগাহ অবস্থিত হওয়ায় চট্টগ্রাম শহরের নাম পরিচিত হয়ে উঠতে থাকে এবং ধারাটি অব্যাহত থাকে।

বারো আউলিয়ার নামের তারতম্য, বারো আউলিয়ার আগমনের ঐতিহাসিক তথ্যের ধারাবাহিকতার অভাব, তথ্য সংগ্রহ এবং সংরক্ষণের অভাবে এ বিষয়ে বিশেষ শূন্যতা রয়েছে। ঐতিহাসিক ঘটনা, স্থান, নথিপত্র, পান্ডুলিপি, গবেষণায় প্রমাণ মেলে চট্টগ্রামে ইসলাম প্রচারের উদ্দেশ্যে আউলিয়াগণ এসেছেন, ধর্ম প্রচার করেছেন, স্থায়ী বাসিন্দা হয়েছেন অনেকেই। এ বিষয়ে সন্দেহের অবকাশ নেই তবে চট্টগ্রাম কোনো বিশেষ বারোজন আউলিয়ার কারণে এই নামপ্রাপ্তি ঘটেছে এটি ইতিহাসের পাতায় অকাট্য যুক্তি হিসেবে খুঁজে পাওয়া দুষ্কর। “It is most certain that these saint did not come to Chittagong together, they came to the district either in groups of two to three or one by one at intervals.”<sup>১০</sup> তাই বারো আউলিয়ার দেশ চট্টগ্রাম এটি ঐতিহাসিক নয়, বরং এমন এক জনশ্রুতি যা অত্যন্ত শ্রদ্ধা এবং বিশ্বাস নিয়ে ইতিহাসের সাথে মিশ্রণ ঘটিয়েছে বলেই সিদ্ধান্তে উপনীত হওয়া যায়।

উপসংহার: আত্মপরিচয়ের অংশ হিসেবে নির্ভুল নাম ও ঠিকানার বিশেষ প্রয়োজন আছে। স্থান পরিচয়ের উপাদান হিসেবে স্থান নাম জাতীয় পর্যায়ে বৈকি বিশ্বায়নের যুগে বহির্বিশ্বের সাথে প্রতিনিয়ত যাতায়াত এবং যোগাযোগের তাড়নায় অন্যতম অপরিহার্য বিষয়। স্থান নাম নির্দিষ্টকরণে নামটি বিভিন্ন উপায়ে প্রভাবিত হতে পারে যেমন বিশেষ ব্যক্তি, ঐতিহাসিক ঘটনা, লোককাহিনী, নৃতত্ত্ব, ধর্মবিশ্বাস, ভূগোল, সংস্কার প্রভৃতি। চট্টগ্রামের বিভিন্ন অলংকারিক নাম প্রাপ্তির ইতিহাসও এর ব্যতিক্রম নয়। পীর, দরবেশ, আউলিয়া এ ভূমিকে ইসলামের সাহচর্যে এনে পৃণ্যভূমিতে রূপান্তরিত করেছে অবশ্যই এটি ঐতিহাসিক বিষয় এবং বারো আউলিয়ার দেশ এমন নাম জনশ্রুতি আশ্রিত ইতিহাস যা বঙ্গ চর্চিত এবং নির্ধারিত হয়ে আসছে যুগ যুগ ধরে। প্রাচীনকাল থেকে চট্টগ্রাম সুফি-সাধকদের আস্তানা, খানকাহ তথা সম্মিলনস্থল হিসেবে গড়ে উঠে। এ ধারাবাহিকতায় ঐতিহ্যগতভাবে বারো আউলিয়ার দেশ বলতে চট্টগ্রামের পরিচয়ই নির্দেশ করে। বাংলাদেশে বহুল প্রচলিত ‘বারো আউলিয়া’ চট্টগ্রামের জন্য একটি সম্মানজনক অভিধা।

### তথ্যনির্দেশ

১. জামাল উদ্দিন (সম্পা.), *আধুনিক বাংলা অভিধান*, ঢাকা: বাংলা একাডেমি, ২০১৬, পৃ. ১২৩।
২. *আল-কুরআন*, সূরা ইউনুস, আয়াত ১০।
৩. Muhammad Enamul Haq, *A history of Sufiam in Bengal*, Dacca: Asiatic Society of Bangladesh, 1975, p. 235।
৪. আবদুল করিম, *চট্টগ্রামে ইসলাম*, ঢাকা: সোসাইটি ফর বাংলাদেশ স্টাডিজ, ১৯৭০, পৃ. ৩২।
৫. আবদুল করিম, *পূর্বোক্ত*, পৃ. ৬৫-৬৫।
৬. মৌলভী হামিদুল্লাহ খান বাহাদুর, *আহাদিসুল খাওয়ানিন*, ঢাকা: অনুপম প্রকাশনী, ২০১৩, পৃ. ৩৯।
৭. কমল চৌধুরী (সম্পা.), *চট্টগ্রামের ইতিহাস*, কলকাতা: দে'জ পাবলিশিং, ২০১০, পৃ. ২৬।
৮. চৌধুরী শ্রীপূর্ণ চন্দ্র দেববর্মা তত্ত্বনিধি, *চট্টগ্রামের ইতিহাস*, ঢাকা: গতিধারা, ২০১১, পৃ. ১৭।
৯. মুহাম্মদ শেহাবুল হুদা, *চট্টগ্রামের সুফি সাধক ও দরগাহ*, ঢাকা: অন্বেষা প্রকাশন, ২০১৬, পৃ. ৫৪।
১০. জামাল উদ্দিন, *বার আউলিয়ার চট্টগ্রাম*, চট্টগ্রাম: বলাকা প্রকাশন, ২০১২, পৃ. ভূমিকা।
১১. Muhammad Enamul Haq, *op. cit.* p. 235।
১২. মৌলভী হামিদুল্লাহ খান বাহাদুর, *পূর্বোক্ত*, পৃ. ৩৯।
১৩. সাক্ষাৎকার: মাওলানা সৈয়দ মোহাম্মদ আকবর। পেশা: প্রধান খাদেম, বারো আউলিয়া দরগাহ, বয়স-৫৫, সাক্ষাৎকার গ্রহণের স্থান: বারো আউলিয়া দরগাহ শরীফ, সোনাইছড়ি, সীতাকুণ্ড, চট্টগ্রাম, তারিখ ০২ ফেব্রুয়ারি, ২০২২, সময়: সকাল ১১টা।
১৪. আবদুল করিম, *পূর্বোক্ত*, পৃ. ৬৫।
১৫. Muhammad Enamul Haq, *op. cit.* p. 236।
১৬. <https://vatibngla.wordpress.com>
১৭. Muhammad Enamul Haq, *op. cit.* p. 236।

## **Withdrawal of US Army from Afghanistan and Recent Situation: A Brief Analysis**

Tamanna Siddiquee \*

**Abstract:** This article provides a short analysis of invasion and aggression of foreign powers in Afghanistan over the last few decades. The counteractions and defense attempts of the native peoples (Afghans) and their efforts to thwart various conspiracies of the west and thus drove them out of the country. These incidents have been briefly and impartially reviewed in the following narration. Indeed, Afghanistan has been regarded as a strategic gateway to the Indian subcontinent for thousands of years and thus it appeared as a battleground of various powers of past and recent times. After the withdrawal of the Soviet Army from Afghanistan in 1990's, the war did not come to an end. Rather various groups like Taliban, Al-Qaeda emerged in the scene. The United States and NATO intervened in Afghanistan by 2001 A.D. A strong resistance force came up under the leadership of Saudi billionaire Osama Bin Laden and Molla Omar etc. Obviously, such engagement cause huge bloodshed on both the sides. A quarter of a century various diplomatic debates were held to Put an end to this devastating war. Western power, especially the USA have established several puppet governments in Kabul. Eventually the USA decided to abandon their long occupation in Afghanistan and have withdrawn their army by September, 2021. However, after the departure of US troops and NATO, native armed groups stood up with their all might. All these events up to date are important elements for recent historians and researchers tomorrow.

### **Introduction**

The land of Afghanistan has a long history of domination by foreign conquerors and strife among internally warring factions. Afghanistan, a central Asian country, is of great military importance. The shortest route from Europe to Asia is through Afghanistan. The political and economic interest of invaders may be fulfilled if this geopolitically important territory comes under possession. The post-monarchy system of government of this country has created internal crisis. Particularly tribal divisions and the invasion of superpowers like Russia and Britain, were barrier to establish constitutional government system in the country. The advent of the Taliban governmental Qaeda's involvement in Afghan politics and terrorist attack on the Twin Towers of New York and U.S. above all started invasion in Afghanistan over the allegation of harboring Al Qaeda's chief Osama bin Laden. The rise and fall of the Taliban government has brought the country to the brink of collapse. After the United States invasion of Afghanistan in December 2001, following the September 11 attacks, the NATO-led international Security Assistance Force started expedition in Afghanistan. The United States established puppet governments in Kabul. The U.S. military occupied Afghanistan for more than 20 years and provide military training to Afghan forces. Though the U.S. Army and NATO forces were deployed to weaken the indigenous group like Taliban, by 2005 the groups re-energized and continued the resistance war with the U.S. military and U.S. backed Afghan government. Recently

---

\* Lecturer, North Bengal International University, Rajshahi, Bangladesh.

The United States officially declared an end to its military operations in Afghanistan. The U.S. president Joe Biden announced the immediate withdrawal of U.S. troops from Afghanistan which has already ended and the Taliban occupied Kabul without hindrance. In 1995 the civil war in Afghanistan raged among at least four parties. Taliban took control of Kabul and most of Afghanistan within September 1996.<sup>(1)</sup> Taliban captured Kabul in 1995 for the first time. Islamic Emirate of Afghanistan's longevity was next five years from 1995 to 2001. During this time limited countries recognized it as authentic government. Al Qaeda attacked on New York and Washington within September 11, For this reason United States asked Al Qaeda to hand over Osama bin Laden, but Taliban did not co-operate. Operation Enduring Freedom was formal title of catching Osama by United States. NATO launches its resolute support mission to aid Afghan forces, As violence continues the Taliban step up their attacks of Afghan and U.S. forces take over larger territory. The Obama administration announced plans to start formal peace talks, president Donald Trump appointed his special representative to negotiate. As president Biden announces the withdrawal of remaining U.S. troops by September 2021, The Taliban seize control of key cities and provinces, often without a fight. The collapse of the Afghan government, the Taliban recapture its power and restored its government<sup>(2)</sup> They declared Islamic Emirate of Afghanistan on the occasion of the 102<sup>nd</sup> anniversary of the country's independence from British rule. Afghan president Ashraf Ghani fled. This recapture of power came after a blitz by the militant group that stunned many Afghans and the world. It is the latest chapter in the country's nearly 42 years of instability, bitter conflict and bloodshed.

#### **Communist domination and political instability**

From 4 November 1933 to 16 July 1975 ZahirShah's forty years of monarchical rule came to an end and communist ruler inflicted in Afghanistan. On April 30, 1967 the establishment of the Afghan Democratic Republic was announced and the Revolutionary Council was formed. Nur Mohammad Taraki was declared president and Prime Minister of the Revolutionary Council. Through him, the communists seized power in Afghanistan<sup>(3)</sup>. In 1979 Soviet Army were sent to Kabul to keep pro-Soviet Barbak Karmal government in power. The Afghan Mujahedeen waged a bloody guerrilla war against the Super power, the Soviet Union, in the early 1980. Egypt, Saudi Arabia, Britain supported the Afghan rebels. Iran was providing arms to pro-Shea Afghan Muslims. The major obstacle to dispose Afghan problem at that time was the Pak-U.S. attitude. Both countries could not guarantee that they would refrain from intervening in Afghanistan<sup>(4)</sup>. Geneva Treaty, signed in 1988, were signed by Pakistan, the Soviet Union, and the United States. According to the agreement, the Soviet Red Army agreed to leave Afghanistan. But the Mujahedeen forces continued fighting. Finally, on April 15, 1989, near about 1,15,000 Soviet Troops left Afghanistan<sup>(5)</sup>. On September 1996 for the first time Taliban constitute as Islamic Emirate.<sup>(6)</sup>

#### **United States Onslaught in Afghanistan and Asymmetric Warfare**

The war on Afghanistan by United States started in 2001 to pull down Al Qaeda's terrorism. From 2001 to 2021 the invasion continued to devastate the group. Al



Qaeda destroyed Twin Tower and World Trade centre intentionally. They used jet planes and suicide weapon crushed on high-rise building and let it fall and damage other buildings. United States officially started their operation and NATO forces blitzed separately 'Operation Anaconda' by that time. NATO and U.S.-led coalition had 34,000 troops then and their.<sup>(7)</sup> Basic security was provided by UN security council during Hamid Karzai administration.<sup>(8)</sup> Gradually democratic activity started within 2014. First democratic president was Ashraf Ghani. The so called Taliban chief commander Molla Omar continued his efforts to suppress American war throughout the remote area of the country. Mentally he and followers are hard-core Islamist<sup>(9)</sup> Taliban's legitimacy was questioned by several governments such as IS activities and Russian's attitude about IS and Taliban ensured by USA.<sup>(10)</sup> There were 2,401 United States military deaths in the war in Afghanistan. Since 2002 in various operations like Operation Anaconda, U.S. soldiers were killed; In Operation Red Wings (2005), 19 U.S. Special operations troops and Navy SEALs were killed. In 2008, many U.S. soldiers were killed in the Battle of Wanat. The battle of Kamdesh, in 2009, a force of 300 Taliban fighters attacked on U.S. soldiers' outpost. Similarly in 2018, 2019 and in later years car bombs killed many U.S. soldiers outside Bigram Airfield. Recently on 26th August 2021, thirteen U.S. service members from the U.S. Marine Corps, U.S. Army were killed in a suicide bombing attack. These are just a few of U.S. military deaths that occurred in Afghanistan between 2001 to 2021. The war in Afghanistan destroyed and killed lives on both sides due to violence, crossfire, bombing, night raids. Nearly 244,204 death cases in Afghanistan during warfare.

#### **Execution of operation Neptune Spear (2011)**

Al Qaeda leader Osama bin Laden, responsible for 9/11 attacks, was killed by United States and NATO coalition force in Abbottabad, Pakistan. U.S. forces suspected fugitive Laden to be hidden by staying in disguise or concealing in any mountain. After several tries U.S. forces fail to catch him. 'Geronimo' was a common term about Laden's searching operation but the actual and official name of the mission was Operation Neptune Spear (2011).<sup>(11)</sup> CIA's Special Division, had been searching bin Laden nearly 10 years. From the beginning Laden notified information through courier or runner, not through mobile phone. CIA came to know about the travelling courier in Pakistan's Swat valley and somehow they identified the courier bearer in Abbottabad. The CIA found the compound traditional construction to conceal someone. In a battle Osama was killed in an encounter on that building and buried in the North Arabian Sea by May 2, 2011.

#### **Withdrawal of All Combat Troops From Afghanistan and Taliban Resurgence**

President Joe Biden took steps to revoke United States all military troops and announced withdrawal by 2021. Taliban took control of Afghanistan after twenty years of devastating war and United States' occupation. Former president Ashraf Ghani somehow managed to fly to another country. By taking control of the president's palace formally Taliban got into power. General people of Afghanistan flying away to get rid of Taliban and in Kabul international airport a huge crowd was seen by which people were evacuating Afghanistan.<sup>(11)</sup> It is said in the Agreement of Doha (2020) all U.S. military bases will be closed by next 4 months and committed to dismantle NATO

forces.<sup>(12)</sup>NATO's all mission got over by July of 2021.<sup>(13)</sup>As United States shutting down their mission, Taliban started to capture remote provincial areas including northern part. Meanwhile near about 700 United States special army left Afghanistan. Instantly Kabul administration falls in hand of Islamist group Taliban, for this gradually deteriorating security of general people. Previously president Biden gave hints to give Afghan people's freedom back while election campaign.<sup>(14)</sup>

### **Repercussion within Afghanistan and International Impact**

The fall of Kabul provoked a range of reactions across the globe, whether to recognize the Taliban as government of Afghanistan. President Ghani stated against Taliban's recapturing power by Arms and swords. Taliban has announced shortly for government cabinet creation of Islamic Emirate of Afghanistan, current leader's name is Hibatulla, he declared himself de-facto ruler of the state.

. Taliban government promised to set up a new constitution for Afghanistan. After the Taliban takeover, the New York Federal Reserve cut off the Afghanistan Central Bank's access to its U.S. dollar assets. Turkish foreign Minister Mevlut Cavusoglu told the Antalya Diplomacy forum that humanitarian aid on its own cannot adequately address Afghanistan problems. In January 2022 Afghanistan acting prime minister, Hasan Akhund, called on the international community to officially recognize the "Islamic Emirate" as the Taliban has been trying to end diplomatic isolation. The Taliban had promised women's right and media freedom a day after it returned to power. China, Pakistan, Russia, Turkmenistan have formally accredited diplomats appointed by Taliban. No country has yet recognized the Taliban as legitimate rulers of the country, mainly over their harsh treatment of Afghan woman and girls. Taliban alleged the United States is 'Biggest Hurdle' to diplomatic recognition.

Russia has not recognized Taliban as the lawful authority of Afghanistan. Other countries like Canada's president stated not to recognize Taliban Government. France refused to have any communication or relationship with Afghanistan. Though Saudi Arabia raised their hand of friendship, United States confirmed that they would never keep any relationship with Afghanistan and they still think them to be a terrorist group which formed government. Pakistan also mentioned without proper constitution Taliban cannot form government, for that reason Pakistan would never keep any regional contact. Bangladeshi foreign minister said "if a Taliban government is formed which has been done our door will be open to them if it is a government of the people."<sup>(15)</sup>

### **Conclusion**

The destruction of the Twin Towers and the terrorist attack led to a military coup and a de- facto occupation of the country. The U.S. military has been in Afghanistan for more than 20years,although U.S. forces including NATO almost wiped out the existence of Taliban, again this group became organized within 2004-2005 and was fighting against U.S. Army and U.S.-backed Afghan Government. The U.S. Bush administration virtually occupied Afghanistan. The state of Afghanistan has had an important geographical location from time immemorial, moreover Afghanistan has 1.8 billion barrels of oil, rich in resources like copper, gold, gas, coal, uranium. After invasion of U.S. various diplomatic talks were held to stop war, but no results were

found. In April 2021 on United States President Joe Biden announce the immediate withdrawal of U.S. troops from Afghanistan and the Taliban occupied Kabul without hindrance and this indigenous groups are rising with their all might. In fine, we may synthesize the facts stated above. The Afghan people is found to resist and push back the occupation army both Soviet forces and U.S. army. Thus the Afghan nation shall have to go a long way, to uphold their banner of sovereignty, restoration of economic condition and find out right position in the rank and file of world power and politics nay current history. This is a significant chapter of Afghanistan's history that could be the subject of curiosity and research for future historians.

### References

1. *Afghanistan : Chronology of Events*, January 1995 –February 1997 (Immigration and Refugee Board of Canada February 1997)
2. Sadat, Sami (25 August 2021) "I Commanded Afghan Troops This Year. We were Betrayed" *The New York Times*. (Archived from the original 28 August 2021)
3. ড. মো. ফজলুলহক, *আফগানিস্তানেরইতিহাস: প্রাচীনকাল থেকে বর্তমান*, ঢাকা : ফেব্রুয়ারি, ২০১৯, পৃ. ৩৭২-৩৭৫
4. তারেকশামসুর রেহমান, *বিশ্ব রাজনীতির ১০০ বছর*, ঢাকা : শোভাপ্রকাশ, ২০১৮পৃ. ২০৪, ২০৭
5. ড. মো. ফজলুলহক, *প্রাগুক্ত*, পৃ. ৩৭৬
6. এ বি এম হোসেন, *মধ্যপ্রাচ্যেরইতিহাস : অটোমানসাম্রাজ্য থেকে জাতিসত্তারাজ্য*, ঢাকা :বাংলাদেশ বিশ্ববিদ্যালয়মঞ্জুরীকমিশন, ২০১১ পৃ- ৪০৬
7. ইভনরিডলি, আবরারহামীম (অনুবাদ), *ইন দ্যা হ্যান্ড অব তালেবান*, ঢাকা : নবপ্রকাশ, ২০১৭, পৃ. ৫১
8. শাহ মোঃআব্দুলহাই, *আন্তর্জাতিকসম্পর্ক সংগঠন ও পররাষ্ট্রনীতি*, ঢাকা : বিদ্যাধনপ্রকাশনী, ২০১৭, পৃ. ক ৭৭
9. Afghanistan Falling into hands of Taliban (*The Guardian*, 22 Nov, 2007)
10. Diplomat, Samuel Ramani, "Why Has Russia Invited the Taliban to Moscow", *The Diplomat*
11. "Behind the Hand for Bin Laden (*New York Times*, 2 May, 2011)
12. The U.S. war in Afghanistan: How it started and How it Ended ( *The New York Times* October 7, 2021)
13. "US and Taliban sign deal to withdraw American troops from Afghanistan" (*The Guardian*, Retrieved March 6, 2020 ISSN 0029-7712)
14. "History's Warning for the U.S. Withdrawal from Afghanistan" *Time*, New York City (27 April 2021)
15. "Bangladesh will accept if Taliban form a government of the people : foreign minister" (*bdnews24.com*, Retrieved 2021-08-17)

## শোষণের আধিপত্যের বিপরীতে মেটাফর: সাঈদ আহমেদের শেষ নবাব (Metaphor against the Domination of Exploitation: ‘Shesh Nawab’ as the Asylum)

Fahmida Tanjee\*

**Abstract:** The playwright Sayed Ahmed (January 1-August 31,2010) is a renowned figure in Bengali drama. This article is written in a mixed method for the purpose of analysing and valuing the play “Shesh Nawab” by the playwright Sayed Ahmed. The literary value of the play is invaluable. In addition, it has political and historical value. Standing alongside the conventional paradox, the playwright Sayed points to the opposite side of the dominance of exploitation. The protagonist Siraj or the poet Shamsur Rahman has given a clear indication-that he is the father of our nation Bangabandhu Sheikh Mujibur Rahman. There has been a research work done separately on these two stars of Bengal. Both have confessed to a difficult conspiracy. Siraj failed to show foresight in dealing with the conspiracy. However, the father of the nation was experienced in this. However, the black cloud froze in the fortunes of both of them due to the negative tactics of their relatives. Negative energy had to be overcome by the father’s political views; just as energy changes form without being destroyed, so does negative energy. The playwright Sayed has created a metaphor here. The seeds of the next chapter have been shown in the eyes of the common people. The competent researcher will perform the search process on the basis of a mixed analysis of the data in a very conscious way by being a third party. The result will be an attempt to prove that ‘Shesh Nawab’ is clearly a metaphor against the domination of exploitation.

### ভূমিকা

সংস্কৃত / তৎসম শোষণ (শুষ+অন) শব্দটির অর্থ হচ্ছে, রস আকর্ষণ করে নীরস করা হয়েছে কিংবা বঞ্চিত। ইতিহাসের অধ্যায়গুলো বিশ্লেষণ করলে দেখা যাবে প্রতিটি সাম্রাজ্য বিস্তারের আধিপত্যের পেছনে করুণ শোষণের কাহিনি বিদ্যমান। এতে মানব জাতির দুটো স্তরের মাঝে যৌক্তিক অনুপাত বিরাজ করে না। বিধায় একটি স্তর সফলতার উচ্চ শিখরে আহরণ করে। আর অন্য স্তরটি হতাশায় নিমজ্জিত হয়ে কালের গর্ভে নিমজ্জিত হয়। নাট্যকার সাঈদ আহমদ (১ জানুয়ারি, ১৯৩১-২১ জানুয়ারি, ২০১০) তাঁর শেষ নাটক শেষ নবাব (১৯৭৮-১৯৮৮) রচনার মধ্য দিয়ে এই শোষণ ও শোষিত স্তর বিভাজনের মধ্য দিয়ে স্পষ্টরূপে বাংলার শেষ সূর্যাস্তের করুণ চিত্র একেঁছেন। নাটকটিকে ইতিহাসের ঘটনার পুনরাবৃত্তি মনে করা হলেও ইঙ্গিতে তিনি নতুন নেতৃত্বের কথা বলেছেন। পরিবেশনা কলার সাথে রাজনীতিকে জড়িয়ে ফেলার এ মহান উদ্যোগে নাট্যকার সফল হয়েছেন। ঋণাত্মক পেষণশীল কাঠামো যা তৎকালীন বাংলাদেশের ক্ষুদ্রাতিক্ষুদ্র বৈচিত্র্যময়তাকে ক্রমাগত নিষ্পেষণের মাধ্যমে ক্ষমতার একচ্ছত্র আধিপত্য বিস্তার করেছিল। তৎকালীন ক্ষমতার বিরুদ্ধে এক সংগ্রাম হচ্ছে নাট্যকার সাঈদের শেষ নবাব। প্লেটোর গুহা রূপকের<sup>১</sup> আদলে তিনি দুর্দশায় পতিত মানবদশার মুক্তির পথ দেখিয়েছেন। আদতে ‘৯০ এর স্বৈরশাসন অত্যন্ত দুর্বিষহ করে তুলেছিল তৎকালীন বাংলাদেশের নাগরিকদের প্রাণ। যার ফলে তৎকালীন সময়ে প্রয়োজন হয়ে পড়েছিল বলিষ্ঠ নেতৃত্বের। নাট্যকার সাঈদ এই তথ্যটিই মেটাফরের মাধ্যমে দর্শকের সামনে তুলে ধরেছেন। বক্ষ্যমাণ প্রবন্ধের অনুসন্ধানের বিষয় ইংরেজ শোষণের আধিপত্যে ক্রমশ নিঃস্পেষিত হয়ে যাওয়া বাংলার শাসকের পতনের মধ্যদিয়ে পুনরায় জেগে ওঠার ইঙ্গিত অনুসন্ধান। শক্তির যেমন শেষ নেই, তা যেমন এক রূপ থেকে অন্যরূপে রূপান্তরিত হয়, তেমনি ধণাত্মক ক্ষমতারও শেষ নেই। কিছু সময়ের জন্য তা বিপরীত পক্ষের

\* Assistant professor, Department of Theatre, University of Chittagong, Bangladesh.

অধিনস্ত হলেও সময়ের দাবী মেটাতে ধণাত্মক রূপ ধারণ করতে বাধ্য। বক্ষ্যমাণ প্রবন্ধে বাঙালির এই ধণাত্মক চেতনারই অনুসন্ধান করা হবে।

### শেষ নবাব নাটকটির তাৎপর্য

নাট্যকার সাঈদ আহমদের শেষ নবাব নাটকটি মূলত ইউরোপীয় চেতনায় উদ্ভুদ্ধ কাঠামোকে ভর করে, বাঙালির আবেগকে কেন্দ্র করে বাংলার শেষ নবাব সিরাজদ্দৌলা থেকে উৎসারিত দেহভঙ্গি, স্বরভঙ্গি, ইমেজ, রং, রেখার মধ্যে থাকা একটি মেটাফর। নাটকটি নাট্যকার সাঈদ প্রায় ১০ টি বছর সময় ব্যয় করে রচনা করেছেন। নাটকটি স্পষ্ট নির্দেশ করে বাঙালির অবচেতনের সত্তা সন্ধানী নিমগ্ন এক নেতার। একইসাথে নাটকটি সময় সনাক্তকারী আবেদনের চূড়ান্ত রূপ। বক্ষ্যমাণ প্রবন্ধটি শেষ নবাব টেক্সটের পাঠ-উত্তর ফলাফল। নাটকটি রচনার পূর্বে বাংলা ভাষা ১২ টির অধিক সিরাজদ্দৌলা সম্পর্কিত নাটক রচিত হয়েছিল। তবু নাট্যকার সাঈদ সৃজন করলেন নতুন এক সিরাজকে। তার ভাবনার আপেক্ষিকতা থেকে নতুন যে সিরাজের সৃষ্টি হয়েছে তাকে সিরাজের বিনির্মাণ। এই বিনির্মাণের মধ্য দিয়ে টেক্সট ও এর অন্তর্নিহিত অর্থের সম্পর্কের বিচারমূলক অনুসন্ধান বক্ষ্যমাণ প্রবন্ধের করা হবে এবং এর অভ্যন্তরীণ ও ধারণাগত প্রকৃতির অবয়ব অনুধাবনের প্রচেষ্টা চালানো হবে। স্বর্ভাব্য যে, বিনির্মাণকে পোস্ট-স্ট্রাকচারালিজমের সরাসরি উপজাত। অর্থাৎ সরাসরি অর্থের দিকে আলোকপাত না করে ভিন্ন অর্থের কথা বলা হচ্ছে এখানে। এক্ষেত্রে দারিদা বলেছেন, 'ভাষা প্রকৃতিগতভাবে অনির্ভরযোগ্য ব্যাপার। একটা শব্দ প্রকৃতপক্ষে যাকে রেফার করে সেটা কিন্তু ফলত শব্দের সাথে শব্দের পার্থক্য, সরাসরি কোন নির্দেশক নয়'।<sup>১০</sup> নাট্যকার সাঈদের শেষ নবাব নাটকটিকে বিনির্মাণ বলার প্রধান কারণ, নাটকটির টেক্সটের অর্থ ডিকশনারির ক্ষেত্রে আবদ্ধ নয়। যার প্রেক্ষিতে কবি শামসুর রহমান বলেছিলেন-

'শেষ নবাবের পাণ্ডুলিপি পড়তে পড়তে বারবার আমার মনে পড়েছে সমকালীন বাংলাদেশের কথা। আর সবকিছু ছাপিয়ে সিরাজদ্দৌলার অন্তরালে এক অতিকায় ছায়ার মতো জেগে রয়েছেন সেই মহানায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যাঁর নাম'।<sup>১১</sup>

স্ট্রাকচারালিজমের আবশ্যিকভাবে টেক্সটের নির্দিষ্টতা আছে, এই নির্দিষ্ট অর্থের লক্ষ্যই লেখক ও পাঠক গন্তব্য স্থির করেন। কিন্তু রোলা বার্থ তাঁর বিখ্যাত 'ডেথ অব দি অর্থর' রচনাকালে উপলব্ধি করেছেন লেখকের পক্ষে কোন নির্দিষ্ট শব্দ দ্বারা উদ্দিষ্ট অর্থ পাঠককে উপলব্ধি করানো প্রায় অসম্ভব। মূলত অর্থ উপলব্ধির জন্য একে 'ট্রেস' করা অত্যন্ত জরুরি।

বক্ষ্যমাণ প্রবন্ধের প্রটাগনিস্ট বাংলা, বিহার, উড়িষ্যার শেষ অধিপতি সিরাজদ্দৌলা। ১৭৫৬ সালের ১৫ এপ্রিল তিনি মসনদে আহরণ করেন। এরপর তাঁর পূর্ণ নাম ও পদবি হয়। নবাব মনসুর-উল-মুল্ক মির্জা মোহাম্মদ শাহ্ কুলি খান সিরাজ-উদ-দৌলা হযরত জঙ বাহাদুর'। মসনদে আহরণ করেই তিনি বুঝেছিলেন তার মসনদ কুসুমাস্তীর্ণ নয়। মূলত তার দ্বন্দ্বের সূত্রপাত হয় বেগম মেহের-উন্-নিসা ওরফে ঘসেটি বেগমের সাথে। কারণ তিনি তার পুত্রের শিশুপুত্র মুরাদ-উদ-দৌলাকে পুতুল নবাব বানিয়ে নিজে ক্ষমতা হাসিল করতে চেয়েছিলেন। পারিবারিকভাবে তার আরেক শত্রু ছিল মির জা'ফর আলী খান। বাঙালি তো বটে, 'ইংরেজদের ইতিহাসেও মীর জাফর "ক্লাইভের গর্দভ" বলিয়া পরিচিত'। নবাব আলীবর্দির সময় থেকেই সে পাটনার নবাব হবার ইচ্ছা পোষণ করত। অন্যদিকে সিরাজদ্দৌলার স্ত্রী লুৎফুল্লসার পিতা আতাউল্লাহ নিজে ক্ষমতা লাভের স্বপ্নে বিভোর ছিলেন। অর্থাৎ প্রথম থেকেই তার সিংহাসন পারিবারিক চক্রান্তের স্বীকার। তাই তাঁর রাজত্বকাল ছিল মাত্র ১৪ মাস ০৮ দিনের।

নাট্যকার সাঈদ সিরাজের চরিত্রে চিত্রণ করতে গিয়ে কোনরকম বাহুল্য বা ফ্যান্টাসিকে প্রশ্রয় দেন নি। যাঁর ভাগ্যের সঙ্গে বাংলার নিয়তি জড়িত তিনি কী করে মেতে উঠবেন চপলতায়। সিরাজের প্রতি নাট্যকার সাঈদের এই দৃষ্টিভঙ্গিই নতুন এক সিরাজকে পাঠকের দৃষ্টিগোচর করায়। প্রতিটা চরিত্র চিত্রণে তিনি নিরপেক্ষতার পরিচয় দিয়েছেন। পুট সৃজনেও তিনি কঠোর সংযমের পরিচয় দিয়েছেন। অহেতুক সিরাজের মৃত্যু পর্যন্ত কাহিনিকে পর্যবসিত না করে পলাশীর প্রান্তর থেকে নবাবের পলায়নের পরই তিনি নামিয়ে দিয়েছেন যবনিকা। ঈশ্বরচন্দ্র সিরাজ সম্পর্কে বলেছেন, 'রাত্রি তিনটার সময়ে, মহিষীগণ ও কতিপয় প্রিয়পাত্র

সমভিব্যবহার করিয়া, শঙ্কটারোহণপূর্বক ভগবানগোলায় পলায়ন করিলেন। নাট্যকার সাঈদ মূলত সিরাজের পলায়নের মধ্যদিয়ে নাট্য রাজনীতির আশ্রয় নিয়ে মেটাফ স্থাপন করেছেন। মূলত তিনি সিরাজদৌলার কাহিনি বর্ণনার ছলে পাঠকের কাছে তৎকালীন সামাজিক রাজনৈতিক পরিস্থিতির গুরুত্ব তুলে ধরেছেন। উদাহরণস্বরূপ বিখ্যাত চিত্রশিল্পী জেরিকল্টের আঁকা ‘The Raft of Medusa’ ছবিটির কথা বলা যেতে পারে। নাটকটির মমার্থ উপলব্ধির জন্য বিখ্যাত ‘গুহা-রূপক’ তত্ত্বের দ্বারস্থ হতে হয়। মূলত সত্যকে জানতে তা সবসময় পঞ্চইন্দ্রিয় দ্বারা উপলব্ধির প্রচেষ্টা ব্যর্থ হতেও পারে। নাট্যকার সাঈদের শেষ নবাব নাটকটির শেষাংশও চিত্রার শৃঙ্খলা থেকে মুক্ত হয়ে অজ্ঞাত জ্ঞান থেকে সচেতন অবস্থায় আসার প্রতি ইঙ্গিত প্রদান করা হয়েছে।

‘সিরাজ পলাশীতে হেরে গেছে বলে দেশ হেরে যায়নি। এ যুদ্ধ অনন্তকালের। এ দেশে অনেক সিরাজ জন্ম নেবে, প্রতিশোধ নেবার জন্য... বাংলাদেশে স্বাধীন রাখার জন্য আমি আমার সাধ্য মত চেষ্টা করেছি’।

মূলত সিরাজের এই সংগ্রামের সাথে তৎকালীন বাংলাদেশের নিত্য বাস্তবতা মিলে যায়। তৎকালীন বাংলাদেশে নয়া ঔপনিবেশের ঘাটি গেড়ে বাঙালি নিম্নবর্ণের মানুষগুলোকে হুমকির মুখে ফেলে দিয়েছিল সরকার। শেষ নবাব নাটকটিতে লেখকীয় সত্যের নির্মাণ ঘটেছে সাবজেক্টিভ হেফমে। আর নাট্যভাষার যে বিগ্নিমাণ তা বহু দ্বন্দ্বেরমিলনে দ্বন্দ্বিক কুন্ডলী পাকিয়ে পরিণত হয়েছে মেটাফরে। নাটক শেষে যে শূণ্য মঞ্চ ক্ষণকালের জন্য নাট্যকার সৃষ্টি করেছেন তাতেই আছে সত্যের প্যারাডাইস। সুতরাং এই শূণ্য মঞ্চের জ্ঞান প্রকল্পে নাট্যকার সাঈদ সন্ধিসু বাংলাদেশের জনগণের সাথে কিরূপে সংযোগ স্থাপন করেছেন তাই তদন্তযোগ্য বিষয়। স্মর্তব্য, নাটকটির পুঁট ১৭৫৭ সালের ও লেখকের নাটক রচনাকালে ১৯৭৮-১৯৮৮। সুতরাং যুদ্ধপরবর্তী স্বাধীন বাংলাদেশে সিরাজদৌলার প্রয়োজনীয়তার তাৎপর্য উপলব্ধি করতে পারলেই যাবতীয় প্রশ্নের সদুত্তোর প্রদান সম্ভব হবে। ১৭২৭ সালে সিরাজদৌরা জন্মগ্রহণ করেন। পিতা জয়নুদ্দীন আহমদ খাঁ ও মা আমিনা বেগম। আলীবর্দীর কোন পুত্র সন্তান না থাকাতে ‘মির্জা মোহম্মদ’ নাম রেখে নিজ পুত্ররূপে তাকে গ্রহণ করেন। মহাভারত, রামায়ণ রচনার যুগে বাঙালির ছিল না কোন নায়ক। তাই আবেগি বাঙালি হন্যে হয়ে খুঁজে বেড়িয়েছে তাদের আবেগের অবলম্বনকে।

উনিশ শতকের সন্ধিক্ষণে আত্মসচেতন বাঙালি হন্যে হয়ে খুঁজেছে আবেগের অবলম্বন। ইরান-তুরান-রাজস্থান চসে বেড়িয়েছে, এবং শেষ পর্যন্ত দেশের মাটিতে আবিষ্কার করেছে, বলা যায় সৃষ্টি করেছে, এক সিরাজদৌলাকে, যার মর্মান্তিক পতন ও হত্যাকে ট্রাজেডীর আরোয় দেখা সম্ভব হয়েছিল।

বাঙালির আবেগের অবলম্বনকে কেন্দ্র করে নাট্যকার সাঈদ যেই সিরাজকে সৃষ্টি করেছেন তাকে নির্মাণ না বলে বিনির্মাণ বলতে অত্যুক্তি হয় না। স্মর্তব্য নাট্যকার সাঈদ কেবল ট্র্যাডিশনাল নাট্যকার নন। তাঁর লেখকীয় সত্তা গঠিত হয়েছে নিজস্ব অনুশীলনের পাঠাতনে। নাটকের মধ্যদিয়ে যুদ্ধ পরবর্তী বাঙালি জাতিসত্তার আত্মপরিচয় নির্মাণ ও উপলব্ধিতে শেষ নবাব নাটকটি বিবেচনাযোগ্য। নাট্যরচনার মধ্যদিয়ে জাতির অতীতে-বর্তমান ও ভবিষ্যতের জটিল সামষ্টিক আবহমানতাকে বিধৃত করার রাজনৈতিক লক্ষ্যে তিনি নৃবৈজ্ঞানিক গবেষণায় আত্মনিয়োগের মাধ্যমে সৃষ্টি করেছেন শেষ নবাব নাটকটি। নিঃসন্দেহে এটি সময়-চেতনা ভিত্তিক নির্মাণ। বাঙালি জাতিকে জ্যাস্টিফাই করার ঐতিহাসিক, শৈল্পিক ও রাজনৈতিক দায়বদ্ধতায় নাটকটিতে সৃষ্টি করলেন এক মেটাফর।

ক্লাইভ: সিরাজ নেই। ঐ যে নবাবের পাগড়ি।

তৎকালীন সময়কার ক্ষমতাসীন ব্যক্তিবর্গ পাগড়ি পরিধান করত, ‘as supreme authority’ পাগড়ি অর্থ, কাপড়ের লম্বা ফালা। সাধারণত প্রাচীন ভারত, মেসোপটেমিয়া, ব্যাবিলন, আরব প্রভৃতি অঞ্চলের মানুষ এটি ব্যবহার করত তাদের মাথাকে সুরক্ষিত রাখার উদ্দেশ্যে। ‘Sultans and emperors too wore magnificent turbans which eventually became a sign of high class worn those in power’ সুতরাং শূণ্য মঞ্চ সিরাজের পাগড়ির পতন এবং ক্লাইভ, কিলপ্যাট্রিক ও কটের পাগড়িকে উপর্যুপরি তলোয়ার দিয়ে আঘাতকে বাংলার পরাজয় মনে হওয়া অসঙ্গত নয়। স্মর্তব্য, রোলা বার্থ দেখিয়েছেন শব্দের নিজস্ব কোন অর্থ নেই। অর্থ তৈরি হয় অন্য সিগনিফায়ারের সাথে সংশ্লিষ্ট সিগনিফায়ারটির ভিন্নতার মধ্যদিয়ে। শেষ নবাব টেক্সটটির সিগনিফায়ার পাগড়ির পতন এর অর্থ নিজের মধ্যে থাকবে না, বরং সে

থাকবে ভিন্নতার মধ্যে। ফলে পাগড়ির পতনের অর্থের খোঁজে নামলে অপেক্ষা করতে হবে এর অন্য অর্থ সিগনিফায়ড পাওয়ার জন্য। কিন্তু সসুয়ারিয় ধারণা অনুযায়ী এর অর্থ খুঁজতে ভিন্ন পথ অবলম্বন করতে হবে। আদতে এর অর্থ খুঁজে পাওয়া অত্যন্ত মুশকিল। দেরিদা এই চক্রের নাম দিয়েছেন 'differance'<sup>১৩</sup>। মূলত এর মধ্যদিয়ে অর্থ খোঁজা বিনির্মাণের সারকথা। স্মর্তব্য, *পাগড়ির পতন* শব্দটিকে বর্তমানে ট্রেস করতে হবে। যেকোন টেক্সটে ট্রেস করতে গেলে দেখা যায়, এদের কথা ভাবা হয়, কিন্তু দেখা যায় না। এই ট্রেসের অর্থ সহজে খুঁজে পাওয়া যায় না। দেরিদা এর নাম দিয়েছেন 'অ্যাপোরিয়া'<sup>১৪</sup> কিংবা গোলক ধাঁধা। দেরিদা মূলত কাঠামোবাদীদের মতো ভাবেন না। তিনি বিনির্মাণের দিকে অগ্রসর হয়েছেন। তাই *পাগড়ি পতন* শব্দ দুটোর অর্থ খুঁজতে বুঝতে হবে কেন পাগড়ির পতন হলো ও এতে কার লাভ অর্থাৎ এর ভবিষ্যৎ। বক্ষ্যমাণ টেক্সটে অপশক্তি সক্রিয় ও শুভশক্তি নিষ্ক্রিয় রূপে আছে। স্পষ্টতই এখানে সিরাজের সংলাপের শেষাংশ পুনরায় বিবেচনাযোগ্য, 'এদেশে অনেক সিরাজ জন্ম নেবে'<sup>১৫</sup>। অর্থাৎ সমস্যার সূত্রপাত ১৭৫৭-তে হলেও সমাধানের সন্ধান মেলে ১৯৭১-এ যখন দেশ স্পষ্টতই অনুসন্ধান করেছিল সেই মহান নেতার কথা, যার একটি ভাষণে উদ্বুদ্ধ হয়ে বাঙালি ঝাঁপিয়ে পড়েছিল স্বাধীনতা যুদ্ধে। ১৯৭৫ পারবর্তী স্বৈরশাসনেও সেই মহান নেতার অমোঘ বাণী বাঙালির বেঁচে থাকার জন্য অবশ্যম্ভাবী হয়ে দাঁড়িয়েছিল। বাংলাদেশকে বর্বর শাসনের হাত থেকে বাঁচানোর জন্য রাজনৈতিক দিক থেকে যেমন প্রতিরোধ এসেছিল, তেমনি সাহিত্যের দিক থেকেও প্রয়োজন হয়ে পড়েছিল এদশীয় এব মহান নেতার। যে স্বৈরতন্ত্রের সকল বর্বরতা দূর করে দেশকে উপহার দেবে সবুজ এক দেশ। আর এজন্যই নাট্যকার সাঈদ সিরাজের কণ্ঠে প্রার্থনা করেন বাংলার প্রতি ঘরে যেন সেই মহান নায়কের আদলে উত্তরসূরী জন্মলাভ করে। ফলাফলক্রমে গণ-আন্দোলন ও অসহযোগের কারণে তৎকালীন স্বৈরশাসক পিছু হটেছিল '২ ডিসেম্বর ১৯৯০ গণ-অভ্যুত্থান বুলেটিন-২ এর শিরোনাম ছিল গণ অভ্যুত্থানের মধ্য দিয়ে স্বৈরশাসনের মৃত্যুঘণ্টা বেজে উঠেছে'<sup>১৬</sup>। ১৭৫৭ সালের ২৩ জুন পলাশীর প্রান্তরে হেরে যাওয়া এক নবাবের দেহে নাট্যকার সাঈদ দিয়েছেন '৭৫-এ নিকষ আধারে হারিয়ে যাওয়া আরেক নেতার প্রাণ। '৭৫ দেহ থেকে প্রাণ কেড়ে নিতে পারলেও সময়ের দাবীতে হাজার তরুণের দেহে জেগে উঠেছিল সেই প্রাণ। শব্দ ও শব্দের নেপথ্যে নিহিত জ্ঞানপ্রবাহে সাঈদ আহমদের শেষ *নবাব* স্পষ্টতই শোষনের আধিপত্যের বিপরীতে মেটাফ।

### উপসংহার

বাস্তবের প্রতিরূপায়ন যখন হুবহু সাহিত্যে তুলে ধরা হয় তখন সেটি হয়ে পড়ে সীমাবদ্ধ। বাস্তব প্রকৃতপক্ষে জটিল, বহুস্তরায়িত ও অনিশ্চিত-ক্রমাগত নির্মীয়মান। আর বাস্তবের গ্রন্থিক প্রতিরূপায়ণ এর আকৃতিগত সীমাবদ্ধতা। এমন এক চ্যালেঞ্জের মুখোমুখি দাঁড়িয়ে নাট্যকার সাঈদের শেষ *নবাব* নাটকটির বিনির্মাণ প্রশংসার দাবীদার। কারণ সাহিত্য একইসাথে আজকের এবং ভাবীকালের। সত্য থেকে জ্ঞান গ্রহণ করে ভবিতব্যের দুয়ারে সফরভাবে পৌঁছে দিতে নাট্যকার সাঈদ সফল। তিনি স্পষ্টতই অনুধাবণ করতে পেরেছিলেন যোগ্য নেতৃত্বের শেষ নেই। তা ভাবীকাল গ্রহণ করবেই। সাঈদ আহমদের শেষ *নবাব* নাটকের বাচন ভঙ্গির সক্রিয়তা, সূক্ষ্ম চিন্তাবোধ জীবন বোধের দর্শন পাঠককে অন্য দ্রাঘিমায় নিয়ে যায়। মূলত, ঐতিহাসিক নাটকের আঙ্গিকে সাঈদ আহমদ বাংলার মেটাফর নিয়ে কাজ করেছেন, যা শেষ *নবাব* নাটকটির পুট বিশ্লেষণে প্রতীয়মান হয়। দেশীয় উপাদান ভিত্তিক নাটকে ইউরোপীয় চেতনা কতটা সমৃদ্ধ হতে পারে তা নাটকটির পাঠ অবলম্বনে প্রতীয়মান হয়। যেমনটা শক্তি অবিনশ্বর, এর সৃষ্টি বা ধ্বংস করা যায় না, তেমনি পৃথিবীতে ধণাত্মক ক্ষমতারও সৃষ্টি বা ক্ষয় নেই। মহাবিশ্বে নির্দিষ্ট কিছু মহার্ঘ ব্যক্তিবর্গ এই ক্ষমতা প্রাপ্ত হয়েছেন। যদিও কালের নিয়মে ক্ষমতা হাত বদল হয়েছে, তবু ধণাত্মক ক্ষমতার রূপ অপরিবর্তিত আছে। আমাদের এই স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রের ইতিহাসও এই তথ্যকে সমর্থন করে। জাতির পিতার জীবন রাজনৈতিক জীবনে বহু অনিশ্চয়তা থাকলেও আজও বাংলার মানুষ তাকে গভীরভাবে স্মরণ করে, তাঁর দেখানো পথ অনুসরণ করতে চেষ্টা করে। মানুষ সত্তার জগত এই নেতা অনেক ত্যাগের মধ্যদিয়ে গেলেও জাতিকে সঠিক পথ চেনাতে দ্বিধা করেননি। বাংলার গর্ভে জন্মগ্রহণ করে তিনি স্বীয় সত্তার অমর্যাদা হতে দেননি। তাঁর গন্তব্য ছিলো স্বপ্নের বাংলাদেশের সঠিক উন্নয়ন। এই কাজে তিনি প্রতিটি বাঙালিকে সমানভাবে

পেয়েছেন এমন নয়। '৭৫ এর আগস্ট তাঁর পথ চলার স্বীয় কর্তৃত্বের প্রতিষ্ঠার বাঁধা আনে। সেই নাট্যকার নাঈদ পাগড়ীর পতনরূপে দেখিয়েছেন। এরপর বহুবছর তাঁর স্বপ্নের নির্মাণকে লালন করা হয়নি। আর্দশ রাষ্ট্র গঠনের স্বপ্নে বিভোর নাট্যকার সাঈদ সেই সময়েই কলম হাতে তুলে নিয়েছিলেন। পরবর্তী দেখা যায় তাঁর সুযোগ্য কন্যা নেতৃত্বের গুণে পিতার স্বপ্নের নির্মীয়মাণ অংশকে বিনির্মাণ করেছেন। দেশের আত্মসম্মান, আত্মপরিসর রক্ষায় তাঁর ভূমিকা অনস্বীকার্য। সুযোগ্য নাট্যকার স্বাধীনতা উত্তর সময়েই বুঝেছিলেন দেশের ক্রান্তিলগ্নে সুযোগ্য কোনো নেতা হাল ধরবেই। এর প্রমাণ মহাকাল বাঙালি জাতিকে দিয়েছে। সুতরাং ইতিহাসকে আশ্রয় করে ও বাঙালির দর্শনকে উপজীব্য করে শেষ নবাব স্পষ্টতই একটি রাজনৈতিক নাটক।

### তথ্যনির্দেশ

১. দেবব্রত মণ্ডল। “প্লেটোর জীবনী”। bhugolshiksha.com প্রকাশিত সেপ্টেম্বর ২৪, ২০২১। Accessed 25.08.22
২. টি জেড লেভিন, অনু-শফি বাশার খান। *সক্রিটিস থেকে সার্ভে দার্শনিক অন্বেষা*। (ঢাকা: অঙ্কুর প্রকাশনী, ২০১৮), পৃ. ৫০-৫৩
৩. সিদ্ধার্থ শংকর জোয়ার্দার। *জ্যাক দারিদা নির্মাণ বিনির্মাণের খোরখাতা*। odikar.news. প্রকাশিত ২৬ আগস্ট ২০২০। Accessed ৪ আগস্ট ২০২২।
৪. সাঈদ আহমদ। *শেষ নবাব*। (ঢাকা: মুক্তধারা, ১৩৯৫)। ভূমিকাংশ।
৫. মুহম্মদ মুহসিন। *সাহিত্যতত্ত্ব একটি সংক্ষিপ্ত পরিক্রম*। পোস্টস্ট্রাকচারালিজম বা বিনির্মাণ। banglatribune.com. প্রকাশিত নভেম্বর ৫, ২০২১। Accessed ১০.০৮.২২।
৬. আবুল কালাম মোহাম্মদ যাকারিয়া, *নবাব সিরাজ-উদ-দৌলা*। (ঢাকা: দিব্যপ্রকাশ, ২০০৬)। পৃ. ১৩৩।
৭. অক্ষয়কুমার মৈত্রেয়। *সিরাজদ্দৌলা*। (ঢাকা: দিব্যপ্রকাশ, ২০১৭)। পৃ. ৩৩।
৮. সম্পাদনা-তীর্থ পতি দত্ত। *বিদ্যাসাগর রচনাবলী* (২য় খণ্ড)। (কলকাতা: তুলি-কলম, ১৯৯৪)। পৃ. ১১২৯।
৯. Mrs Alder. *The Raft of the medusa Painting-Hpoe on the Horizon* arthistorywithalder.com. Published April 22, 2021. Accessed 20 August, 2022.
১০. প্রাপ্ত।
১১. প্রাপ্ত, পৃ. ১৭৪।
১২. প্রাপ্ত, পৃ. ৩৩।
১৩. জিল্লুর রহমান সিদ্দিকী, *বাঙালীর আত্মপরিচয়* (ঢাকা: কাকলী প্রকাশনী), পৃ. ৯২।
১৪. প্রাপ্ত, পৃ. ১৭৪।
১৫. Karyn Chamber. *A tale of the Turban and its power*. sikh-drama.org. SIKH DRAMA, Published February 14, 2019. Accessed 9 August 2022.
১৬. তদেব।
১৭. প্রাপ্ত।
১৮. তদেব।
১৯. প্রাপ্ত, পৃ. ১৭৪।
২০. মেজর রফিকুল ইসলাম পিএসসি। *স্বৈরশাসনের নয় বছর*। (ঢাকা: শব্দশৈলী, ২০১৭)। পৃ. ২৩৫।



## Partition: Its Pangs and Politics in Literature and Films

Dr. Subrata Kumar Mandal\*

**Abstract:** Since the invasion of India by the British the entire Indian population put up their resistance against the imposed rule of the foreigners. The Indians, irrespective of their religious identity, fought together to bring an end to their misrule. However, the much awaited freedom was obtained at the cost of partition of the country into two parts on the basis of religion, which was totally undesirable. This could not, at all, bring peace or permanent solution to the problem of communal disharmony, rather in many cases the problem was augmented and a lot of people belonging to both religions suffered. It was not totally a religious issue, rather a ploy of some cunning people from both the newly formed nations. This hidden agenda was responsible for the occurrence of untoward incidents. Today's Bangladesh is a sovereign democratic country but before independence it was known as East Bengal and many talented people who were born in that part e.g. J.C. Bose, Acharya Prafulla Roy, Meghnad Saha, Michael Madhusudan Dutta etc. were Indians and their descendants now can visit their ancestral houses only after fulfilling certain administrative criteria. On the other hand, thousands of people from present Bangladesh can remember their forefathers' houses in present India, and it may be an unfulfilled dream for them to visit the Taj Mahal, the Red fort, the Cellular Jail, Ajmer Sharif etc. but these institutes or some of these institutes had their existence for centuries. The event of partition gives scope to a large number of literatures from India and its two neighbouring countries to delineate the plights of people who were rendered homeless, shelterless, securityless and consequently a new topic was added in literature of our subcontinent--partition, mainly centering on its pangs and politics. The displaced people who were forced to migrate were called refugees. This research paper seeks to evaluate select literary works in Bengali, Hindi, English and Urdu on the effects of partition and how it has left an indelible mark on the lives of the victims and their neighbours as well. This paper will strive to bring out the comparative relationship of the people belonging to pre and post partition period.

### Introduction

One of the darkest periods of Indian History is partition of India, which was preceded by long-awaited independence from the clutches of merchant-turned colonizers. On the eve of declaration of independence Cabinet Mission's proposal of three-tiered federation under the union of India was accepted by the Muslim League but categorically refuted by the Congress leadership that concluded "Under the Cabinet Mission proposals the centre would be too weak to achieve the goals of the Congress which envisioned itself as the successor to the Raj."<sup>1</sup> Owing to bitter animosity between the congress and Muslim League it was impossible to reconcile. Jinnah was adamant: "He insisted that no Muslim who believed in India as one nation could be anything but a stooge of the caste Hindus."<sup>2</sup> When the Viceroy invited Nehru on 12 August to form the government, Jinnah declared 16 August as 'Direct Action Day'--- "Only a call was needed to start an orgy of murder, loot and arson and rape of Hindu women."<sup>3</sup> Simultaneously the Hindus of Calcutta retaliated----"And so began a chain of reaction of violence and horror which set the country ablaze from east to west."<sup>4</sup> To abate the flame of fury Gandhi visited from Calcutta to Noakhali and Bihar in

---

\* Assistant Professor, B B College, Asansol, WB, India.

turn. He spared none: “ ‘Do the Muslims want’, he once burst out, ‘that I should not speak about the sins committed by them in Noakhali and that I should only speak about the sins of Hindus in Bihar? If I do that I will be a coward.’”<sup>5</sup> To depict the hasty implementation of partition scenario M.K. Naik pointed out: “The lack of adequate preparation and safeguards when the country was hastily partitioned into India and Pakistan led to a communal carnage of unprecedented proportions resulting in 600,000 deaths and 8.5 million refugees.”<sup>6</sup>

### **Historical Background**

Lord Mountbatten, on 3 June, 1947, announced the date of independence---15 August, 1947 and made it clear the actual division of British India on the basis of points as follows: the division would follow the vote for partition by the legislative assemblies of Punjab and Bengal; Sind and Baluchistan would take their own decision, the fate of North West Frontier province and Sylhet district would be decided by referendum. The Muslim League’s demand of Pakistan was conceded and Congress’s stand to make Pakistan as small as possible was considered. The boarder-line was settled by a British –Government commissioned report of Cyril Radcliffe. “The population of undivided India in 1947 was approximately 390 million. After partition, there were 330 million in India, 30 million in west Pakistan and 30 million in East Pakistan. The 1951 census of Pakistan reveals 7,226,600 presumably all Muslims entered Pakistan from India whereas 1951 census of India counted 7,295,870 persons presumably all Hindus moved to India immediately after partition.”<sup>7</sup>

### **Violence against Women during Partition**

The violation against humanity that followed immediately after partition was perpetration against women by the hooligans of both sides. It was reported that by 1949 about 12000 women had been recovered in India and 6000 in Pakistan; By 1954 these figures rose around 20728 and 9032 respectively from India and Pakistan.<sup>8</sup> The most excruciating fact is that majority of the Hindu and Sikh women refused to return to their old homes.

### **Diverse themes**

The novels and short stories highlight the problems and crisis of refugees on the basis of certain points e.g. how they strived to find their root, the paradigm to determine relationship between man and man---Whether it is religion or heart, determination of the index to judge a human being, whether it ought to be religious faith, or address or humanity, carnage resulting from fanaticism, violence against women, the problem related to their rehabilitation etc.

### **Short Stories on Partition Theme**

Manik Bandyopadhyay’s short story ‘Sthane and Stane’ explores the search for the root by the victims. In the story a government employee, remaining in East Pakistan, comes to Kolkata to take back his wife, son and daughter but he is refused. A conflict emerges in his mind as to his real home---Sthan or Stan.

The stories like Salil Chowdhury’s ‘Dressing Table’, Prafulla Roy’s ‘Majhi’, ‘Padosan’ by Ismat Chughtai and Narayan Bharti’s ‘Dastawej’ search for relationship between man and man in terms of religion or heart. In ‘Padosan’ two families---one Hindu, another Muslim---having cordial relationship live side by side. Being affected

by crack resulting from partition, the Muslim family is about to set out for the imaginary heaven of bliss i.e. Pakistan. But the grandmother does not acquiesce. Being free from illusion, the members of the family come back one by one. "Dastawej" is a picture of transformation of a greedy Sindhi landowner, Mangalmal who was assisted by a poor Muslim neighbour Rasul to reach borderbound train. He was getting ready to include Rasul's mortgaged house in the list of items against which he can claim compensation. But remembering Rasul's magnanimity a drop of tear fell on the deed and he is purged of his mean attitude. 'Majhi' is a tale of rescuing a destitute Hindu widow by a poor Muslim boatman from the clutch of rich and cunning Iasmin. 'Dressing Table' is a symbolic name. It contains four letters written by an artist, Rahimuddin to his wife, Amina. Finding the dominance of religious faith that vitiates the relationship of humanity and heart, he informs his wife that he is getting insane. On the other hand, Amina gets vanished during riot and is reported to have been burnt. Long days later, an insane man, alleged to be spy of Pakistan is arrested by police at Howrah station. From his bag were recovered painting materials. When asked identity, he replied: 'Iam man'. Humanity triumphs over religion.

The stories like 'Toba Tek Singh' of Manto, Bhisam Sahni's 'Pali', or Ismat Chughtai's 'Nanha' depict how human identity is shadowed by the religious identity. One young Hindu woman and one Muslim youth both wish to adopt an unclaimed baby but the guardians of religion get involved. At this juncture, Rashid and Srimoti Biju move to the court and marry to establish it as 'human baby'.

'Pali', a four-year-old baby of Hindu parents is lost on the way to enter into 'own' country. The baby is nourished by childless couple, Jenab and Sakur and is christened as Altaf. Five years later Pali's biological parents could trace him, Pali alias Altaf was brought before the officer and recognized the photograph of his original parents Manoharlal and Kauslya. Pali accompanies his biological parents, but the so-called guardians of Hindutva transform him into head-shaven sacred thread holder Brahmin boy. The boy's elevation to human child is thus hindered.

Manto created an immortal character Bishen turned into Toba Tek Singh. Bishen Singh was admitted in Lahore asylum. After partition, the process of exchange of insane people started. Bishen who forgot his name and became known by the name of the village, Toba Tek Singh asked where Toba Tek Singh was, he was informed it was where it was. Bishen asked where he would go from Toba Tek Singh, the officials replied 'to Pakistan'. When he was forced to move, he lay upon his back just at the border, half of his body remained in Pakistan, half in India i.e. in 'no man's land'. A man may be evicted from his native land but cannot be uprooted emotionally. Manto wrote in his memoirs: "I found it impossible to decide which of the two countries was my homeland---India or Pakistan? who was responsible for the blood which was being mercilessly shed everyday?"<sup>9</sup>

Krishan Chander's 'Peswar Express' (urdu) is the autobiography of a railway carriage carrying refugees from Peswar towards India. The carriage that symbolises helplessness of humanity is witnessing the ruthless murder and torture on women under the supervision of Muslim guards. At Lahore station another train carrying

Pakistan-bound Muslim refugees was stationed. It contained dead bodies of 400 Muslim men and 50 Muslim raped women. To level the score 400 Hindu and Sikh people were killed and 50 women were raped. Many days later in the car shed of Bombay the train feels the groan of the spirits and appeals to the authority to use it for carrying food grains to famine-stricken areas. Bhisam Sahni's Hindi story 'Amritsar Agaye' too is written in this perspective.

Stories written about torture on women and the problem of their rehabilitation include Rajinder Singh's 'Lajwanti'(Urdu), Kulwant Singh Virke's 'Junglee Ghas'(Punjabi), Narendranath Mitra's 'Joibo'(Bengali) etc. In these victims were raped. Even after their debacle their husbands did not forsake them but Lajwanti's one time angry husband addressed her as 'goddess' and stopped behaving like normal husband. That was the hindrance in the way to mental rehabilitation. Sudatta's husband (Joibo) not only received her but also the child born out of rape but Sudatta was anguished to discover that her scientist husband liked to treat the child as an object of experiment. Frustrated, she thinks of destroying the foetus of her legitimate child. In 'Junglee Ghas', the nameless girl is raped but the man keeps her in his dwelling place without showing any compassion. Despite her severe illness the girl wants to live as a partner of her torturer. In Jyotirmoyee Debi's 'Sey Chheleta', Rajkumari or Raj fled away from West Punjab during partition though her mother couldn't. After many years Raj found her mother begging in Delhi with a child, evidently her biological brother. Ironically their union ended in their deliberate avoidance of each other. Jyotirmotee Debi's story 'Epar Ganga Opar Ganga' records the helplessness of poor Sudam who keeps his wife in the custody of a kind-hearted Muslim in order that he can arrange some money for crossing boarder but after coming back he cannot find his beloved wife; it is said she committed suicide.

#### **Novels on the theme of Partition**

Sunil Gangopadhyay, in his novels drew the picture of post-partition Bengal in a picturesque manner. Asked by Harsha Dutta as to the recurrence of the theme of partition in his novels nostalgic Sunil replied: "My father told in choked voice in the morning of 15 August, 1947, India has become independent, and we have lost our country!"<sup>10</sup> His 'Purba Paschim' portrays the mental distance between the 'Bangal' and the 'Ghoti'----"After the division of the country, the Hindus of East Bengal, getting recovered from primary bitterness, could realize that they had little differences with their neighbouring Musalmans, "Even after spending decades in this country, Suhasini desires to go back to her own home in East Bengal."

The events of Prafulla Roy's 'Keya Patar Nouko' starts in 1940. Arrival of 10-year-old Binu to Rajdia is marked by festivities but after ten years when Binu has to depart silently at the darkness of night, his heart is encumbered with sorrow. Riot, end of Hemnath's social influence reflect the causes of exodus and anguish. Atin Bandyopadhyay's 'Nilkantha Pakhir Khoje' paints the riverscape and beautiful greenery of the East Bengal along with the tuning of lost note. It delineates past and present simultaneously through the experiences of teenager Sona. Atin Bandyopadhyay's 'Manuser Gharbari' is not totally pessimistic portrayal of partition.

Being haunted for two years Bilu's family settles at last inside a forest and the memories of past gradually fade away."

Jyotirmoyee Debi's novel 'Epar Ganga Opar Ganga' depicts the plight of a girl, Sutara who after the death of her parents in violence reaches Kolkata. Her brothers agree to help her financially, but cannot offer shelter.

Bhisam Sahni's 'Tamas' is a living tale of man-made riot on the eve of partition. An agent of British conspiracy, despite being a Muslim himself, engages a pariah Hindu to defile the mosque. Consequently, riot broke out, hundreds of men, women were molested, uprooted and killed. Yashpal's 'Jhuta Sach' records how mutual distrust, hatred, violence were cumulated in the minds of two sects.

### **Indo- Anglian Novels on Partition Theme**

Indian English writers did not lag behind in this field. Khuswant Singh's 'Train to Pakistan' is a masterpiece. According to K.R.S.Iyengar: "Train to Pakistan 'projects with pitiless horror a picture of the bestial horrors enacted on the Indo-Pakistan border region during the terror haunted days of August 1947.'"<sup>11</sup> Here riot was the result of suspicion. "person like tonga driver apprehends "When the mob attacks, they do not wait to find who you are Hindu or Muslim. They kill". "Although fanatics incite "For each Hindu or Sikh they kill, kill two Musalmans" their words hardly move peace-loving people as evinced in the words of Meet Singh, "what have the Muslims done to us for us to kill them". The novel ends with voluntary sacrifice of a man who defying warning of the rioters "Come off, you ass! you will be killed", paves the way for the train packed with Muslims towards Pakistan.

Chaman Nahal's 'Azadi' and Balachandra Raju's 'The Dark Dancer' depict the carnage and holocaust of the then contemporary society: "In contrast with the substantial earthliness of 'Azadi', in 'The Dark Dancer' the author's donnish style, chockfull of literary echoes and allusions and straining after subtleties of thought left half-said and unsaid, throws a curious haze over the entire narrative in which even the violence of partition appears to be curiously unreal."<sup>12</sup>

'Ice Candy Man' by Pakistani novelist Bapsi Sidhwa presents how a peaceloving, jolly, poetic fellow is transform into Savage and ruthless one who feels no qualm of conscience to abduct his beloved, Shanta, a Hindu Ayaya to be kept as prostitute.

### **Partition Literature of Bangladesh**

The effect of geographical partition had a far-reaching impact on writers of Bangladesh too. Sahidulla Kaiser's 'Sangsaptak' tells how partition brought the lives of the people to a standstill and disillusioned them. Written in the backdrop of East Bengal, as it were, the city of Calcutta occupies a substantial part of it. A young girl's struggle for establishment prepares the background. Besides, it uplifts the struggle against blind fundamentalism.

Well-known literary artist of Bangladesh, Selina Hossain's 'Japito Jibon' presents the migration of a Muslim family from Baharampur to Dhaka and how they were haunted by the memories of losing everything for long.

Hasan Ajjul Haque who spent his boyhood in Bardhaman recapitulates the scar of leaving his land in an interview with Sahadujjaman, "This scar will perhaps remain in me forever."<sup>13</sup> His 'Agun Pakhi' records the experiences of a Muslim housewife

supposed to be his mother or mother like personality in a joint family how war, famine, flood shatter the lives of people.

'Ekti Tulsi Gachher Kahini' by Syed Waliullah is a tale of tolerance for the sentiment of people of other religion. In the aftermath of partition some Muslim youths occupy a house left by a Hindu family. Among them, Matin is grieved to think of the lady of the house who used to water the basil plant. "After the arrival of police that day nobody poured water at the root of the plant. Nobody remembers the tearful eyes of the lady of the house."

### **Partition theme as shown in Cinema**

The authentic and emotional preservation of history is possible through literature and art, cinema being one. Ritwik Ghatak's partition trilogy and M.S. Sathyu's film 'Garm Hawa' reveal the plights of Hindu refugees of East Bengal and the Muslim ones of the Western part respectively. In these films the central characters are women.

'Meghe Dhaka Tara' focuses the struggle of Neeta who abjured her Post Graduate studies to offer support to her family comprising her invalid father, music prodigy elder brother and two young siblings, she is exploited, her mother is not interested in her marriage, her invalid father's soft feeling cannot be expressed, even her lover is hijacked by her own sister. Being affected by tuberculosis she expresses her desire to live but she has already been sacrificed in the altar of domestic doldrums.

'Subarnarekha' upholds the refugees' struggle for survival and modern decadence. It records the alteration that Iswar and his sister underwent due to their displacement from one place to another. Sita's elopement with low caste Abhiram to the city turns out to be tragic. The place by Subarnarekha appears as golden line in the life of Iswar, Seeta and Abhiram. Here Ritwik endeavours to hint at horrible effects of world war II on life. The degradation and impoverishment in the lives of the refugees have been subtly brought out in the scene in which after the death of Abhiram, Seeta is forced to adopt prostitution and she commits suicide before her brother at the horrendous discovery of her brother as a customer.

'Komal Gandhar' is the story of Bhriгу and Anasuya happen to be members of two theatrical troupes. They are seen standing on the bank of Padmathat serves as a symbol of their home and barrier on the way home simultaneously. Bhriгу locates his old home and relates the agony of loss of a home that signifies much more. Bhriгу expresses his changing attitude towards railway line too---- "I thought the railway used to be a plus sign, but now it has become a minus sign.

Satyajit Ray, the doyen of Indian cinema kept the topic of partition untouched except in his film 'Mahanagar' based on Narendranath Mitra's story 'Abataranika'. The housewife from East Bengal, Arati took job under Himangshu Mukherjee, a 'Daccan Bangal'. Arati's self reliance is not liked by her husband. She defied all pressures yet could not tolerate Himangshu's unjust and insulting words against fellow Anglo-Indian Colleague, Edith.

### **Conclusion**

Thus partition literature is based on breaking of countries, families and minds; nevertheless it provides new scope for females to stand on their own feet: "For one she changed the women's role in the family albeit not without tensions. For another,

the higher educational status of the Hindu women from East Bengal had a salubrious effect on the existing educational standard.”<sup>14</sup> The stories, novels, poems, dramas on partition were written not out of temporary impetus, rather they were creations of open-minded politics-conscious educated mass with social accountability.

---

### References

1. Barbara D. Metcalf; Thomas R. Metcalf (2002): A Concise History of India, Cambridge University Press PP2
2. Krishna Kripalini: Gandhi, A Life(1968),National Book Trust, India, New Delhi,P.161
3. Ibid. P.162
4. Ibid.P.163
5. Ibid.P.171-172
6. M.K. Naik: A History of Indian English Literature, New Delhi, Sahitya Academy,2004,P186
7. [https://en.m.wikipedia.org/wiki/partition of India](https://en.m.wikipedia.org/wiki/partition_of_India)
8. Ibid.
9. Preface by Khalid Hasan, 'Kingdom's End and Other Stories' .S.H. Manto, Penguin Books,1989
10. [https://barta 24.com/details/arts literature/63871/collage-montage- episode-sixteen](https://barta24.com/details/arts-literature/63871/collage-montage-episode-sixteen)
11. K.R.S. Iyengar: Indian Writing in English(Sterling Publication Pvt. Ltd., New Delhi,1999)
12. K.R.S. Iyengar: Indian Writing in English(Sterling Publication Pvt. Ltd., New Delhi,1999)
13. Katha Parampara: Interview, Sahadujjaman, quoted from Deshbibhag o Bangla Upanyas: Prapti o Aprapti, by Biswabandhu Bhattacharya, Desh Bibhag o Bangla Upanyas ed.by U.C.Das & Arindam Chattopadhyay,2005,Burdwan University
14. Nilanjana Chatterjee: "The East Bengal Refugees, A Lesson in Survival "in 'Calcutta: The Living City', vol.2,ed.by Sukanta Choudhury, Oxford University Press

## চলচ্চিত্রকার তারেক মাসুদ: মানস-প্রতিবেশ (Tareque Masud's Imaginary and Surroundings)

Syed Ashraful Haque\*

**Abstract:** Although *film* is the newest member of the history of art, currently it is the fastest-growing art medium. Like almost every other country in the world, the film is the most popular genre of art in Bangladesh. After the independence of Bangladesh in 1971 (through the Great War of Liberation), Tareque Masud (1956 –2011) became one of the best directors in the artistic genre of Bengali film. Not only was it his professional work, but the film was also a part of Tareque Masud's way of life. It can be said that he did not live but in the cinema. Each of his films has its philosophical thoughts, political discourses, and social thoughts. After watching Tareque Masud's films, the Bengali audience realised how much influence a director's thoughts can have on a film. From 'Adam Surat' (1969) to 'Runway' (2010), Tareque Masud has a unique talent in filmmaking. It is not only the textual education or training that has made Tareque Masud an ideal director. A large part of Tareque Masud's essentials in the film industry has also come from his various life experiences as art is an aesthetic expression of the artist's life experience. Through this research, an attempt has been made to discover how Tareque Masud's personal experiences and surroundings have influenced his aesthetic nature in filmmaking and production.

শিল্পের প্রয়োজনীয় রসদ অর্জিত হয় শিল্পীর যাপিত-জীবনের বিভিন্ন অভিজ্ঞতা থেকে। শিল্প একদিক থেকে শিল্পীর জীবনাভিজ্ঞতার নান্দনিক প্রকাশ। জীবনে বেড়ে ওঠার বিচিত্র অভিজ্ঞতা, যেমন- স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নজীবন, কর্মসংস্থান, বেড়ে ওঠার পরিবেশ ও প্রতিবেশ, বাড়ির পরিবেশ, বাবা-মা, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব এবং শিল্পীর ব্যক্তিগতজীবনের সাথে জড়িত সবকিছু থেকে তৈরি হয় শিল্পীর জীবনাভিজ্ঞতা; যার প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব প্রভাবিত করে তার সৃষ্টিকে। ব্যতিক্রম নন স্বাধীন-চলচ্চিত্র-পরিচালক তারেক মাসুদ [১৯৫৬-২০১১]।

চলচ্চিত্র নির্মাতা তারেক মাসুদের প্রাতিষ্ঠানিক শিক্ষাজীবন শুরু হয় ফরিদপুরের ভাঙ্গায় অবস্থিত ঈদগাহ মাদ্রাসায়। মাদ্রাসার জীবন, শিক্ষাপদ্ধতি ও নিয়মকানূনের সাথে কখনোই মানাতে পারেননি তিনি। পড়াশোনার এক পর্যায়ে তারেক মাসুদকে ভর্তি করা হয় ঢাকার কাকরাইল মাদ্রাসায়। সে মাদ্রাসায় ভর্তি হবার পর পরিবার থেকে একরকম বিচ্ছিন্ন করে দেয়া হয় তাকে। তারেক মাসুদের কাকরাইল মাদ্রাসার অভিজ্ঞতার বিষয়ে তার মাতা নুরুন্নাহার মাসুদ বলেন—

কাকরাইলের ওই মাদ্রাসায় বোর্ডিং ছিলো। ঠিক সময় না গেলে কিংবা একটু দেরি করে গেলে খাবার পাওয়া যেতো না। আবার এরকম সুবিধাও ছিলো না যে, সেখান থেকে তারেক বের হয়ে একা একা বাড়ি চলে আসবে। তখন ঢাকায় আমার এক ভাসুরসহ বাড়ির প্রায় সবাই থাকতো। গ্রামে থাকতাম আমি একা। আমার ভাসুর ঢাকা থেকে তারেককে ছুটির দিন গ্রামে বেড়াতে নিয়ে আসতেন। তারেকও মাদ্রাসার সামনে বাড়ি আসার জন্য ওর চাচার অপেক্ষায় থাকতো। কিন্তু সেটা মোটেই পছন্দ করতেন না তারকের বাবা।<sup>১</sup>

পারিবারিকভাবে সাংস্কৃতিক অঙ্গনে বিচরণ করার উৎসাহ না পেলেও নিজের ভালোলাগার তাগিদেই শিল্পের দীক্ষা ও রস নিয়েছেন বাংলার গ্রামীণ ঐতিহ্যবাহী সাংস্কৃতিক কর্মকাণ্ড থেকে। গ্রামীণ পরিবেশে বড় হলেও শহরের পরিবেশ ও শহরের ব্যস্ত-জীবন তাকে আকর্ষণ করতো। ঢাকায় এসে চলচ্চিত্র নির্মাণ শুরু করলে, কাজের মাধ্যমে গ্রামীণ পরিবেশকে নিজের মধ্যে বিনির্মাণ করতে থাকেন। ধীরে ধীরে গ্রামীণ সমাজের সাংস্কৃতিক উপাদানগুলোর তাৎপর্য গভীর ভাবে উপলব্ধি করেন। এ সম্পর্কে জানা যায় —

\* Ph.D. Researcher, Department of Theatre, University of Rajshahi, Bangladesh.



মাদ্রাসা জীবন ও লোক জীবনের নানা অনুষ্ণ তাঁর স্মৃতিসত্তায় গেঁথে গিয়েছিল। এটা হচ্ছে লোক সমাজ, লোক সংস্কৃতি ও প্রকৃতির সঙ্গে তারেক মাসুদের প্রথম ইন্টারঅ্যাকশন। এই পর্যায়ে তিনি লোকগান, নৌকাবাইচ, পুঁথিপাঠ, চৈত্র-সংক্রান্তি, চড়ক পূজা, সূচিকার্য, চিত্রাঙ্কন, মাটির তৈরি পশুপাখি, গ্রামীণ মেলা প্রভৃতির সঙ্গে পরিচিত হন।

তারেক মাসুদের ছেলেবেলার অভিজ্ঞতার প্রভাব লক্ষ্যনীয় তার পরবর্তী সৃষ্টিতে। ১৯৮৯ সালে তারেক মাসুদ চিত্রশিল্পী এস এম সুলতানের [১৯২৩-১৯৯৪] উপর জীবন-ভিত্তিক প্রামাণ্যচিত্র ‘আদম সুরত’ নির্মাণ করেন। বলা যেতে পারে প্রামাণ্যচিত্রটি নির্মাণের অনুপ্রেরণা ও উৎসাহ সঞ্চারিত হয়েছে তার ছেলেবেলার বেড়ে ওঠার পরিবেশ থেকে, কারণ এস এম সুলতানের চিত্রকর্মগুলোর প্রধান বিষয়বস্তুই ছিল গ্রামীণ কৃষক শ্রেণির জীবনধারা।

১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের পর তারেক মাসুদ মাদ্রাসা ছেড়ে ভর্তি হন ফরিদপুরের ভাঙ্গা পাইলট উচ্চ বিদ্যালয়ে। সেখানে প্রাইভেট পরীক্ষার মাধ্যমে প্রথম বিভাগে এস.এস.সি পাশ করেন। তারপর ভর্তি হন আদমজী ক্যান্টনমেন্ট কলেজে। ঢাকায় চাচাতো ভাইয়ের বাসায় থাকাকালীন সময়ে পরিচয় চলচ্চিত্র পরিচালক আলমগীর কবীরের [১৯৩৮-১৯৮৯] সাথে। আলমগীর কবীরের সাথে পরিচয় তারেক মাসুদের চলচ্চিত্র পরিচালক হিসেবে প্রতিষ্ঠিত হবার পেছনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

আদমজী ক্যান্টনমেন্ট কলেজে ছয়মাস লেখাপড়া করে পরবর্তীতে নটরডেম কলেজে অধ্যয়ন শুরু করেন এবং মানবিক বিভাগে উচ্চ মাধ্যমিক পাশ করে ভর্তি হন ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইতিহাস বিভাগে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে এসে শিক্ষা পদ্ধতির সাথে মানিয়ে নিতে আর সমস্যা হয়নি। যদিও তারেক মাসুদ ইতিহাস বিভাগের শিক্ষার্থী ছিলেন, তবুও দিনের বেশির ভাগ সময় কাটাতেন তৎকালীন ঢাকা আর্ট কলেজে (বর্তমান ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদে)।

চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে কল্পকাহিনীর চেয়ে বাস্তবজীবনের সত্যতাই বেশি পছন্দ ছিল তারেক মাসুদের। নিজের আত্মহ সেই সাথে রবার্ট ফ্লাহাটির [?] চলচ্চিত্র দেখে তারেক মাসুদের প্রামাণ্যচিত্র নির্মাণে এবং চলচ্চিত্রের শিল্প ও প্রযুক্তি উভয় দিক সম্পর্কে পুঙ্খানুপুঙ্খ জানার আত্মহ জন্মে। রবার্ট ফ্লাহাটি নিজেই সিনেমাটোগ্রাফি এবং সম্পাদনা করতেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অনার্স ও মাস্টার্স শেষ করে ১৯৮২ সালের শেষ দিকে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ থেকে ফিল্ম অ্যাপ্রিসিয়েশন কোর্স সম্পন্ন করেন। কোর্সটি সম্পন্ন করে তারেক মাসুদ চিত্রশিল্পী এস এম সুলতানের [১৯২৩-১৯৯৪] উপর প্রামাণ্যচিত্র নির্মাণের পরিকল্পনা শুরু করেন। একদিকে প্রামাণ্যচিত্র নির্মাণের আত্মহ অন্যদিকে নির্মাণের বিষয় অনুসন্ধান, এদুয়ে মিলে তারেক মাসুদের বুদ্ধিদীপ্ত সিদ্ধান্ত এস এম সুলতানের ওপর প্রামাণ্যচিত্র নির্মাণ। প্রামাণ্যচিত্র নির্মাণের বিষয় নিয়ে তিনি বলেন “বিষয় খুঁজে মরছি অথচ দীর্ঘদিন বুঝতেই পারিনি, মহা নাটকীয় এক মহিষ্করের ছায়ায় বসে দূর দিগন্তে তাকিয়ে আছি বিষয়ের সন্ধানে”।

তারেক মাসুদের উদ্দেশ্য ছিল ক্যামেরা ইউনিট নিয়ে সারাক্ষণ এস এম সুলতানের সাথে বসবাস করা, উনার দৈনন্দিন কাজ দীর্ঘদিন ধরে ক্যামেরা বন্দি করা, বিভিন্ন অঞ্চলে সুলতানের সাথে ঘুরে বেড়ানো। প্রামাণ্যচিত্রটি নির্মাণের অভিজ্ঞতা সম্পর্কে তারেক মাসুদ বলেন—

এ ধরনের পর্যবেক্ষণধর্মী প্রামাণ্যচিত্রের জন্য দরকার বিপুল অর্থ ও সাউন্ড সিংক ক্যামেরা। বলা বাহুল্য, দুটির একটিও আমাদের ছিলনা। শুটিং শুরু করার পর জেনেছি, দেশে লাইভ সাউন্ড ক্যামেরা নেই। আসলে সুলতান ছবির প্রজেক্ট আজকের টেপলেস ডিজিটাল ক্যামেরা প্রযুক্তির যুগে করা উচিত। তা হলে মনের আশা মিটিয়ে দিন-রাত বিরতিহীন শুট করতে পরতাম। কোন ফিল্ম রান আউট হওয়া দূরের কথা, টেপের পয়সাও খরচ হচ্ছে না।

চলচ্চিত্রটির নির্মাণ শুরুর প্রায় পাঁচ বছর অতিক্রম হওয়ায় তারেক মাসুদের বন্ধুহলে অনেকেই ঠাট্টা করে বলতেন এ চলচ্চিত্রের কাজ কোনোদিন শেষ হবে না। এস এম সুলতান নিজেও এ বিষয়ে ঠাট্টা করতেন। অবশেষে ১৯৮৯ সালে ‘আদম সুরত’ প্রামাণ্যচিত্রটি মুক্তি দেয়া হয়। প্রামাণ্যচিত্রটি শিল্পী এস এম সুলতানের উপর এক সমৃদ্ধ দলিল।

১৯৮৫ সালে জেডার ভায়োলেন্সের উপর নির্মাণ করা 'সোনার বেড়ি' তারেক মাসুদের প্রথম প্রামাণ্যচিত্র। তারেক মাসুদ প্রথম চলচ্চিত্র হিসেবে 'আদম সুরত' নির্মাণ শুরু করেন ঠিক কিন্তু তার মুক্তিপ্রাপ্ত প্রথম প্রামাণ্য চলচ্চিত্র 'সোনার বেড়ি'।

'আদম সুরত' নির্মাণকালে কাজের সূত্রেই তারেক মাসুদের পরিচয় হয় ক্যাথরিন মাসুদের সাথে। ১৯৮৮ সালে তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ যৌথভাবে প্রতিষ্ঠা করেন চলচ্চিত্র নির্মাতা প্রতিষ্ঠান অডিওভিশন। বিয়ের কয়েক মাস পর তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ আমেরিকা চলে যান। সেখানে পরিচয় হয় চলচ্চিত্র নির্মাতা ও সাংবাদিক লিয়ার লেভিনের সাথে। পরিচয় সূত্রে জানতে পারেন লেভিনের কাছে মুক্তিযুদ্ধকালীন সময়ের বেশ কিছু দুর্লভ ভিডিও ফুটেজ আছে। ১৯৯০ সালে তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ লিয়ার লেভিনের ফুটেজগুলো ব্যবহার করে 'মুক্তির গান' প্রামাণ্যচিত্রটি নির্মাণের প্রজেক্ট হাতে নেন। তারেক মাসুদ এমন একটি প্রামাণ্যচিত্র নির্মাণের সিদ্ধান্ত নেন যা তরুণ প্রজন্মকে স্পর্শ করে যাবে। লিয়ার লেভিনের ফুটেজগুলো মোট দৈর্ঘ্য ছিল প্রায় ২০ ঘণ্টার। 'মুক্তির গান' নির্মাণের সময় তারেক ও ক্যাথরিন মাসুদ অত্যন্ত সচেতন ছিলেন লিয়ারের 'জয় বাংলা' প্রামাণ্যচিত্র থেকে ভিন্ন কিছু তৈরি করার। সে জন্য ফুটেজগুলো থেকে লিয়ারের অব্যবহৃত ফুটেজগুলো ব্যবহারের সিদ্ধান্ত নেন। তারেক মাসুদ শুধুমাত্র 'বাংলাদেশ মুক্তি সংগ্রামী শিল্পী সংস্থা' নামের একটি গানের দলের ফুটেজগুলোকে প্রধান কেন্দ্র করে যুদ্ধের ঐতিহাসিক প্রেক্ষাপট নির্মাণের পরিকল্পনা করেন। 'মুক্তির গান'র চিত্রনাট্য মূলত ফুটেজগুলো সম্পাদনার মাধ্যমে নির্মিত হয় এবং সম্পাদনা শেষে চলচ্চিত্রটি প্রামাণ্যচিত্র ও কাহিনিচিত্রের মিশ্রণে 'বর্ণনামূলক প্রমাণচিত্রে' রূপ নিয়েছিল। লিয়ার লেভিনের ফুটেজগুলোর বাইরেও বিশ্বের নানা প্রান্তের আর্কাইভ থেকে মুক্তিযুদ্ধের গণহত্যা, ১৯৭১ সালের বঙ্গবন্ধুর সাতই মার্চের ভাষণ, রিফিউজি ও গেরিলা ক্যাম্প, মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ ইত্যাদি ফুটেজ সংগ্রহ করে 'মুক্তির গান' প্রামাণ্যচিত্রে ব্যবহার করা হয়। ১৯৯৫ সালের ১ ডিসেম্বর 'মুক্তির গান' প্রামাণ্যচিত্রটি বাংলাদেশে মুক্তির আগে আমেরিকায় প্রবাসী বাংলাদেশীদের জন্য একাধিক প্রদর্শনী করা হয়। এই প্রামাণ্যচিত্রটির মাধ্যমে স্বাধীনতার ইতিহাস নতুন করে আপন পরিচয়ে উদ্ভাসিত হয়। ১৯৯৬ সাল থেকে ১৯৯৯ সাল পর্যন্ত যখন দেশের বিভিন্ন স্থানে প্রজেক্টর নিয়ে ঘুরে 'মুক্তির গান' প্রদর্শিত হচ্ছিল তখন সাধারণ দর্শকরা প্রামাণ্যচিত্রটি দেখে অভিভূত হয়। এ বিষয়ে প্রদর্শনী দলের সদস্য তাজুল হক বলেন—

পাঁচ মাস সেপার বোর্ডের কারাগারে থেকে অবশেষে ছাড়া পেলেও পরিবেশকদের অভাবে বাণিজ্যিক হলে ছবিটির মুক্তি মিলল না। নির্মাতাদের উদ্যোগেই মিলনায়তন ভাড়া করে, প্রজেক্টর জোগাড় করে টিকিট ছাপিয়ে শুরু হলো মুক্তির গান এর প্রদর্শনী। হাজারো দর্শকের সমাগমে মুখরিত হয়ে উঠল প্রদর্শনী প্রাঙ্গণ। তরুণ প্রজন্মের মধ্যে সৃষ্টিকরল অভূতপূর্ব সাড়া। বিশ্ববিদ্যালয়ের অন্যান্য উচ্ছ্বসিত ছাত্রছাত্রীর মতো আমরাও দর্শকদের সারিতে বারবার ফিরে এলাম। নিজেদের অজান্তেই এক সময় নীরব দর্শক থেকে আমরা যুক্ত হয়ে পড়লাম প্রদর্শনীর কার্যক্রমে।<sup>১</sup>

প্রামাণ্যচিত্রটি বিভিন্ন আন্তর্জাতিক পুরস্কারের সাথে ২০তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারে শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র বিভাগে পুরস্কার লাভ করে।

তারেক মাসুদ ১৯৯৯ সালে প্রামাণ্যচিত্রে 'মুক্তির কথা' নির্মাণ করেন। প্রামাণ্যচিত্রটি নির্মিত হয় 'মুক্তির গান' চলচ্চিত্রটির ধারাবাহিকতা। 'মুক্তির গান' সাধারণ মানুষকে নতুনভাবে ১৯৭১ সালে ভয়াল বাস্তবায় ফিরিয়ে নেয়। ১৯৯৬ থেকে ১৯৯৯ সাল পর্যন্ত একদল তরুণ বাংলাদেশের প্রত্যন্ত গ্রামাঞ্চল ভ্রমণ করে 'মুক্তির গান' প্রদর্শনী করে। প্রদর্শনী শেষে গ্রামবাসীরা প্রজেকশনিস্ট দলের কাছে মুক্তিযুদ্ধ নিয়ে তাদের অভিজ্ঞতা ও অভিযোগের কথা প্রকাশ করে। যেখানে প্রদর্শনী দল মুক্তিযুদ্ধের ইতিহাস সাধারণ মানুষকে জানাতে এসে নিজেরাই মুক্তিযুদ্ধের বৃহত্তর ইতিহাসের সম্মুখীন হয়। একটা চলচ্চিত্র প্রদর্শন করতে এসে নিজেরাই আরেকটা বাস্তব চলচ্চিত্রের চরিত্রে পরিণত হন। যা ধারণ করার মাধ্যমে 'মুক্তির কথা' চলচ্চিত্রটি নির্মাণ নয় বরং বলা যায় চলচ্চিত্রটির জন্ম হয়।

২০০০ সালে তারেক মাসুদ মুক্তিযুদ্ধের ভয়াল পরিস্থিতি থেকে বেঁচে ফেরা নারীদের অভিজ্ঞতা নিয়ে প্রামাণ্যচিত্র 'নারীর কথা' নির্মাণ করেন। প্রামাণ্যচিত্রটি মুক্তিযুদ্ধে সরাসরি অংশগ্রহণ করা মুক্তিযোদ্ধা নারীদের সাক্ষাৎকার ও ইতিহাস আশ্রয় করে নির্মিত হয়।

২০০২ সালে তারেক মাসুদ ষাটের দশকের পূর্ব পাকিস্তানের (বর্তমান বাংলাদেশ) মাদ্রাসায় নিজের শৈশবের অভিজ্ঞতার আলোকে প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র ‘মাটির ময়না’ নির্মাণ করেন। ধর্মীয় গোড়ামী, মাদ্রাসা শিক্ষাব্যবস্থার দূর্যবস্থা, ধর্মের সাথে পারিবারিক বাস্তবতার পার্থক্য, শিশুমননে মাদ্রাসা শিক্ষাব্যবস্থা ও নির্যাতনের নির্মম পরিণতি, মৌলবাদ আবার অন্যদিকে মুক্তিযুদ্ধের কঠিন বাস্তবতা, সামাজিক লোকপরিবেশনা, যুদ্ধের পরিণতির সাথে মানসিকতার পরিবর্তন এই সবকিছু তারেক মাসুদ পুঞ্জানুপুঞ্জভাবে ফুটিয়ে তুলেছেন ‘মাটির ময়না’। চলচ্চিত্রটি দেখলে মনে হবে—

এটি খণ্ড খণ্ড চিত্রের একটা সংকলন; এ সংগ্রহে যেন সমগ্র জমেনি। আসলে এটি একটি জমাটি ছবি নয়। গওর করে দেখলে অবশ্য স্ল্যাপশটের সমারহে জোড়ের দাগ দেখা যায় না। ছবিটি সব মিলিয়ে একটি দৃষ্টিনন্দন মোজাইকে রূপনিয়েছিল। আর সেই রূপ যদিও মৃদুভাষী, তবু বাজায়।<sup>১০</sup>

স্বাধীনতা সংগ্রামের কারণে দেশ প্রায় ধ্বংস্তুপে পরিণত হয়। তারেক মাসুদের ব্যক্তিজীবন ও দেশের পরিস্থিতি তখন প্রায় সামান্য তালে চলতে থাকে। ‘মাটির ময়না’ চলচ্চিত্রেও বয়ঃসন্ধিক্ষণে থাকা আনু চরিত্রের মাদ্রাসায় জীবনের ত্রুস্তীকাল দেখানো হয়েছে। বাবার চাপিয়ে দেয়া সিদ্ধান্ত, দেশের স্বাধীনতা-সংগ্রামের ফলে তৈরি হওয়া বৈরি রাজনৈতিক পরিস্থিতি আবার মাদ্রাসা শিক্ষাব্যবস্থার কঠোর অনুশাসন। তৎক্ষণালীন সমাজ ব্যবস্থায় পারিবারিক জীবনের সাথে মিশে থাকা অন্ধবিশ্বাস ও এতে সৃষ্টি হওয়া শিশুর জীবনের চরম পরিণতি উপস্থাপন করা হয়েছে চলচ্চিত্রটিতে। ষাটের দশকের উত্তাল সময়ে দেশের রাজনৈতিক পরিবর্তন ও আনুর মাদ্রাসায় চরম ও মধ্যপন্থী মতবাদের বিকাশ দেখানো হয়েছে। তারেক মাসুদ তাঁর শৈশবের অভিজ্ঞতাগুলোকে ব্যবহার করে ‘মাটির ময়না’ চলচ্চিত্রের নির্মাণশৈলীতে, যে কারণে চলচ্চিত্রটি জীবনের খুব নিকট বাস্তবতা প্রকাশ করে। চলচ্চিত্রটি সম্পর্কে পরিচালক প্রসূন রহমান বলেন —

মাটির ময়নাকে অনেকেই তারেক ভাইয়ের আত্মজৈবনিক চলচ্চিত্র হিসেবে দেখেছেন, পাঠ করেছেন, লিখেছেন। গণমাধ্যমে এই কথাটাই বেশি প্রচারিত। কিন্তু তারেক ভাই নিজে সবসময় বলবার চেষ্টা করেছেন, এটা তার আত্মজৈবনিক চলচ্চিত্র নয়। বরং এঁা তার শৈশবের স্মৃতি-অভিজ্ঞতা ভিত্তিক চলচ্চিত্র। এক ধরনের কামিং টার্মস উইথ চাইল্ডহুড ট্রমা।<sup>১১</sup>

‘মাটির ময়না’ চলচ্চিত্রটি প্রথম বাংলা চলচ্চিত্র হিসেবে কান চলচ্চিত্র উৎসবে প্রদর্শনীর জন্য নির্বাচিত হয় এবং বিদেশি ভাষার চলচ্চিত্র হিসেবে অস্কার পুরস্কারের জন্য মনোনীত প্রথম বাংলা চলচ্চিত্র।

একটা মানুষ তার শেকড় ফেলে যত দূরেই যাক শেকড় তাকে কোনভাবে আটকে ধরবেই। ঠিক তেমনি তারেক মাসুদের নির্মিত ‘অন্তযাত্রা’ [২০০৫] চলচ্চিত্রের প্রধান উপজীব্য মানুষের আবেগ, জাতীয়তাবোধ ও বিশ্বায়ন। ভিনদেশে নাগরিকত্ব পাওয়া মা ও ছেলে অর্থাৎ দুই প্রজন্মের মানুষের দেশ ও জাতিকে চেনা, বোঝা ও উপলব্ধির ভিন্নতা; সেই সাথে মাতৃভূমির প্রতি ভিন্ন দৃষ্টিকোণ থেকে দুই প্রজন্মের আবেগ হ্রেমবন্দি হয়েছে চলচ্চিত্রটিতে। দীর্ঘদিন পর দেশে ফিরে পুরাতন স্মৃতিতে ফিরে যাওয়ার অনুভূতি ও উপলব্ধি দৃশ্যায়িত হয়েছে ‘অন্তযাত্রা’য়।

তারেক মাসুদ চলচ্চিত্র নির্মাণে ব্যক্তি-অভিজ্ঞতা, দেশের ঐতিহাসিক ও সমসাময়িক ঘটনাকে প্রাধান্য দিয়েছেন। ২০০৫-০৬ সালে দেশে ও দেশের বাইরে সংঘটিত বেশ কিছু জাতীয় ও আন্তর্জাতিক ইস্যু বিশেষকরে জঙ্গিবাদকে কেন্দ্র করে ‘রানওয়ে’ চলচ্চিত্রটি নির্মাণ করেন। ‘রানওয়ে’ জঙ্গিবাদ ও পুঁজিবাদী সমাজব্যবস্থার বিরুদ্ধেও প্রতিবাদ প্রকাশ করে। একটা মানুষ কিভাবে ধীরে ধীরে প্রভাবিত হয়ে জঙ্গিবাদের দিকে ধাবিত হয়, দেশের বেকার সমস্যা কি উপায়ে যুবকদের মধ্যে জঙ্গিবাদি মনোভাবের জন্মদেয় তা চলচ্চিত্রটিতে দেখানো হয়েছে। জঙ্গিবাদের ভয়াবহতা এবং এর বিরুদ্ধে সচেতনতার বার্তা দিয়েছে ‘রানওয়ে’ চলচ্চিত্র।

২০০৯ সালে তারেক মাসুদ মুক্তিযুদ্ধের প্রেক্ষাপটে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ‘নরসুন্দর’ নির্মাণ করেন। মাত্র ১৫ মিনিট দৈর্ঘ্যের চলচ্চিত্রটিতে তারেক মাসুদ মুক্তিযুদ্ধের সার্বিক পরিস্থিতি একটু ভিন্ন দৃষ্টিকোণ থেকে উপস্থাপন করেছেন। চলচ্চিত্রটির কাহিনীতে প্রধানত দুইটি ভাগে দেখানো হয়।<sup>১২</sup> একটি অংশে মুক্তিযোদ্ধা ও অন্য অংশে মুক্তিযোদ্ধার বাবা-মা। একজন মুক্তিযোদ্ধা ঢাকায় বাবা-মাকে দেখতে এলে পাকিস্তানী সেনারা রাজাকারের সহায়তায় তাকে হত্যা করতে আসে। পরিস্থিতি অনুমান করে মুক্তিযোদ্ধা যুবক পালাতে সক্ষম হয় এবং নিজের বেশ পরিবর্তন করতে একটি সেলুনে প্রবেশ করে। এক পর্যায়ে পাকিস্তানী সৈন্যরা সেলুনে প্রবেশ করে মুক্তিযোদ্ধার সন্ধান চায়, নাপিত মুক্তিযোদ্ধাকে চিনতে পারে কিন্তু পাকিস্তানী সৈন্যদের কাছে

মুক্তিযোদ্ধা আসার বিষয়টি অস্বীকার করে। মুক্তিযুদ্ধকালীন বাস্তবতায় বিহারীদের ইতিবাচকভাবে উপস্থাপন করার চলচ্চিত্রটি কিছুটা প্রশংসিত হয়। এ বিষয়ে তারেক মাসুদ বলেন—

যুদ্ধের যেমন ভিন্ন ভিন্ন ন্যারেটিভ বা আখ্যান উপাখ্যান থাকবে, তেমন মুক্তিযুদ্ধের বিভিন্ন বয়ান থাকবে। যারা বিপক্ষে ছিল বা পরে লক্ষ্য বদল করেছে তাদের আখ্যান ছিল এবং আছে।... মুক্তিযুদ্ধের ইতিহাসের একটা প্রধান অংশ হলো মানুষ মানুষকে মেরেছে। কিন্তু এটা ও পরম সত্য, একত্তরে মানুষ মানুষকে বাঁচিয়েছে। একজন বাঙালিকে একজন বিহারি বাঁচিয়েছে। একজন বিহারিকে বাঙালি বাঁচিয়েছে।...মুক্তিযুদ্ধ মানেই যে ফর্মুলা তাকে এভাবেই দেখতে হবে, অন্যভাবে বলা বা দেখার অধিকার শিল্পীর নেই, এটা ঠিক নয়।<sup>১০</sup>

তারেক মাসুদ সমকালীন বিভিন্ন সমস্যাকে কেন্দ্র করে চলচ্চিত্র নির্মাণে আগ্রহী ছিলেন। দেশভাগ, মুক্তিযুদ্ধ, জঙ্গীবাদ, মানুষের কর্মসংস্থান ইত্যাদি বিষয় সরাসরি প্রভাব ফেলেছে তারেক মাসুদের নির্মাণে। জাতীয় আত্মপরিচয়, গ্রামবাংলার দেশীয় সংস্কৃতি, দেশের বিভিন্ন সমস্যা, জাতীয় ঐতিহ্য ইত্যাদি খুব গুরুত্বের সাথে উপস্থাপিত হয়েছে তারেক মাসুদের চলচ্চিত্রের নির্মাণশৈলীতে। তিনটি বিষয় ‘মুক্তিযুদ্ধ’, নারী ও সংখ্যালঘু সম্প্রদায়’ তার চলচ্চিত্রের ভাবনা, বিষয় ও শিল্পের মাধ্যমে তুলে আনার চেষ্টা করছেন। ‘মুক্তির গান’, থেকে শেষদিকে ‘নরসুন্দর’ ‘রানওয়ে’ প্রতিটি নির্মাণে এই বিষয়গুলো একটি বা তার বেশি উপস্থিত ছিল।<sup>১১</sup> তার চলচ্চিত্রগুলোতে মুক্তিযুদ্ধের উপস্থাপন বাংলাদেশের মানুষের আত্মপরিচয় সুনির্দিষ্ট করতে সহায়তা করেছে। বাংলাদেশের বাণিজ্যিক ধারার গতানুগতিক চলচ্চিত্র থেকে বের হয়ে এসে ভিন্ন আঙ্গিকে চলচ্চিত্র নির্মাণ করতেন বলেই তাকে বলা হয় বিকল্প ধারার চলচ্চিত্র নির্মাতা।

তারেক মাসুদের মৃত্যুর অব্যবহিত পূর্বে নির্মিতব্য চলচ্চিত্র ‘কাগজের ফুল’। চলচ্চিত্রটির কাহিনীর প্রধান বিষয় ১৯৪৭ এর দেশভাগ। বিভিন্ন সময় চলচ্চিত্রটির নির্মাণ পুনরায় শুরু হবার কথা থাকলেও প্রায় দশ বছর ধরে চলচ্চিত্রটির নির্মাণ থেমে আছে।

তারেক মাসুদ শুধু চলচ্চিত্র নির্মাতা ছিলেন তা নয়, সেই সাথে তিনি অনেকগুলো জনপ্রিয় গানের গীতিকার। তারেক মাসুদের লেখা গানগুলোর মধ্যে রয়েছে ‘মুক্তির গান’ চলচ্চিত্রের ‘শ্যাম চাচা গেল’; ‘মুক্তির কথা’ চলচ্চিত্রের ‘জগৎ-বাসী’, ‘পেছনের দিন যাই’, ‘মাটির ময়না’ চলচ্চিত্রের ‘যদি বেহেশতে যাইতে চাও’, ‘পাখিটা বিন্দ আছে’, ‘শেরে খোদা’, ‘পুঁথি’, ‘অন্তর্ঘাতী’ চলচ্চিত্রের ‘রাধা যেমন সাদা’, ‘রানওয়ে’ চলচ্চিত্রের ‘আগে যদি জানতাম’ ইত্যাদি। নিজের গীতিকার পরিচয়কে বেশ উপভোগ করতেন তারেক মাসুদ—

বিনয় ও রসিকতা করে গীতিকার হিসেবে তারেক নিজের নাম দিয়েছিলো ‘আ. তা. মাসুদ’, পরে যা তার গীতিকার-সত্তায় পরিণত হয়। এরপর তারেক অনেক গানই লিখে গেছে। এসব গানের অনেকগুলোই পল্লি ও লোকগীতি থেকে প্রেরণা নিয়ে করা। তারেকের এ গানগুলো বাউল ঐতিহ্যের কাব্য এবং দেহতত্ত্বপ্রভাবিত। গান লেখার সময় তারেক গীতিকার এবং বয়াতি শাহ আলম দেওয়ানের সঙ্গে নিয়মিত বসত।<sup>১২</sup>

তারেক মাসুদ ‘কাগজের ফুল’ চলচ্চিত্রের শুটিং স্পট নির্ধারণ করতে গিয়ে ২০১১ সনের ১৩ আগস্ট মানিকগঞ্জের ঘিওরে এক অপ্রত্যাশিত মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হন। স্বাধীন বাংলাদেশের চলচ্চিত্রকে আন্তর্জাতিক পর্যায়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখেন তারেক মাসুদে। চলচ্চিত্রের মাধ্যমে সাধারণ মানুষের কথা বলেছেন। শুধু চলচ্চিত্র নির্মাণ নয় তা নিজেই প্রদর্শনী করে বেরিয়েছেন দেশের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে। আর এ জন্যই চলচ্চিত্রের প্রতি নিবেদিত প্রাণ এ মানুষটিকে বলা হয় ‘সিনেমার ফেরিওয়ালার’।

#### তথ্যনির্দেশ

১. তারেক মাসুদ, শূন্যের ভিতরে এতো ঢেউ, ইব্রাহীম খলিল (সম্পা:), (রাজশাহী: ম্যাজিক লঠন প্রকাশন, ২০১৯), পৃ.২০-২১
২. <https://www.kaliokalam.com/তারেক-মাসুদ-তাঁর-লোকচলচ্চিত্র/> (Accessed on 24.03.2022 at 03.30 pm)
৩. অল্প সময়ের ধারাবাহিকতায় দৃশ্য তোলা কারণে ছবিগুলো দেখে মানুষের চোখে একটু গতির বিভ্রম তৈরি হত। সেই থেকে চলমান ছবির মায়া তৈরি করার উদ্দেশ্যে ধারাবাহিকভাবে দৃশ্য ধারণ করার নাম হয়ে গেলো শুটিং, যা এখনও ব্যবহৃত হয়।

- 
- ক্যামেরা দিয়ে চলমানচিত্র বা ভিডিও ধারণ করাকে সিনেমাটোগ্রাফী বলা হয়। যেমন ক্যামেরা দিয়ে স্থিরচিত্র ধারণ করাকে ফটোগ্রাফী বলা হয়। - রকিবুল হাসান, *সিনেমাটোগ্রাফী তত্ত্ব এবং শিল্পরূপ*, (ঢাকা: মস্তাজ, ২০২১) পৃ. ২৬
৪. তদেব, পৃ.১৫-১৬
৫. *চলচ্চিত্রকাথা*, ক্যাথরিন মাসুদ, প্রসূন রহমান, বেলায়েত হোসেন মামুন (সম্পা:), (ঢাকা: কথপ্রকাশ, ২০১৯), পৃ. ৩৫
৬. প্রামাণ্যচিত্র তত্ত্ব অনুযায়ী এটি বর্ণনামূলক প্রামাণ্যচিত্র (ভয়েস অব অথরিটি)। এধরনের প্রামাণ্যচিত্রে একজন বর্ণনাকার থাকেন। তার কণ্ঠেই শোনা যায় পুরো ঘটনাটি। সাধারণত বর্ণনাকারের ভূমিকায় দেখা যায় সুপরিচিত রাজনৈতিক ব্যক্তিত্ব বা অন্য ক্ষেত্রে শ্রদ্ধেয় ব্যক্তিত্ব বা অভিনেতাদের, যারা আদেশদানকারী কণ্ঠের অধিকারী। - ফাহিমদা হক, প্রণব ভৌমিক, *তারেক মাসুদ জাতীয়তাবাদ ও চলচ্চিত্র*, পৃ. ৪৪
৭. তারেক মাসুদ, *চলচ্চিত্রলেখা চিত্রনাট্য ও গান*, (ঢাকা: প্রথমা, ২০১৩), পৃ. ৬৭
৮. *তারেক মাসুদ নির্বাচিত সংখ্যা*, মফিজ ইমাম মিলন, (সম্পা:), (ঢাকা: অপরাজিতা, ২০১৯), পৃ. ১৫০
৯. প্রসূন রহমান, *তারেক মাসুদ ও তাঁর স্বপ্নসংক্রান্ত*, (চট্টগ্রাম: চন্দ্রবিন্দু, ২০২১), পৃ. ৮৫
১০. ফাহিমদা হক, প্রণব ভৌমিক, *তারেক মাসুদ জাতীয়তাবাদ ও চলচ্চিত্র*, (ঢাকা: আগামী প্রকাশনী, ২০১৪), পৃ. ৮৪
১১. <https://www.prothomalo.com/protichinta/article/1147136/protichinta?print=1> (Accessed on 29.03.2022 at 06. 20 pm)
১২. প্রসূন রহমান, *তারেক মাসুদ ও তাঁর স্বপ্নসংক্রান্ত*, পৃ. ৭৫
১৩. তারেক মাসুদ, *চলচ্চিত্রলেখা চিত্রনাট্য ও গান*, পৃ.১০

গণহত্যার পরিবেশ থিয়েটার: জোহা হল কথা কয়, খুলি ও আমরা আপন করে লও  
(Environmental Theatre of Genocide: Zoha Hall Kotha koy,  
Khuli and Amare Apon Kore Lou)

Ashrafia Islam Tosheba\*

**Abstract:** The task of an environmental theatre is to present the historical stories, culture and folk traditions of a place in front of a new generation through drama in the contemporary context. Environmental theatre is also practised in Bangladesh. Following this, on the golden jubilee of Bangladesh's independence, an environmental theater of genocide was staged all over the country on the initiative of Bangladesh Shilpakala Academy. Through this program, the overall history of the genocide and the liberation war has been presented to the new generation. What are the processes used by the director to stage a genocide theater? What steps have he taken to find the correct history? How much has he been able to present the true history of the genocide? What did he think for the new generation? Or how did he prepare actors? Such various questions arise while dealing with the language. And this question has opened the way to research. Therefore, the three plays that have been staged as research subjects, *Zoha Hall Kotha koy*, *Khuli* and *Amare Apon Kore Lou* have been chosen. The research is to find the answers to the above questions in these three environmental theatres.

১৯৭১ সালে পাকিস্তানি সামরিক জান্তার বাঙালি নিধন বিশ শতকের অন্যতম ভয়াবহ ও ধ্বংসাত্মক গণহত্যাগুলির একটি। বাংলাদেশের মানুষের স্বায়ত্তশাসনের আকাঙ্ক্ষা ও স্বাধীন সার্বভৌম ভূখণ্ডের প্রত্য্যশাকে পাকিস্তানি রাষ্ট্রব্যবস্থার জন্য প্রত্যক্ষ হুমকি মনে করে পাকিস্তানি বাহিনী এ হত্যাকাণ্ড চালায়। ১৯৭১ সালে সংঘটিত গণহত্যা ৩০ লক্ষ মানুষ নৃশংসতার শিকার হয়েছিল। এ গণহত্যার মাত্রার ও পদ্ধতিগত চরিত্র উভয়ই যেকোনো ধ্বংসযজ্ঞের বিচারে শ্বাসরুদ্ধকর। এই গণহত্যার লক্ষ্যবস্তু করা হয়েছিল তিন শ্রেণিকে ১. বাঙালি বুদ্ধিজীবী ও অভিজাত শ্রেণি, ২. বাঙালি রাজনৈতিক নেতারা এবং ৩. পুরুষ শ্রেণি। বাঙালি জাতির শিক্ষিত ও নেতৃত্বান্বিত বুদ্ধিজীবী, যারা মননে ও চিন্তায় বাঙালি জাতির পথ-প্রদর্শক হিসেবে পরিচিত ছিলেন, পাকিস্তানিরা তাদের হত্যার পরিকল্পনা করে। পাকিস্তানিদের এর নারকীয় হত্যাযজ্ঞ ছিল সুপরিকল্পিত। যা কিনা একটি জাতির, একটি দেশের ভিত্তিকে সমূলে ধ্বংস করার আশ্রয় প্রয়াস। এ গণহত্যার নারকীয়তা এখনো বিভিন্ন সময়ে স্বাধীন বাংলার ভূমি ভেদ করে বাঙালিকে নাড়া দেয়। তবুও এই পাশবিক গণহত্যা নিয়ে গবেষণার সংখ্যা অতি সামান্যই বলা চলে। তাই বাংলাদেশ সরকার স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে গণহত্যার পরিবেশ থিয়েটার নামক প্রকল্প হাতে নেয়। সে প্রকল্পে দেশের ৬৪ জেলার মুক্তিযুদ্ধের গণহত্যার ইতিহাস কে কেন্দ্র করে নির্মিত হয় ৬৪টি পরিবেশ থিয়েটার। এই প্রবন্ধে ৬৪টি প্রযোজনার মধ্যে থেকে রেনডম সিলেকশন এর মাধ্যমে ৩টি প্রযোজনা নির্ধারণ করা হয়েছে।

#### গণহত্যা

কোনো জাতির পরিকল্পিত ধ্বংসসাধন ব্যাপক হত্যাকাণ্ডকে গণহত্যা বলা হয়। গণহত্যা শব্দটির ইংরেজি প্রতিশব্দ হলো 'Genocide'. এই শব্দটি গ্রিক শব্দ Genos এবং ল্যাটিন শব্দ Cide থেকে আগত। শব্দ দুটির অর্থ জাতি হত্যা বা শ্রেণি হত্যা। ১৯৪৪ সালে পোল্যান্ডের আইনজীবী রাফায়েল লেমকিন সর্ব প্রথম শব্দটি ব্যবহার করে। তার মতে 'গণহত্যা হচ্ছে বিশেষ জনগোষ্ঠীর বিরুদ্ধে পরিচালিত হত্যা আক্রমণ ও পীড়ন।'

গণহত্যা বলতে মূলত বোঝায় জাতিগত নিধন। 'গণহত্যা' শব্দটিকে শুধু মানুষ হত্যার বিবেচনায় ব্যবহার করা অসঙ্গত হবে। এটি শুধু মানুষ হত্যার উদ্দেশ্যে সংঘটিত হয় না। এর পেছনে উদ্দেশ্য থাকে কোনো বিশেষ চেতনার নিধন। আর এই চেতনাকে হত্যা করবার জন্য হত্যাকৃত ব্যক্তির সংখ্যা অনেক হবারও প্রয়োজন নেই। গণহত্যা সংঘটিত হবার জন্য সংখ্যা তার মাপকাঠি নয় বরং এর উদ্দেশ্যে এখানে মূখ্য বলে

\* MA in Theatre, University of Rajshahi, Bangladesh.

বিবেচিত। গণহত্যার সংজ্ঞা নির্ধারণ করতে গিয়ে ফেডারেল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (এফবিআই) উল্লেখ করেছে -‘গণহত্যা হলো সেই হত্যাকাণ্ড যখন কোনো একটা ঘটনায় চার বা তার অধিক সংখ্যক মানুষ মারা যায় এবং হত্যাকাণ্ডের মাঝে কোনো বিরতি থাকেনা।’

১৯৭১ সালের ২৫ মার্চ থেকে দীর্ঘ ৯ মাস যে হত্যাকাণ্ড বাঙালির উপর চলে ছিল তা উপরিউক্ত সকল শর্ত কে ছাড়িয়ে যায়। বাঙালির জাতিগত অধিকারকে নিশ্চিহ্ন করার ছিল ওই হত্যাকাণ্ড চালানোর উদ্দেশ্য। বাংলা ও বাঙালির ভাগ্যকে নিজেদের নিয়ন্ত্রণে রাখার প্রক্রিয়া হিসেবে পাকিস্তানিরা এ জঘন্য পন্থা বেছে নেয়। সমস্ত জাতিকে স্তব্ধ করে দিয়েছিল বা এখনো দেয়।

#### পরিবেশ থিয়েটার

পরিবেশ থিয়েটার নাট্য উপস্থাপনের একটি শৈলী যা প্রচলিত থিয়েটার স্পেস এর পরিবর্তে বাস্তবিক স্থানেই এবং দর্শকদের সম্পৃক্ততার মাধ্যমে উপস্থাপিত হয়। পরিবেশ থিয়েটারের দর্শকদের নিমন্ত্রণ করার প্রচেষ্টা। পরিবেশ থিয়েটার ১৯৬০ এর দশকের নতুন থিয়েটার আন্দোলনের একটি শাখা যার লক্ষ্য দর্শকদের এবং অভিনেতাদের স্থানের মধ্যে পার্থক্য দূর করে থিয়েটার সম্পর্কে দর্শকদের সচেতনতা বৃদ্ধি করা। পরিবেশ থিয়েটারের ধারণার প্রবর্তক রিচার্ড শেকনার, চৈতন্যদেব তার থিয়েটার গ্রুপ ১৯৬৮ সালে প্রথম এ ধারার নাটক দর্শক সম্মুখে উপস্থাপন করে। এই থিয়েটারের দর্শক ছিল ভিন্ন ভিন্ন। এবং প্রতিটি শো-তে প্রয়োজনাগুলির হেফমওয়ার্ক ও ছিল ভিন্ন। শেকনার তার এই ধারাতে নাট্য কাহিনী নির্মাণের চেয়ে নাট্য পরিবেশ নির্মাণ এর অধিক গুরুত্ব দিয়েছেন। পরিবেশ থিয়েটার এর ধারণা বিচ্ছিন্নভাবে ছিল কিন্তু শেকনার-ই প্রথম ব্যক্তি যিনি এটিকের তত্ত্ব আকারে প্রতিষ্ঠা করেন এবং এর মধ্যে বিশেষ কিছু বৈশিষ্ট্য সংযোজন করেন। শেকনার তার সমকালীন সময়ে থিয়েটার চর্চা করতে গিয়ে উপলব্ধি করেছিলেন জীবন ও থিয়েটারকে ভিন্ন স্থানে রেখে জীবনের কোনো পরিবর্তন সম্ভব নয়। তাই তিনি তাঁর এই ধারায় দর্শক ও থিয়েটারকে অভিন্ন করে রেখেছেন। দর্শক নাট্যঘটনার চাইতে নাট্যপরিবেশে অধিক মনোযোগী হবে। এ প্রসঙ্গে রিচার্ড শেকনার বলেছেন -‘It is because I wish to include this entire range in my definition of theatre that traditional distinction between art and life no longer apply.’

তিনি মূলত বলতে চেয়েছেন থিয়েটারের সংজ্ঞায় শিল্প এবং জীবনের মধ্যে তথাকথিত বা ঐতিহ্যগত কোনো পার্থক্য প্রযোজ্য নয়। পরিবেশ থিয়েটারে জীবন ও শিল্প কাছাকাছি চলে আসে এবং প্রচলিত নাটক ধারণার বাইরে গিয়ে দর্শক ও অভিনেতাদের স্থানিক দূরত্ব কমিয়ে আনে। মূলত ম্যানহোলের কাজে অনুপ্রাণিত হয়ে আরো নির্দিষ্টভাবে বলতে গেলে অ্যালান ক্যাপরো এর ‘সমাবেশ, পরিবেশ এবং হ্যাপেনিংস, (১৯৬৬)’ এর সৃজনশীল অনুসরণে পরিবেশ থিয়েটারের উদ্ভব হয়েছে। তবে ‘হ্যাপেনিংস’ এবং পরিবেশ থিয়েটারের মৌলিক পার্থক্য এই যে হ্যাপেনিংস এর কর্মপ্রক্রিয়া পূর্বনির্ধারিত পাণ্ডুলিপি অনুসরণ না করা হলেও পরিবেশ থিয়েটারে পূর্বনির্ধারিত পাণ্ডুলিপি বিশেষ গুরুত্ব পায়। অর্থাৎ পরিবেশ থিয়েটারের ধারণা রাতারাতি জন্ম নেয়নি। এর বিচ্ছিন্ন উপস্থিতি পূর্ববর্তী সময়ে বিভিন্ন নাট্যধারায় দৃশ্যমান। তবে শেকনার এটিকে পরিশীলিত রূপ দিয়েছেন। অন্যান্য ধারা থেকে এ ধারাটিকে ভিন্নতা দিয়েছে যে বৈশিষ্ট্যগুলি সেগুলি হল :

১. অভিনেতা ও দর্শকদের মধ্যে কোনো কাল্পনিক দেয়াল থাকবে না।
২. উপস্থাপনের সম্পূর্ণ অভিনেতা দর্শকদের মধ্যে বিলীন থাকবে।
৩. পরিবেশনাটি হবে গতিশীল, অর্থাৎ এক স্পেস থেকে অন্য স্পেসের মধ্যে সংযোগ থাকবে পরিবেশনার মধ্য দিয়ে।

৪. সম্পূর্ণ স্পেসটি ছোট ছোট জোনে বিভক্ত থাকবে।

৫. পরিবেশনের দর্শক ও অভিনেতা গতিশীলতার মাধ্যমে স্পেস পরিবর্তন করবে।

এইসব বৈশিষ্ট্যের আঙ্গিকেই একটি পরিবেশ থিয়েটার নির্মিত হয়। পরিবেশ থিয়েটারে না ঘটনা এমন ভাবে নির্মিত হয়ে থাকে যে দর্শক যেন স্পেস এর মধ্য দিয়ে চলাচল করে তার ইচ্ছানুযায়ী পরিবেশনা উপভোগ করেন। সে ক্ষেত্রে দর্শককেও লক্ষ্য রাখতে হবে যাতে তাদের গতিবিধি কোনভাবে অভিনেতাকে বিচ্যুত না করে। এ প্রসঙ্গে আলি আহমেদ মুকুল বলেছেন -‘চিড়িয়াখানায় প্রাকৃতিক পার্কে যেমন দর্শনার্থীরা ঘুরে ঘুরে জীবজন্তু দেখে কিন্তু অত্যন্ত সন্তর্পনে, যেন কোনভাবেই বিপদ না ঘটে। ঠিক একইভাবে পরিবেশ থিয়েটারে দর্শকদের সম্পৃক্ততা থাকবে ঠিকই কিন্তু লাগামহীন অংশগ্রহণ যেন পরিবেশনাকে ব্যর্থ না করে সেদিকে লক্ষ্য রাখতে হবে।’

এ থেকে পরিষ্কার ধারণা পাওয়া যায় পরিবেশ থিয়েটার দর্শক তার ইচ্ছানুযায়ী পারফরম্যান্স দেখবেন। আর অভিনেতা তার দক্ষতা দিয়ে দর্শককে আকৃষ্ট করবেন। তবে এ ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ যে বিষয় সেটি হল

দর্শকের সমঝোতা। দর্শক যদি পরিবেশ থিয়েটারের আঙ্গিক সম্পর্কে ওয়াকিবহাল না হন সেক্ষেত্রে পারফরম্যান্স ব্যাহত হবে। তাই পরিবেশ থিয়েটারের দর্শক হয় সুনির্দিষ্ট, যাদের এই সম্পর্কে পরিষ্কার ধারণা রয়েছে।

১৯৭১ সালের মুক্তিযুদ্ধ নিয়ে অসংখ্য নাটক রচনা ও উপস্থাপনা হয়েছে এবং ভূমিতে। সমকালে এসে অতীতের ভয়াবহতা উপলব্ধি ক্ষীণ হতে শুরু করেছে। কোন ঘটনার বাস্তবিক উপলব্ধি দানে ‘পরিবেশ থিয়েটার’ মাধ্যম হিসেবে অধিক তাৎপর্যপূর্ণ। তাই ৭১- এর গণহত্যার নির্মম ভয়াবহতার যে অনুভব তাকে পুনর্নির্মাণের জন্য স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে বাংলাদেশ সরকারের সংস্কৃতি মন্ত্রণালয় শিল্পকলা একাডেমির মাধ্যমে সারাদেশে গণহত্যার পরিবেশ থিয়েটারের আয়োজন করে। যার ধারাবাহিকতায় রাজশাহীতে নির্মিত হয় *জোহা হল কথা কয়*, পাবনায় *আমরা আপন করে লও* এবং টাঙ্গাইলে *খুলি*।

প্রত্যেক জেলার মুক্তিযুদ্ধের ইতিহাস এর বিনির্মাণ হয়েছে নাটকগুলোতে। এই নাটক গুলির পাণ্ডুলিপি ইতিহাসের সত্য এবং বর্তমান অনুভূতির সংমিশ্রণে নির্মিত। প্রয়োজনা সমূহের যে বৈশিষ্ট্যগুলি পরিলক্ষিত হয়েছে এবং পরিবেশ থিয়েটারের যে বৈশিষ্ট্যসমূহ রয়েছে এই দুইয়ের তুলনামূলক আলোচনা এ প্রবন্ধে বিচার্য। রিচার্ড শেকনারপরিবেশ থিয়েটারে ৬টি বৈশিষ্ট্যকে ক্রিয়াশীল বলে মনে করেন। ওই ৬টি বৈশিষ্ট্যকে মান্নার ধরে এই তিনটি প্রয়োজনা আলোচনা করা হচ্ছে।

প্রথমত, পরিবেশ থিয়েটারের নাট্যকাব্য ছোট ছোট কর্ম সম্পাদনের সমন্বিত রূপ। আর নাটক ঘটনার অন্তর্ভুক্ত বিষয়গুলো হলো অভিনেতা, দর্শক, দৃশ্যায়ন, মঞ্চ বা পরিবেশনা স্থানের কাঠামো, প্রয়োজনার প্রয়োজনীয় সরঞ্জামাদি, কারিগরি সহায়ক বস্তু ইত্যাদি। এখানে দেখানো হয় ছোট ছোট বৃত্ত বা পরিবেশনা জনতা একে অপরের সাথে লীন হয়ে থিয়েট্রাইক্যাল ইভেন্ট বা নাট্য ঘটনা নির্মিত হয়। রিচার্ড শেকনারএই চলমান অথবা গতিশীলতাকে নিম্নোক্তভাবে দেখিয়েছেন— ‘Public events → Intermedia → environmental theatre → Orthodox theatre → demonstrations → happenings’

অর্থাৎ পরিবেশ থিয়েটারে আলাদাভাবে নির্দিষ্ট মঞ্চের কোনো অস্তিত্ব নেই। নাট্যঘটনার বা পরিবেশনা স্থানের পুরোটাই মঞ্চ হিসেবে ব্যবহার হয়। *জোহা হল কথা কয়* প্রয়োজনাটি উপস্থাপন হয় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ড. শহীদ শামসুজ্জোহা হলে। যেটি ১৯৭১ সালে পাকিস্তানি বাহিনী তাদের কনসেন্ট্রেশন ক্যাম্প হিসেবে ব্যবহার করেছিল। সে ক্যাম্পের ভয়াবহ পরিস্থিতির পুনঃ নির্মাণ হয়েছে পুরো হলজুড়ে। পুরো হলটিই ছিল পরিবেশনা স্থান। *আমরা আপন করে লও* প্রয়োজনাটি উপস্থাপন হয়েছে পাবনা জেলার সাঁথিয়া থানার পাইকরহাটা শহীদ নগর উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে। এ বিদ্যালয় থেকে অদূরে অবস্থিত শহিদনগর বধ্যভূমি। নির্দেশক বিদ্যালয় ও বিদ্যালয়ের স্থানটিকে পরিবেশনার স্থান হিসেবে তৈরি করে নিয়েছেন। তিনি বিদ্যালয় মিলিটারি ক্যাম্প হিসেবে বিবেচনা করেছেন এবং পরিবেশ নির্মাণ করেছেন। *খুলি* প্রয়োজনাটি উপস্থাপন হয়েছে টাঙ্গাইলের পানির ট্যাংকি বধ্যভূমিতে। নির্দেশক বধ্যভূমির শহীদদের আত্মনাদ অসময়ের বিভীষিকাময় দিনগুলির পরিবেশ নির্মাণ করেছেন। সম্পূর্ণ বধ্যভূমি ও পানির ট্যাংকিটি ছিল পরিবেশনা স্থান। তিনটি প্রয়োজনা লক্ষণীয় যে, এখানে নির্দিষ্ট কোন মঞ্চ বা অভিনয় স্থান নেই। সম্পূর্ণস্থানটি অভিনেতা অভিনয় এর জন্য ব্যবহার করছেন। মুক্তিযুদ্ধকালীন পাকিস্তানিদের নির্যাতনের যে বর্ণনা ইতিহাসে পাওয়া যায় তার পূর্ণাঙ্গ পরিবেশ নির্মাণ হয়েছে সম্পূর্ণ স্থান জুড়ে। প্রচলিত থিয়েটারের মতো পরিবেশ থিয়েটারের দর্শকদের জন্য নির্দিষ্ট স্থান থাকে না। এখানে দর্শক ও অভিনেতা স্পেসকে ভাগাভাগি করে নেয়। পরিবেশ থিয়েটার স্পেস ডিজাইন অত্যন্ত গুরুত্বপূর্ণ। নাট্যঘটনার মুহূর্তকে গুরুত্ব দিয়ে স্থান নির্দিষ্ট করে ডিজাইন করা হয়, যাতে দর্শক ও অভিনেতা একে অপরের সাথে বিলীন হতে পারে। *জোহা হল কথা কয়* নাটকটির স্পেস ছিল হলের তিনটি তলা, দুই পাশের ছাদ, নিচতলার বারান্দা, সামনের বাগান, মুক্তমঞ্চসবই ছিল অভিনয় স্পেস এবং দর্শক ও অভিনেতার জন্য আলাদা কিছু ছিল না। দর্শকদের মধ্য দিয়ে বর্ণনা হচ্ছে, লাশ বধ্যভূমিতে ফেলা হচ্ছে, মিলিটারিরা বন্দি নিয়ে যাচ্ছে, এসব কিছুই হয়েছে দর্শকের মধ্য দিয়ে। নির্দেশক অভিনেতার স্পেসকে নির্দিষ্ট রেখে দর্শকের স্থান এমনভাবে ডিজাইন করেছেন যে দর্শক ও অভিনেতার স্পেস একে অপরের সাথে লীন হয়ে গেছে। *আমরা আপন করে লও* প্রয়োজনাটির স্পেস ছিল শ্রেণিকক্ষ, বারান্দা, মাঠ, পাশের পুকুর ইত্যাদি। *খুলি* প্রয়োজনাটির স্পেস ছিল বধ্যভূমির মাঝে জায়গা, দুই পাশের বেদী, গাছ, পেছনের পানির ট্যাংকি ইত্যাদি। প্রয়োজনা গলিতে দর্শকের জন্য স্থান নির্ধারণ করা হয়নি। বরং অভিনয় স্পেসকে ডিজাইন করে দর্শকের জন্য বাকি স্থান উন্মুক্ত রাখা হয়েছে। যেমন : *খুলি* নাটকটিতে মুক্তিযোদ্ধা চরিত্রটি দর্শকের সাথেই শুরু থেকে প্রয়োজনাটি দেখেছিলেন। যখন তার অভিনয়ের সময় আসে তখন সে দর্শকের মধ্যে থেকে তার ক্রিয়া শুরু করে। কিছু সময়ের জন্য মনে হয় যেন দর্শকই অভিনেতা হয়ে গেল



পরে বোঝা যায় এটি ছিল নির্দেশকের স্পেস ডিজাইন। সে অভিনয় স্পেসকে নির্দিষ্ট করে বাকি জায়গা দর্শকের জন্য উন্মুক্ত করে দেয়।

পরিবেশ থিয়েটারের অন্যতম বৈশিষ্ট্য পুরো নাট্যঘটনার স্পেসের মধ্যে ছোট ছোট স্পেস থাকে। সবগুলি স্পেসেই নাটক্রিয়া থাকা বাঞ্ছনীয়। যাতে দর্শক নিজেকে পরিবেশনার অংশ মনে করার সুযোগ পায়। যেহেতু পরিবেশ থিয়েটারে দর্শক বিভিন্ন জায়গায় থাকতে পারে তাই তাদেরকে পরিবেশনার সাথে সম্পৃক্ত রাখতে ছোট ছোট স্পেসে বিভক্ত নাটক্রিয়া ঘটানো হয়। যেমন : কথা কয় প্রযোজনায় হল এর বারান্দা গুলি স্পেস হিসেবে ব্যবহার করা হয়েছে। কারণ দর্শকেরা বিভিন্ন দিকে ছিল তারা যাতে নাট্যঘটনার সাথে সম্পৃক্ত হতে পারে তাই হল এর চারিদিকে বারান্দাকে নির্দেশক টর্চার সেল বানিয়ে ফেলে আবার *আমারে আপন করে লও-এ* দর্শক মাঠের বিভিন্ন দিকে ছিল তাই নির্দেশক মিলিটারিদের মাঠের ভেতর দিয়ে দিয়েছিলেন। আবার আরেক পাশের দর্শকদের জন্য গাড়ি ঢুকিয়ে মিলিটারিদের বন্দি ধরে আনার দৃশ্য ডিজাইন করেছেন। খুলি প্রযোজনাটিতে দেখা যায় দু'পাশের দুই বেদীতে একই সময়ে দুটি ভিন্ন কোরিওগ্রাফি চলছে। একপাশে চলছে রাজাকার, আল- বদর, আল- শামসদের উল্লাস, অন্য পাশে একটি নারীর যন্ত্রণা, হাহাকার ও নির্যাতনের বিভীষিকাময় বর্ণনা। যেহেতু পরিবেশ থিয়েটারের স্পেস এর ব্যাপ্তি তুলনামূলকভাবে বড় হয়ে থাকে নির্দেশকরা দর্শক সম্পৃক্ততা গড়ে তুলতে ছোট ছোট স্পেস বিভাজন করে। যাতে সকল প্রান্তের দর্শক নিজেকে নাট্যঘটনার সাথে লীন করতে পারে।

পরিবেশ থিয়েটারের অভিনেতাকে সবসময় প্রক্রিয়া ও লক্ষ্যের দিকে মনোযোগী থাকতে হয়। এধরনের থিয়েটারে দর্শকের প্রতিক্রিয়া অনেক গুরুত্বপূর্ণ। দর্শকের প্রতিক্রিয়া নাট্যঘটনাকে পরিবর্তন করতে পারে। অভিনেতাকে প্রস্তুত থাকতে হয় সে যেকোনো উদ্ভূত পরিস্থিতিতে যে কোনো প্রক্রিয়ায় নাটক ঘটনার লক্ষ্যে পৌঁছবে। প্রযোজনা তিনটি তেমন কোনো পরিস্থিতি তৈরি হয়নি। তবে নির্দেশক ও কলাকুশলীদের সাথে কথা বলে জানা যায়- তাদের প্রস্তুতি ছিল যদি কোন পরিস্থিতি তৈরি হতো সে ক্ষেত্রে অভিনেতার কিভাবে সেটিকে আয়ত্তে নিয়ে লক্ষ্যে এগিয়ে যেতেন। এ প্রসঙ্গ *জোহা হল কথা কয়* প্রযোজনার সহ-নির্দেশক বলেন—‘নাটকের একটি দৃশ্যে সংলাপ আছে “এ দায় কার?” যার প্রতি উত্তরে আরেক জন বলবে আমার, এভাবে একে একে বলতে থাকবে। কিন্তু দর্শক নাট্য ক্রিয়ার সঙ্গে এমন ভাবে লীন হয়েছে যে সংলাপ শোনামাত্রই নিজেরাই উত্তর দিতে শুরু করেন। সে মুহূর্তে অভিনেতা বিষয়টিকে আয়ত্তে এনে পুনরায় সংলাপটি বলেন ও পরবর্তী ক্রিয়ার দিকে অগ্রসর হন।’

এ থেকেই বোঝা যায় অভিনেতাদের সবসময় লক্ষ্যের দিকে মনযোগী হতে হয়। অভিনেতা যদি তখন হকচকিয়ে যেতেন বা পরিস্থিতি সামলে নিতে না পারতেন তাহলে নাট্যআবহ নষ্ট হতো। দর্শকরা হট্টগোল বাধিয়ে দিতেন এবং নাটকের লক্ষ্যে পৌঁছানো সম্ভব হতো না। তাই এই ধারার নাটকের মহড়ার সময় থেকেই অভিনেতাদের প্রস্তুত করা হয় ইম্প্রোভাইজেশন বা তাৎক্ষণিক অভিনয়ে। এজন্য পরিবেশ থিয়েটারের অভিনেতার Communion বা যোগাযোগ বিষয়টি গুরুত্বপূর্ণ। এ যোগাযোগ চারটি ধাপে ব্যাপ্ত থাকে। প্রথমত, নিজের সাথে যোগাযোগ; দ্বিতীয়ত, দর্শকের সাথে মুখোমুখি বা সরাসরি যোগাযোগ; তৃতীয়ত, সংলাপের মাধ্যমে দর্শকদের সাথে যোগাযোগ; চতুর্থত ও সর্বশেষ অভিনেতা দর্শকের সাথে সংলাপ ব্যতীত অর্থাৎ ক্রিয়ার মাধ্যমে যোগাযোগ রাখবে। আলোচ্য তিনটি প্রযোজনা তৈরি অভিনেতাদের এই যোগাযোগ পরিলক্ষিত হয়। যেমন : *খুলি* প্রযোজনাটিতে দেখা যায় বৃক্ষমানব সরাসরি দর্শকের সাথে চোখে চোখ রেখে সংলাপ দিচ্ছে। আবার ধর্ষিতা নারীটি দর্শককে প্রশ্ন করছে। লাশগুলি কোন সংলাপ না দিয়েও দর্শকের সাথে যোগাযোগ রাখছে। *জোহা হল কথা কয়-এ* দেখা যায় কথক সরাসরি দর্শকের কাছে প্রশ্ন রাখছে, মা চরিত্রগুলি দর্শকের ভেতরেই তার সন্তানকে খুঁজছে। *আমারে আপন করে লও-এ* নারী চরিত্রটি সরাসরি দর্শকের প্রতি ঘৃণা ও আক্ষেপ ছুঁড়ে দিচ্ছে। এ থেকে স্পষ্ট প্রতীয়মান হয় যে প্রযোজনাগুলিতে নির্দেশক অভিনেতার সঙ্গে দর্শকের যোগাযোগ স্থাপনে সচেতন ছিলেন এবং সফল হয়েছেন। মূল ধারার থিয়েটারে পাণ্ডুলিপি হুবহু অনুসরণ করা হয়। পরিবেশ থিয়েটারে পাণ্ডুলিপি নাও থাকতে পারে। আলোচ্য প্রযোজনাগুলিতে নির্দিষ্ট পাণ্ডুলিপি ছিল। কিন্তু মহড়া করতে গিয়ে মূল পাণ্ডুলিপির অনেক কিছুই পরিবর্তিত হয়েছে অর্থাৎ পরবর্তীতে পরিবেশনা পাণ্ডুলিপি নির্মাণ করা হয়েছে। নির্দেশক মূল পাণ্ডুলিপিকে রোডম্যাপ হিসেবে বিবেচনা করে মহড়ার মাধ্যমে সংযোজন-বিয়োজন করেছেন। যেমন: *জোহা হল কথা কয়-এ* মূল পাণ্ডুলিপি নাট্যকার লিখেছেন সাক্ষাৎকার নির্ভর। *আমারে আপন করে লও* লিখেছেন কল্পনাশ্রিত আবেগ দিয়ে আবার *খুলি* লিখেছেন মুক্তিযোদ্ধাদের বয়ান ও শহীদ পরিবারের স্মৃতিচারণের উপর নির্ভর করে।

এগুলোর কোনোটি প্রধান লেখক নাট্যকার এর একক সৃষ্টি নয়। এখানে বাস্তব সত্য ও কল্পনার ধারাবাহিকতা লিপিবদ্ধ হয়েছে যা নির্দেশক পরিবেশ নির্মাণের মধ্য দিয়ে পরিবেশনা বিনির্মাণ করেন।

পরিবেশ থিয়েটারের মনোযোগের কেন্দ্র একাধিক। মূল ধারার থিয়েটারের মনোযোগ নির্দিষ্ট স্থানে থাকে এবং সঙ্গে বাকি স্পেসগুলি সক্রিয় হয়ে ওঠে। কিন্তু, পরিবেশ থিয়েটারের ভিন্নতা লক্ষণীয়। এ ধারার থিয়েটার একইসাথে অনেকগুলি ক্রিয়া সংঘটিত হবে এবং একজন দর্শক সবগুলি ক্রিয়ার দেখতে পারবেন না। দর্শক নির্বাচন করবে সে কোনো ক্রিয়াটি দেখতে চায়। যেমন : জোহা হল কথা কয়-এ একই সাথে বন্দীদের ধরে নিয়ে যাওয়া হচ্ছে আরেকদিকে বারান্দায় একজনের পিঠের চামড়া তুলে নেয়া হচ্ছে, অন্যদিকে নারীদের বিবস্ত্র করে শাড়ি পুড়িয়ে দেয়া হচ্ছে, ছাদ থেকে একজনকে ফেলে দেয়া হচ্ছে ইত্যাদি। এই সবগুলো ঘটনা একই সময়ে ঘটছে। যেহেতু সমস্ত প্রাঙ্গণজুড়ে দর্শক তাই উত্তর-পশ্চিম কোণে দর্শকের পক্ষে উত্তর-পূর্বের বারান্দার দৃশ্য দেখা সম্ভব নয়। আবার মধ্যে দর্শকেরা সবদিকেই দেখতে পাচ্ছে কিন্তু তাকেই নির্ধারণ করতে হবে সে কোনো দিকটা দেখবে, বন্দি নিয়ে যাওয়া নাকি টর্চার সেলে নারী নির্যাতন। খুলি নাটকটিতে দেখা যায় বৃক্ষমানব গাছে ক্রিয়া করছে, অন্যদিকে বন্দীদের ট্যাংকির ওপরে নিয়ে যাওয়া হচ্ছে ফেলে দেওয়া হবে বলে। সে ক্ষেত্রে দর্শককে নির্বাচন করতে হয় সে কোনো ক্রিয়াটি দেখতে চায়।

পরিবেশ থিয়েটারে যথাযথ পরিবেশ নির্মাণ-ই মুখ্য। আর কোনো পরিবেশ যথাযথভাবে নির্মাণ করতে হলে আবহ নির্মাণ অধিক জরুরি। আর আবহ নির্মাণে আলো, সঙ্গীত, সেট, প্রপস, পোশাক, আবশ্যিক অনুষঙ্গ। যে পরিবেশ নির্দেশক নির্মাণ করতে চান তার সম্পর্কে বাস্তবিক জ্ঞান থাকা বাঞ্ছনীয়। কল্পনাশ্রিত জ্ঞান প্রয়োগ হলে পরিবেশ যথাযথভাবে নির্মাণ নাও হতে পারে। এই প্রয়োজনা তিনটির নির্দেশক, কলাকুশলীদের মাধ্যমে জানা যায় যে তারা মুক্তিযুদ্ধের ইতিহাস নিয়ে পড়াশোনা করেছেন, জাদুঘর পর্যবেক্ষণ পড়েছেন, যার ফলে তৎকালীন নির্মাণ যথাযথ হওয়া সম্ভব হয়েছে। তিনটি প্রয়োজনাতেই আবহ নির্মাণে আলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। সেই নির্মম সময় এর ভয়াবহতা নির্মাণে আলো, লঠন, টর্চ, মশাল ইত্যাদিকে প্রাধান্য দিয়েছে। সঙ্গীত পরিকল্পকগণ দর্শক মনে ভীতি ও করুণার উদ্বেক ঘটাতে রোমাঞ্চকর আবহসংগীত, ঝিঁঝিঁ পোকের ডাক ইত্যাদি ব্যবহার করেছেন। পোশাকের ক্ষেত্রে সময়কে গুরুত্ব দেয়া হয়েছে। যেমন : আমরা আপন করে লও-তে মিলিটারিদের তৎকালীন পোশাক ব্যবহার করা হয়েছে, জোহা হল কথা কয়-তে বর্তমান মুক্তিযোদ্ধাদের জন্য সমকালীন পোশাক রাখা হয়েছে, আবার খুলি প্রয়োজনাটিতে লাশের শরীরে সাদা কাপড় ব্যবহার করা হয়েছে।

পরিবেশ থিয়েটারের ক্ষেত্রে সঠিক পরিবেশ নির্মাণ-ই মূল কথা। ইতিহাসের সত্যও হতে পারে নাট্যকারের কল্পনাও করতে পারে। মূল হচ্ছে যে পরিবেশের কথা বলা হবে তবে যথাযথভাবে দর্শকের সম্পৃক্ততা নির্মাণ করা। দর্শককে সম্পৃক্ত করার নেতিবাচক কিছু দিকও রয়েছে তবুও পরিবেশ থিয়েটারে বৈশিষ্ট্য বজায় রাখতে হলে এটি অনিবার্য। আলোচনার শেষাংশে বলা যায় আলোচিত পরিবেশ থিয়েটারের প্রয়োজনায় তিনটি বৈশিষ্ট্যগতভাবে পরিবেশ থিয়েটারের মানদণ্ডকে যথাযথভাবে অনুসরণ করেছে।

### তথ্যনির্দেশ

- ১ মফিদুল হক, একাত্তরের গণহত্যার বিচার : জাতীয় ও আন্তর্জাতিক তাৎপর্য, (ঢাকা: বাংলাদেশ চর্চা, মুনতাসীর মামুন-ফাতেমা ট্রাস্ট, ২০১৬), পৃষ্ঠা-১১
- ২ bn.m:wikipedia.org
- ৩ Richard Schechner, *Environmental Theatre*, (Applause, New york, London-1994), Page No :19
- ৪ অলি আহমেদ মুকুল, 'পরিবেশ থিয়েটার ও বাংলাদেশ' রহমান রাজু (সম্পাদিত), *আনর্ভ(রাজশাহী, সংখ্যা:৬, ২০২১)*, পৃষ্ঠা-১০১
- ৫ তদেব, পৃষ্ঠা-১০১
- ৬ Richard Schechner, *Environmental Theatre*, (Applause, New york, London-1994), Page No :19
- ৭ মো. ইমরুল আসাদ, বয়স : ২৯ বছর, পেশা : চাকুরী, সাক্ষাতকার গ্রহণের তারিখ : ১২.১২.২০২১, সময় : বিকাল ৪.২০, যোগাযোগ: ০১৭১৯৪৫৪৩৯৯

## The Influence of Religion in Formulating United States' Policy Toward India and Pakistan: An Analysis

Dr. Sayed M Abdullah Al Mamun Chowdhury\*

**Abstract:** Pakistan made a security alliance with the United States to ensure parity with its inborn rival India immediately after its emergence. But it is an irony of fact that the United States did not give the promised support to Pakistan during the three Indo-Pak wars in 1948, 1965 and 1971. On the other hand, India remained neutral and preferred to address itself as a non-aligned country from the very beginning. The policies of the United States toward India and Pakistan were always unpredictable. It has never shown continuous friendship toward the countries. But the United States has always had a tendency of giving preferential treatment to India. Why does the United States always tend to prefer India? Most theorists of International Relations are reluctant to define these tendencies on the basis of 'religion'. They always give emphasis on the material variables while analysing the causes of policy changes. However, like many other contemporary IR theorists, the author thinks 'religion' as a variable which has always been potentially active behind major international conflicts and their resolutions. Therefore, it is assumed that there might be a continuity of shrewd Jew-Christian policy game that dominates the policies toward India and Pakistan because the think-tank of the US government is generally controlled by Jews establishments and the framework of the present world system might be an outcome of 'Balfour Declaration.'

**Key words:** Religion, Variable, 9/11, Crusade, Zionist.

### Introduction

Due to the continuous changes in the world affairs, it is very much difficult to conclude on what perceived intension lays behind 'Great Powers' conflict resolution behaviors unless we examine the contemporary events from remote historical perspective. We have seen, the modern scholars from positivist traditions did not incorporate 'religion' as an important variable into their explanations for a long time. This mindset among the western and oriental scholars had been developed from the Treaty of Westphalia (1684). According to Nukhet A. Sandal and Patrick James, "...religion needs to be brought back into the study of international politics. IR as a field should not shy away from employing religion as a casual factor."<sup>1</sup> From the perception analyzed in Huntington's *The Clash of Civilizations and the Remaking of World Order* they concluded that religion as a distinct feature of identity on levels ranging from individual to transitional started to draw attention due to the recession of the material concerns of the cold war.<sup>2</sup> The author thinks that 'religion' as a variable has been always active potentially behind major international conflicts. Nukhet A. Sandal and Patrick James also thinks that the accommodation of 'religion' in IR theory is necessary.<sup>3</sup> The declaration of George W. Bush in response to the September 11, 2001 attacks also supports there thinking : '...this crusade is gonna take a while....'<sup>4</sup> What crusade? Against whom George Bush started his crusade?

---

\* Professor and Chairman, Department of International Relations, University of Rajshahi.

### **Re-adaptation of religion in explaining IR theories**

Like other cultural variables such as race, gender, and ethnicity, [religion] had been stayed away for several decades in the mainstream IR thought. European wars<sup>5</sup> of 16<sup>th</sup> and 17<sup>th</sup> centuries gave the theorists the strong argument that religion is a cause of violence and an aberration in politics and could be avoided by taking it out of the scenario. Hence, the process of domestication of religion took place after Westphalia Treaty (1648) although the potential power of religion continued to influence decisions and actions in both the private and public sectors. Noticing this, some IR scholars started to believe that accommodation of religion is necessary to make more sense of domestic and international politics.<sup>6</sup> This attention has been drawn after the publication of Samuel Huntington's [1993] thesis *The Clash of Civilizations and the Remaking of World Order*. In this thesis Huntington focused on religion's significance as: it (i) is a force influencing people's worldviews; (ii) is an aspect of identity; (iii) is a source of legitimacy; and (iv) is a system of values associated with formal political and economic institutions.<sup>7</sup>

### **Actors in decision-making process of the United States**

The United States is a nation of immigrants or the descendants of immigrants. However, it is interesting to note that Jews people in the United States are very small in number in proportion to the total population (only 5.4 million+)<sup>8</sup>; the world's second highest Jews population after Israel (in Israel 6 million+)<sup>9</sup> but they always hold significant positions. They have taken hold of the key positions in Treasury, Security Councils, Federal Reserve System, Economic Councils, and Budget Management etc. Even they represent the United States at NATO. Sonjoy Puri said, '...What the Jewish community has achieved politically is tremendous, and members of congress definitely pay a lot of attention to the issues that are important to them.'<sup>10</sup> Since the plantation of Israel in the Middle East, the Muslim community became enemy of the Jewry, therefore, may be the Jews-dominated US administration is working behind US's anti-Islamist policy in South Asia.

### **A historical overview of the US diplomacy toward South Asia**

On the eve of American independence John Adams, the second US President said, '... America has been long enough involved in the wars of Europe. It has been a football between contending nations from the beginning...' <sup>11</sup> and started the policy of isolation. However, it came out of its policy of 'isolation' and joined the First World War which brought about two most important changes in the international politics: collapse of Muslim Caliphate (decline of Turkey) and rise of the United States as world power. Again, it went back to its earlier policy. The rise of Germany and Japan as World Power concurrently with the United States brought immense shifts between the two world wars. The Second World War brought about another two important changes in the international politics: replacement of Britain for the United States<sup>12</sup> as a leader of capitalist world and transplantation of 'Israel', a Zionist homeland, for the migrants of Jews minority around the world in Arabian territory. It is, in fact, a continuation of a Jew-Christian conspiracy<sup>13</sup> which started from the middle ages against Islamic civilization and the Muslims.

During cold war period, US's concern toward South Asia was to curb communist threat and the possibility of Indo-Pakistan war. However, the end of the Cold War and breakup of Soviet Union(1990) removed the first concern. But the second concern was still evident.

It is interesting to note, during the 1947-2001 period Pakistan used to be allied with the United States and India followed non-aligned policy keeping warm relations with the USSR. But in terms of Indo-Pak conflict, Pakistan gained nothing more than India. Rather, both the Clinton (1993-2001) and George W. Bush (2001-2009) administration have insisted on the inviolability of the Line of Control and condemned cross-border activities by forces based in Pakistan. The US government concluded that Pakistan's status as a *de facto* nuclear weapons state leads it as a breeding ground of Islamic extremism and terrorism.

The reason why the United States had to fight against socialism was to give a way to the capitalism; because the major objective of US diplomacy was to create a congenial atmosphere for US's market economy. With the fall of the USSR, the world compelled to surrender to the capitalism. The influential works of Kagan, Huntington, Kristol and many others are of the view that the states that have endured long periods of persistent threat tend to 'need' for 'external enemies.'<sup>14</sup> As it seemed that there was no ideological rival to the USA after 1991, the United States turned its eyes against the so called 'rogue states'.<sup>15</sup> In fact, in absence of a threat, it needs to create a theory of 'external threat' to remain itself militarily superior<sup>16</sup>

#### **US's policies toward India and Pakistan**

During the WW2, the British Prime Minister Winston Churchill urged: 'The British Empire and the United States will have to be somewhat mixed up together in some of their affairs for mutual and general advantage.'<sup>17</sup> However, in contrast to China and Soviet Union, the objectives and strategies of the United States toward South Asia fluctuated several times.<sup>18</sup> It also indicates that the United States would be ready to sacrifice its interests in South Asia, if it feels beneficial to elsewhere in Asia.<sup>19</sup>

However, South Asia has been experienced more significant reorientation in US foreign policy. This was mainly on the basis of two events: demise of the Soviet Union and New Delhi's turn away from Nehruvian economics to market-oriented entrepreneurship. Then 'Kick lighter Agreement' on Defense in 1991 initiated the US-India military relationship. With this opening, the rise of China and politically active Indian-American community clearly reinforced economic impulses to improve ties between Washington and New Delhi. However, the indefinite extension of the Non-proliferation Treaty in 1995 and the negotiation of the Comprehensive Test Ban Treaty (CTBT) in the following year forced India to do a long-delayed choice when Vajpayee government pulled the nuclear trigger. Consequently, Pakistan followed the suit in 1998. Therefore, Washington had to adapt new realities. Delhi-Washington relation became cold because the former repeatedly denied to sign CTBT and couldn't rewrite the Nonproliferation Treaty. However, US-India relation became warm again when Pervez Musharraf adventured in the heights of Kargil. Later, US-India civil nuclear deal during the George W. Bush administration cemented India's distinct status in the eyes of Washington. A more active Indian American Diaspora

has built relationship with both Democrats and Republicans which is now enjoying significant caucus in Congress.

According to US Ambassador to Pakistan Wendy Chamberlin, US-Pakistan relation is full of fluctuations.<sup>20</sup> According to Nicholas Burns, "...there is very little trust on both sides of the US-Pakistan relationship, and that's a dangerous thing."<sup>21</sup> A South Asia specialist Alan Kronstadt also says, "US-Pakistan relations are fluid at present, but running a clearly negative course."<sup>22</sup>

### **Analysis**

Most of the published books and articles have frequently demonstrated US's interest in South Asia as deterrence, nonproliferation etc. But the fluctuations and continuations in the US diplomacy toward South Asia in the last six decades reveal that the United States has always had different attitudes toward India and Pakistan.

On the context of an Indo-Pak conflict Pakistan always sought US assistance to sustain parity with India. According to Brigadier Muhammad Siddique, as he mentioned in his study paper, 'the acquisition of overt nuclear capabilities by Pakistan and India in 1998 has altered the paradigms of deterrence and peace in the subcontinent.'<sup>23</sup> He also drew conclusion as: 'The stage is now set for a nuclear security environment, which both India and Pakistan have to live with.'<sup>24</sup>

In fact, US's newer security narratives based on the variable 'religion'<sup>25</sup> derived from the Huntington's thought, described in his book *The Clash of Civilizations and the Remaking of the World Order*, which is said to be borrowed from Jewish writer Barnard Lewis. In his book Huntington remarked that the fundamental source of conflict in the new world order will not be economic or ideology, it will be 'culture'. According to him, the future will be shaped with the interactions of seven or eight civilizations, namely, Western, Confucian, Japanese, Islamic, Hindu, Slavic-orthodox, Latin American and African civilizations.<sup>26</sup>

Huntington saw the century-long interactions between the West and Islam as a clash of civilizations and his prophecy is: '...this trend is unlikely to decline.'<sup>27</sup> To justify his foretelling Huntington quoted an Indian Muslim writer, M. J. Akbar's comment: "...next confrontation is definitely going to come from Muslim World. It is in the sweep of Islamic nations from the Maghreb to Pakistan that the struggle for a new world order will begin."<sup>28</sup> He also mentioned Bernard Lewis's remark that Islam is an ancient rival against Judeo-Christian heritage, our secular present, and rich worldwide expansion of both.<sup>29</sup> Moreover, in his earlier book he already noted, "While Muslims pose the immediate problem in Europe; Mexicans pose the problem for the United States."<sup>30</sup>

However, it is a long-standing hypothesis among some scholars that there are two 'conspiracies' against the Islamic civilization: one is Anglo-American conspiracy (Christianity) and the other is Zionist conspiracy. These two conspiracies were conflicting against one another during WW2, before the Belfour Declaration. The Zionists wanted to keep the US out of the war until the fall of Tsar. If the United States entered the WW2 earlier and mobilized its troops, Britain might not have made the Belfour Declaration as a contract with 'World Jewry'. However, through the declaration, the two conspiracies came together and the Zionists succeeded to occupy

Palestine. Till then Anglo-American and Zionist civilization have been jointly confronting Muslim civilization.

### Conclusion

From the above discussion, it is assumed that the United States' world view has taken a new look after the 9/11 attack. Therefore, it has invested all its attention against Muslim Civilization in the name of 'Global War on Terror.' Though it seems that the idea develops from Huntington's theory, it has been prevailed within the US policy for a long time. No doubt, material concerns are the obvious reasons behind the US policy formulations. But 'religion', as a whole, is a variable that has always been a catalytic role to unite the Jew-Christian think-tanks against the Muslims. US's different outlook in formulating bilateral policies toward India and Pakistan is also an extension of this world view.

---

### Reference

1. Barnard, Lewis (1992). "The Roots of Muslim Rage", *Time*, 24-28.
2. Bush, W. (2015). at: <<https://www.youtube.com/watch?v=7TRVcnX8Vsw>, [accessed 14/09/2015]
3. Bailey, Thomas A.(1958). *A Diplomatic History of the American People*. New York, USA: Appleton-Century-Crofts, Inc., 5.
4. Duignan, Peter & Gann, LoH. (1994). *The United States and the New Europe 1945-1993*, Cambridge, Massachusetts: Blackwell Publishers, 357.
5. Evans, Alexander. (2012). *The United States and South Asia after Afghanistan*. New York: Asia Societ, pp.24-25.
6. Hook, Steve W. & Scott, James M. (2012), *US<sup>l</sup> Foreign Policy Today: American Renewal?*. Washington: CQ Press, 82.
7. Holsti , K. J. (2010). 'Exceptionalism in American Foreign Policy: Is It Exceptional?'. *European Journal of International Relations*, Vol. 17, No. 3, 2010, pp.381-404.
8. Huntington, Samuel P. (1996). *The Clash of Civilizations and the Remarking of the World Order*. New York: Simon and Schuster, pp. 56-66.
